بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ    نَحْمَدُهٗ وَنُصَلِّيْ عَلٰى رَسُوْلِهِ الْكَرِيْمِ    وَعَلٰى عَبْدِهِ الْمَسِيْحِ الْمَوْعُوْدِ

**আল্লাহ্ তা'লার অস্তিত্ব**

وَلَقَدْ نَصَرَكُمُ اللّٰهُ بِبَدْرٍ وَّاَنْتُمْ اَذِلَّةٌ

# বদর



সাপ্তাহিক কাদিয়ান
Weekly BADAR Qadian Bangla

সংখ্যা 52-53

বার্ষিক মূল্য
৫০০ টাকা

বর্ষ-5
সম্পাদক:
তাহের আহমদ মুনির


Postal Reg. No. GDP/ 43 /2020 -2022    24-31 ডিসেম্বর, 2020 ❍ 24-31 ফাতাহ 1399 হিজরী শামসী ❍ 8-15 জামাদিউল আওয়াল, 1442, হিজরী কামরী

قُلِ ادْعُوا اللّٰهَ اَوِ ادْعُوا الرَّحْمٰنَ ؕ اَيًّا مَّا تَدْعُوْا فَلَهُ الْاَسْمَآءُ الْحُسْنٰى (الاسراء:111)

তুমি বল, 'তোমরা আল্লাহ্ বলিয়া ডাক অথবা রহমান বলিয়া ডাক, যে কোন নামে তোমরা (তাঁহাকে) ডাকিতে পার, কারণ সকল সুন্দরতম নাম তাঁহারই।'
(আল ইসরা, আয়াত: ১১১)


প্রিন্টার ও পাবলিশার জামিল আহমেদ নাসের ফজলে উমর প্রিন্টিং প্রেস কাদিয়ান থেকে মুদ্রণ করে আখবার বদর কাদিয়ান অফিস থেকে প্রকাশ করছে। প্রো: তত্ত্বাবধায়ক, বদর বোর্ড কাদিয়ান






২০২০ সালের ৯ই আগস্ট তারিখে অনুষ্ঠিত যুক্তরাজ্যের সালানা জলসায় মঞ্চে আসন অলংকৃত করছেন হুযুর আনোয়ার (আই.)। ডানদিকে দোয়ারত অবস্থায়



২০২০ সালের ৯ই আগস্ট তারিখে অনুষ্ঠিত যুক্তরাজ্যের সালানা জলসায় হুযুর আনোয়ার (আই.) বক্তব্য প্রদান করছেন



১৫ই ডিসেম্বর , ২০১৯ তারিখে যুক্তরাজ্যের জামেয়া আহমদীয়ার ছাত্রদের সঙ্গে হুযুর আনোয়ার (আই.) বিশেষ অধিবেশন




৩১শে অক্টোবর,২০২০ তারিখে ইন্দোনেশিয়ার জামেয়া আহমদীয়ার ছাত্রদের সঙ্গে অন-লাইন ক্লাস




১২ই সেপ্টেম্বর,২০২০ তারিখে অস্ট্রেলিয়ার মজলিসে আমলা এবং খুদ্দাম কায়েদগণের সঙ্গে হুযুর (আই.)-এর অন-লাইন মিটিং



২৫শে অক্টোবর,২০২০ তারিখে মরিশাসের মুরুব্বী, ন্যাশনাল মজলিসে আমলা এবং অঙ্গ সংগঠনগুলির সদস্যদের সঙ্গে অন-লাইন মিটিং



হযরত মির্যা গোলাম আহমদ সাহেব কাদিয়ানী মসীহ মওউদ ও মাহদীয়ে মাহুদ আলাইহিস সালাম (১৮৩৫-১৯০৮ খৃষ্টাব্দ)




সৈয়্যদানা হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ আল খামিস আইয়াদাহুল্লাহু তা'লা বিনাসরিহিল আজীজ

EDITOR: SYED RASOOL NIYAZ
SUB-EDITOR: MUHAMMAD AKBAR
Mobile: +9199486 92101
e-mail : badarqadian@gmail.com
www.alislam.org/badr

REGISTERED WITH THE REGISTRAR OF THE NEWSPAPERS FOR INDIA AT NO PUNTEL/2016/68817

Weekly BADAR Qadian

వార పత్రిక బదర్ ఖాదియాన్

Qadian - 143516 Distt. Gurdaspur (Pb.) INDIA

POSTAL REG NO GDP-38/2020-2022 Vol-5 Thursday 24-31 December, 2020, Issue No. 52-53

MANAGER
SHAIKH MUJAHID AHMAD
Mobile : +91 99153 79255
e -mail:managerbadrqnd@gmail.com
SUBSCRIPTION
ANNUAL: Rs.500/-

సయ్యదినా హజ్రత్ అఖ్దస్ ముహమ్మద్ ముస్తఫా సల్లల్లాహు అలైహి వసల్లం ఒక దైవ ప్రవచన కథనము ఆధారముగా అల్లాహ్ తాలా విశిష్టతల ప్రత్యేకతను గూర్చి ఈ విధముగా తెల్పుచున్నారు:

హజ్రత్ అబూజర్ రజియల్లాహు తాలా అన్‌హు ఇలా ఉల్లేఖించారు: ఆం హజ్రత్ సల్ల ల్లాహు అలైహి వసల్లం అల్లాహ్ తాలాను ఆధారము చేసికొని అల్లాహ్ తాలా ఈ విధముగా తెల్పినట్లుగా వివరించారు: ఓ నా దాసులారా! మీపై మీరు దౌర్జన్యం చేసుకోవడాన్ని నేను నిషేధించాను. నేను సన్మార్గమును చూపనంత వరకు మీరందరు దుర్మార్గంలో నడుచువారే. కావున మీరు స న్మార్గం కొరకు నన్ను యాచించండి, నేను మీకు సన్మార్గమును చూపెదను. ఓ నా దాసులారా! నేను ధనధాన్యములను అనుగ్రహించనంత వరకు మీరందరు ఆకలితో అలమటించువారే, కావున ధనధాన్యములు కావాలని మీరు నన్నే యాచించండి, నేను తప్పకుండా మీకు ధనధాన్యములను అనుగ్రహిస్తాను. ఓ నా దాసులారా! నేను మీకు వస్త్రములు అందించనంత వరకు మీరందరు నగ్నులుగానే ఉంటారు. కావున వస్త్రముల కొరకు కూడ మీరు నన్నే యాచించండి, నేను మీకు వస్త్రములను ప్రసాదిస్తాను. ఓ నా దాసులారా! మీరు రాత్రింభవళ్ళు తప్పులు చేసిన కూడ నే ను వాటిని క్షమించగలను. కావున మీరు నా నుండే క్షమాపణలు కోరుకోండి, ఫలితముగా నేను మిమ్ములను క్షమిస్తాను. ఓ నా దాసులారా! మీరు నాకు ఎధైన నష్టాన్ని చేకూర్చలని నిశ్చయించుకున్నను మీరు నాకు ఎలాంటి నష్టాన్ని చేకూర్చలేరు. మీరు నాకు ఏధైన లాభమును చేకూర్చాలని భావించినను మీరు నాకు ఎ లాంటి లాభమును చేకూర్చలేరు. ఓ నా దాసులారా! ఒకవేళ మీరందరు, మీ పూర్వికులు, మీ రాబోవు తరాలవారు మానవులు, జిన్నాతులు అందరు అత్యున్నత స్థాయి ధార్మికులుగా, నిష్టాపరులుగా మారినను, లేక మీ అందరిలో అత్యున్నత ధార్మికత గల వ్యక్తి స్థాయికి చేరుకున్నను నా అధికారంను ఒక్క అణువంత కూడ పెంచలేరు. ఓ నా దాసులారా! ఒకవేళ మీరందరు, మీ పూర్వికులు, మీ రాబోవు తరాలవారు మానవులు, జిన్నాతులు అందరు దుష్టులుగా, దుర్మార్గులుగా మారిపోయినను నా అధికారంను ఒక్క అణువంత కూడ తగ్గించలేరు. ఓ నా దాసులారా! ఒకవేళ మీరందరు, మీ పూర్వికులు, మీ రాబోవు తరాలవారు మానవులు, జిన్నాతులు అందరు ఒక మైదానంలో ఏకమై, మీ మీ అవసరాలను గూర్చి నన్ను యాచించినను నేను మీలో ప్రతి ఒక్కరి అవసరాలన్నింటిని తీర్చివేసినను సముద్రములో సూదిని ముంచి బయటికి తీసినచో సూది బెజ్జంలో వచ్చిన నీటిచుక్కంత తగ్గుదల కూడ నా ఖజానలో రాదు.

(ముస్లిం కితాబుల్ బిర్రు వస్సిల్లతి బాబ్ తహ్‌రీమి జ్జుల్మి)

## నిజమైన దైవ ఏకత్వం:

హజ్రత్ మసీహ్ మౌవూద్ అలైహిస్సలాం ఇలా తెల్పుచున్నారు:

“దేవుడు మన నుండి కోరుకుంటున్న మరియు మనకు మోక్షమార్గముగా నిలచిన నిజమైన దైవ ఏకత్వం ఏమిటనగా, మీ వ్యక్తిత్వంలోని అన్ని రకాల అన్యారాధనలు అనగా విగ్రహాలు, మానవులు, సూర్య చంద్రులు, స్వార్థం, వ్యూహాలు, ఎత్తుగడలు, మోసాలు, దగాల వంటి వాటి నుండి దేవున్ని పరమ పవిత్రుడిగా భావించాలని గుర్తుంచుకోవాలి. అంతేగాకా అతనికి భిన్నముగా ఇతరులను సర్వశక్తివంతులుగా, ధనధాన్యములను అనుగ్రహించువాడిగా, గౌరవనీయుడిగా భావించకూడదు. అంతేగాకా దేవున్ని కించపర్చు విధముగా వ్యవహరించ కూడదు. ఇతరులే పూర్తి స్థాయి సహాయకులు, సన్నిహితులని భావించకూడదు. రెండవ విషయమేమనగా, మీ ప్రేమాభివానాలను కేవలం దేవునికే అంకితం చేయాలి. మీ ఆరాధనలు దేవునికే ప్రత్యేకమైపోవాలి. మీ భక్తి శ్రద్ధలు, మీ నమ్మకాలు, విశ్వాసాలు, మీ భయాందోళనలు అన్ని దేవునిపై మాత్రమే ఉండాలి. అదే విధముగా ఈ మూడు రకాల ప్రత్యేకతలు లేనిచో దైవ ఏకత్వం సంపూర్ణం కాజాలదు. వాటిలో ప్రథమం: ఉనికి పరమైన దైవ ఏకత్వం అనగా దేవుని ఉనికి ముందు ఇతర ఉనికిలన్నియు అస్థిత్వ రహితమని భావించడం. సకల అస్థిత్వాలు వినాశనమయ్యేవే అని, వాస్తవరహితమని భావించవలెయును. రెండవది విశిష్టతల పరమైన దైవ ఏకత్వం: అనగా సంరక్షణ మరియు ఆరాధన విశిష్టతలు కేవలం దేవునికి తప్ప మరెవరికి ఆపాదించకూడదు. బాహ్యాముగా కనిపించు పోషణ మరియు అనుగ్రహ మాధ్యమాలు కూడ అతని వ్యవస్థీకృత భాగములుగానే విశ్వసించవలెయును. మూడవది ప్రేమా, స్వచ్ఛత, స్వాభిమాన పరమైన దైవ ఏకత్వం: అనగా అభిమానం మరియు సాన్నిహిత్య పరంగా ఇతరులను దేవునికి సాటిగా చేయకూడదు. ఇతరులలోనే లీనమై పోకూడదు.

(సిరాజొద్దీన్ ఈసాయికే చార్ సవాలోంకే జవాబ్, రుహాని ఖజాయిన్ సంపుటి 12, పుట 349)

Printed & Published by: Jameel Ahmed Nasir on behalf of Nigran Board of Badar. Name of Owner: Nigran Board of Badar. And printed at Fazle-Umar Printing Press. Harchowal Road, Qadian, Distt. Gurdaspur-143516, Punjab. And published at office of the Weekly Badar Mohallah - Ahmadiyya, Qadian Distt. Gsp-143516, Punjab. India. Editor:Hafiz Syed Rasool Niyaz

సత్పురుషుల నాయకుడు,అరబ్ దేశ తేజస్సు ముహమ్మద్ ముస్తఫా సల్లల్లాహు అలైహి వసల్లం అవతరించారు. వీరే గాకుండా ఇంకా అనేక మంది సత్పురుషులు వివిధ సమయాలలో, వివిధ ప్రాంతాలలో అవతరించారు. వారందరు ముక్తకంఠంతో దేవుడు అనేవాడు ఒకడు ఉన్నాడు అని సాక్ష్యమిచ్చారు. కేవలం సాక్ష్యమివ్వడమే గాకుండా మేము అతనిని చూశాము, అతనితో సంభాషించాము అని కూడ ప్రకటించారు.

అదే విధముగా పవిత్ర ఖుర్ఆన్ ద్వారా తెలియునదేమనగా, స్వయముగా మానవ స్వభావం కూడ దైవ ఉనికికి ఒక నిదర్శనం. ఎందుకనగా కొన్ని పనులను మానవ స్వభావం చేయుటకు ఏ మాత్రం అంగీకరించదు. ఉదా॥ తల్లి, చెల్లి, కూతురు వంటి వారి పట్ల నిసిగ్గుగా వ్యవహరించడం, మలిన, విసర్జనాల నుండి దూరంగా ఉండడం వంటివి.ఇవియే గాకా ఒక నాస్తికుడు కూడ అబద్ధమాడుటకు దూరంగా ఉంటాడు,ఎందుకు?. పాపాల నుండి దూరముగా ఉండడం,వాటిని గూర్చి సంభాషించకుండా ఉండటానికి గల కారణం తమ కంటే ఉన్నతమైన ఒక అస్థిత్వానికి సమాధానం ఇవ్వవలసి ఉంటుందనే భయం అతని హృదయంలో ఉండడం వలనే. కావున అతడు బహిర్గముతగా దేవున్ని తిరస్కరించినప్పటికి లోన భయపడుతుంటాడు. ఇవన్నియు కూడ ఒక ఆధారమే. అదే విధముగా దైవ ఉనికికి మరొక ఆధారమేమనగా, ప్రతి పనికి ఒక కర్త ఉంటాడు.

సాధారణముగా చెప్పుకొను విషయమేమనగా,ఒక నాస్తికుడు ఒక నిరక్ష్యరాస్యుడిని దేవుడు ఉన్నాడని నీవు ఎలాచెప్పగలవు? అని ప్రశ్నించగా, ఆ నిరక్ష్యరాసుడు అడవిలో ఒంటెల పేడ పడిఉన్నచో దానిని చూసి అక్కడి నుండి ఒంటె వెళ్ళినది అని అర్థం చేసుకోగలము, అలాంటప్పుడు ఇన్ని రకాల ప్రాణులను చూసి కూడ వీటిని సృష్టించినఒక సృష్టికర్త ఉన్నాడని ఎందుకు అర్థం చేసుకోలేము అని సమాధానం ఇచ్చాడు. నిజానికి ఈ సమాధానం ఎంతో అమూల్యమైనది, మానవ స్వభావానికి హత్తుకునేలా ఉన్నది.

కొందరు ఈ సృష్టి యాదృశ్చికముగా వెలుగులోకి వచ్చిందని భావిస్తుంటా రు. అందుకు అల్లాహ్ తాలా పవిత్ర ఖుర్ఆన్‌లోని అల్ ములక్ అధ్యాయపు 2 నుండి 5 సూక్తులలో సమాధానం ఇచ్చాడు. యాదృశ్చికముగా వెలుగులోకి వచ్చే ఏ అంశంలో కూడ ఒక క్రమబద్ధత, ఒక వ్యవస్థ ఉండదు, అన్ని అసంబద్ధముగానే ఉంటాయి. రాజ్యాల సవరణకు వేలాది మంది నిపు ణులు రాత్రింభవళ్ళు శ్రమిస్తూనే ఉంటారు. అయినా కూడ వారు చేసే చిన్నపాటి తప్పిదము వలన పెద్ద పెద్ద సామ్రాజ్యాలే భయంకరమైన నష్టాన్ని చవిచూస్తాయి. కొన్ని సందర్భాలలో ఆ సామ్రాజ్యాలే నేలకూలిపోతాయి. అలాంటప్పుడు మరి ఈ సృష్టిలోని వ్యవస్థ ఎందుకు పొరపాట్లు చేయడం లేదు. వాస్తవమేమనగా, ఈ లోకానికి ఒక సృష్టి కర్త ఉన్నాడు. అతడు సర్వజ్ఞనుడు, సర్వాధికారి, వైభవోపేతుడు. ఒకవేళ అతడు లేనిచో ఈ వ్యవస్థ కొనసాగేది కాదు.

మరల పవిత్ర ఖుర్ఆన్ ద్వారా తెలియునత్యమేమనగా దైవ తిరస్కరులు ఎల్లప్పుడు అవమానించ బడుతారు, నాశనమైపోతారు. దైవ తిరస్కరులు ఏ విధముగా అవమానించబడుతారు, ఎలా నాశనమైపోతారో తెలియ జేయుటకు ఫిర్ఔన్‌యే ఒక గొప్ప నిదర్శనం.

దైవ ఉనికిని ఆమెదింపజేయుటకు అన్ని దేశాలలో దైవ జనులు అవతరించారు. వారిని వ్యతిరేకించినంతగా మరెవరిని కూడ ఈ ప్రపంచీకులు వ్యతిరేకించలేదు. కాని ఈ ప్రపంచీకులు వారిని వ్యతిరేకించి ఏమి సాధించారు?. అల్లాహ్ తాలా పవిత్ర ఖుర్ఆన్‌లో ఈ విధముగా తెల్పుచున్నాడు: وَمَنْ يَّتَوَلَّ اللّٰهَ وَرَسُوْلَهٗ وَالَّذِيْنَ اٰمَنُوْا فَاِنَّ حِزْبَ اللّٰهِ هُمُ الْغٰلِبُوْنَ (మాఇదాఅ:57). అనగా అల్లాహును అతని ప్రవక్తను విశ్వాసులను మిత్రులుగా చేసుకొనువారు అల్లాహ్ వర్గీయులే, వారు తప్పక జయమును పొందుతారు.

మరల పవిత్ర ఖుర్ఆన్ ద్వారా తెలియునదేమనగా, అల్లాహ్ తాలా దుఆలను స్వీకరిస్తాడు.దుఆల స్వీకరణ కూడ తనతో పాటు ఒక నిదర్శనంను కల్గిఉంటుంది. కావున మన ప్రియతమ ప్రవక్త దాసులు హజ్రత్ మిర్జా గులాం అహ్మద్ ఖాదియాని మసీహ్ మౌవూద్ వ మహ్దియే మౌవూద్ అలైహిస్సలాతు వస్సలాం దైవ ఉనికి నిదర్శనం కొరకు ఒక గొప్ప ఆధారముగా ఈ క్రింది ప్రక్రియను ప్రవేశపెట్టారు. అనగా తీవ్ర అనారోగ్యానికి గురి అయినా కొందరు రోగులను ఎంచుకొని వారిని పంచుకోవాలి. వారిలో కొందరికి డాక్టర్లు చికిత్స చేస్తారు, మరి కొందరి స్వస్థత కొరకు నేను దుఆలు చేస్తాను. ఆ తరువాత ఏ రోగులు పూర్తి స్థాయిలో స్వస్థత పొందారో పరీక్షించి చుద్దాం అని పిలుపునిచ్చారు. ఇలాంటి పరీక్షలో ఏమైన సం దేహాలు ఉంటాయా?. ఈ క్రమంలోనే ఒక వ్యక్తిని ఒక పిచ్చి కుక్క కరిచింది. అతనికి చికిత్స చేయడానికి పిచ్చి ఆసూపత్రి డాక్టర్లు కూడ నిరాకరించారు. అంతేగాకా అతనికి చేయడానికి ఎలాంటి చికిత్సయే లేదని వ్రాతపూర్వకముగా తేల్చి చెప్పారు. ఆ తరువాత హజ్రత్ మసీహ్ మౌవూద్ అలైహిస్సలాం ఆ వ్యక్తి కొరకు దుఆ చేశారు. ఫలితముగా అతడు స్వస్థత పొందాడు. వాస్తవానికి పిచ్చి కుక్క కరిచినచో పిచ్చి ఎక్కిన వ్యక్తి జీవితంలో ఎన్నడు సాధారణ మనిషిగా మారడు. కాని ఈ వ్యక్తి స్వస్థత పొందాడు.కావున దుఆల ఆమోదం కూడ అల్లాహ్ ఉనికికి ఒక సత్య నిదర్శనం.అతడు అన్ని కాలలో దుఆలను ఆమోదిస్తుంటాడు.

అల్లాహ్ తాలా పవిత్ర ఖుర్ఆన్‌లో ఈ విధముగా తెల్పుచున్నాడు. నా కొసం అన్వేషణ కొనసాగించు వారికి తప్పకుండా నేను నా మార్గమును చూపిస్తాను.ఒకవేళ ఒకవ్యక్తి స్వచ్ఛమైన మనస్సుతో నాలుపై రోజుల వరకు ఏకాగ్రతతో దుఆల పరంపరను కొనసాగించినచో అతడు ఏ మతములో,ఏ దేశంలో జన్మించినను సకల లోకాల సంరక్షకుడైన అల్లాహ్ అతనికి తన మార్గమును చూపించును. ఆపై అల్లాహ్ తాలా అతని మనుస్సులో ఉన్నటువంటి అనుమానములు, కల్మషాలను దూరం చేయునట్లుగా అతనిపై తన ఉనికి ప్రభావంను ప్రదర్శించును.

కావున నేడు ప్రపంచమంతయు స్వర్థపరంగా మరిపోయింది. మతాచారాల నుండి దూరంగా వెళ్ళి తన సృష్టికర్తను పూర్తిగా మరిచి పోయింది. ఈ పరిస్థితులలో ప్రతి అహ్మదీయుడు అల్లాహ్ ఉనికికి చెందిన ఆధారాలను నేర్చుకోవాలి. అంతేగాక అల్లాహ్‌తో అనుబంధాన్ని పెంచుకోవాలి. జీవనాధ రమైన ఈ నగ్న సత్యాన్ని ప్రపంచ మంతటికి తెలియజేయాలి. అల్లాహ్ తాలా మీ అందరికి ఇందుకు అవకాశంను కల్పించుగాకా! – ఆమీన్.

ఇట్లు

(మిర్జా మస్రూర్ అహ్మద్)

ఖలీఫతుల్ మసీహిల్ ఖామిస్.

# সূচিপত্র


| | |
|---|---|
| সম্পাদকীয় ও সূচিপত্র | ১ |
| আল্লাহ্ তা'লার অস্তিত্বের বিষয়ে কুরআন মজীদের আয়াতসমূহ | ২ |
| আল্লাহ্ তা'লার অস্তিত্ব সম্পর্কে মহানবী (সা.)-এর বাণী | ৩ |
| হযরত মসীহ মওউদ (আ.)-এর বাণী | ৪ |
| আল্লাহ্ তা'লার অস্তিত্বের যৌক্তিক প্রমাণাবলী | ৫-৮ |
| আল্লাহ্ তা'লার অস্তিত্বের দশটি প্রমাণ<br>মূল-মির্যা বশীরুদ্দীন মাহমুদ আহমদ (রা.) | ৯ |
| **কুরআন মজীদ, আঁ হযরত (সা.)-এর হাদীস এবং হযরত মসীহ মওউদ (আ.)-এর উদ্ধৃতির আলোকে আল্লাহ্ তা'লার গুণাবলী।** | ১৬ |
| আমাদের খোদা<br>*-মির্যা বশীর আহমদ এম.এ (রা.)* | ২১ |
| আঁ হযরত (সা.) আল্লাহ্ তা'লার সব থেকে বড় প্রেমী<br>*-সালিক আহমদ নায়েক, নাযারত উলিয়া, কাদিয়ান* | ২৬ |
| দোয়ার গ্রহণীয়তার আলোকে আল্লাহ্র অস্তিত্বের প্রমাণ<br>*-সৈয়্যদ কলীমুদ্দীন, কাযি সিলসিলা মরকাযিয়া* | ২৮ |


## সম্পাদকীয়

# আল্লাহ্ তা'লার প্রতি আঁ হযরত (সা.)-এর অতুলনীয় ভালবাসা

মুসলমান হওয়ার জন্য সর্বপ্রথম যে বিষয়ের স্বীকারুক্তি দিতে হয় তা হল 'লা-ইলাহা ইল্লাল্লাহু।' অর্থাৎ আল্লাহ্ ছাড়া কোনও উপাস্য নেই। একমাত্র তিনিই উপাসনার যোগ্য। তিনিই সেই সত্তা, যার সামনে মানুষ সিজদাবনত হতে পারে, যাচনা করতে পারে এবং নিজের চাহিদাবলী পুরণের জন্য প্রার্থনা করতে পারে। কেননা আল্লাহ্ই আমাদের স্রষ্টা ও প্রভু। তিনিই আমাদের প্রতিপালক, যিনি রহমান তথা অযাচিত-অসীম দাতা। রহীমের অর্থ, কেউ চাইলে তাকে দান করা এবং বার বার দান করা। আল্লাহ্ তা'লার নিকট তাঁর একত্ব এতটাই প্রিয় যে তিনি শিরক বা অংশীবাদিতাকে মহা-অত্যাচার আখ্যায়িত করেছেন। মহাসম্মানিত আল্লাহ্ সকল পাপ ক্ষমা করতে পারেন, কিন্তু শিরক জনিত পাপকে ক্ষমার অযোগ্য হিসেবে আখ্যায়িত করেছেন। তিনি বলেন-

إِنَّ اللّٰهَ لَا يَغْفِرُ أَنْ يُشْرَكَ بِهٖ وَيَغْفِرُ مَا دُوْنَ ذٰلِكَ لِمَنْ يَّشَآءُ ۚ

অর্থাৎ আল্লাহ্ ইহা কখনও ক্ষমা করিবেন না যে তাঁহার সহিত কোন কিছুকে শরীক করা হউক, এবং ইহা অপেক্ষা লঘুতর পাপ যাহার জন্য তিনি চাহিবেন ক্ষমা করিবেন। (সূরা নিসা: ১১৭)

অন্যত্র আল্লাহ্ তা'লা শিরকের নিন্দা করে অত্যন্ত প্রতাপান্বিত ভাষায় বলেছেন-

وَقَالُوا اتَّخَذَ الرَّحْمٰنُ وَلَدًا ﴿٨٩﴾ لَقَدْ جِئْتُمْ شَيْـًٔا إِدًّا ﴿٩٠﴾ تَكَادُ السَّمٰوٰتُ يَتَفَطَّرْنَ مِنْهُ
وَتَنْشَقُّ الْأَرْضُ وَتَخِرُّ الْجِبَالُ هَدًّا ﴿٩١﴾ أَنْ دَعَوْا لِلرَّحْمٰنِ وَلَدًا ﴿٩٢﴾

এবং তাহারা বলে, 'রহমান আল্লাহ্ (নিজের জন্য) পুত্র গ্রহণ করিয়াছেন।' নিশ্চয়, তোমরা এক অতি গুরুতর কথা বলিতেছ। আকাশসমূহ ফাটিয়া যাইবার ও পৃথিবী বিদীর্ণ হইবার এবং পর্বতমালা খণ্ডবিখণ্ড হইয়া পড়িয়া যাইবার উপক্রম হইয়াছে। কারণ তাহারা রহমান আল্লাহ্র প্রতি পুত্র আরোপ করিয়াছে। (সূরা মরিয়ম:৮৯-৯২)

শুধু তাই নয়, যারা শিরকে লিপ্ত অবস্থায় মারা যায়, তাদের জন্য মাগফিরাতের জন্যও দোয়া করতে নিষেধ করা হয়েছে। এর মধ্যে প্রজ্ঞার বিষয় এটিই যে, আজীবন যে খোদার সঙ্গে সে অংশীবাদিতা করেছে, সেই খোদার কাছে তার মাগফিরাতের দোয়া কোন মুখে চাওয়া যায়।

সৈয়্যদানা হযরত মহম্মদ মুস্তাফা (সা.) এর স্বীয় প্রভু প্রতিপালকের প্রতি অনুপম ভালবাসা, একত্ববাদের প্রচার ও প্রসারের জন্য ত্যাগময় উদার জীবন ও অবিরাম সংগ্রামের কিছুটা বিবরণ দেওয়ার চেষ্টা করব।

আরবের পরিবেশ শিরকে পরিপূর্ণ ছিল। যে খানা কাবা একত্ববাদের ধ্বজাবাহক ও খোদার আদি-গৃহ ছিল, সেখানেও ৩৬০ টি মূর্তি স্থাপিত ছিল। এমন পরিবেশে শিরক থেকে রক্ষা পাওয়া এক দুষ্কর বিষয় ছিল। কিন্তু আল্লাহ্ তা'লা সব সময় তাঁকে শিরকের কলুষতা থেকে রক্ষা করেছেন। আল্লাহ্ তা'লা মানব প্রকৃতির মধ্যে একত্ববাদের প্রতি যে আকর্ষণ রেখেছেন, সেই আকর্ষণ আমাদের প্রভু ও দুই জাহানের নেতা আঁ হযরত (সা.)-এর প্রকৃতিতে এতটাই প্রবল ছিল যে, তা তাঁকে খোদার সন্ধানে হিরা পাহাড়ের একটি গুহার মধ্যে টেনে নিয়ে যেত, যেখানে তিনি অনবরত কয়েক দিন পর্যন্ত ইবাদতে নিমগ্ন থাকতেন, দিনের পর দিন বাড়ি ফিরতেন না। এ বিষয়ের প্রতি ইঙ্গিত করেই আল্লাহ্ তা'লা বলেন- *'ওয়াজাদাকা জাল্লান ফাহাদা'*। অর্থাৎ আল্লাহ্ তা'লা তোমাকে নিজ অন্বেষণে আত্মহারা এবং এই জগত ও জগতের মধ্যে যা কিছু আছে, সে সব থেকে উদাসীন ও অমনোযোগী পেয়েছেন। অতঃপর তিনি তোমাকে নিজের পথ দেখিয়েছেন।

নবুওয়তের পদে সমাসীন হওয়ার পর একত্ববাদের প্রচার ও প্রসারে তিনি যে কষ্ট ও অত্যাচার সহন করেছেন, তার বিবরণ দীর্ঘ। মক্কাবাসীরা তাঁর উপর ছাই ফেলে দিত, চলার পথে কাঁটা ফেলে রাখত। একবার তারা নামায পড়ার সময় সিজদারত অবস্থায় তাঁর পিঠের উপর উটের নাড়িভুড়ি চাপিয়ে দেয়। গালি দেওয়া এক সাধারণ বিষয় ছিল। তাঁকে লক্ষ্যচ্যুত করতে তারা সকল প্রকারের অত্যাচার অব্যাহত রেখেছে, বিভিন্ন কৌশল অবলম্বন করেছে এবং অবশেষে হত্যার ষড়যন্ত্র রচনা করেছে। তিনি যখন তায়েফে গিয়েছেন, সেখানে ভবঘুরে ছেলেরা তাঁকে ক্ষতবিক্ষত করেছে। তিনি তায়েফের প্রধান নেতা আব্দে ইয়ালিলকে তবলীগ করেন, কিন্তু সে তাঁকে নিয়ে উপহাস করে, এমনকি শহরের ভবঘুরে ছেলেদেরকে তাঁর পিছনে লেলিয়ে দেয়। তিনি যখন শহর থেকে বেরিয়ে যাচ্ছিলেন, তখন এরা উল্লাস করতে করতে তাঁর পিছু ধাওয়া করে এবং পাথর ছুড়তে থাকে, যার ফলে তাঁর সারা শরীর রক্তাক্ত হয়ে পড়ে। নাগাড়ে তিন মাইল পর্যন্ত এরা তাঁর পিছু ধাওয়া করতে থাকে আর সঙ্গে গালি দিতে থাকে, পাথর ছুড়তে থাকে।
(সীরাত খাতামান্নাবীঈন, প্রণেতা-হযরত মির্যা বশীর আহমদ এম.এ, পৃ: ২০৪)

আঁ হযরত (সা.)-এর এই সফর সম্পর্কে শত্রুদেরকেও স্বীকার করতে হয়েছে যে, এই সফরে তিনি অতুলনীয় ত্যাগ ও অবিচলতার পরিচয় দিয়েছেন। স্যার উইলিয়াম মিউর তাঁর 'লাইফ অফ মুহাম্মদ' পুস্তকে লেখেন-

"তায়েফের সফরে মুহাম্মদ (সা.)এর চরিত্রের অসাধারণ বীরত্বের দিকটি উন্মোচিত হয়। নিঃসঙ্গ এক ব্যক্তি, যাকে স্বজাতি পর্যন্ত অবজ্ঞার দৃষ্টিতে দেখেছে, তিরস্কার করেছে, সে খোদার নামে নেনোভার ইউনুস নবীর ন্যায় বীরত্বের সাথে এক পৌত্তলিক শহরকে তওবা এবং ঐশী মিশনের প্রতি আহ্বান জানাতে বের হল। সে যে নিজেকে সম্পূর্ণভাবে খোদার পক্ষ থেকে (প্রত্যাদিষ্ট) মনে করত, এই ঘটনাটি তাঁর সেই বিশ্বাসের উপর প্রখর আলোকপাত করে।

(নবী নেতা, প্রণেতা-মুসলহে মওউদ, পৃ: ৪৬)

একত্ববাদের প্রতি তিনি ছিলেন এ নিবেদিত প্রাণ সত্তা। আরও

*এরপর ৩২-এর পাতায়*

# আল্লাহ্ এক, তিনি ব্যতীত কোন উপাস্য নেই, যিনি চিরঞ্জীব-জীবনদাতা, চিরস্থায়ী-স্থিতিদাতা। কেবল আল্লাহ্‌র সত্তাই অবিনশ্বর। আল্লাহ্ স্বনির্ভর এবং তাঁহার কোন সমতুল্য নাই

# [ মহান আল্লাহ্‌র অস্তিত্ব সম্পর্কে কুরআনের বাণী ]

## আল্লাহ্ এক, তিনি ব্যতীত কোন উপাস্য নেই।

وَاِلٰهُكُمْ اِلٰهٌ وَّاحِدٌ ۚ لَآ اِلٰهَ اِلَّا هُوَ الرَّحْمٰنُ الرَّحِيْمُ ○

বস্তুত: তোমাদের মা'বুদ একমাত্র মা'বুদ, তিনি ব্যতীত অন্য কোন মা'বুদ নাই, যিনি অযাচিত দাতা, পরম দয়াময়।

(আল বাকারা: ১৬৪)

## আল্লাহ্ আকাশ ও পৃথিবীর নূর

اَللّٰهُ نُوْرُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ

আল্লাহ্ আকাশ ও পৃথিবীর নূর।

(সূরা নূর, আয়াত: ৩৬)

## জীবন ও মৃত্যু খোদার পক্ষ থেকে

كَيْفَ تَكْفُرُوْنَ بِاللّٰهِ وَكُنْتُمْ اَمْوَاتًا فَاَحْيَاكُمْ ۚ ثُمَّ يُمِيْتُكُمْ ثُمَّ يُحْيِيْكُمْ ثُمَّ اِلَيْهِ تُرْجَعُوْنَ ○ (سورۃ البقرہ آیت:29)

তোমরা কিরূপে আল্লাহকে অস্বীকার করিতে পার? অথচ তোমরা প্রাণহীন ছিলে, অতঃপর তিনি তোমাদিগকে প্রাণ দান করিলেন, আবার তিনি তোমাদিগকে মৃত্যু দান করিবেন, অতঃপর তিনি তোমাদিগকে জীবিত করিবেন, অতঃপর তাঁহারই দিকে তোমাদিগকে ফিরাইয়া লইয়া যাওয়া হইবে।

(সূরা বাকারা, আয়াত: ২৯)

## কেবল আল্লাহ্‌র সত্তাই অবিনশ্বর

كُلُّ مَنْ عَلَيْهَا فَانٍ ○ وَّيَبْقٰى وَجْهُ رَبِّكَ ذُو الْجَلٰلِ وَالْاِكْرَامِ ○

উহার (ভূ-পৃষ্ঠের) উপর যাহা কিছু আছে সবই নশ্বর, এবং অবিনশ্বর হইয়া থাকিবে (কেবল) তোমার প্রতিপালকের সত্তা যিনি প্রতাপ ও সম্মানের অধিকারী।

(সূরা রহমান, আয়াত: ২৭-২৮)

## চিরঞ্জীব-জীবনদাতা, চিরস্থায়ী-স্থিতিদাতা

اَللّٰهُ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۚ اَلْحَيُّ الْقَيُّوْمُ ۚ لَا تَاْخُذُهٗ سِنَةٌ وَّلَا نَوْمٌ ؕ لَهٗ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ؕ مَنْ ذَا الَّذِيْ يَشْفَعُ عِنْدَهٗٓ اِلَّا بِاِذْنِهٖ ؕ يَعْلَمُ مَا بَيْنَ اَيْدِيْهِمْ وَمَا خَلْفَهُمْ ۚ وَلَا يُحِيْطُوْنَ بِشَيْءٍ مِّنْ عِلْمِهٖٓ اِلَّا بِمَا شَآءَ ۚ وَسِعَ كُرْسِيُّهُ السَّمٰوٰتِ وَالْاَرْضَ ۚ وَلَا يَئُوْدُهٗ حِفْظُهُمَا ۚ وَهُوَ الْعَلِيُّ الْعَظِيْمُ ○ (سورۃ البقرہ آیت:256)

আল্লাহ্ তিনি ব্যতীত কোন মা'বুদ নাই, তিনি চিরঞ্জীব-জীবনদাতা, চিরস্থায়ী-স্থিতিদাতা, না তন্দ্রা তাঁহাকে স্পর্শ করিতে পারে এবং না নিদ্রা। যাহা কিছু আকাশসমূহে আছে এবং যাহা কিছু পৃথিবীতে আছে, সবই তাঁহার। কে আছে যে তাঁহার অনুমতি ব্যতিরেকে তাঁহার নিকট শাফায়াত (সুপারিশ) করিতে পারে? তাহাদের সম্মুখে যাহা কিছু আছে এবং তাহাদের পশ্চাতে যাহা কিছু আছে সবই তিনি জানেন, তাঁহার জ্ঞানের কিছুই তাহারা আয়ত্ত করিতে পারে না, কেবল তাহা ব্যতীত যাহা তিনি চাহেন। তাঁহার জ্ঞান ও শাসনক্ষমতা আকাশসমূহকে ও পৃথিবীকে পরিবেষ্টন করিয়া রহিয়াছে, উহাদের রক্ষণাবেক্ষণ তাঁহাকে ক্লান্ত করে না, বস্তুতঃ তিনি অতি উচ্চ, মহিমান্বিত।

(আল বাকারা: ২৫৬)

## আল্লাহ্ স্বনির্ভর এবং তাঁহার কোন সমতুল্য নাই

قُلْ هُوَ اللّٰهُ اَحَدٌ ○ اَللّٰهُ الصَّمَدُ ○ لَمْ يَلِدْ ۙ وَلَمْ يُوْلَدْ ○ وَلَمْ يَكُنْ لَّهٗ كُفُوًا اَحَدٌ ○ (سورۃ الاخلاص)

তুমি বল, 'তিনিই আল্লাহ্ একক-অদ্বিতীয়। আল্লাহ্ স্বনির্ভর এবং সর্বনির্ভর-স্থল। তিনি কাহাকেও জন্ম দেন নাই এবং তাঁহাকেও জন্ম দেওয়া হয় নাই। এবং তাঁহার সমতুল্য কেহ নাই।

(সূরা এখলাস)

## প্রত্যেক বস্তু আল্লাহ্‌র প্রশংসাসহ তসবীহ করছে।

تُسَبِّحُ لَهُ السَّمٰوٰتُ السَّبْعُ وَالْاَرْضُ وَمَنْ فِيْهِنَّ ؕ وَاِنْ مِّنْ شَيْءٍ اِلَّا يُسَبِّحُ بِحَمْدِهٖ وَلٰكِنْ لَّا تَفْقَهُوْنَ تَسْبِيْحَهُمْ ؕ اِنَّهٗ كَانَ حَلِيْمًا غَفُوْرًا ○

সপ্ত আকাশ ও পৃথিবী এবং উহাদের মধ্যে যাহারা আছে তাহারা সকলেই তাঁহার তসবীহ (পবিত্রতা ঘোষণা) করিতেছে, এমন কিছু নাই যাহা তাঁহার প্রশংসাসহ তসবীহ করিতেছে না, কিন্তু তোমরা তাহাদের তসবীহ অনুধাবন করিতে পারিতেছ না। নিশ্চয় তিনি পরম সহিষ্ণু, অতীব ক্ষমাশীল। (সূরা বনী ইসরাঈল, আয়াত: ৪৫)

## হিদায়াত আল্লাহ্‌র কৃপার উপর নির্ভরশীল

لَا تُدْرِكُهُ الْاَبْصَارُ ۫ وَهُوَ يُدْرِكُ الْاَبْصَارَ ۚ وَهُوَ اللَّطِيْفُ الْخَبِيْرُ ○

দৃষ্টি তাঁহার নাগাল পাইতে পারে না,কিন্তু তিনি দৃষ্টির নাগাল পাইয়া থাকেন। বস্তুতঃ তিনি সূক্ষ্মাতিসূক্ষ্ম, সম্যক অবহিত।

(আল আনআম:১০৪)

## আল্লাহ্ মানুষের জীবন-শিরা অপেক্ষাও নিকটে আছেন।

وَلَقَدْ خَلَقْنَا الْاِنْسَانَ وَنَعْلَمُ مَا تُوَسْوِسُ بِهٖ نَفْسُهٗ ۖۚ وَنَحْنُ اَقْرَبُ اِلَيْهِ مِنْ حَبْلِ الْوَرِيْدِ ○ (سورہ ق آیت 17)

এবং নিশ্চয় আমরা মানুষকে সৃষ্টি করিয়াছি এবং তাহার আত্মা তাহাকে যাহা কিছু প্ররোচনা দেয় উহাও আমরা অবগত আছি, এবং আমরা (তাহার) জীবন-শিরা অপেক্ষাও তাহার অধিকতর নিকটে আছি।

(সূরা কাফ, আয়াত: ১৭)

## যাহাকে চান সম্মান দান কর এবং যাহাকে চাহ লাঞ্ছিত কর।

قُلِ اللّٰهُمَّ مٰلِكَ الْمُلْكِ تُؤْتِي الْمُلْكَ مَنْ تَشَآءُ وَتَنْزِعُ الْمُلْكَ مِمَّنْ تَشَآءُ ۫ وَتُعِزُّ مَنْ تَشَآءُ وَتُذِلُّ مَنْ تَشَآءُ ؕ بِيَدِكَ الْخَيْرُ ؕ اِنَّكَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ○ (سورہ آل عمران آیت:27)

তুমি বল, 'হে রাজ্যাধিপতি আল্লাহ! তুমি যাহাকে চাহ রাজত্ব দান কর এবং যাহার নিকট হইতে চাহ রাজত্ব কাড়িয়া লও; এবং যাহাকে চাহ ইজ্জত দান কর এবং যাহাকে চাহ লাঞ্ছিত কর। সকল কল্যাণ তোমারই হস্তে। নিশ্চয় তুমি প্রত্যেক বিষয়ের উপর সর্বশক্তিমান।

(সূরা আলে ইমরান, আয়াত: ২৭)

**‘হে আমার বান্দারা! আমি নিজের উপর জুলুম করা নিষিদ্ধ রেখেছি । তোমরা সকলেই পথভ্রষ্ট, তবে সেই সব লোকেরা ছাড়া যাদেরকে আমি হিদায়ত দিই । অতএব আমার কাছে হিদায়ত প্রার্থনা কর, আমি তোমাদেরকে হিদায়ত দিব ।**

# মহানবী (সা.)-এর বাণী

عَنْ هَمَّامِ بْنِ مُنَبِّهٍ قَالَ هٰذَا مَا حَدَّثَنَا بِهِ اَبُوْ هُرَيْرَةَ ﷺ عَنْ رَسُوْلِ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ اللّٰهُ عَزَّوَجَل كَذَّبَنِيْ عَبْدِيْ وَلَمْ يَكُنْ لَّهٗ ذٰلِكَ. وَشَتَمَنِيْ وَلَمْ يَكُنْ لَّهٗ ذٰلِكَ. تَكْذِيْبُهٗ اِيَّايَ اَنْ يَّقُوْلَ فَلَنْ يُّعِيْدَنَا كَمَا بَدَاَنَا. وَاَمَّا شَتْمُهٗ اِيَّايَ يَقُوْلُ اِتَّخَذَ اللّٰهُ وَلَدًا. وَاَنَا الصَّمَدُ الَّذِيْ لَمْ اَلِدْ وَلَمْ اُوْلَدْ. وَلَمْ يَكُنْ لِّيْ كُفُوًا اَحَدٌ-

অনুবাদ: হযরত আবু হুরাইরাহ(রা.) বর্ণনা করেন যে, আঁ হযরত (সা.) বলেছেন, ‘আল্লাহ্ তা’লা বলেন- আমার বান্দা আমাকে প্রত্যাখ্যান করে, যদিও তার এমনটি করা উচিত নয়। সে আমাকে গালি দেয়, অথচ তার এমনটি করার অধিকার ছিল না। আমাকে মিথ্যা হিসেবে প্রত্যাখ্যান করার অর্থ, সে বলে আল্লাহ্ তা’লা এমনটি পুনরায় সৃষ্টি করতে পারবে না যেভাবে তিনি আমাদেরকে প্রথমবার সৃষ্টি করেছেন। আর আমাকে গালি দেওয়ার অর্থ, সে বলে, আল্লাহ্ তা’লা কাউকে নিজের পুত্র গ্রহণ করেছেন, অথচ আমার সত্তা স্বনির্ভর। না আমার কোন পুত্র আছে, না আমি কারো দ্বারা সৃষ্ট। অর্থাৎ না আমার কোন পুত্র আছে না আমার কেউ সমকক্ষ আছে।

(মুসনাদে আহমদ, হাদীস-১১)

عَنْ اَبِيْ ذَرٍّ رَضِيَ اللّٰهُ عَنْهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ فِيْمَا يَرْوِيْ عَنِ اللّٰهِ تَبَارَكَ وَتَعَالٰى اَنَّهٗ قَالَ يَا عِبَادِيْ اِنِّيْ حَرَّمْتُ الظُّلْمَ عَلٰى نَفْسِيْ وَجَعَلْتُهٗ بَيْنَكُمْ مُحَرَّمًا فَلَا تَظَالَمُوْا. يَا عِبَادِيْ كُلُّكُمْ ضَالٌّ اِلَّا مَنْ هَدَيْتُهٗ فَاسْتَهْدُوْنِيْ اَهْدِيْكُمْ. يَا عِبَادِيْ كُلُّكُمْ جَائِعٌ اِلَّا مَنْ اَطْعَمْتُهٗ فَاسْتَطْعِمُوْنِيْ اُطْعِمْكُمْ. يَا عِبَادِيْ كُلُّكُمْ عَارٍ اِلَّا مَنْ كَسَوْتُهٗ فَاسْتَكْسُوْنِيْ اَكْسُكُمْ. يَا عِبَادِيْ اِنَّكُمْ تُخْطِئُوْنَ بِاللَّيْلِ وَالنَّهَارِ وَاَنَا اَغْفِرُ الذُّنُوْبَ جَمِيْعًا فَاسْتَغْفِرُوْنِيْ اَغْفِرْ لَكُمْ. يَا عِبَادِيْ اِنَّكُمْ لَنْ تَبْلُغُوْا ضُرِّيْ فَتَضُرُّوْنِيْ وَلَنْ تَبْلُغُوْا نَفْعِيْ فَتَنْفَعُوْنِيْ. يَا عِبَادِيْ لَوْ اَنَّ اَوَّلَكُمْ وَاٰخِرَكُمْ وَاِنْسَكُمْ وَجِنَّكُمْ كَانُوْا عَلٰى اَتْقٰى قَلْبِ رَجُلٍ وَاحِدٍ مِّنْكُمْ مَا زَادَ ذٰلِكَ فِيْ مُلْكِيْ شَيْئًا. يَا عِبَادِيْ لَوْ اَنَّ اَوَّلَكُمْ وَاٰخِرَكُمْ وَاِنْسَكُمْ وَجِنَّكُمْ كَانُوْا عَلٰى اَفْجَرِ قَلْبِ رَجُلٍ وَاحِدٍ مِّنْكُمْ مَا نَقَصَ ذٰلِكَ مِنْ مُلْكِيْ شَيْئًا. يَا عِبَادِيْ لَوْ اَنَّ اَوَّلَكُمْ وَاٰخِرَكُمْ وَاِنْسَكُمْ وَجِنَّكُمْ قَامُوْا فِيْ صَعِيْدٍ وَاحِدٍ فَسَاَلُوْنِيْ فَاَعْطَيْتُ كُلَّ اِنْسَانٍ مَسْئَلَتَهٗ مَا نَقَصَ ذٰلِكَ مِمَّا عِنْدِيْ اِلَّا كَمَا يَنْقُصُ الْمِخْيَطُ اِذَا اُدْخِلَ الْبَحْرَ. يَا عِبَادِيْ اِنَّمَا هِيَ اَعْمَالُكُمْ اُحْصِيْهَا لَكُمْ ثُمَّ اُوَفِّيْكُمْ اِيَّاهَا فَمَنْ وَجَدَ خَيْرًا فَلْيَحْمَدِ اللّٰهَ وَمَنْ وَجَدَ غَيْرَ ذٰلِكَ فَلَا يَلُوْمَنَّ اِلَّا نَفْسَهٗ-

অনুবাদ: হযরত আবু যার (রা.) বর্ণনা করেন, আঁ হযরত (সা.) আল্লাহ্ তা’লার পক্ষ থেকে একথা বলেছেন যে আল্লাহ্ তা’লা বলেন, ‘হে আমার বান্দারা! আমি নিজের উপর জুলুম করা নিষিদ্ধ রেখেছি। তোমরা সকলেই পথভ্রষ্ট, তবে সেই সব লোকেরা ছাড়া যাদেরকে আমি হিদায়ত দিই। অতএব আমার কাছে হিদায়ত প্রার্থনা কর, আমি তোমাদেরকে হিদায়ত দিব। হে আমার বান্দারা! তোমরা সকলে ক্ষুধার্ত, সেই ব্যক্তি ছাড়া যাকে আমি আহার করাই। অতএব তোমরা আমার কাছে রিয্‌ক চাও, আমি রিযক দিব। হে আমার বান্দারা! তোমরা সকলে বস্ত্রহীন, সেই ব্যক্তি ছাড়া যাকে আমি পরিধান করাই। অতএব আমার কাছে বস্ত্র চাও, আমি বস্ত্র দিব। হে আমার বান্দারা! তোমরা যদি দিনরাত ভুল কর, তবুও আমি তোমাদেরকে পাপ ক্ষমা করতে পারি। অতএব আমার কাছেই ক্ষমা চাও। আমি তোমাদেরকে ক্ষমা করব। হে আমার বান্দারা! তোমরা যদি আমার ক্ষতি করার মনোবাঞ্ছা রাখ, তবু আমার কোনও ক্ষতি করতে পারবে না। কিম্বা তোমরা আমার উপকার করার চেষ্টা করলেও কোনও উপকার করতে পারবে না। হে আমার বান্দারা! যদি তোমাদের পূর্বের ও পশ্চাতের জিন্ন ও ইনসান সকলেই সর্বোচ্চ শ্রেণীর মুত্তাকী এবং সংযমী হয়ে যায় এবং সেই ব্যক্তির ন্যায় হয়ে যে তোমাদের মধ্যে সর্বাপেক্ষা অধিক তাকওয়াশীল, তবে তোমাদের এমন হওয়াও আমার রাজত্বকে বিন্দুপরিমাণও বৃদ্ধি করতে পারবে না। হে আমার বান্দারা! যদি তোমাদের পূর্বের ও পশ্চাতের জিন্ন ও ইনসান সকলেই নিকৃষ্টতম দুরাচারী হয় , তবুও আমার রাজত্বের কোন ক্ষতি করতে পারবে না। হে আমার বান্দারা! যদি তোমাদের পূর্বের ও পশ্চাতের জিন্ন ও ইনসান সকলেই একটি ময়দানে একত্রিত হয়ে আমার কাছে নিজেদের চাহিদাবলী নিয়ে উপস্থিত হয় আর আমি প্রত্যেকের চাহিদা পুরণ করে দিই, তথাপি সমুদ্রে ছুঁচ ডুবিয়ে তুলে নিলে সমুদ্রের পানি যতটুকু কমে যায়, আমার ধন-ভাণ্ডার ততটুকুও হ্রাস পাবে না। হে আমার বান্দারা! এই হল তোমাদের কর্ম যেগুলির আমি হিসেব করেছি। আমি তোমাদেরকে সেগুলির পূর্ণ প্রতিদান দিব। অতএব যে ব্যক্তির ভাল পরিণাম বের হয়, সে যেন আল্লাহ্ তা’লার কাছে কৃতজ্ঞতা প্রকাশ করে। আর যে ব্যক্তির অন্য কিছু পরিণাম প্রকাশ পায়, অর্থাৎ ব্যর্থতার মুখ দেখে, তবে সে যেন নিজেকে ধিক্কার জানায়, কেননা তা নিজের অপকর্মের পরিণাম। (মুসলিম কিতাবুল বির ওয়াস সিলাহ)

عَنْ اَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللّٰهُ عَنْهُ قَالَ : قَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُوْلُ اللّٰهُ تَعَالٰى اَنَا عِنْدَ ظَنِّ عَبْدِيْ بِيْ وَاَنَا مَعَهٗ حِيْنَ يَذْكُرُنِيْ فَاِنْ ذَكَرَنِيْ فِيْ نَفْسِهٖ ذَكَرْتُهٗ فِيْ نَفْسِيْ وَاِنْ ذَكَرَنِيْ فِيْ مَلَاٍ ذَكَرْتُهٗ فِيْ مَلَاٍ خَيْرٍ مِنْهُمْ وَاِنِ اقْتَرَبَ اِلَيَّ شِبْرًا اِقْتَرَبْتُ اِلَيْهِ ذِرَاعًا وَاِنِ اقْتَرَبَ اِلَيَّ ذِرَاعًا اِقْتَرَبْتُ اِلَيْهِ بَاعًا وَاِنْ اَتَانِيْ يَمْشِيْ اَتَيْتُهٗ هَرْوَلَةً-
(ترمذی ابواب الدعوات، بحوالہ حدیقۃ الصالحین حدیث نمبر 80)

হযরত আবু হুরাইরাহ (রা.) বর্ণনা করেন, আঁহযরত (সা.) বলেছেন, আল্লাহ্ তা’লা তা’লা বলেন, ‘আমি বান্দার ধারণা অনুসারী তার সঙ্গে আচরণ করে থাকি। যে মুহূর্তে বান্দা আমাকে স্মরণ করে, আমি তার সঙ্গে থাকি। যদি সে মনে মনে স্মরণ করে, তবে আমিও তাকে নিজের মনে স্মরণ করব। যদি কোন সভায় আমার কথা স্মরণ করে, তবে আমি সেই বান্দার যিকর তার থেকে উত্তম কোনও সভায় করব। যদি সে আমার দিকে এক বিঘেত অগ্রসর হয়, আমি তার দিকে এক হাত অগ্রসর হব। যদি আমার দিকে এক হাত এগিয়ে আসে, আমি দুইহাত এগিয়ে যাব। সে যদি আমার দিকে হেঁটে আসে, তবে আমি তার দিকে দৌড়ে যাব।

عَنْ عَبْدِ اللّٰهِ بْنِ عُمَرَ رَضِيَ اللّٰهُ تَعَالٰى عَنْهُمَا قَالَ قَرَأَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ هٰذِهِ الْاٰيَةَ وَهُوَ عَلَى الْمِنْبَرِ : وَالسَّمٰوٰتُ مَطْوِيّٰتٌ بِيَمِيْنِهٖ، سُبْحَانَهٗ وَتَعَالٰى عَمَّا يُشْرِكُوْنَ. قَالَ يَقُوْلُ اللّٰهُ اَنَا الْجَبَّارُ، اَنَا الْمُتَكَبِّرُ، اَنَا الْمَلِكُ، اَنَا الْمُتَعَالُ يُمَجِّدُ نَفْسَهٗ قَالَ فَجَعَلَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ يُرَدِّدُهَا. حَتّٰى رَجِفَ بِهَا الْمِنْبَرُ حَتّٰى ظَنَنَّا اَنَّهٗ سَيَخِرُّ بِهٖ-
(مسند احمد بحوالہ حدیقۃ الصالحین حدیث نمبر 10)

হযরত আব্দুল্লাহ্ বিন উমর (রা.) বর্ণনা করেন, আঁ হযরত (সা.) মিম্বরে খুতবা দেওয়ার সময় এই আয়াত পাঠ করেছেন,‘ ***ওয়াসসামাওয়াতু মাতবিয়াতুম বি ইয়ামিনিহি সুবহানুহু ওয়া তালা আম্মা ইউশরেকুন।’*** (যুমর: ৬৭) হুযুর (সা.) বলেন, ‘আল্লাহ্ তা’লা বলেন,‘আমি মহাপ্রতাপশালী, প্রতিটি জিনিস আমার অধিকারভুক্ত, আমি অতীব উচ্চ, উচ্চ মর্যাদাবান।’ আল্লাহ্ তা’লা এভাবে নিজের সম্মান বর্ণনা করেন। আঁ হযরত (সা.) এই বাক্যের পুনরাবৃত্তি করছিলেন আর মিম্বারটি কাঁপতে শুরু করে। আমাদের মনে হল মিম্বরটি পড়েই না যায়। (মুসনাদে আহমদ, হাদীস-১০)

কত হতভাগ্য সেই ব্যক্তি যে আজও জানে না সে, তাহার এইরূপ এক খোদা আছেন যিনি সকল বিষয়ে সর্বশক্তিমান। আমাদের খোদাই আমাদের বেহেশত। আমাদের খোদাতেই আমাদের পরম আনন্দ। কেননা আমি তাঁহাকে দর্শন বরিয়াছি এবং সকল প্রকার সৌন্দর্য তাঁহার মধ্যে দেখিতে পাইয়াছি। খোদা এক প্রিয় সম্পদ তোমরা তাঁহার কদর কর। প্রত্যেক পদে তিনি তোমাদের সহায়ক। তিনি ব্যতিরেকে তোমরা কিছুই নহ এবং তোমাদের পার্থিব উপকরণ ও তদবীর কিছুই নহে।

# ইমাম মাহদী আলাইহিস সালাম -এর পবিত্র বাণী

তকদীর অর্থাৎ পৃথিবীর সমস্ত বস্তুর একটি নির্দিষ্ট অনুমান ও নিয়ম মনে চলে এবং বিরাম নেয়। এটি বিষয়ের প্রমাণ যে, নিশ্চয় এর কোনও নিয়ামক আছে, যে এগুলিকে একটি নির্দিষ্ট নিয়মে বেঁধে রেখেছে। কেউ যদি ঘড়িকে কোনও উদ্দেশ্য নিয়ে তৈরী না করত, তবে তা কিভাবে এমন নিয়ম মাফিক সচল থেকে আমাদের জন্য উপযোগী হত? ঠিক তেমনি আকাশের ঘড়ি। এর বিন্যাস ও সুশঙ্খল ব্যবস্থাপনা থেকে প্রতীয়মান, এক বিশেষ উদ্দেশ্যে এবং উপকারার্থে তা তৈরী করা হয়েছে। এই ভাবে মানুষ, সৃষ্টি দ্বারা স্রষ্টাকে এবং নিয়ম দ্বারা নিয়ামককে চিনতে পারে।

কিন্তু আল্লাহ্ তা'লা স্বীয় অস্তিত্বের প্রমাণের আরও এক উৎকৃষ্টতর মাধ্যম প্রতিষ্ঠিত রেখেছেন। সেটি হল এই যে, তিনি নিজ প্রিয়ভাজনদেরকে কোনও কোনও নিয়তি সম্পর্কে সময়ের পূর্বেই অবগত করে দেন। অমুক সময় অমুক দিনে অমুক বিষয় অবধারিত তা তিনি তাদের জানিয়ে দেন। অতএব যে ব্যক্তিকে আল্লাহ্ তা'লা এই কাজের জন্য মনোনীত করেন, সে পূর্বাহ্নেই মানুষকে অবহিত করে যে অমুক হবে আর এমনটিই হয়, যেমনটি সে বলেছিল। আল্লাহ্ তা'লার অস্তিত্বের প্রমাণে এটি এমন একটি দলীল যা প্রত্যেক নাস্তিককে সেই মুহূর্তে লজ্জিত ও নিরুত্তর করে দেয়। আল্লাহ্ তা'লা আমাকে হাজার হাজার এমন নিদর্শন দান করেছেন, যেগুলির মাধ্যমে আল্লাহ্ তা'লার অস্তিত্বের বিষয়ে ঈমান আরও পরিতৃপ্ত হয়।

(মালফুযাত, ১ম খণ্ড, পৃ: ২৮৬)

কত হতভাগ্য সেই ব্যক্তি যে আজও জানে না সে, তাহার এইরূপ এক খোদা আছেন যিনি সকল বিষয়ে সর্বশক্তিমান। আমাদের খোদাই আমাদের বেহেশত। আমাদের খোদাতেই আমাদের পরম আনন্দ। কেননা আমি তাঁহাকে দর্শন করিয়াছি এবং সকল প্রকার সৌন্দর্য তাঁহার মধ্যে দেখিতে পাইয়াছি। প্রাণের বিনিময়েও এই সম্পদ লাভ করিবার যোগ্য। এই মণি ক্রয় করিতে যদি সমস্ত শক্তি ও সামর্থ্য নিঃশেষিত হয়, তবুও ইহা ক্রয় করা উচিত। হে (খোদালাভে) বঞ্চিত ব্যক্তিগণ! এই প্রস্রবণের দিকে ধাবিত হও, ইহা তোমাদিগকে প্লাবিত করিয়া দিবে। ইহা জীবনের উৎস যাহা তোমাদিগকে সঞ্জীবিত করিবে। আমি কি করিব এবং কি উপায়ে এই সুসংবাদ তোমাদের হৃদয়ঙ্গম করাইয়া দিব? মানুষের শ্রুতিগোচর করিবার জন্য কোন জয়ঢাক দিয়া বাজারে বন্দরে ঘোষণা করিব যে, 'ইনি তোমাদের খোদা' এবং কোন্ ঔষধ দ্বারা আমি চিকিৎসা করিব যাহাতে শুনিবার জন্য তাহাদের কর্ণ উন্মুক্ত হয়?

তোমরা যদি খোদার হইয়া যাও তাহা হইলে নিশ্চয় জানিও যে, খোদা তোমাদেরই। তোমরা নিদ্রিত থাকিবে এবং খোদা তোমাদের জন্য জাগ্রত থাকিবেন, তোমরা শত্রু সম্বন্ধে বেখবর থাকিবে কিন্তু খোদা তাহার প্রতি লক্ষ্য রাখিবেন এবং তাহার ষড়যন্ত্রকে ব্যর্থ করিয়া দিবেন। তোমরা এখনও জান না যে, তোমাদের খোদা কত শক্তিশালী! যদি জানিতে, তাহা হইলে দিনেকের তরেও এই সংসারের জন্য বিশেষ চিন্তিত হইতে না। যে ব্যক্তি ধনাগারের মালিক, সে কি কখনও একটি পয়সা নষ্ট হইলে বিলাপ ও চিৎকার করিয়া মরে? সুতরাং তোমরা যদি এই ধনভান্ডার সম্বন্ধে জ্ঞাত থাকিতে যে, খোদা তোমাদের প্রত্যেক প্রয়োজনের সময়ে কাজে আসিবেন, তাহা হইলে সংসারের জন্য এরূপ আত্মহারা কেন হইতে? খোদা এক প্রিয় সম্পদ তোমরা তাঁহার কদর কর। প্রত্যেক পদে তিনি তোমাদের সহায়ক। তিনি ব্যতিরেকে তোমরা কিছুই নহ এবং তোমাদের পার্থিব উপকরণ ও তদবীর কিছুই নহে।

(কিশতিয়ে নূহ, রূহানী খাযায়েন, খণ্ড-১৯, পৃ: ২১-২২)

হযরত মসীহ মওউদ আলাইহিস সালাম বলেন:-

"হে শ্রোতাগণ! শোন খোদ তোমাদের কাছে কি চান? শুধু এটাই যে, তোমরা তাঁরই হয়ে যাও, তাঁর সাথে কাউকে শরীক করো না; আকাশেও না, ভূ-পৃষ্ঠেও না। আমাদের খোদা সেই খোদা -যিনি এখনো জীবিত আছেন যেভাবে পূর্বে জীবিত ছিলেন, এখনও তিনি কথা বলেন, যেভাবে পূর্বে কথা বলতেন; এবং এখনও শুনেন যেমন পূর্বে শুনতেন। এ যুগে তিনি শুনেন কিন্তু কথা বলেন না এটা অলীক ধারণা। বস্তুত তিনি শুনেন এবং কথাও বলেন। যাঁর সব গুণাবলী অনাদি ও চিরস্থায়ী। তাঁর কোনও গুণই নিষ্ক্রিয় নয় এবং এরূপ কখনও হবে না। তিনি সেই ওয়াহেদ, লা-শরীক খোদা। যাঁর কোন পুত্র নেই এবং যাঁর কোন স্ত্রীও নেই। তিনি সেই অনুপম খোদা, যাঁর সদৃশ দ্বিতীয় কেউই কোনও বিশেষ গুণে গুণান্বিত নয়। তাঁর তুল্য কেউ নেই, তাঁর সমগুণসম্পন্ন কেউ নেই এবং তাঁর কোন শক্তি লয়শীল নয়। তিনি দূরে থেকেও নিকটে এবং নিকটে থেকেও দূরে। তিনি রূপকভাবে আহলে কাশফ্ (দিব্যদর্শী) এর নিকট আত্মপ্রকাশ করতে পারেন; কিন্তু তাঁর কোন শরীক নেই, না কোনও আকার আছে। তিনি সবার উপরে কিন্তু এটা বলতে পারবো না, তাঁর নীচে অন্য কেউ রয়েছে। তিনি আরশের উপর অধিষ্ঠিত আছেন। কিন্তু একথা বলতে পারবো না যে তিনি পৃথিবীতে নেই। তিনি পূর্ণ গুণাবলীর আধার এবং সব সত্যিকার প্রশংসার সমাহার বা প্রকাশক। তিনি সব সৌন্দর্যের উৎস এবং তিনি সর্বশক্তিমান। তিনি সব কল্যাণের প্রস্রবণ, প্রত্যেক বস্তুর আশ্রয় স্থল এবং তিনি প্রত্যেক রাজ্যের অধিশ্বর, প্রত্যেক চরম উৎকর্ষের অধিকারী এবং প্রত্যেক ত্রুটি ও দুর্বলতা হতে মুক্ত। পৃথিবী ও আকাশের অধিবাসী তাঁরই ইবাদত ও উপাসনা করবে। এ বিষয়ে তিনিই একক। তাঁর নিকট কোন কিছুই অসম্ভব নয়। সব রূহ (আত্মা) ও এদের শক্তিসমূহ এবং অণু-পরমাণু ও এদের শক্তিসমূহ তাঁরই সৃষ্ট। তাঁর কর্তৃত্ব ছাড়া কোন বস্তুই প্রকাশিত হয় না। তিনি নিজ শক্তি, মহিমা ও নিদর্শনসমূহের মাধ্যমে নিজেকে প্রকাশ করেন এবং তাঁকে তাঁরই সাহায্যে আমরা লাভ করতে পারি। তিনি সব সময় সাধুদের কাছে নিজ অস্তিত্ব প্রকাশ করে থাকেন এবং নিজ শক্তি ও মহিমা তাদেরকে প্রকাশ করেন। এ থেকেই তাঁর পরিচয় পাওয়া যায় এবং এর মাধ্যমেই তাঁর মনোনীত পথের পরিচয় লাভ করা যায়।

তিনি জড় চোখ ছাড়া দেখেন, জড় কান ছাড়া শোনেন এবং জড় জিহ্বা ছাড়া কথা বলেন। এভাবে অনস্তিত্ব হতে অস্তিত্বে আনা তাঁর কাজ। যেমন তোমরা দেখতে পাও যে, স্বপ্নের দৃশ্যাবলীতে কোন উপাদান ছাড়া তিনি এক জগৎ সৃষ্টি করে থাকেন এবং প্রত্যেক লয়শীল ও অস্তিত্বহীনকে বাস্তবাকারে প্রদর্শন করেন। বস্তত এভাবেই সব কুদরত (ক্ষমতা) বিরাজিত। যে তার কুদরত অস্বীকার করে সে মুর্খ।

এরপর ৮-এর পাতায়......

# আল্লাহ্‌র অস্তিত্বের যৌক্তিক প্রমাণাবলী

**(মূল উর্দু রচনা: শরীফ কউসর, মুরুব্বী সিলসিলা এবং জামিয়া আহমদীয়া কাদিয়ান-এর শিক্ষক)**

বর্তমান যুগে পৃথিবীর এক বিরাট জনগোষ্ঠী ক্রমশ ধর্মহীনতা এবং নাস্তিকতার দিকে ঝুঁকে পড়ছে। তাদের ধারণা, এই জগত তথা বিশ্ব-ব্রহ্মাণ্ড নিজে থেকেই অস্তিত্ব লাভ করেছে, এর না আছে কোন স্রষ্টা আর না এটি কারো সৃষ্টি। আল্লাহ্‌র অস্তিত্বের উপর বিশ্বাসের মতবাদকে তারা সম্পূর্ণরূপে প্রত্যাখ্যান করে থাকে। এর সব থেকে বড় কারণ, তাদের প্রশ্ন ও মনের সুপ্ত মন্ত্রণার সন্তোষজনক কোনও উত্তর তারা পায় না। এটিও একটি সত্য যে, যদি হযরত মসীহ মওউদ (আ.)এর আবির্ভাব না ঘটত, তবে হয়তো আর কারো মনেই প্রকৃত ঈমান অবশিষ্ট থাকত না। এটি আল্লাহ্ তা'লার অশেষ কৃপা যে, তিনিই হযরত মসীহ মওউদ (আ.) কে কুরআন মজীদের সেই তত্ত্বজ্ঞান ও নিগূঢ় সত্য সম্পর্কে অবগত করেছেন, যা অধার্মিকদের প্রত্যেক প্রশ্নের যুক্তিপূর্ণ উত্তর দিয়েছে আর প্রতিটি কুমন্ত্রণা দূর করার চেষ্টা করেছে। এটিও আল্লাহ্ তা'লার কৃপা যে, তাঁর পুস্তকাবলী অধ্যয়নের ফলে বহু পুণ্যাত্মা নাস্তিকতা ও অধার্মিকতার আবর্ত থেকে বেরিয়ে এসেছে এবং তারা প্রকৃত অর্থে খোদার মারেফাত বা তত্ত্বজ্ঞান লাভ করেছে।

হযরত মিঞা মহম্মদ দ্বীন পাটোয়ারী (রা.) নিজের ঘটনা বর্ণনা করে বলেন,

'আর্য, ব্রহ্ম ও নাস্তিকদের লেকচারের কুপ্রভাব আমাকে এবং আমার মত অনেককে ধ্বংস করে দিয়েছিল। আর এর দ্বারা প্রভাবিত হয়ে উদ্দেশ্যহীন জীবন যাপন করছিলাম। এমতবাস্থায় বারাহীনে পড়তে পড়তে 'খোদা তা'লার অস্তিত্বের প্রমাণ পড়ার সময় ৯০ পৃষ্ঠার ১নং টীকা এবং ১৪৯ পৃষ্ঠার ১১ নং টিকায় যখন পৌছলাম, তখন তৎক্ষণাৎ আমার নাস্তিকতা উধাও হয়ে গেল আর এমনভাবে আমার চোখ খুলে গেল যেভাবে মৃত কিম্বা নিদ্রিত ব্যক্তি জীবিত হয়ে ওঠে।' (আল হাকাম, ১৪ই অক্টোবার, ১৯৩৮)

এটি হযরত মসীহ মওউদ (আ.)-এর রচনার কল্যাণ যা আধ্যাত্মিক ও ধর্মীয়ভাবে মৃতব্যক্তিকে পুনরুজ্জীবিত করে তোলে। এটি সেই সঞ্জীবনী সুধা যা আধ্যাত্মিকভাবে অসাড় শরীরে প্রাণের পরশ জাগায়। এই কারণেই জামাতের সদস্যদেরও হযরত মসীহ মওউদ (আ.) এর রূহানী খাযায়েন অধ্যয়ন করা উচিত এবং নাস্তিকতার ব্যধিতে আক্রান্ত ব্যাক্তিদের নিরাময়ের জন্য এই পুস্তকগুলি তাদেরকেও অধ্যায়নের জন্য দেওয়া উচিত। এই সংক্ষিপ্ত ভূমিকার পর এখন হযরত মসীহ মওউদ (আ.) এবং খোলাফায়ে আহমদীয়াতের শিক্ষামালা উপস্থাপন করব যাতে আল্লাহ তা'লার অস্তিত্বের স্বপক্ষে যৌক্তিক প্রমাণ উপস্থাপন করা হয়েছে। এই দলিলগুলি এমন, যদি কোনও নাস্তিক দৃঢ় সংকল্প ও সদিচ্ছা নিয়ে এগুলির বিষয়ে প্রণিধান করে, তবে সে নিশ্চয় আল্লাহ তা'লার অস্তিত্বে বিশ্বাসী হয়ে উঠবে।

হযরত খলীফাতুল মসীহ খামিস (আই.) পৃথিবীতে ক্রমবর্ধমান নাস্তিকতার বিষয়ে বলেন,

'আজ খৃষ্টবাদ ক্রমশ দুর্বল হয়ে পড়ছে, যদিও একটা লড়াই তাদের সঙ্গেও আছে, কিন্তু এর পাশাপাশি যে নতুন বিপদ মাথা চাড়া দিচ্ছে এবং ক্রমশ শক্তি লাভ করছে তা হল নাস্তিকতা। অন্যান্য ধর্মগুলি খোদা তা'লার সঙ্গে সম্পর্ক তৈরী হতে না দেখে ধর্ম থেকে দূরত্ব অবলম্বন করতে শুরু করেছে। সংখ্যাগরিষ্ঠ মানুষ ধর্মহীন হয়ে পড়েছে, এমনকি নাস্তিক হয়ে গেছে। আপনাদেরকে আজ নাস্তিকতারও অবসান ঘটাতে হবে, সেই সঙ্গে একেশ্বরবাদও প্রতিষ্ঠিত করতে হবে।

(জামিয়া আহমদীয়া যুক্তরাজ্যে ছাত্রদের মধ্যে সনদ বিতরণ অনুষ্ঠান, ২৫শে মার্চ, ২০১৮)

হুযুর আনোয়ার উপরোক্ত উদ্ধৃতিতে বলেছেন, 'আপনাদেরকে নাস্তিকতার অবসানও করতে হবে আর একেশ্বরবাদও প্রতিষ্ঠিত করতে হবে।' এটি এক সর্বজনস্বীকৃত সত্য যে নাস্তিকরা চিরকাল ধর্মীয় গ্রন্থের যুক্তিপ্রমাণ মানতে অস্বীকার করে থাকে। তাই তাদেরকে যৌক্তিক প্রমাণ দ্বারাই খোদার অস্তিত্বে বিশ্বাসী করতে হয়। যৌক্তিক প্রমাণের মধ্যে সর্ব প্রথম প্রকৃতিগত প্রমাণের মাধ্যমে তাদেরকে বোঝানো যেতে পারে।

## প্রকৃতিগত প্রমাণ:

একজন নাস্তিককে একথা বোঝাতে হবে এবং তাদের বিবেকে এই ধারণা সৃষ্টি করতে হবে যে আল্লাহ্ তা'লার অস্তিত্ব সম্পর্কে সব থেকে গুরুত্বপূর্ণ যুক্তিগুলির মধ্যে একটি হল সেই দলিল যা মানব প্রকৃতির মধ্যে সন্নিবিষ্ট আছে। মানুষের প্রকৃতি নিজেই প্রশ্ন করে যে, এই বিশ্ব-ব্রহ্মাণ্ডের কোনও স্রষ্টা ও প্রভু আছে না নেই? আর আমাদেরকে কে এবং কেন সৃষ্টি করেছে? অন্তরাত্মার এই প্রশ্ন উত্থাপনের পর অনেকের মধ্যে অনুসন্ধিৎসু ভাব আরও প্রকট হয়ে দেখা দেয়। আর মানুষ মনে মনে প্রশ্ন করে , তার অস্তিত্ব কি নেহাতই এক সমাপতনের ফল, নাকি তাকে সৃষ্টি করেছে কোনও এক অতিপ্রাকৃত সত্তা? এই প্রশ্নের উত্তরের সন্ধানে সে যৌক্তিক দলিল প্রমাণের পথে চিন্তাভাবনা করবে এবং এর পরিণামের বিষয়ে কোনও মতামত ব্যক্ত না করলেও সে অবশ্যইএই সিদ্ধান্তে উপনীত হবে যে তার একজন স্রষ্টা আছে যে তাকে এবং এই পুরো বিশ্ব-ব্রহ্মাণ্ডকে সৃষ্টি করেছে। অনেকে নিজের অন্তরাত্মার কণ্ঠকে দমন করে, সেটিকে উপেক্ষা করে নাস্তিকতার স্রোতে গা ভাসিয়ে দেয়। মোটকথা, মানব প্রকৃতি, মানব সত্তা এবং তার অস্তিত্ব লাভ আল্লাহ্ তা'লার অস্তিত্বের এমন এক শক্তিশালী প্রমাণ যা কোনও বুদ্ধিমান ব্যক্তি অস্বীকার করতে পারে না। আর আমাদের উপর এটি আল্লাহ্ তা'লার কৃপা যে, তিনি পথপ্রদর্শনের জন্য আমাদের প্রকৃতির মধ্যেই ঈমানের বীজ বপন করে রেখেছেন।

আল্লাহ্ তা'লা বলেন-

اَوَلَمْ يَرَ الْاِنْسَانُ اَنَّا خَلَقْنٰهُ مِنْ نُّطْفَةٍ فَاِذَا هُوَ خَصِيْمٌ مُّبِيْنٌ○ وَضَرَبَ لَنَا مَثَلًا وَّنَسِيَ خَلْقَهٗ

***মানুষ কি চিন্তা করিয়া দেখে না যে, নিশ্চয় আমরা তাহাকে (এক নগণ্য) শুক্র-বীর্য হইতে সৃষ্টি করিয়াছি? অতঃপর সে অকস্মাৎ বিতণ্ডাকারী হইয়া দাঁড়ায়। এবং সে আমাদের সম্বন্ধে সাদৃশ্য বর্ণনা করে, অথচ সে নিজের জন্ম-বৃত্তান্ত ভুলিয়া যায়।***

(ইয়াসীন, আয়াত: ৭৮-৭৯)

এই আয়াতের আলোকে একজন নাস্তিককে বোঝানো উচিত যে,

১) আল্লাহ্ তা'লা মানুষকে শুক্রাণু থেকে সৃষ্টি করেছেন। ভূমিষ্ঠ হওয়ার পর তার শ্বাস-প্রশ্বাসের জন্য অক্সিজেনের প্রয়োজন হয়। এই অক্সিজেন নিজে থেকে সৃষ্টি হয়েছে। এখানে যদি কোনও বিষাক্ত গ্যাস থাকত, তবে কি সে শ্বাস গ্রহণ করতে পারত? জন্মের পর তার কোমল যকৃতের জন্য প্রয়োজন ছিল কোমল আহারের। এর জন্য আল্লাহ তা'লা মায়ের দুধের ব্যবস্থা করেছেন। তাকে যদি বলা হত,দুধ হবে না, রুটি খাও কিম্বা তৃণভোজী প্রাণীদের মত ঘাস খাও, তবে কি সে জীবিত থাকত? কখনই নয়।

কাজেই প্রশ্ন হল, প্রাণীদের জীবনচক্র, পরিবেশ ও পরিস্থিতি অনুসারে জীবজগতের টিকে থাকা এবং বংশের ধারাবাহিতার জন্য প্রয়োজনীয় উপকরণগুলি কি নিজেই থেকে চলে এল? কখনই নয়, বরং সেই প্রভু-প্রতিপালকের প্রতিপালনগুণের মাধ্যমেই টিকে আছে জীবনের অস্তিত্ব।

একজন নাস্তিক তথা খোদা তা'লার অস্তিত্বে অবিশ্বাসী ব্যক্তির উচিত উপরে আলোচিত সত্যতার বিষয়ে গভীর অভিনিবেশ সহকারে

**মহান আল্লাহ্‌র বাণী**

**নিশ্চয়আল্লাহ্ তিনি, যিনি পরম রিয্‌কদাতা, শক্তির অধিকারী, সুদৃঢ়।** (আয যারিয়াত: ৫৯)

দোয়াপ্রার্থী: Sk. Zakir Hossain Sb, District Amir, Bankura

চিন্তা করা। এমনটি করলে সে অবশ্যই আল্লাহ্ তা'লার পরিচয় ও ব্যুৎপত্তি লাভ করবে।

## ব্রহ্মাণ্ড সৃষ্টির যৌক্তিক প্রমাণ

কুরআন করীমের অগণিত আয়াত রয়েছে, যেগুলি নিয়ে কোনও নাস্তিক যদি সুস্থ মানসিকতা নিয়ে চিন্তা ভাবনা করে, তবে সে আল্লাহ্ তা'লার অস্তিত্বের পরিচয় লাভ করতে পারে। এমন ব্যক্তিকে ব্রহ্মাণ্ডের সৃষ্টির রহস্য নিয়ে গভীর অভিনিবেশ করা উচিত। আল্লাহ্ তা'লা কুরআন করীমে বলেন-

قَالَتْ رُسُلُهُمْ اَفِي اللهِ شَكٌّ
فَاطِرِ السَّمٰوٰتِ وَالْاَرْضِ

***অর্থাৎ তাদের রসূলগণ বললেন, আল্লাহ্র বিষয়ে কি কোনও সন্দেহ আছে, যিনি পৃথিবী ও আকাশসমূহের স্রষ্টা।***

(ইব্রাহিম: ১১)

এই আয়াতে আল্লাহকে অস্বীকারকারীকে আল্লাহ্ তা'লা বলছেন, তোমাদের কি এবিষয়ে কোন সন্দেহ আছে যে আল্লাহ্ আকাশ ও পৃথিবী সৃষ্টি করেছেন? অর্থাৎ আকাশ ও পৃথিবী তোমাদের সামনে রয়েছে আর এগুলি আল্লাহ্ তা'লার নির্দেশে অবিরাম নিজেদের কর্তব্য পালন করে চলেছে। এগুলির সৃষ্টি এবং আল্লাহ্ তা'লা নির্ধারিত কর্তব্যগুলি লক্ষ লক্ষ বছর ধরে সুচারুরূপে পালন করে যাওয়া কি এই সত্যকে প্রতিবিম্বিত করে না যে এটি কারো দ্বারা পরিচালিত হচ্ছে? একটি কাহিনী দিয়ে বিষয়টিকে আরও স্পষ্ট করা যাক।

বহুকাল পূর্বে এক নাস্তিক জনৈক মুসলমান বাদশার দরবারে উপস্থিত হয়ে বলল যে সে আল্লাহ্র অস্তিত্বকে স্বীকার করে না। তার বিশ্বাস, এই ব্রহ্মাণ্ড নিজে থেকেই অস্তিত্ব লাভ করেছে। আর এই ব্রহ্মাণ্ডের ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়ভাবে চলছে। সেই নাস্তিক বাদশাহকে বলল, 'কোনও এক বিদ্বান ব্যক্তিকে আমার সামনে হাজির করুন যে আমার সঙ্গে এ বিষয়ে তর্ক করবে। বাদশাহ তখন নদীর ওপারে বসবাসকারী এক মুসলমান বুযুর্গকে তাঁর দরবারে উপস্থিত হওয়ার বার্তা প্রেরণ করলেন। সেই মুসলমান বিদ্বান বুযুর্গ, দূতের কাছে বাদশার দরবারে উপস্থিত হওয়ার কারণ জানতে চাইলেন। তখন সে নাস্তিকের প্রশ্নের উল্লেখ করল। মুসলিম বুযুর্গ দরবারে উপস্থিত হলেন আর আসা মাত্রই সেই নাস্তিকের উপস্থিতিতে বাদশাহকে সম্বোধন করে তিনি বললেন, 'বাদশাহ! আপনার উপর শান্তি বর্ষিত হোক। আজ আমার সঙ্গে এক অদ্ভুত ঘটনা ঘটেছে। ঘটনাটি হল এই যে, আমি আপনার দরবারে উপস্থিত হওয়ার জন্য নদী পাড়ে খেয়ার জন্য অপেক্ষা করছিলাম। হঠাৎ দেখলাম, নদীর পানিতে বড় বড় কাঠের তক্তা ভেসে উঠল, যেগুলি পরস্পরের সঙ্গে যুক্ত হতে শুরু করল। এরপর হঠাৎ করে লোহার পেরেক চলে এল যেগুলি তক্তাগুলিকে জুড়ে দিতে লাগল। এরপর রঙের বড় বড় কৌটো পানি থেকে বের হল আর নিজে থেকেই সেই কাঠের তক্তাগুলি রঙে যেতে শুরু করল। অবশেষে এটি একটি আস্ত নৌকায় পরিণত হল আর আমার কাছে তীরে এসে ভিড়ল। আমি সেই নৌকায় আরোহন করলাম আর নৌকা কোনও মাঝি ছাড়াই চলতে শুরু করল এবং নদীর অপর প্রান্তে এসে ভিড়ল। আমি নৌকা থেকে নেমে আপনার দরবারে উপস্থিত হলাম।

সেই নাস্তিক ব্যক্তি যখন এই ঘটনাটি শুনল, সে তখন ভীষণ ক্রোধের স্বরে বাদশাহকে সম্বোধন করে বলল, 'আপনি কি এই নির্বোধ ব্যক্তিকে আমার সঙ্গে তর্ক করার জন্য ডেকে পাঠিয়েছেন? এর মধ্যে কি এতটুকুও বুদ্ধি নেই যে, কাঠের তক্তা কিভাবে নিজে থেকে পানিতে বেরিয়ে এসে নৌকা হয়ে যেতে পারে? এ কখনই সম্ভব নয়, হতে পারে না।

সেই মুসলমান বিদ্বান উঠে দাঁড়ালেন এবং যৌক্তিক প্রমাণের দ্বারা সেই নাস্তিককে বোঝালেন যে, যখন সামান্য একটা নৌকার নিজে থেকে অস্তিত্ব লাভ করার ঘটনা তোমার বুদ্ধি মেনে নিতে পারছে না, তবে তুমি কিভাবে বলতে পার যে, এই ব্রহ্মাণ্ড নিজে থেকে অস্তিত্ব লাভ করেছে?

প্রকৃত সত্য এই যে, এই ব্রহ্মাণ্ডের একজন সৃষ্টিকর্তা ও পালনকর্তা আছেন, যিনি এই জগত সৃষ্টি করেছেন এবং তা পরিচালনা করছেন। চরম দুর্ভাগা সেই ব্যক্তি যে আল্লাহু রাব্বুল ইজ্জাত এর পরিচয় ও ব্যুৎপত্তি লাভ করতে পারে নি।

এই যৌক্তিক প্রমাণের দ্বারা হযরত মসীহ মওউদ (আ.) মানবজাতিকে বোঝাতে গিয়ে লেখেন-

"হে ভাগ্যবান ব্যক্তিগণ! তোমরা এরূপ করিও না। তোমাদের খোদা, যিনি অগণিত তারকারাজিকে বিনা স্তম্ভে ঝুলিয়ে রেখেছেন, যিনি যমীন ও আসমানকে নিঃসত্তা অবস্থা হতে সৃষ্টি করেছেন। তুমি কি এবিষয়ে সন্দেহ পোষণ কর যে, তিনি তোমার কার্য সাধনে অপারগ হবেন?

(কিশতিয়ে নূহ, রূহানী খাযায়েন, খণ্ড-১৯, পৃ: ২১)

প্রাচীন যুগের নবী নূহ (আ.) তাঁর জাতিকে তবলীগ করার সময় নিম্নোক্ত যৌক্তিক প্রমাণের দ্বারা বুঝিয়েছেন।

مَا لَكُمْ لَا تَرْجُوْنَ لِلّٰهِ وَقَارًا○وَقَدْ خَلَقَكُمْ
اَطْوَارًا○اَلَمْ تَرَوْا كَيْفَ خَلَقَ اللهُ
سَبْعَ سَمٰوٰتٍ طِبَاقًا○وَّجَعَلَ الْقَمَرَ
فِيْهِنَّ نُوْرًا وَّجَعَلَ الشَّمْسَ سِرَاجًا○

***তোমাদের কি হইয়াছে যে, তোমরা আল্লাহ্র নিকট হইতে মহত্ব ও প্রজ্ঞার আশা রাখ না? অথচ তিনি তোমাদিগকে (ক্রমবিকাশের ধারায়) বিভিন্ন আকার এবং অবস্থার মধ্য দিয়া সৃষ্টি করিয়াছেন। তোমরা লক্ষ্য কর না, আল্লাহ্ কিভাবে স্তরে স্তরে পরস্পর পরস্পর সামঞ্জস্যপূর্ণ সপ্ত আকাশ সৃষ্টি করিয়াছেন? এবং উহাতে চন্দ্রকে জ্যোতির্ময় করিয়া সৃষ্টি করিয়াছেন এবং সূর্যকে প্রদীপকারে সৃষ্টি করিয়াছেন?***

(নূহ: ১৪-১৭)

সুধী পাঠকবর্গ! এখানে সাতটি আকাশের কথা উল্লেখ করা হয়েছে। আরবী ভাষায় সাত সংখ্যাটি ব্যপকতার জন্য এবং পূর্ণতার জন্যও ব্যবহৃত হয়।

চাঁদ মৃদু আলো দেয়। চাঁদের নিজস্ব আলো নেই, সূর্যের আলোকেই সুন্দরভাবে প্রতিফলিত করে। আমাদের থেকে চাঁদের দূরত্ব চার লক্ষ কিমি।

সূর্য আমাদেরকে তীব্র ও উজ্জ্বল আলো এবং তাপ দেয়। পৃথিবী ও চন্দ্রের মধ্যে যে দূরত্ব রয়েছে, সূর্যের ব্যাস তার থেকে সাড়ে তিন গুণ বেশি। সূর্যের ভর পৃথিবীর থেকে ১৩ লক্ষ গুণ বেশি। সূর্যের বর্হিভাগে যে হলুদ স্তর আমরা দেখতে পাই, তার তাপমাত্রা ছয় হাজার ডিগ্রি সেন্টিগ্রেড। আর সূর্যের কেন্দ্রভাগের তাপমাত্রা এককোটি ডিগ্রিরও বেশি। পারমাণবিক শক্তির নির্গমণের ফলে এই তাপ উৎপন্ন হয়। সূর্য থেকে আমাদের দূরত্ব পনেরো কোটি কিমি।

লক্ষ্যনীয় বিষয় হল একটি সামান্য প্রদীপ তৈরী করতে গেলেও কারিগরের প্রয়োজন হয়। সেক্ষেত্রে সূর্য এবং চাঁদের মত সুবিশাল আলোক-উৎস কিভাবে নিজে থেকে তৈরী হতে পারে? সুস্থ বুদ্ধিসম্পন্ন কোনও ব্যক্তি কেবল এই একটি দলিল দ্বারাই আল্লাহ্ তা'লার অস্তিত্ব পর্যন্ত পৌঁছে যেতে পারে।

## জগতের নিয়মের যৌক্তিক দলিল:

সূরা ইয়াসিনে আল্লাহ্ তা'লা নভোমণ্ডল সম্পর্কে নিজের অস্তিত্বের দলিল প্রমাণ এভাবে দিয়েছেন-

وَآيَةٌ لَهُمُ اللَّيْلُ نَسْلَخُ مِنْهُ النَّهَارَ فَإِذَا هُمْ
مُظْلِمُونَ. وَالشَّمْسُ تَجْرِي لِمُسْتَقَرٍّ لَهَا
ذٰلِكَ تَقْدِيرُ الْعَزِيزِ الْعَلِيمِ. وَالْقَمَرَ قَدَّرْنَاهُ
مَنَازِلَ حَتّٰى عَادَ كَالْعُرْجُونِ الْقَدِيمِ . لا
الشَّمْسُ يَنْبَغِي لَهَا أَنْ تُدْرِكَ الْقَمَرَ وَلا
اللَّيْلُ سَابِقُ النَّهَارِ وَكُلٌّ فِي فَلَكٍ يَسْبَحُونَ

***এবং রাত্রিও তাহাদের জন্য এক নিদর্শন, যাহার মধ্য হইতে আমরা দিনকে পৃথক করিয়া লই, ফলে তাহারা অকস্মাৎ অন্ধকারাচ্ছন্ন হইয়া যায়। এবং সূর্য উহার গন্তব্য স্থানের দিকে দ্রুত বেগে ধাবমান রহিয়াছে, ইহা মহাপরাক্রমশালী সর্বজ্ঞ আল্লাহ্র নির্ধারিত নিয়ম।***

## মহান আল্লাহ্র বাণী

***তুমি বল,'হে রাজ্যাধিপতি আল্লাহ্! তুমি যাহাকে চাহ রাজত্ব দান কর এবং যাহার নিকট হইতে চাহ রাজত্ব কাড়িয়া লও।***

(আলে ইমরান:২৭)

দোয়াপ্রার্থী: **Qazi Badruddin Sb. (Neogirhat, West Bengal)**

***এবং চন্দ্রের জন্য আমরা বিভিন্ন মঞ্জিল নির্ধারিত করিয়াছি, এমনকি (মঞ্জিলগুলি অতিক্রম করিতে করিতে) উহা খর্জুর বৃক্ষের পুরাতন শুষ্ক শাখার ন্যায় প্রথম অবস্থায় ফিরিয়া আসে। সূর্যের ক্ষমতা নাই যে উহা চন্দ্রকে ধরে এবং রাত্রিরও ক্ষমতা নাই যে উহা দিবসকে অতিক্রম করে। এবং উহাদের প্রত্যেকেই আকাশে নিজ নিজ কক্ষপথে অবাধে সন্তরণ করিয়া চলিয়াছে।***

(ইয়াসিন, আয়াত: ৩৯-৪১)

প্রমাণ হিসেবে বর্ণনা করে আল্লাহ্ তা'লা 'উলুল আলবাব' অর্থাৎ বুদ্ধিমানদেরকে চিন্তাভাবনা করার প্রতি আহ্বান জানিয়ে বলেন–

إِنَّ فِي خَلْقِ السَّمٰوٰتِ وَالْأَرْضِ وَاخْتِلَافِ
الَّيْلِ وَالنَّهَارِ لَاٰيٰتٍ لِّأُولِي الْأَلْبَابِ

***নিশ্চয় আকাশসমূহ ও পৃথিবীর সৃজনের মধ্যে এবং রাত্রি ও দিবসের পরিবর্তনের মধ্যে বুদ্ধিমান লোকদের জন্য বহু নিদর্শন রহিয়াছে।***

(আলে ইমরান: ১৯১)

আমরা জানি পৃথিবী গোলাকার আর তা নিজ অক্ষের উপর আবর্তিত হচ্ছে। পৃথিবীর যে অংশ সূর্যের দিকে থাকে, সেখানে দিন হয় আর যে অংশ সূর্যের বিপরীতে থাকে সেদিকে রাত হয়। পৃথিবী এমন নিখুঁত ও মসৃণভাবে আবর্তিত হচ্ছে যে আমাদেরকে একটুও ঝাঁকুনি লাগে না। সুদীর্ঘকাল মানুষের ধারণা ছিল, যেমনটি প্রতীত হয়, পৃথিবী স্থির আর সমস্ত খগোলীয় বস্তু পৃথিবীর চারিদিকে প্রদক্ষিণ করছে।

একটি লাটিমকে ঘুরিয়ে দিলে সেটি নিজ অক্ষের উপর কিছুক্ষণ পাক খাওয়ার পর পড়ে যায়। পৃথিবী শত কোটি বছর ধরে আবর্তিত হচ্ছে, কিন্তু এর ঘূর্ণন থেমে যায় না। আবর্তনের গতিতে তারতম্য আসে, কিন্তু তা অত্যন্ত নগণ্য। পৃথিবীর আবর্তন গতি ক্রমশ হ্রাস পাচ্ছে, যা এক শতাব্দীতে মোটামুটি এক সেকেন্ডের সহস্রাংশের সমান আর এটি আমাদের গবেষণাকে তরান্বিত করবে। এর দ্বারা আমরা পৃথিবী ও চাঁদের অতীতের পারস্পরিক সম্পর্কের বিষয়ে জানতে পারি। আমরা এও জানতে পারি যে, শুধু পৃথিবীই নিজ অক্ষের চারিদিকে আবর্তিত হচ্ছে না যার ফলে চব্বিশ ঘন্টায় এর একবার ঘূর্ণন সম্পূর্ণ হয়, বরং এটি সূর্যের চারিদিকেও প্রদক্ষিণ করে চলেছে আর সূর্যের চারিদিকে একবার প্রদক্ষিণ করতে একবছর সময় লাগে। প্রতি সেকেন্ডে ৩০ কিমি বেগে পৃথিবী প্রদক্ষিণ করছে, কিন্তু তার এই গতিতে প্রদক্ষিণ করাতেও কোনও ঝাঁকুনি লাগে না আর আমরা তা অনুভবও করি না। তবে এর একটি স্পষ্ট পরিণাম আকাশের দিকে দৃষ্টি দিলে আমরা বুঝতে পারি। আর সেটি এই যে, সারা বছরে সূর্য বারোটি গমণপথ অতিক্রম করে এক বছর পর পৃথিবী আকাশের পূর্বের স্থানে ফিরে আসে।

সৌরমণ্ডল এক বিরাট মণ্ডল অর্থাৎ নক্ষত্রপুঞ্জ বা ছায়াপথের অংশ। বিংশ শতাব্দীতে এই রহস্য উদ্ঘাটিত হয় যে, সূর্য সমগ্র সৌর পরিবার সহ আমাদের গ্যালাক্সি বা ছায়াপথের কেন্দ্রকে সেকেন্ডে ২০০ কিমির বেশি গতিতে প্রদক্ষিণ করছে আর ছায়াপথের কেন্দ্রকে প্রদক্ষিণ করতে সূর্যের ২০ কোটি বছর সময় লাগে। সূর্যের সাথে আমরা সকলেও এই ভীষণ গতিতে ছায়াপথের কেন্দ্রকে প্রদক্ষিণ করছি। অবিরাম এই যাত্রা সত্ত্বেও আমরা কোনও ক্লান্তি অনুভব করি না আর পৃথিবীর অভিকর্ষ বলও আমাদেরকে এদিক ওদিক ছিটকে যেতে দেয় না, বরং দৃঢ়ভাবে ভূ-পৃষ্ঠের সঙ্গে যুক্ত রাখে। এটি আল্লাহ্ তা'লার সুনিপুণ কারিগরি যা প্রতিটি বস্তুকে দৃঢ়তা দান করেছে। মোটর গাড়ি,রেল গাড়ি, বিমান -প্রত্যেকটির জন্য একজন চালকের প্রয়োজন। তবে আমরা কি করে বলতে পারি যে, পৃথিবী, সূর্য, চন্দ্র এবং অন্যান্য খগোলীয় পিণ্ডগুলিকে চালনাকারী একজন খোদা নেই?

**দোয়া গৃহীত হওয়া একটি প্রমাণ**

কুরআন শরীফে আল্লাহ্ তা'লার অস্তিত্বের প্রমাণে একটি গুরুত্বপূর্ণ যৌক্তিক প্রমাণ পাওয়া যায়, সেটি হল তিনি দোয়াসমূহ কবুল করেন। যখন কোনও মানুষ ভীত হয়ে খোদার দরবারে দোয়া করে, তখন তিনি সেই ব্যক্তির দোয়া কবুল করেন। আর এটি কোনও বিশেষ যুগের সঙ্গে সম্পর্কিত নয়। প্রত্যেক যুগেই এই দৃশ্য পরিলক্ষিত হয়। আল্লাহ্ তা'লা কুরআন করীমে বলেন–

وَإِذَا سَأَلَكَ عِبَادِي عَنِّي فَإِنِّي قَرِيبٌ أُجِيبُ
دَعْوَةَ الدَّاعِ إِذَا دَعَانِ فَلْيَسْتَجِيبُوا لِي
وَلْيُؤْمِنُوا بِي لَعَلَّهُمْ يَرْشُدُونَ

***এবং যখন আমার বান্দাগণ আমার সম্বন্ধে তোমাকে জিজ্ঞাসা করে,তখন (বল) 'আমি নিকটে আছি। আমি প্রার্থনাকারীর প্রার্থনার উত্তর দিই যখন সে আমার নিকট প্রার্থনা করে। সুতরাং তাহারাও যেন আমার ডাকে সাড়া দেয় এবং আমার উপর ঈমান আনে যাহাতে তাহারা সঠিক পথ প্রাপ্ত হয়।'***

(সূরা বাকারা, আয়াত: ১৮৭)

এখন কোনও ব্যক্তি যদি বলে, কিভাবে বোঝা যাবে যে খোদা তা'লা দোয়া শোনেন? কেনই বা বলা হবে না যে দৈবাৎক্রমে দোয়া প্রার্থনাকারীর কোনও কোনও কাজ হয়ে যায়? যেভাবে অনেকের আবার হয়ও না। যদি সমস্ত দোয়া গৃহীত হত, তবুও বলা যেতে পারত। কিন্তু আমরা দেখি অধিকাংশ মানুষের দোয়া গৃহীত হয় না। এর থেকে তো এটাই প্রমাণ হয় যে, যারা বলে তাদের দোয়া গৃহীত হয়েছে আর তাদের বাসনা পূর্ণ হয়েছে কিম্বা অসুস্থ রোগমুক্ত হয়েছে, তা নেহাত কাততালীয়ভাবে নিজে থেকেই হয়েছে? এর উত্তর হল, দোয়া গৃহীত হওয়ার সঙ্গে এক নিদর্শন থাকে। হযরত আল মুসলেহ মওউদ খলীফাতুল মসীহ সানি (রা.) লেখেন, হযরত মির্যা গোলাম আহমদ সাহেব কাদিয়ানী আল্লাহ্ তা'লার অস্তিত্ব প্রমাণে এই প্রস্তাব দিয়েছিলেন যে, কয়েকজন ভীষণ অসুস্থ রোগী নির্বাচন করে দুই ভাগে ভাগ করে নেওয়া হোক। এক অংশের চিকিৎসা করা হোক আর আমার ভাগে আসা রুগীদের জন্য আমি দোয়া করব। তারপর দেখ যে কার অংশের রোগীরা নিরাময় হয়।

(আল্লাহ্ তা'লার অস্তিত্বের দশটি প্রমাণ, পৃ: ২১)

এই প্রকারের পরীক্ষায় কি কোনও সন্দেহ থাকতে পারে?

হযরত মসীহ মওউদ (আ.)-এর যুগে দুরারোগ্য ব্যাধির নিরাময় হওয়ার বিষয়ে আরও একটি দলিল রয়েছে। হায়দ্রাবাদ দক্ষিণ থেকে আব্দুল করীম পিতা আব্দুর রহমান কাদিয়ান এসেছিলেন। কাদিয়ানে অবস্থানকালে তাকে পাগলা কুকুরে কামড়ায়। সেই যুগে এমন ব্যক্তির মৃত্যু অনিবার্য বলে ধরে নেওয়া হত। তাই হযরত মসীহ মওউদ (আ.) তাকে চিকিৎসার উদ্দেশ্যে কাসোলী (সোলান জেলা, হিমাচল প্রদেশ) নামক স্থানে প্রেরণ করেন। সে যুগে সেখানে এমন রোগীর চিকিৎসা হত। সেখানে তার চিকিৎসা হয় আর সুস্থ হয়ে কাদিয়ান ফিরে আসে। কয়েকদিন পর তার মধ্যে উন্মাদনার উপসর্গ প্রকাশ পায়। কাসোলীর ডাক্তারকে এর কারণ জিজ্ঞাসা করা হলে ডাক্তার উত্তরে এই টেলিগ্রাম প্রেরণ করেন–

Sorry nothing can be done for Abdul Karim.

অনুবাদ: দুঃখিত, আব্দুল করীমের জন্য কিছু করা যাবে না।

হযরত মসীহ মওউদ (আ.) এমন দুরারোগ্য রোগীর জন্য দোয়া করেন এবং সে নিরাময় হয়ে যায়।

যে রুগী সম্পর্কে সেই রোগের ডাক্তার পর্যন্ত এতটা আশাহীন হয়ে পড়েছিলেন যে তিনি উত্তর দিচ্ছেন যে এমন পরিস্থিতিতে রুগীকে বাঁচানোর কোনও উপায় নেই। সেই রুগী কি না নিরাময় হয়ে উঠল! কাজেই এটি এই সত্যের প্রমাণ যে, আল্লাহ্‌র

## মহান আল্লাহ্‌র বাণী

**তিনিই আদি ও অন্ত এবং ব্যক্ত ও গুপ্ত এবং তিনিই সকল বিষয়ে সর্বজ্ঞানী।**

(আল হাদীদ:৪)

দোয়াপ্রার্থী: Azkarul Islam, jamat Ahmadiyya Amaipur (Birbhum)

অস্তিত্ব রয়েছে, যিনি দোয়া শ্রবন করেন এবং গ্রহণ করেন।

যে ব্যক্তির আল্লাহ্ তা'লার অস্তিত্বের প্রমাণ চায়, তার উচিত সত্য অন্তঃকরণে খোদার সমক্ষে বিনত হয়ে তাঁর কাছে দোয়া চাওয়া। আল্লাহ্ স্বয়ং তাঁকে নিজ অস্তিত্বের পরিচয় দান করবেন। বিবেকের পাশাপাশি তার হৃদয়ও আশ্বস্ত হবে।

## সতর্কতামূলক পন্থা

অনেক সময় আমরা কোনও কাজ করি বা পন্থা অবলম্বন এই জন্য করি যে সেটি করার জন্য যদিও কোনও যুক্তিগ্রাহ্য কারণ থাকা আবশ্যক নয়, কিন্তু সতর্কতার দিকটিও দৃষ্টিতে রাখা জরুরী। যেমন আমরা রাত্রিবেলা নির্জন জঙ্গালে তাঁবু খাটায়, তবে অনেক সময় একথা জানা সত্ত্বেও যে জঙ্গালের এই অংশে হিংস্র পশু ও চোর ডাকাতদের উৎপাতের আশঙ্কা নেই, আমরা সতর্কতা হিসেবে রাতের বেলা পাহারা দেওয়ার ব্যবস্থা করি, একথা ভেবে যে বাহ্যত আশঙ্কা না থাকলেও কোনও বিপদ এসে পড়তে পারে আর আমরা তখন অপ্রস্তুত থাকব। এমতাবস্থায় আমাদের বিবেকের পরামর্শ, কোনও বিপদের উপক্রম না হলেও পাহারার ব্যবস্থা করা আমাদের জন্য ক্ষতিকর নয়। আর যদি বিপদ এসে পড়ে, তবে পাহারার ব্যবস্থা নিঃসন্দেহে আমাদের অনেক উপকারে আসতে পারে। মোট কথা অনেক সময় আমরা কেবল সতর্কতা হিসেবে কোনও কাজ করে থাকি আর একথা সর্বজন স্বীকৃত যে, এই সতর্কতা অবলম্বন জরুরী এবং উপকারী হয়ে থাকে।

এই নীতির অনুসরণে আমরা খোদা তা'লার নীতির উপর দৃষ্টি দিলে দেখব যে, আমাদের বিবেক-বুদ্ধি এই সিদ্ধান্তই গ্রহণ করবে যে খোদা তা'লার উপর ঈমান আনা, অস্বীকার করার চেয়ে অবশ্যই বেশি শান্তিদায়ক এবং বেশি নিরাপদ পথ। যদি কোনও খোদা না থাকে আর এই গোটা বিশ্ব-ব্রহ্মাণ্ড কেবল সমাপতনের পরিণাম হয়, তবে আমাদের ঈমান আনা আমাদের জন্য কোনও প্রকার ক্ষতি ডেকে আনবে না আর যদি কোনও খোদা থাকেন (এবং অবশ্যই আছেন) তবে আমাদের ঈমান আনা নিঃসন্দেহে কল্যাণকর হবে।

কথিত আছে যে কোনও এক ব্যক্তি হযরত আলি (রা.) কে জিজ্ঞাসা করেছিলেন যে, খোদা তা'লার অস্তিত্বের কি প্রমাণ আছে? তিনি দেখলেন যে এই প্রশ্নকর্তা সহজ-সরল মানুষ। তাই তিনি তাকে এই উত্তর দিলেন যে, দেখ, তোমার জন্য এতটাই যথেষ্ট যে,যদি কোনও খোদা না থাকেন তবে তাঁর উপর বিশ্বাস স্থাপনকারী এবং অবিশ্বাসী উভয়েই সমান। কারো কোনও ক্ষতি নেই । আর যদি খোদা থাকেন, তবে ভালভাবে স্মরণ রেখো, অস্বীকারকারীদের নিস্তার নেই।

হযরত আকদস মসীহ মওউদ (আ.) বলেন- কেবল যৌক্তিক প্রমাণ ধর্মের সত্যতার জন্য যথেষ্ট হতে পারে না। এটি এমন কোনও সিল মোহর নয় যা কোনও প্রতারক জাল করতে পারবে না। বরং বিবেকের সাধারণ চশমার এক ভিক্ষা হিসেবে বিবেচিত হতে পারে। তবে এর মীমাংসা করবে যে যুক্তির কথা যেগুলি একটি গ্রন্থে লিপিবদ্ধ আছে, সেগুলি সত্যিই দিব্যবাণী নাকি অন্য কোনও গ্রন্থ থেকে নকল করা হয়েছে। যদিও ধরেও নেওয়া হয় যে, অন্য কোনও গ্রন্থ থেকে চুরি নাও করা হয়, সেক্ষেত্রেও এটি কিভাবে আল্লাহ্ তা'লার অস্তিত্বের অকাট্য প্রমাণ হতে পারে? আর কিভাবেই বা কোনও সত্যান্বেষীর অন্তর এবিষয়টি নিয়ে পুরোপুরি আশ্বস্ত হতে পারে?

কেবল সেগুলিই যুক্তির কথাবার্তা যেগুলি নিশ্চিতভাবে খোদা দর্শনের নিদর্শন। আর কবেই বা এবিষয়ে আন্তরিক প্রশান্তি মিলতে পারে যে এগুলি সম্পূর্ণরূপে ত্রুটিমুক্ত। কাজেই কোনও ধর্ম যদি কেবল কয়েকটি যৌক্তিক বা দার্শনিক কথাকেই নিজের সত্যতার কারণ হিসেবে তুলে ধরে আর অপার্থিব ও অলৌকিক নিদর্শন দেখাতে অপারগ হয়, তবে এমন ধর্মের অনুসারী প্রবঞ্চনার শিকার নতুবা অন্যদের প্রতি প্রবঞ্চনা করে আর সে অন্ধকারেই ধ্বংস হবে।

কাজেই যৌক্তিক প্রমাণ দ্বারা খোদা তা'লার অস্তিত্ব নিশ্চিতভাবে প্রমাণ করা যেতে পারে না। যাইহোক যদি কোনও ধর্মের সত্যতা এর দ্বারা প্রমাণ হয়ে যায় আর যতক্ষণ পর্যন্ত না সেই ধর্ম এবিষয়ের দায়িত্ব না নেয় যে সে খোদার অস্তিত্ব নিশ্চিতভাবে প্রমাণ করে দেখাবে, ততক্ষণ সেই ধর্ম কোনও মূল্য রাখে না। আর সেই ব্যক্তি হতভাগা যে এমন ধর্মের মোহে আচ্ছন্ন। প্রত্যেক সেই ধর্ম নিজ ললাটে অভিসম্পাতের কলঙ্ক লেপন করে আছে যে খোদার সঙ্গে মানুষের পরিচয় লাভকে সেই পর্যায়ে পৌঁছে দিতে পারে না, যার দ্বারা সে সাক্ষাত খোদার দর্শন করতে পারে এবং হৃদয়ের অন্ধকার আধ্যাত্মিক অবস্থায় রূপান্তরিত হয় আর খোদার তাজা নিদর্শন দ্বারা সতেজ ঈমান লাভ করে। আর কেবল মৌখিক অন্তঃসারশূন্য দাবি হিসেবে নয়,বরং সত্যিকার অর্থে সে এক পবিত্র জীবন লাভ করে।

(বারাহীনে আহমদীয়া, ৫ম খণ্ড, রূহানী খাযায়েন, খণ্ড-২১, পৃ: ৬০)

*********

## মহান আল্লাহ্‌র বাণী

*"তুমি বলিয়া দাও, 'তোমাদের প্রভু অসীম দয়ার অধিকারী, এবং তাঁহার শাস্তি অপরাধী জাতি হইতে অপসারিত করা যায় না।'"* (আল আনআম: ১৪৮)

দোয়াপ্রার্থী: Golam Mustafa, Berhampore (MSD)

৩ পৃষ্ঠার পর...

সেই ব্যক্তি অন্ধ যে তাঁর গভীর শক্তিসমূহ সম্বন্ধে অজ্ঞ। যেসব কাজ তাঁর মর্যাদার পরিপন্থী বা তাঁর প্রতিশ্রুতি বিরুদ্ধ, এগুলো ছাড়া বাকি সবই তিনি করেন এবং করতে সক্ষম। তিনি নিজ সত্তায়, গুণে, কাজে ও শক্তিতে অদ্বিতীয় এবং তাঁর কাছে পৌঁছবার জন্য একটি ভিন্ন অন্য সব দুয়ারই বন্ধ। এ দুয়ার কুরআন মজীদ উদ্ঘাটন করেছে। পূর্বের সব নবুওয়ত ও সব ধর্মগ্রন্থ স্বতন্ত্রভাবে অনুসরণ করার আর কোন প্রয়োজন নেই। কেননা মুহাম্মদী নবুওয়ত এদের সবগুলিকে আত্মস্থ এবং পরিবেষ্টন করে আছে। এছাড়া সব পথই বন্ধ। খোদা পর্যন্ত পৌঁছায় এমন সব সত্য এতেই নিহিত রয়েছে। এরপর আর কোন নতুন সত্য আসবে না এবং ইতিপূর্বে এমন কোন সত্য ছিল না যা এতে উল্লেখিত নেই। এই নবুয়তের মাঝে সব নবুওয়ত শেষ হয়েছে এবং এটাই হওয়ার ছিল।"

(আল ওসীয়্যত, রূহানী খাযায়েন,খণ্ড-২০০, পৃ: ৩০৯)

## স্বাগত

কাজী আব্দুর রশিদ (কারো)

তুমি-আমি-সে-নয়
অন্য এক মুখ
শোনো তারে অন্য কথা
হইয়া উন্মুখ।
আছে দুঃখ আছে ব্যাথা
তবু আছে আশা
আসিয়াছি এ'দুয়ারে
শোনো তার ভাষা
হয়তো পাইবে দিশা
ভরাইবে হিয়া
বাঁচিবার স্বপ্ন তাতে
উঠিবে জাগিয়া।
হয়তো তা মাহদী-মসিহ
কিম্বা কল্কি বাণী
ঘুচাইতে বিসম্বাদ
সব হানাহানি!
সংকীর্ণ সাজাত্যবাদ
ভেদি আজি জাগে
ঘোষিবারে মানবতা
এই মুখ লাগে?
কালের নিরিখে তারে
চেনা যাবে ভাই
তারে আজি সমাদরে
স্বাগত জানাই।

****

# খোদা তা'লার অস্তিত্বের দশটি প্রমাণ

মূল: (উর্দু) হযরত মির্যা বশীরুদ্দীন মাহমুদ আহমদ, খলীফাতুল মসীহ সানী (রা.) এর রচনা থেকে অনূদিত

اَفِی اللّٰہِ شَکٌّ فَاطِرِ السَّمٰوٰتِ وَالۡاَرۡضِ

এই যুগে ধর্ম বিশ্বাস এবং ঈমানের বিষয়ে বস্তুবাদিরা যে সমস্ত আপত্তি করেছে , সেগুলির মধ্যে সব থেকে বড় বিষয়টি হল খোদা তা'লার অস্তিত্বকে অস্বীকার করা। পৌত্তলিকরা যদিও খোদার অংশীবাদি তৈরী করে, কিন্তু অন্তত তারা খোদা তা'লার অস্তিত্বে বিশ্বাস করে। অপরদিকে নাস্তিকরা সম্পূর্ণরূপে খোদাকে অস্বীকার করে। বর্তমান বিজ্ঞানের ভিত্তি প্রত্যক্ষ সাক্ষ্যপ্রমাণের উপর প্রতিষ্ঠিত। এই কারণে নাস্তিকরা প্রশ্ন করে, সত্যিই যদি কোনও খোদা থাকেন, তবে আমাদেরকে দেখাও। তাঁকে না দেখে আমরা কিভাবে বিশ্বাস করব? কেননা এযুগের প্রবণতা অধিকাংশ যুবকের হৃদয় থেকে সেই পবিত্র সত্তার চিত্র মুছে ফেলেছে। কলেজের শত শত ছাত্র ও ব্যারিস্টার ও আরও অনেকে খোদা তা'লার অস্তিত্বকে অস্বীকার করে চলেছে আর যাদের সংখ্যা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। হাজার হাজার এমনও মানুষ আছে যারা দেশ ও জাতির ভয়ে বাহ্যত প্রকাশ করে না ঠিকই, কিন্তু বাস্তবে তারা খোদার অস্তিত্বে মোটেই বিশ্বাসী নয়। সেই কারণেই আমি মনঃস্থির করেছি, যদি আল্লাহ্ তা'লা আমাকে তৌফিক দেন, আমি এ বিষয়ে একটি ছোট্ট টিকিট লিখে প্রকাশ করব। যদি কোনও পুণ্যবান এর থেকে উপকৃত হয়!

১) নাস্তিকদের প্রথম প্রশ্ন হল, যদি খোদা আছেন, তবে আমাদেরকে দেখাও, আমরা মেনে নিব।

আমি বেশ কয়েকবার এই প্রশ্নটি শোনার সুযোগ পেয়েছি। কিন্তু সব সময় এটি শুনে আশ্চর্যই হয়েছি। মানুষ বিভিন্ন বস্তুকে বিভিন্ন ইন্দ্রিয় দ্বারা সনাক্ত করে। যেমন কোন বস্তুকে দেখে, কোন বস্তুকে স্পর্শ করে, কোনটিকে গন্ধ দ্বারা, কোনটি কানে শুনে আবার কোনটির স্বাদ গ্রহণ করে। মানুষ রঙ চেনে চোখে দেখে, ঘ্রাণ নিয়ে, স্পর্শ করে বা স্বাদ গ্রহণ করে নয়। এখন যদি কেউ বলে যে সে রঙকে তখনই স্বীকার করবে যখন এর শব্দ শুনবে, তবে সেই ব্যক্তি কি নির্বোধ নয়? অনুরূপভাবে শব্দ কানে শুনার মাধ্যমে সনাক্ত করা যায়। কিন্তু যদি কোনও ব্যক্তি বলে, 'আমাকে অমুক ব্যক্তির শব্দ দেখাও, আমি তা দেখেই বিশ্বাস করব যে সে কথা বলতে পারে। এমন ব্যক্তি মূর্খ নয় কি? অনুরূপভাবে ঘ্রাণ নেওয়ার মাধ্যমে জানা যায়, কিন্তু যদি কেউ দাবি করে যে, যদি তাকে গোলাপের গন্ধের স্বাদ গ্রহণ করাও তবেই সে বিশ্বাস করবে-তবে এমন ব্যক্তিকে কি আর বুদ্ধিমান বলা যেতে পারে? এর বিপরীতে স্বাদ গ্রহণ করে জানা যায় এমন বস্তু, যেমন টক, মিষ্টি, তেতো, নোনতা দ্রব্যের ঘ্রাণ গ্রহণের মাধ্যমে কেউ যদি সনাক্ত করতে চায়,তবে কখনই সে এমনটি করতে পারবে না। কাজেই যে বস্তু চোখে দেখা যায় সেটিকে বিশ্বাস করতে হবে আর যেটি চোখে দেখা যায় না, সেটিকে অস্বীকার করতে হবে, এমনটি আবশ্যক নয়। অন্যথায় এভাবে গোলাপের সুগন্ধ, লেবুর অম্লতা, মধুর মিষ্টতা, ঘৃতকুমারীর তিক্ততা, লৌহের দৃঢ়তা, শব্দের বৈশিষ্ট্য- এসব কিছুই অস্বীকার করতে হবে। কেননা এগুলি চোখে দেখা যায় না। বরং ঘ্রাণ নিয়ে, স্বাদ গ্রহণের মাধ্যমে এবং শ্রবণের মাধ্যমে জানা যায়। কাজেই এই আপত্তি কতটা অন্যায্য যে, 'আমাদেরকে খোদা দেখাও, তবেই আমরা বিশ্বাস করব! এমন আপত্তিকারী কি গোলাপের সুগন্ধ ও মধুর মধুরতা চোখে দেখে তবেই বিশ্বাস করে? তবে আল্লাহ্ তা'লার অস্তিত্ব সম্পর্কে এমন শর্ত কেন রাখা হয় যে দেখাও তবেই বিশ্বাস করব?

এছাড়াও মানুষের সত্তায় এমন সব বস্তু বিদ্যমান যেগুলিকে সে না দেখেই বিশ্বাস করে আর সে বিশ্বাস করতে বাধ্য। প্রত্যেক মানুষ নিজের যকৃত, মস্তিষ্ক, অন্ত্র, ফুসফুস, কিডনী দেখে তবেই কি বিশ্বাস করে না কি না দেখে? এই বস্তুগুলি যদি তাকে দেখানোর জন্য বের করা হয়, তবে মানুষ তৎক্ষণাৎ মারা যাবে, দেখার দরকারও পড়বে না।

এই উদাহরণগুলি আমি দিলাম একথা বোঝানোর জন্য যে, সব কিছু কেবল চোখে দেখেই জানা যায় না। বরং পাঁচটি ভিন্ন ভিন্ন ইন্দ্রীয়ের সাহায্য নিয়ে সেগুলি চেনা যায়। এখন আমি বলছি, অনেক বস্তু এমন আছে যেগুলির সঙ্গে এই পঞ্চেন্দ্রীয়ের সরাসরি সম্পর্কও নেই। বরং সেগুলি জানার ভিন্ন মাধ্যম রয়েছে। যেমন বুদ্ধি, স্মৃতি বা মস্তিষ্ক এমন বস্তু যেগুলিকে পৃথিবীর কেউই অস্বীকার করে না। কিন্তু কেউ কি বুদ্ধিকে চোখে দেখেছে বা কানে শুনেছে বা স্বাদ নিয়ে দেখেছে বা ঘ্রাণ নিয়েছে বা স্পর্শ করে দেখেছে। তবে কিভাবে জানা গেল যে, বুদ্ধি বলে কোনও বস্তু আছে বা স্মৃতির অস্তিত্ব বিদ্যমান? এরপর শক্তির বিষয়টিই দেখ! প্রত্যেক ব্যক্তির শরীরে একটু না একটু শক্তি অবশ্যই আছে। কেউ দুর্বল, কেউ আবার শক্তিশালী, কিন্তু শক্তি সকলেরই আছে। কিন্তু আজ পর্যন্ত শক্তিকে কি কেউ দেখেছে, শুনেছে বা স্বাদ নিয়ে দেখেছে? তবে কিভাবে বোঝা গেল যে শক্তি নামে কোন জিনিষ আছে? এ বিষয়টি একজন চরম নির্বোধ ব্যক্তিও অনুধাবন করতে পারে যে, এই জিনিসগুলি আমরা নিজেদের ইন্দ্রীয় দ্বারা সনাক্ত করি নি, বরং এগুলির প্রভাব জানার মাধ্যমে সেগুলি উপলব্ধি করেছি। যেমন, আমরা যখন দেখি মানুষ নানাবিধ সমস্যায় পড়ে কিছুক্ষণের জন্য চিন্তামগ্ন হয়, আর এমন কোনও উপায় বের করে, যার মাধ্যমে সে নিজের সমস্যাবলী দূর করে নেয়- এভাবে সমস্যা দূর করতে দেখে আমরা বিশ্বাস করে নিয়েছি যে, মানুষের মধ্যে এমন কোনও বস্তু আছে যা এই সব ক্ষেত্রে তার কাজে আসে আর আমরা সেই বস্তুর নাম রেখেছি বুদ্ধি। কাজেই পঞ্চেন্দ্রীয়ের কোনওটির দ্বারাই আমরা সরাসরি বুদ্ধিকে চিনি নি। বরং এর অসাধারণ ক্রিয়াকলাপ দেখে তাকে জানতে পেরেছি। অনুরূপভাবে আমরা মানুষকে কোনও ভারি বস্তু বহন করতে দেখে জানতে পারলাম যে তার মধ্যে এমন বৈশিষ্ট্য আছে যার দ্বারা সে ভর বহন করতে পারে, নিজের তুলনায় দুর্বল বস্তু ও ব্যক্তিকে নিয়ন্ত্রণে আনতে পারে, মানুষ যার নাম রাখল শক্তি।

অনুরূপভাবে যত কিছু অতীন্দ্রিয় বস্তু সম্পর্কে চিন্তা করবে, সেগুলি মানুষের দৃষ্টির অন্তরালেই থাকবে। আর সব সময় বাহ্যিক প্রভাব দ্বারা সেগুলির অস্তিত্ব জ্ঞাত করতে হবে। সেগুলিকে স্বচক্ষে দেখে, ঘ্রাণ নিয়ে বা স্বাদ গ্রহণ করে জানা সম্ভব নয়।

কাজেই আল্লাহ্ তা'লার অস্তিত্ব সম্পর্কে জানতে, যিনি সূক্ষ্ম থেকে সূক্ষ্মতর, এমন সব উদ্ভট বাধা আরোপ করা কিভাবে বৈধ হতে পারে যে, চোখে না দেখে আমরা মানব না? কেউ কি কখনও বিদ্যুত চোখে দেখেছে? এছাড়া যার সাহায্যে বেতার বার্তা পৌঁছয়, যন্ত্রপাতি সচল থাকে, আলো জ্বালানো হয়, অদৃশ্য বলে কি সেই বিদ্যুতকেও অস্বীকার করা যায়? ইথার সম্পর্কিত গবেষণা পদার্থবিজ্ঞানের জগতে আলোড়ন সৃষ্টি করেছে। কিন্তু এখনও পর্যন্ত বিজ্ঞানীরা কি এটিকে দেখার, শ্রবণ করার, স্পর্শ করার কিম্বা স্বাদ গ্রহণ করার কোনও পদ্ধতি বের করতে পেরেছে? কিন্তু যদি এর অস্তিত্বকে অস্বীকার করি, তবে সূর্যের রশ্মি কিভাবে পৃথিবীতে পৌঁছাচ্ছে তা ব্যাখ্যা করা সম্ভব নয়। কাজেই এই সব সাক্ষ্যপ্রমাণ থাকা সত্ত্বেও বলা হচ্ছে যে খোদাকে দেখাও তবেই আমরা স্বীকার করব- এ কেমন অনাচার! আল্লাকে অবশ্যই দেখা যায়, তবে সেই চোখে যা তাঁকে দেখার যোগ্য। তাঁকে যদি কেউ দেখার বাসনা রাখে, তবে তিনি তো স্বমহিমায় পৃথিবীর সামনেই রয়েছেন, অন্তরালে থাকা সত্ত্বেও যিনি সব বেশি প্রকাশ্য। কুরআন শরীফে আল্লাহ্ তা'লা এই বিষয়টিকে অত্যন্ত সংক্ষেপে কিন্তু এক অসাধারণ দৃষ্টিভঙ্গিতে বর্ণনা

করেছেন।

لَا تُدْرِكُهُ الْاَبْصَارُ ۫ وَهُوَ يُدْرِكُ الْاَبْصَارَ ۚ وَهُوَ اللَّطِيْفُ الْخَبِيْرُ

***দৃষ্টি তাঁহার নাগাল পাইতে পারে না, কিন্তু তিনি দৃষ্টির নাগাল পাইয়া থাকেন। বস্তুত তিনি সূক্ষ্মাতিসূক্ষ্ম, সম্যক অবহিত।***

(আল আনআ, আয়াত: ১০৪)

এই আয়াতে আল্লাহ্ তা'লা মানুষকে এবিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করেছেন যে, তোমাদের দৃষ্টি খোদাকে দেখতে সমর্থ নয়, কেননা, তিনি অতীব সূক্ষ্ম তথা নিরাকার সত্তা। অতীব সূক্ষ্ম বা অদৃশ্য নিরাকার বস্তু তো দেখা যায় না। যেমন শক্তি, বুদ্ধি, আত্মা, বিদ্যুত, ইথার- এই বস্তুগুলি কখনই দেখা যায় না। তবে খোদার অতীন্দ্রিয় সত্তা পর্যন্ত মানুষের দৃষ্টি কিভাবেই বা পৌঁছতে পারে? তবে খোদাকে মানুষ কিভাবে দেখতে পারে আর তাঁর পরিচয় লাভের উপায় কি? এর উত্তর তিনি দিয়েছেন, ***'ওয়া হুয়া ইউদরিকুল আবসার'।*** অর্থাৎ তিনি স্বয়ং দৃষ্টি পর্যন্ত পৌঁছন। আর এ সত্ত্বেও যে মানুষের দুর্বল দৃষ্টি তাঁর উৎস পর্যন্ত পৌঁছতে পারে না, তিনি স্বীয় শক্তিমত্তা ও পরিপূর্ণ গুণাবলী প্রকাশের মাধ্যমে স্বয়ং নিজেকে মানুষের চোখে ধরা দেন। আর যদিও মানুষের জড় দৃষ্টি তাঁকে দেখতে অপারগ, কিন্তু তিনি নিজ সত্তাকে স্বীয় অসীম শক্তি ও ক্ষমতাবলে বিভিন্ন রূপে মেলে ধরেন। কখনও প্রতাপপূর্ণ নিদর্শনের মাধ্যমে, কখনও আম্বিয়াদের মাধ্যমে, কখনও করুণার মাধ্যমে আবার কখনও দোয়ার গ্রহণীয়তার মাধ্যমে।

এখন এ বিষয়টি প্রমাণ হল যে যদি আল্লাহ্ তা'লার প্রতি বিশ্বাস তাঁর দৃশ্যমান হওয়ার উপর নির্ভরশীল হয়, তবে পৃথিবীর ৪-৫টি বস্তুকে অস্বীকার করতে হবে; অনেক দার্শনিকের মতে সব কিছুকেই অস্বীকার করতে হবে। কেননা তাদের মতে পৃথিবীতে কোনও বস্তুই দৃশ্যমান নয়, বরং আমরা কেবল গুণাবলীরই মাধ্যমেই সেগুলি দেখতে পাই। এখন আমি এবিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষন করব যে, কোন্ কোন্ দলিলের মাধ্যমে আল্লাহ্ তা'লার অস্তিত্ব সম্পর্কে জানা যায় আর মানুষের বিশ্বাস জন্মে যে তার কোনও স্রষ্টা আছে, সে নিজেই নিজেকে সৃষ্টি করে নি।

## প্রথম দলিল

আমার ধর্মবিশ্বাস, কুরআন শরীফ আধ্যাত্মিক ঔৎকর্ষ অর্জনের সকল উপায় বর্ণনা করেছে, সেই অনুসারে আমি আল্লাহ্ তা'লার অস্তিত্বের সমস্ত দলিল কুরআন শরীফ থেকেই উপস্থাপন করব। *'ওয়া মিনাল্লাহিত তওফীক'*। মানুষ এই পৃথিবীতে এসে সর্বপ্রথম যে জ্ঞান লাভ করে তা কানের মাধ্যমে। এই কারণে আমিও সর্বপ্রথম শ্রবণ-সম্পর্কিত প্রমাণ পেশ করব।

আল্লাহ্ তা'লা কুরআন মজীদে একস্থানে বলেন-

قَدْ اَفْلَحَ مَنْ تَزَكّٰى ○ وَذَكَرَ اسْمَ رَبِّهٖ فَصَلّٰى ○ بَلْ تُؤْثِرُوْنَ الْحَيٰوةَ الدُّنْيَا ○ وَالْاٰخِرَةُ خَيْرٌ وَّاَبْقٰى ○ اِنَّ هٰذَا لَفِى الصُّحُفِ الْاُوْلٰى ○ صُحُفِ اِبْرٰهِيْمَ وَمُوْسٰى ○

***অবশ্যই সে সফলকাম হইবে যে পবিত্রতা অবলম্বন করিবে, এবং তাহার প্রতিপালকের নাম স্মরণ করে এবং নামায পড়ে। কিন্তু তোমরা পার্থিব জীবনকেই অগ্রাধিকার দিতেছ, অথচ পরকালই অধিকতর উত্তম ও স্থায়ী। নিশ্চয় ইহা পূর্ববর্তী গ্রন্থসমূহে (উল্লিখিত) আছে- ইব্রাহিম ও মূসার গ্রন্থসমূহে।***

(আল-আলা: ১৫-২০)

অর্থাৎ সেই ব্যক্তি সফলকাম হয়েছে যে পবিত্র হয়েছে। আর সে মৌখিকভাবে নিজ প্রভু-প্রতিপালককে স্বীকার করেছে, কেবল মৌখিকভাবেই নয়, বরং ব্যবহারিকভাবেও ইবাদত করে নিজের স্বীকারুক্তির স্বপক্ষে প্রমাণ দিয়েছে। কিন্তু তোমরা তো বস্তুবাদি জীবনযাপন অবলম্বন কর, অথচ চূড়ান্ত পরিণাম উত্তম হওয়াই প্রকৃত উন্নতি আর সেটি দীর্ঘস্থায়ী। আর একথাটি কেবল কুরআন শরীফই উপস্থাপন করে না, বরং পূর্বের সমস্ত ধর্মগ্রন্থে এই দাবি বিদ্যমান। ইব্রাহিম (আ.) এবং মূসা (আ.) পৃথিবীর সামনে যে শিক্ষা উপস্থাপন করেছেন, সেখানেও এই শিক্ষা বর্তমান।

এই আয়াতে আল্লাহ্ তা'লা কুরআনের বিরোধীদের সামনে এই দলিল উপস্থাপন করেছে যে, নিজেদের প্রবৃত্তির কামনা-বাসনা ত্যাগকারী, খোদার সত্তাকে মান্যকারী এবং তাঁর প্রকৃত আনুগত্যকারীরা সব সময় সফল হয়। আর এই শিক্ষার সত্যতার প্রমাণ হল, এই বাণী পূর্ববর্তী ধর্মের সঙ্গে সাদৃশ্যপূর্ণ। সুতরাং তৎকালীন যুগের প্রধান ধর্ম খৃষ্টান, ইহুদী এবং মক্কার কাফেরদের উপর 'হুজ্জাত' (অকাট্য যুক্তিপ্রমাণ) পূর্ণ করার জন্য হযরত ইব্রাহিম এবং হযরত মূসা (আ.)-এর এই দৃষ্টান্ত দিয়েছে যে, তাঁদেরকে তো তোমরা মান্য কর, তাঁরাও তো এই শিক্ষা দিয়েছেন। কাজেই কুরআন করীম খোদা তা'লার অস্তিত্বের এটিও একটি বিরাট প্রমাণ হিসেবে উপস্থাপন করেছে যে, সমস্ত ধর্ম এ বিষয়ে ঐক্যমত এবং প্রত্যেক ধর্মেএটি সাদৃশ্যপূর্ণ বিষয়। কাজেই এই দলিলটির বিষয়ে যতই অনুধাবন করা যায়, ততই তা স্পষ্ট ও সত্য হিসেবে প্রতিভাত হয়। বস্তুত পৃথিবীর সকল ধর্ম এবিষয়ে একমত যে কোনও এক সত্তা রয়েছে যে সমগ্র বিশ্ব-ব্রহ্মাণ্ডকে সৃষ্টি করেছে। দেশ এবং সমাজের ভিন্নতার কারণে চিন্তাধারা এবং ধর্মবিশ্বাসে তারতম্য লক্ষ্য করা যায় বটে, তথাপি তা সত্ত্বেও সেখানে যে সমস্ত ঐতিহাসিক ধর্ম রয়েছে, সেগুলি সবই আল্লাহ্ তা'লার অস্তিত্ব একবাক্যে স্বীকার করে। যদিও তাঁর গুণাবলীর বিষয়ে মতানৈক্য রয়েছে, কিন্তু সমকালীন ধর্ম অর্থাৎ ইসলাম, খৃষ্টবাদ, ইহুদী, বৌদ্ধ, শিখ, হিন্দু এবং যুরাথিস্টি-সকলে অবশ্যই একজন খোদা, ঈশ্বর, পরমেশ্বর, পরমাত্মা, সতগুরু কিম্বা ভিযদানে -এর অস্তিত্বে বিশ্বাসী। কিন্তু যে সকল ধর্মসমূহ ধরাপৃষ্ট থেকে মুছে গেছে, প্রাচীন ধ্বংসাবশেষ থেকে সেগুলি সম্পর্কেও জানা যায়, তারা প্রত্যেকেই কোনও না কোনও খোদায় বিশ্বাসী ছিল। তা সেই ধর্মের উদ্ভব আমেরিকার মত বিচ্ছিন্ন কোনও দেশে হোক বা আফ্রিকার কোনও জঙ্গলে, রোমে হোক কিম্বা ইংল্যাণ্ডে, জাভা সুমাত্রায় হোক বা জাপানে বা চিনে বা সাইবেরিয়ায় বা মাঞ্চুরিয়ায়- সমস্ত ধর্মের মধ্যে এই সাদৃশ্য কিভাবে তৈরী হল? সুদূর আমেরিকায় বসবাস কারীদেরকে ভারতের অধিবাসীদের ধর্ম বিশ্বাস সম্পর্কে বা চিনের অধিবাসীদেরকে আফ্রিকার ধর্মমত সম্পর্কে কে অবগত করল? প্রাচীনযুগে রেল, টেলিগ্রাম, ডাক যোগাযোগ ইত্যাদি ব্যবস্থা তো আর ছিল না যেমনটি আজকের দিনে আছে, না এতবেশি বিমান চলাচল করত। তখন ঘোড়া ও খচ্চরই ছিল যোগাযোগের অন্যতম বাহন। আর পালতোলা জাহাজ এ যুগের একদিনের সফর করত কয়েক মাসে। আর সেই যুগে পৃথিবীর অধিকাংশ ভূ-খণ্ডই তো ছিল অনাবিষ্কৃত। তবে সেই ভিন্ন ভিন্ন রুচিবোধ, সংস্কৃতি এবং লোকাচার, এবং অজ্ঞাত দেশসমূহে ধর্মবিশ্বাসের মধ্যে এই সাদৃশ্য কিভাবে ঘটল? অবাস্তব কল্পকাহিনীতেও দুইজনের সমাপতন হওয়া দুষ্কর হয়।তবে পারস্পরিক মত বিনিময়ের সুযোগ নেই এমন সব জাতি ও দেশের এই অদ্ভুত সমাপতন কি এ বিষয়ের দলিল নয় যে, এই ধর্মবিশ্বাস এক বাস্তব সত্য আর তা প্রত্যেক জাতি ও ধর্মের সামনে প্রকাশ করে দেওয়া হয়েছে এক অজ্ঞাত উৎসের মাধ্যমে যা ইসলাম উন্মোচন করেছে? ইতিহাসবিদগণ এবিষয়ের উপর ঐক্যমত যে, যে-বিষয়ের উপর বিভিন্ন জাতির ইতিহাসবিদ ঐক্যমত, তার সত্যতার বিষয়ে সন্দিহান হওয়া উচিত নয়। কাজেই এই বিষয়ে যখন হাজার হাজার জাতি ঐক্যমত, তবে কেনই বা বিশ্বাস করা হবে না যে, কোনও এক দিব্য-ঝলক দেখেই সমগ্র জগত এই মতবাদে বিশ্বাসী হয়েছে?

## দ্বিতীয় দলিল

কুরআন করীম আল্লাহ্ তা'লার অস্তিত্ব সম্পর্কে দ্বিতীয় যে দলিলটি উপস্থাপন করেছে সেটি এই আয়াত থেকে জানা যায়-

تِلْكَ حُجَّتُنَاۤ اٰتَيْنٰهَاۤ اِبْرٰهِيْمَ عَلٰى قَوْمِهٖ ؕ نَرْفَعُ دَرَجٰتٍ مَّنْ نَّشَآءُ ؕ اِنَّ رَبَّكَ حَكِيْمٌ عَلِيْمٌ ○ وَوَهَبْنَا لَهٗۤ اِسْحٰقَ وَيَعْقُوْبَ ؕ كُلًّا هَدَيْنَا ۚ وَنُوْحًا هَدَيْنَا مِنْ قَبْلُ وَمِنْ ذُرِّيَّتِهٖ دَاوٗدَ وَسُلَيْمٰنَ وَاَيُّوْبَ وَيُوْسُفَ وَمُوْسٰى وَهٰرُوْنَ ؕ وَكَذٰلِكَ نَجْزِى الْمُحْسِنِيْنَ ○ وَزَكَرِيَّا وَيَحْيٰى وَعِيْسٰى وَاِلْيَاسَ ؕ كُلٌّ مِّنَ الصّٰلِحِيْنَ ○ وَاِسْمٰعِيْلَ وَالْيَسَعَ وَيُوْنُسَ وَلُوْطًا ؕ وَكُلًّا فَضَّلْنَا عَلَى الْعٰلَمِيْنَ ○

***এবং ইহা ছিল আমাদের যুক্তি-প্রমাণ, যাহা আমরা ইব্রাহিমকে***

*তাহার জাতির বিরুদ্ধে প্রদান করিয়াছিলাম। আমরা যাহাকে চাহি মর্যাদায় উন্নীত করি, নিশ্চয় তোমার প্রভু পরম প্রজ্ঞাময়, সর্বজ্ঞানী। এবং আমরা তাহাকে দান করিয়াছিলাম ইসহাক ও ইয়াকুব, আমরা তাহাদের প্রত্যেককে হিদায়াত দিয়াছিলাম; এবং ইতিপূর্বে আমরা হেদায়াত দিয়াছিলাম নূহকে এবং তাহার বংশধর হইতে দাউদ এবং সুলায়মান এবং আইউব এবং ইউসুফ এবং মূসা এবং হারুনকে। এবং এইরূপে আমরা সৎকর্মশীলদিগকে প্রতিদান দিয়া থাকি। এবং (আমরা হেদায়াত দিয়াছিলাম) যাকারিয়া এবং ইয়াহইয়া এবং ঈসা এবং ইলইয়াসকে, তাহারা সকলেই সৎকর্মশীলগণের অন্তর্ভুক্ত ছিলেন। এবং (আমরা হেদায়াত দিয়াছিলাম) ইসমাঈল এবং আল ইসায়াসায়া এবং ইউনুস এবং লুতকে; এবং তাহাদের প্রত্যেককেই আমরা বিশ্ববাসীগণের উপর শ্রেষ্ঠত্ব দিয়াছিলাম।*

(আনআম, আয়াত: ৮৪-৮৭)

এর কয়েকটি আয়াতের পর পুনরায় বলা হয়েছে-

أُولَٰئِكَ الَّذِينَ هَدَى اللَّهُ فَبِهُدَاهُمُ اقْتَدِهْ

*ইহারাই ঐ সকল লোক, যাহাদিগকে আল্লাহ্ হেদায়াত দান করিয়াছেন, সুতরাং তুমি তাহাদের হেদায়াতের অনুসরণ কর।*

(আল আনআম, আয়াত: ৯১)

এই আয়াতগুলিতে আল্লাহ্ তা'লা বলেছেন, এমন পুণ্যবান ও পবিত্র লোকেরা যে বিষয়ের পক্ষে সাক্ষী দেয় তা গ্রহণ করা উচিত নাকি সেই বিষয় যা অন্যান্য অজ্ঞ লোকেরা বলে, যারা নিজেদের চালচলন দ্বারা তাঁদের বিরুদ্ধে দাঁড়াতে পারে না? সোজা কথা এই যে, সেই সব লোকের কথাকেই মূল্য দেওয়া হবে, যারা নিজেদের চালচলন এবং কর্মধারা দিয়ে পৃথিবীতে নিজেদের সৎকর্মশীলতা, পবিত্রতা, সাধুতা এবং সত্যবাদিতা প্রমাণ করেছে। কাজেই তাদেরকে অনুসরণ করা এবং তাদের বিপক্ষে অন্যান্য লোকেদের কথাকে প্রত্যাখ্যান করা প্রত্যেক ব্যক্তির কর্তব্য। তাই আমরা দেখি যে, সৎকর্ম ও সদভাবনার প্রসারকারী যে সমস্ত মানুষ পৃথিবী থেকে গত হয়েছেন আর যারা নিজেদের কর্মধারা দ্বারা পৃথিবীতে নিজেদের সত্যতার সুখ্যাতি অর্জন করেছিলেন, তাঁরা সকলেই এ বিষয়ের সাক্ষ্য দেন যে, এমন এক সত্তা রয়েছে যাকে ভিন্ন ভিন্ন ভাষায় আল্লাহ, গড বা পরমেশ্বর নামে স্মরণ করা হয়। ভারতের সাধুপুরুষ রামচন্দ্র কৃষ্ণ (আ.), ইরানের যুরাথিস্ত, মিশরের মূসা, নাসেরার মসীহ, পাঞ্জাবের এক সাধু নানক এর পর রয়েছেন সাধুগণের নেতা আরবের জ্যোতি মহম্মদ মুস্তাফা (সা.), যাঁকে তাঁর জাতি শৈশব থেকে সত্যবাদীর উপাধি দিয়েছিল, এবং যিনি বলেছিলেন, فَقَدْ لَبِثْتُ فِيكُمْ عُمُرًا

*'আমি তোমাদের মধ্যে এক সুদীর্ঘ জীবন যাপন করিয়াছি।'*

(ইউনুস: ১৭)

আমি তোমাদের মাঝে নিজের জীবন অতিবাহিত করেছি। তোমরা কি আমার কোনও মিথ্যা প্রমাণ করতে পার? তাঁর জাতি কোনও আপত্তি করে নি। এঁদের ছাড়াও বিভিন্ন সময়ে আরও হাজার হাজার সত্যবাদী ও পুণ্যবানরা পৃথিবীতে এসেছেন, যাঁরা একস্বরে স্বীকার করেছেন যে এক খোদা রয়েছেন। শুধু তাই নয়, তাঁরা এও বলেন যে, তাঁরা খোদার সাক্ষাত লাভ করেছেন এবং তাঁর সঙ্গে বার্তালাপের সৌভাগ্য লাভ করেছেন। তাবড় তাবড় দার্শনিক, যারা পৃথিবী জোড়া খ্যাতি অর্জন করেছেন, তারা এঁদের মধ্যে কোনও একজনের কীর্তির এক সহস্রাংশও উপস্থাপন করতে পারবে না। বরং সেই সব দার্শনিকদের জীবনের যদি তুলনা করা হয়, তবে দেখা যাবে যে তাদের জীবনে কথার তুলনায় কাজের খাতা অত্যন্ত ফাঁকা ফাঁকা। পুণ্যবানরা যে নিষ্ঠা ও সততা প্রদর্শন করেছে, তা দার্শনিকরা কোথা থেকে দেখাতে পারে? এরা মানুষকে সত্যের শিক্ষা দেয়, কিন্তু নিজেরা মিথ্যা থেকে বিরত হয় না। এর বিপরীতে উপরোক্ত ব্যক্তিরা কেবল সত্যের কারণে শত সহস্র কষ্ট সহন করতে থেকেছেন, কিন্তু কখনও তাদের পদস্খলন হয় নি। তাদেরকে হত্যার ষড়যন্ত্র করা হয়েছে, দেশান্তরিত করা হয়েছে, বাজারে বন্দরে অপমানিত করার চেষ্টা করা হয়েছে, সারা জগত তাদের থেকে সম্পর্ক ছিন্ন করেছে- কিন্তু তবুও তারা নিজেদের কথা থেকে পিছিয়ে আসেন নি। আর কখনও মানুষের ভয়ে মিথ্যার আশ্রয় নিয়ে আত্মরক্ষা করার মত হীনতা প্রদর্শন করেন নি। তাঁদের কর্মপন্থা, জগতবিমুখতা, প্রদর্শনবিমুখতা একথা প্রমাণ করেছে যে, তাঁরা ছিলেন নিঃস্বার্থ; তাদের কোন কাজের পিছনে কোনপ্রকার স্বার্থ জড়িত ছিল না। তবে এমন সত্যবাদী এবং বিশ্বস্তের দল যখন একস্বরে বলছে যে, তারা আল্লাহ্ তা'লার সঙ্গে সাক্ষাত করেছে, তাঁর কণ্ঠ শুনেছে এবং তাঁর ঝলক দেখেছে, তবে তাদের কথাকে অস্বীকরার উপায় কি? যাদেরকে আমরা প্রতিদিন মিথ্যা বলতে শুনি, তাদেরও কতক যদি একত্রিত হয়ে কোনও বিষয়ের জন্য সাক্ষ্য দেয়, তবে আমাদেরকে স্বীকার করতে বাধ্য হতে হয়। যাদের সম্পর্কে আমরা সম্পূর্ণরূপে অনবহিত, তারা যখন পত্রিকায় নিজেদের গবেষণা প্রকাশ করে, আমরা অনায়াসে তা মেনে নিই। কিন্তু আমরা বিশ্বাস করি না কেবল এই সব সত্যবাদীদের কথাগুলিকে। দুনিয়ার মানুষ বলে, লন্ডন নামে এক শহর আছে, আমরা তা মেনে নিই। ভূগোলবিদরা লেখে, আমেরিকা একটি মহাদেশ আর আমরা তা সত্য বলে মেনে নিই। পর্যটকরা বলে, সাইবেরিয়া এক সুবিশাল জনমানবশূন্য অঞ্চল, আমরা সে কথা অস্বীকার করি না কেন? কারণ, এ বিষয়ে অনেকেরই সাক্ষ্য প্রমাণ মজুদ আছে। অথচ আমরা সেই সব সাক্ষীর জীবনবৃত্তান্ত সম্পর্কে কিছুই জানি না যে তারা সত্য লিখেছে নাকি মিথ্যা। কিন্তু যাদের সত্যতা দিবালোকের ন্যায় স্পষ্ট, যারা নিজেদের প্রাণ ও সম্পদ, স্বদেশ ও সম্মান সব কিছু বিসর্জন দিয়ে পৃথিবীর বুকে সত্যকে প্রতিষ্ঠা করে গেছেন, আল্লাহ্ তা'লার অস্তিত্বের বিষয়ে চাক্ষুষ সাক্ষ্যদানকারী সেই সব মানুষের কথাগুলিকে অবিশ্বাস করা এবং এই সব পর্যটক ও ভূগোলবিদদের কথা মেনে নেওয়া কোথাকার সততা? যদি কয়েকজন ব্যক্তির কথা শুনে লন্ডনের অস্তিত্ব প্রমাণ হতে পারে, তবে আল্লাহ্ তা'লার অস্তিত্ব হাজার হাজার সত্যবাদীর সাক্ষ্যের মাধ্যমে কেন প্রমাণিত হতে পারে না?

মোটকথা যে সব হাজার হাজার ব্যক্তি নিজেদের সাক্ষাৎ দর্শন খোদা তা'লার অস্তিত্বের সাক্ষ্য দেয়, তাদের সাক্ষ্য কোনভাবেই প্রত্যাখ্যানযোগ্য হতে পারে না। আশ্চর্যের বিষয় হল, যারা এই পথ দিয়ে গেছে, তারা তো সকলেই একস্বরে বলছে, খোদা আছেন, কিন্তু যারা আধ্যাত্মিকতার অলিগলি সম্পর্কে সম্পূর্ণরূপে অনবহিত, তারা বলে, এঁদের কথা বিশ্বাস করো না যে খোদা বলে কেউ আছে। অথচ সাক্ষ্যপ্রমাণের নীতি অনুযায়ী দুই জন সম মর্যাদার সত্যবাদী ব্যক্তির কোন একজনও যদি একটি বিষয়ে সাক্ষী দিয়ে থাকে, তবে যে বলে যে সে অমুক জিনিস দেখেছে, তার সাক্ষীকে সেই ব্যক্তির সাক্ষীর উপর প্রাধান্য দেওয়া হবে যে বলে সে এই জিনিসটি দেখেনি। কেননা, এটি সম্ভব যে, তাদের মধ্যে একজনের দৃষ্টি সেটির উপর পড়েনি, কিন্তু এটি অসম্ভব যে, একজন দেখে নি অথচ মনে করে বসল যে সে দেখেছে। অতএব খোদাকে দর্শনকারীর সাক্ষ্য এর বিরোধীদের উপর অকাট্য এক যুক্তি প্রমাণ উপস্থাপন করে।

## তৃতীয় দলিল

তৃতীয় দলিল যা কুরআন শরীফ থেকে জানা যায়, সেটি হল এই মানব প্রকৃতি নিজেই খোদা তা'লার অস্তিত্বের একটি প্রমাণ। কেননা কিছু পাপকর্ম এমন আছে, যেগুলিকে মানুষ প্রবৃত্তিগতভাবেই অপছন্দ করে- যেমন মা, বোন এবং কন্যার সঙ্গে ব্যাভিচার, মল-মূত্র এবং এই প্রকারের নোংরা বস্তুর সঙ্গে সম্পর্ক করা, মিথ্যা এবং আরও অনেক কিছু। এগুলি এমন বিষয় যা থেকে নাস্তিকরাও বিরত থাকে। কিন্তু কেন? যদি কোনও খোদা না থাকেন, তবে কেন? সে কেনই বা মা-বোন এবং অন্যান্য নারীর মাঝে তারতম্য করে আর মিথ্যাকে অপছন্দ করে। এর পিছনে কোন্ যুক্তি কাজ করে যে, উপরোক্ত জিনিসগুলি তার দৃষ্টিতে গর্হিত হিসেবে গণ্য হয়? যদি কোনও অদ্বিতীয় ও পরম শক্তির প্রতাপ অন্তরকে ত্রস্ত না করে, তবে কেন এর থেকে বিরত থাকে? তার জন্য তো সত্য, মিথ্যা আর ন্যায় এবং অন্যায় সব সমান, সে যা খুশি

করতে পারে। সেটি কোন বিধান যা তার সুপ্ত অনুভুতির উপর রাজত্ব করে, যে তার অন্তরকে সিংহাসন বানিয়ে রেখেছে? তাই নাস্তিক বলে জিহ্বা তাঁর রাজত্ব থেকে বেরিয়ে গেলেও তাঁর সৃষ্ট প্রবৃত্তি তথা সহজাত বৈশিষ্ট্য রাজত্ব থেকে বের হয়ে যেতে পারে না। পাপ এড়িয়ে চলা কিম্বা তা প্রকাশ করা থেকে বিরত থাকা তার জন্য একটি দলিল যে, কোনও রাজাধিপতির কাছে জবাবদিহির ভয় আছে যা তার অন্তরকে আচ্ছন্ন করে রেখেছে- যদিও সে তাঁকে রাজাধিপতি হিসেবে মেনে নিতে অস্বীকার করে। কুরআন করীমে আল্লাহ্ তা'লা বলেন,

لَآ اُقۡسِمُ بِیَوۡمِ
وَلَآ اُقۡسِمُ بِالنَّفۡسِ اللَّوَّامَۃِ

*না, আমি কিয়ামত দিবসের কসম খাইতেছি। পুনরায় (বলিতেছি) না, আমি পুনঃপুন: ভর্ৎসনাকারী আত্মার কসম খাইতেছি, (যে কিয়ামত দিবসে অবশম্ভাবী)*

(আল কিয়ামাহ, ২-৩)

অর্থাৎ যেমনটি মানুষ মনে করে যে খোদাও নেই আর কর্মফল ও শাস্তি বলেও কিছু নেই- এমনটি মোটেই নয়। বরং এই বিষয়ের সাক্ষ্যের জন্য আমরা দুটি জিনিষ উপস্থাপন করছি। একটি হল এই যে, প্রত্যেক বিষয়ের জন্য একটি কিয়ামতের দিন নির্ধারিত আছে, যেদিন তার বিচার হয় আর পুণ্যের প্রতিদান পুণ্য ও পাপের প্রতিদান শাস্তি ভোগ করতে হয়। যদি খোদা না থাকেন, তবে প্রতিদান ও শাস্তিভোগ কেন করতে হচ্ছে? আর যারা কিয়ামতে কুবরা বা বৃহত্তর কিয়ামতকে অস্বীকার করে, তারা দেখুক যে কিয়ামত তো এই পৃথিবী থেকেই শুরু হয়ে যায়। ব্যাভিচারীর গনোরিয়া ও সিফিলিস রোগ হয়, বিবাহিত পুরুষের তো এই রোগ হয় না। অথচ উভয়ে একই কাজ করে। দ্বিতীয় সাক্ষ্য 'নফসে লাওয়ামা' তথা তিরস্কারকারী আত্মা। অর্থাৎ মানুষের আত্মা নিজেই এমন পাপকর্মকে ধিক্কার জানিয়ে বলে, এটি অত্যন্ত জঘন্য ও নোংরা। একজন নাস্তিক ব্যক্তিও ব্যাভিচার এবং মিথ্যাকে ঘৃণার চোখে দেখে। সে অহংকার এবং বিদ্বেষকে পছন্দ করবে না। কিন্তু কেন? তাদের কাছে তো কোনও শরিয়ত বা ঐশীবিধান নেই। এজন্য নয় যে সেটিকে তার মন অপছন্দ করে, আর তার অপছন্দের কারণ হল এই অপকর্মের কারণে এক পরম বিচারকের কাছ থেকে সে শাস্তি পাবে। যদিও ভাষায় সে তা প্রকাশ করতে পারে না। এই বিষয়ের সমর্থনে কুরআন মজীদের আরও একটি স্থানে বলা হয়েছে-

فَاَلۡہَمَہَا فُجُوۡرَہَا وَتَقۡوٰىہَا

*অতঃপর তিনি ইহার প্রতি প্রকাশ করিয়াছেন- উহার মন্দ পথ এবং উহার তাকওয়ার পথ।*

( আশশামস: ৯)

আল্লাহ্ তা'লা প্রত্যেক হৃদয়ে পুণ্য ও পাপের প্রেরণা সঞ্চার করেছেন। কাজেই পুণ্য ও পাপের চেতনাই খোদার অস্তিত্বের এক অসাধারণ দলিল। যদি খোদা না থাকেন তবে কোনও বিষয়কে পুণ্যের আর কোনওটিকে পাপের বলার কোনও কারণ নেই। মানুষের যা খুশি করুক, তাতে কি এসে যায়?

## চতুর্থ প্রমাণ

খোদা তা'লার অস্তিত্ব সম্পর্কে চতুর্থ যে দলিলটি কুরআন থেকে জানা যায় সেটি হল-

وَاَنَّ اِلٰی رَبِّکَ الۡمُنۡتَہٰی ○ وَاَنَّہٗ ہُوَ اَضۡحَکَ وَاَبۡکٰی ○
وَاَنَّہٗ ہُوَ اَمَاتَ وَاَحۡیَا ○ وَاَنَّہٗ خَلَقَ
الزَّوۡجَیۡنِ الذَّکَرَ وَالۡاُنۡثٰی ○ مِنۡ نُّطۡفَۃٍ اِذَا تُمۡنٰی ○

***এবং এই যে, নিশ্চয় (সকল বিষয়ের) পরিসমাপ্তি তোমার প্রতিপালকের নিকট ঘটে;এবং এই যে তিনিই হাসান এবং কাঁদান; এবং এই যে, তিনিই মৃত্যু ঘটান এবং জীবন দান করেন; এবং এই যে, তিনিই সৃষ্টিকরেন জোড়া জোড়া- নর ও নারী, শুক্র বিন্দু হইতে যখন ইহা (জরায়ুতে) নির্গত করা হয়।***

(আন নাজাম: আয়াত: ৪৩-৪৭)

অর্থাৎ এই বিষয়টি আমরা প্রত্যেক নবীর মাধ্যমে পৌঁছে দিয়েছি যে, প্রত্যেকটি জিনিসের পরিসমাপ্তি খোদা তা'লার সত্তায়। সেটি আনন্দ উপলক্ষ্য হোক বা দুঃখের কোনও ঘটনা হোক- খোদার পক্ষ থেকেই তা আসে। জন্ম, মৃত্যু, সব তাঁরই হাতে। তিনিই নারী ও পুরুষ উভয়কে সৃষ্টি করেছেন, একটি তুচ্ছ বস্তু থেকে, যে সময় তা, তা প্রবেশ করানো হয়।

এই আয়াতগুলিতে আল্লাহ্ তা'লা মানুষকে এবিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করেছেন যে, প্রত্যেক ক্রিয়ার একজন কর্তা থাকে। প্রত্যেক কর্মের কর্তা থাকাও আবশ্যক। অতএব এই সমগ্র বিশ্ব-ব্রহ্মাণ্ডের প্রতি দৃষ্টিপাত করে দেখ, এর থেকে অবশ্যই তোমার এবিষয়ের প্রতি পথ-নির্দেশনা হবে যে, সমস্ত বিষয় অবশেষে খোদার সত্তায় এসে সমাপ্ত হয়। তিনিই সমস্ত কিছুরই পরমনবিন্দু, তাঁর নির্দেশেই সব কিছু পরিচালিত হচ্ছে। অতএব আল্লাহ্ তা'লা মানুষকে তার প্রারম্ভিক অবস্থার প্রতি দৃষ্টি আকর্ষণ করে বলেছেন, 'তোমাদের জন্ম হয়েছে এক বিন্দু শুক্রাণু থেকে আর তোমরা যত পিছনে ফিরে দেখবে, ক্রমশ ততই তুচ্ছ হতে থাকবে। তবে তোমরা কিভাবে নিজেই নিজের স্রষ্টা হতে পার, যখন কিনা স্রষ্টা ভিন্ন কোনও সৃষ্টি হতে পারে না। আর মানুষ কখনওই নিজেকে সৃষ্টি করে নি। কেননা, মানুষের সামগ্রিক অবস্থা নিয়ে যতই চিন্তা করে দেখবে, ততই স্পষ্ট হয়ে উঠবে যে মানুষ এক তুচ্ছ ও এবং নগণ্য অবস্থা থেকে উন্নতি করতে করতে এই অবস্থায় পৌঁছেছে। আর সে যখন বর্তমান অবস্থাতেই স্রষ্টা নয়, তবে সেই দুর্বল অবস্থায় কিভাবে স্রষ্টা হতে পারত? কাজেই স্বীকার করতে হবে যে, তার স্রষ্টা অন্য কেউ, যার শক্তি অসীম এবং মহিমা নিরন্তর। মোটকথা, মানুষের বিবর্তন সম্পর্কে যতই চিন্তা করবে, তার কারণগুলি সূক্ষ্ম থেকে সূক্ষ্মতর হতে থাকবে এবং অবশেষে একস্থানে এসে সমস্ত জাগতিক জ্ঞান পরাজয় স্বীকার করে বলে, 'এতে আমাদের আর কোনও হাত নেই। আমরা জানি না এমনটি কেন হল?' আর এটিই সেই স্থান যেখানে আল্লাহ্ তা'লার হাত কাজ করে আর প্রত্যেক বিজ্ঞানীকে অবশেষে স্বীকার করতে হয় যে, 'ইলা রাব্বিকাল মুনতাহা'। অর্থাৎ প্রত্যেক জিনিষ এমন এক সত্তায় এসে সমাপ্ত হয় যেটিকে সে নিজের বুদ্ধির গণ্ডিতে আনতে পারে না আর তিনিই খোদা। এটি একটি স্থূল প্রমাণ যা একজন অজ্ঞ ব্যক্তিও অনুধাবন করতে পারে।

কথিত আছে যে কোনও এক ব্যক্তি এক বেদুইনকে জিজ্ঞাসা করেছিল যে তোমার কাছে কি প্রমাণ আছে যে খোদা আছেন। সে উত্তর দিয়েছিল যে, জঙ্গলে উটের বিষ্ঠা দেখে বলে দেওয়া যায় যে এখান দিয়ে উট অতিক্রম করেছে। তবে এমন সুবিশাল সৃষ্টিজগত দেখে কি আমি জানতে পারব না যে এর কোনও একজন প্রকৃত স্রষ্টা আছেন? এই উত্তর ছিল সত্যিকার এবং মানুষের প্রকৃতিসম্মত। আর সৃষ্টিজগতের অস্তিত্ব লাভের প্রতি যদি মানুষ দৃষ্টি দেয়, তবে এক সত্তাকে স্বীকার করতে হয় যিনি এই সব কিছু সৃষ্টি করেছেন।

## পঞ্চম দলিল

আল্লাহ্ তা'লার অস্তিত্ব সম্পর্কে কুরআন শরীফ যে পঞ্চম দলিল দিয়েছে তা ঐ প্রকারেরই, কিন্তু তার থেকেও বেশি শক্তিশালী। আল্লাহ্ তা'লা কুরআন করীমে বলেছেন-

تَبٰرَکَ الَّذِیۡ بِیَدِہِ
الۡمُلۡکُ ۫ وَہُوَ عَلٰی کُلِّ شَیۡءٍ قَدِیۡرُۨ ○ الَّذِیۡ
خَلَقَ الۡمَوۡتَ وَالۡحَیٰوۃَ لِیَبۡلُوَکُمۡ اَیُّکُمۡ
اَحۡسَنُ عَمَلًا ؕ وَہُوَ الۡعَزِیۡزُ الۡغَفُوۡرُ ○
الَّذِیۡ خَلَقَ سَبۡعَ سَمٰوٰتٍ طِبَاقًا ؕ مَا تَرٰی
فِیۡ خَلۡقِ الرَّحۡمٰنِ مِنۡ تَفٰوُتٍ ؕ فَارۡجِعِ
الۡبَصَرَ ۙ ہَلۡ تَرٰی مِنۡ فُطُوۡرٍ ○ ثُمَّ ارۡجِعِ
الۡبَصَرَ کَرَّتَیۡنِ یَنۡقَلِبۡ اِلَیۡکَ الۡبَصَرُ
خَاسِئًا وَّہُوَ حَسِیۡرٌ ○ (الملک:2تا5)

***পরম বরকত ও কল্যাণময় তিনি, যাঁহার হাতে সকল আধিপত্য, এবং তিনিই সব কিছুর উপর সর্বশক্তিমান; যিনি সৃষ্টি করিয়াছেন মৃত্যুকে এবং জীবনকে যেন তিনি তোমাদিগকে পরীক্ষা করেন- তোমাদের মধ্যে কে কর্মে উত্তম; এবং তিনি মহাপরাক্রমশালী, অতীব ক্ষমাশীল; যিনি স্তরে স্তরে সৃষ্টি করিয়াছেন সাত আকাশ। তুমি রহমান আল্লাহর সৃষ্টির মধ্যে কোন অসামঞ্জস্য দেখিতে পাইবে না। অতঃপর তুমি পুনরায় দৃষ্টি নিবদ্ধ কর। তুমি কি কোন ত্রুটি -বিচ্যুতি দেখিতে পাও? অতঃপর তুমি পুনঃপুনঃ দৃষ্টি নিবদ্ধ কর, (পরিশেষে তোমার) দৃষ্টি ব্যর্থ হইয়া তোমার নিকট ফিরিয়া আসিবে এমতাবস্থায় যে উহা অতি শ্রান্ত-***

*ক্লান্ত হইবে (তবু কোন প্রকার অসামাঞ্জস্য দেখিতে পাইবে না)।*

(আল মুলক: ২-৫)

অনেকে বলে, এই বিশ্ব-ব্রহ্মাণ্ডের অস্তিত্বলাভ সমাপতনের ফল। পদার্থ আপনা আপনি সৃষ্টি হয়ে সব কিছু তৈরী হয়েছে আর বিজ্ঞান থেকে প্রমাণ করার চেষ্টা করে যে, হতে পারে , পৃথিবী নিজে থেকেই যুক্ত হয়ে স্বয়ংক্রিয়ভাবে ঘুরে চলেছে, এটিকে কেউ ঘোরাচ্ছে না। কিন্তু তাদেরকে আল্লাহ তা'লা এই উত্তর দিচ্ছেন যে, দৈবাৎক্রমে যুক্ত হওয়ার জিনিসের মধ্যে কখনও কোনও ধারাবাহিকতা ও বিধিনিয়ম থাকে না, বরং কেবল থাকে অনাসৃষ্টি। বিভিন্ন রঙ পরস্পর মিলিত হয়ে একটি চিত্র তৈরী হয়। কিন্তু যদি বিভিন্ন রঙ একটি কাগজের উপর ছিটিয়ে দেওয়া হয়,তবে কি সেটি কোনও ছবি তৈরী হয়ে যাবে? ইট দিয়ে বাড়ি তৈরী হয়, কিন্তু অগোছালোভাবে একটির উপর আরেকটি ফেলে দিলে বাড়ি তৈরী হয়ে যাবে? তর্কের খাতিরে যদিও মেনেও নিই যে, অনেক ঘটনা দৈবাৎক্রমেও ঘটে থাকে। কিন্তু বিশ্ব-ব্রহ্মাণ্ডের নিয়মকানুন প্রণিধান করার পর কি কেউ কখনও বলতে পারে যে, এগুলি সব আপনা আপনিই হয়েছে। একথা না হয় মেনে নিলাম যে পদার্থ থেকে পৃথিবী তৈরী হয়েছে, এও ধরে নিলাম যে দৈবাৎক্রমেই মানুষের সৃষ্টি হয়েছে। কিন্তু মানুষের গঠনপ্রণালীর দিকে দৃষ্টি দিয়ে দেখ, এমন নিখুঁত ও পরিপূর্ণ সৃষ্টি কখনও নিজে থেকে হতে পারে? পৃথিবীর নিয়মে সচরাচর একটি বৈশিষ্ট্য দেখে তৎক্ষণাৎ তার কারিগর সম্পর্কে বলে দেওয়া যায়। একটি সুন্দর ছবি দেখে তৎক্ষণাৎ ধারণা জন্মে যে কোনও এক চিত্রকার এটি এঁকেছে। সুন্দর হাতের লেখা দেখে বোঝা যায় যে কোনও পারদর্শী লিপিকার এটি লিখেছে। এরপর যতই সম্পর্ক বাড়ে, ততই কারিগর বা লেখকের গুণ ও বড়ত্ব স্মৃতিতে গেঁথে যায়। তবে এমনটি কেন ধারণা করা হয় যে এমন এক সুব্যবস্থিত পৃথিবী নিজেই থেকেই তৈরী হয়ে গেছে? এবিষয়েও একটুখানি ভেবে দেখ যে, যেখানে মানুষের মধ্যে উন্নতি করার শক্তি রয়েছে, তেমনিভাবে তাকে নিজের চিন্তাভাবনাকে বাস্তবায়িত করার জন্য বুদ্ধি দেওয়া হয়েছে এবং তার শরীরকেও সেভাবে তৈরী করা হয়েছে। যেহেতু তাকে পরিশ্রম করে জীবিকা নির্বাহ করতে হত, এইজন্য তার মধ্যে সেই বৈশিষ্ট্য রাখা হয়েছে যাতে হাঁটা চলা করে উপজীব্য উৎপাদন করে। গাছের খাদ্য মাটিতে রয়েছে, তাই একে শিকড় দেওয়া হয়েছে, যাতে এর মাধ্যমে নিজের খাদ্যের চাহিদা পূর্ণ করতে পারে। বাঘের খাদ্য যেহেতু মাংস, তাই তাকে শিকার করার জন্য নখ দেওয়া হয়েছে। আর ঘোড়া এবং গরুর জন্য খাদ্য হিসেবে ঘাস নির্ধারণ করা হয়েছে, যে কারণে তাদেরকে এমন গ্রীবা দেওয়া হয়েছে যা মাথানীচু করে ঘাস চরতে পারে। আর উটের জন্য গাছের পাতা এবং কাঁটাযুক্ত লতাপাতা খাদ্য হিসেবে নির্ধারণ করা হয়েছে, যে কারণে তাদের গ্রীবা দীর্ঘ। এই সব কার্যপ্রণালী কি নেহাত সমাপতনের ফল। সমাপতন আগে থেকেই কি জেনে নিয়েছিল যে উটকে দীর্ঘ গ্রীবা দিতে হবে, বাঘকে থাবা, গাছকে শিকড় এবং মানুষকে পা দিতে হবে? এটি কি বোধগম্যের মধ্যে পড়তে পারে যে আপনা আপনিই সৃষ্ট জিনিষের মধ্যে এমন সুচারু ব্যবস্থাপনা থাকবে। মানুষকে যে ফুসফুস দেওয়া হয়েছে তার জন্য বায়ুও সৃষ্টি করা হয়েছে। তার জীবন যেহেতু পানির উপর নির্ভরশীল, তাই সূর্যের রশ্মির মাধ্যমে মেঘের দ্বারা তাকে পানি সরবরাহ করা হয়েছে। চোখ দেওয়া হয়েছে আর তা ক্রীয়াশীল থাকার জন্য সূর্যের আলোও দেওয়া হয়েছে যাতে সে দেখতে পায়। কান দেওয়া হয়েছে আর সঙ্গে সুন্দর কণ্ঠও দেওয়া হয়েছে। জিহ্বা দিয়ে সুস্বাদু খাদ্যও দেওয়া হয়েছে। নাক তৈরী করা হয়েছে, সঙ্গে সুগন্ধও দেওয়া হয়েছে। মানুষের ফুসফুস দৈবক্রমে সৃষ্টি হওয়া সম্ভব ছিল, কিন্তু তার জন্য বায়ুর উপকরণ কিভাবে সৃষ্টি হত? কিন্তু এটি অদ্ভুত সমাপতন ছিল যা লক্ষ লক্ষ মাইল দূরে গিয়ে একটি সূর্য তৈরী করে দিল যাতে নিজের কাজ করতে পারে। একদিকে সমাপতন যদি কান তৈরী করেছিল, তবে অপরদিকে কোন শক্তি ছিল যা সুন্দর কণ্ঠ তৈরী করেছিল। ধরে নিলাম যে হিমের দেশে মেরু ভালুক বা কুকুর সৃষ্টি কাকতালীয় ছিল, কিন্তু কিভাবে সেই সব কুকুর ও ভালুকের লোমগুলি এত দীর্ঘ হয়ে উঠল যাতে তারা শীতের হাত থেকে রক্ষা পায়? কাকতালীয়ভাবেই হাজার হাজার রোগব্যাধি সৃষ্টি হয়েছে আর সেই কাকতালীয়ভাবেই সেগুলির চিকিৎসা তৈরী হয়েছে। কাকতালীয়ভাবে বিছুটি তৈরী হয়েছে, যা স্পর্শ করলে চুলকানি ও জ্বালা শুরু হয়ে যায়। আর কাকতালীয়ভাবেই পালংশাক তৈরী হয়েছে যা তার প্রতিষেধক হতে পারে। নাস্তিকদের সন্নিপাতও বেশ উদ্ভট। যে সমস্ত জিনিসের জন্য মৃত্যুর বিধান আছে, সেগুলির সঙ্গে জন্মের পরস্পরাও প্রতিষ্ঠিত রেখেছে। আর যে সমস্ত জিনিসের সঙ্গে মৃত্যুর সম্পর্ক নেই, সেগুলির সঙ্গে কোনও অনুক্রমই রাখা হয় নি। মানুষ জন্ম নেওয়ার পর যদি তার মৃত্যু না হত, তবে কয়েক বছরের মধ্যে পৃথিবী ধ্বংস হয়ে যেত। এই কারণেই মানুষের সঙ্গে মৃত্যুকে জুড়ে দেওয়া হয়েছে। কিন্তু সূর্য, চাঁদ ও পৃথিবী- এরা নতুনভাবে জন্মও নেয় না আবার ধ্বংসও হয়ে যায় না। এই শৃঙ্খলাও কি কম আশ্চর্যজনক যে পৃথিবী ও সূর্যে যেহেতু অভিকর্ষ বল রয়েছে, তাই তাদেরকে পরস্পর থেকে এতটা দূরত্বে রাখা হয়েছে যাতে সংঘর্ষ না হয়। এই বিষয়গুলি কি একথা প্রমাণ করছে না যে এই সব জিনিষের সৃষ্টিকর্তা তিনিই যিনি কেবল সর্বজ্ঞানীই নন,বরং অসীম জ্ঞানী। তাঁর নিয়ম-কানুন এমন সুশৃঙ্খল যে, সেগুলির মধ্যে কোনও প্রকার স্ববিরোধ নেই, কোনও ত্রুটি নেই। আমার কাছে তো নিজের আঙুল গুলিও তাঁর অস্তিত্বের প্রমাণ বলে মনে হয়। আমাকে যেখানে জ্ঞান দান করা হয়েছে, যদি আমার বাঘের থাবা থাকত, সেগুলি দিয়ে কি আমি লিখতে পারতাম? বাঘকে জ্ঞান দেওয়া হয়নি, তাকে থাবা দেওয়া হয়েছে। আমাকে জ্ঞান দেওয়া হয়েছে আর লেখার জন্য আঙুল দেওয়া হয়েছে।

কোনও একটি সাম্রাজ্যে হাজার হাজার বুদ্ধিজীবি ও চিন্তাবিদ পরিচালন ব্যবস্থাকে ত্রুটিমুক্ত করতে দিবারাত্র মগ্ন থাকে। কিন্তু তবু আমরা দেখি, তাদের দ্বারা এমন সব ভুল সাধিত হয় যা সাম্রাজ্যের প্রভূত ক্ষতি সাধন করে থাকে। এমনকি অনেক সময় তাকে ধ্বংস পর্যন্ত করে দেয়। কিন্তু পৃথিবীর কাণ্ডকারখানা যদি কেবল সন্নিপাতের উপর নির্ভর করে পরিচালিত হয়, তবে হাজার হাজার মস্তিষ্ক যেখানে ভুল করে, সেখানে আশ্চর্য হতে হয় যে এই সন্নিপাত কখনও কোনও ভুল করে না। আসল কথা এই যে, এই ব্রহ্মাণ্ডের একজন স্রষ্টা আছেন, যিনি এই সুবিশাল ও সুবিস্তৃত ব্রহ্মাণ্ডের মালিক এবং প্রতিপত্তির অধিকারী। যদি তিনি না থাকতেন তবে এই ব্যবস্থাপনা দেখা যেত না। এখন যেদিকে পার দৃষ্টি দিয়ে দেখ, কুরআন করীমের উক্তি অনুসারে তোমাদের দৃষ্টি হতাশ ও ব্যর্থ হয়ে ফিরে আসবে আর প্রতিটি জিনিসের মধ্যে একটি সুচারু ব্যবস্থাপনা দেখতে পাবে। পুণ্যবানরা প্রতিদান পাচ্ছে আর পাপাচারীরা শাস্তি পাচ্ছে। প্রতিটি জিনিস নিজের নির্ধারিত কাজ করে চলেছে, এক মুহূর্তের জন্যও বিরাম নিচ্ছে না। এটি ব্যপক বিষয়, কিন্তু আমি এখানেই শেষ করছি। বুদ্ধিমানদের জন্য ইঙ্গিতই যথেষ্ট।

## ষষ্ঠ দলিল

কুরআন শরীফ থেকে জানা যায় যে, আল্লাহ্ তা'লাকে অস্বীকারকারীরা চিরকাল অপদস্ত ও বিফলমনোরথ হয়ে থাকে আর এও প্রমাণ করে যে তারা মিথ্যার উপর রয়েছে। কেননা আল্লাহ্ তা'লা মান্যকারীদেরকে সবসময় বিজয় দান করে থাকেন আর তিনি নিজ বিরুদ্ধবাদীদের উপর বিজয়ী থাকেন। যদি কোনও খোদা না থাকেন,তবে এই সাহায্য ও সমর্থন কোথা থেকে আসে? লক্ষ্য করুন, মূসা সম্পর্কে ফিরাউন বলেছিল -

فَقَالَ اَنَا رَبُّكُمُ الْاَعْلٰى ○ فَاَخَذَهُ اللّٰهُ نَكَالَ الْاٰخِرَةِ وَالْاُوْلٰى ○

*অতঃপর সে বলিল, 'আমি*

*তোমাদের সর্বশ্রেষ্ঠ প্রতিপালক।' সুতরাং আল্লাহ্ তাহাকে পরকাল এবং ইহকালের আযাবে ধৃত করিলেন।*

( আন নাযিয়াত: ২৫-২৬)

অর্থাৎ যখন হযরত মূসা (আ.) তাকে আল্লাহর আনুগত্য করার জন্য বললেন, তখন সে দাম্ভিকতা সহকারে উত্তর দিল, খোদা কেমন আবার, আমিই তো খোদা। কাজেই খোদা তা'লা এই জগতেও এবং পরজগতেও তাকে লাঞ্ছিত করলেন। ফিরাউনের ঘটনা একটি স্পষ্ট প্রমাণ যে, কিভাবে খোদার অস্বীকারকারীরা অপদস্থ ও লাঞ্ছিত হতে থাকে। এছাড়াও পৃথিবীতে কখনও কোনও নাস্তিক কোনও সাম্রাজ্য গড়ে তোলে নি। বরং পৃথিবীতে বিজয়ী এবং দেশের সংস্কারক এবং ইতিহাস সৃষ্টিকারী তারাই, যারা খোদাতে বিশ্বাসী। তাদের লাঞ্ছনা এবং জাতি হিসেবে পৃথিবীর সামনে আত্মপ্রকাশ না করার কি কোনও অর্থ নেই?

## সপ্তম দলিল

আল্লাহ্ তা'লার অস্তিত্বের সপ্তম দলিলটি হল এই যে, আল্লাহতে বিশ্বাস স্থাপনকারীরা, তাঁর উপর ঈমান আনয়নকারীরা সব সময় সফল হয়। আর মানুষের বিরোধীতা সত্ত্বেও তাদের উপর কোনও প্রকার বিপদ আপতিত হয় না। খোদা তা'লার অস্তিত্বের প্রচারক প্রত্যেক দেশে জন্ম নিয়েছেন। তাঁদের যত বিরোধিতা হয়েছে, ততটা আর কারো হয় নি। কিন্তু জগত তাদের কি ক্ষতি করতে পেরেছে? যারা রামচন্দ্রকে বনবাসে পাঠিয়েছিল, তারা কি সুখ লাভ করেছিল? আর রাবণ কোনও সুখ লাভ করেছিল? রামচন্দ্রের নাম কি হাজার হাজার বছরের জন্য অমর হয়ে যায় নি? আর রাবণের নাম চিরতরে কালিমালিপ্ত হল না? আর কৃষ্ণের নির্দেশ প্রত্যাখ্যান করে কৌরবদের কি লাভ হয়েছিল? তারা কি কুরুক্ষেত্র ময়দানে পর্যদুস্থ হয় নি? ফিরাউন বাদশাহ যে কি না বনী ইসরাঈল জাতির লোকদেরকে ইট গাঁথানোর কাজে লাগাত, সে মুসার মত অসহায় মানুষের বিরোধীতা করল, কিন্তু মুসার কি কোনও ক্ষতি করতে পারল? সে সলিল সমাধি নিল আর মূসা সম্রাটের আসনে আসীন হলেন। পৃথিবীর মানুষ হযরত মসীহ (আ.)এর যে বিরোধীতা করেছিল, তাও কারো অজানা নয় আর তাঁর যে উন্নতি হয়েছে, সেটিও দিবালোকের নয় স্পষ্ট। তাঁর শত্রুরা তো ধ্বংস হয়েছেই, তাঁর অনুগামীরা দেশের সম্রাট হয়ে উঠেছেন। আমাদের প্রভুও পৃথিবীতে সব থেকে বেশি সেই পবিত্র সত্তার নাম প্রচারক ছিলেন। ইউরোপের এক লেখকের মতে,'খোদার জন্য তাঁর উন্মদনা ছিল।' (নাউযুবিল্লাহ) সব সময় খোদার নাম যপতেন। সাতটি জাতি তাঁর বিরোধিতা করেছিল। আপন পর সকলে তাঁর বিরোধিতায় নেমে এসেছিল। কিন্তু পরবর্তীতে তাঁর হাতে কি পৃথিবীর সম্পদ ধরা দেয় নি? যদি খোদা না থাকেন, তবে এই সমর্থন কে করল? এই সব কিছুই যদি কাকতালীয় হত তবে কেউ খোদার ঈশ্বরত্ব প্রমাণের জন্য আবির্ভূত হত আর উল্টো জগতবাসী তাকে লাঞ্ছিত করত। কিন্তু খোদার নাম মহিমামণ্ডিত করার উদ্দেশ্যে যেই দণ্ডায়মান হয়েছে, সে বিশিষ্ট সম্মান ও মর্যাদার আসনে অধিষ্ঠিত হয়েছে। এই কারণেই আল্লাহ্ তা'লা কুরআন মজীদে বলেছেন-

مَنْ يَّتَوَلَّ اللهَ وَرَسُوْلَهٗ وَالَّذِيْنَ
اٰمَنُوْافَاِنَّ حِزْبَ اللهِ هُمُ الْغٰلِبُوْنَ

*এবং যে কেউ আল্লাহ্, তাঁর রসূল এবং মোমেনদের সঙ্গে বন্ধুত্ব করে, (স্মরণ রেখো) এই খোদার মান্যকারীরাই জয়যুক্ত হয়ে থাকে।*

(আল মায়েদা: ৫৭)

## অষ্টম দলিল

কুরআন মজীদে আল্লাহ্ তা'লার তাঁর অস্তিত্বের যে অষ্টম দলিলটি প্রদান করেছেন তা হল তিনি দোয়া কবুল করে থাকেন। মানুষ যখন ভীত ও ব্যকুল হয়ে তাঁর কাছে দোয়া করে, তিনি তখন সেই দোয়া কবুল করেন। আর এটি বিশেষ কোনও যুগের সঙ্গে সম্পৃক্ত নয়, বরং প্রত্যেক যুগে এই দৃশ্য প্রত্যক্ষ করা যায়। আল্লাহ্ তা'লা কুরআন মজীদে

وَاِذَا سَاَلَكَ عِبَادِیْ عَنِّیْ فَاِنِّیْ قَرِیْبٌ ؕ
اُجِیْبُ دَعْوَةَ الدَّاعِ اِذَا دَعَانِ ۙ
فَلْیَسْتَجِیْبُوْا لِیْ وَلْیُؤْمِنُوْا بِیْ لَعَلَّهُمْ
یَرْشُدُوْنَ (سورة بقره:187)

*আমার বান্দারা যখন আমার সম্পর্কে প্রশ্ন করে, তখন তুমি তাদের বলে দাও, আমি রয়েছি তাদের কাছেই। প্রার্থনাকারীর প্রার্থনা শুনি যখন সে আমাকে ডাকে। কাজেই তারও উচিত আমার কথা শোনা এবং আমার উপর ঈমান আনা, যাতে সে হিদায়ত পায়।*

( ইব্রাহিম: ২৮)

এখন যদি কোনও ব্যক্তি বলে, কিভাবে জানা যাবে যে খোদা শোনেন। কিছু কিছু দোয়ার কাজ কাকতালীয়ভাবে সংঘটিত হয়েছে, এমনটি কেনই বা বলা যাবে না? যেমনটি আবার অনেকের হয়ও না। যদি সমস্ত দোয়া কবুল হত তবু কিছু একটা বলা যেত। কিন্তু মাত্র কয়েকজনের দোয়া কবুল হওয়াতে কিভাবে জানা গেল যে এটি সন্নিপাত বা সমাপতন ছিল না, কেউ এটি গ্রহণ করেছে? এর উত্তর হল, দোয়ার গ্রহণীয়তার সঙ্গে একটি নিদর্শন থাকে। যেমনটি হযরত মির্যা গোলাম আহমদ কাদিয়ানী মসীহ মওউদ (আ.) আল্লাহ্ তা'লার অস্তিত্বের স্বপক্ষে প্রমাণ উপস্থাপন করতে গিয়ে বলেছিলেন, কয়েক জন মূমুর্ষু রুগীকে বেছে নিয়ে তাদেরকে দুটি দলে বিতরণ করে নেওয়া হোক। একটি দলের চিকিৎসা ডাক্তার করুক। অপরদিকে আমার ভাগের রুগীদের জন্য আমি দোয়া করব। তার পর দেখ যে কার ভাগের রুগী সুস্থ হয়। এখন বলুন, এই ধরণের পরীক্ষায় কোনও সন্দেহ থাকতে পারে কি? এরপর একজন জলাতঙ্কের রোগী, যার চিকিৎসার জন্য ডাক্তারেরা তৎক্ষণাত অস্বীকার করেছিল এবং লিখে দিয়েছিল যে এর কোনও চিকিৎসা নেই, তার জন্য হযরত মসীহ মওউদ (আ.) দোয়া করেন আর সে সুস্থ হয়ে যায়। অথচ পাগল কুকুরের কামড়ে পাগল হয়ে যাওয়া মানুষ কখনই সুস্থ হয় না। অতএব দোয়ার কবুলীয়াত একথার প্রমাণ যে, কোনও এক সত্তা আছেন, যিনি মানুষের দোয়া শোনেন। আর দোয়ার গ্রহণীয়তা কোনও বিশেষ যুগের সঙ্গে সম্পৃক্ত নয়, প্রত্যেক যুগে এর নমুনা পরিলক্ষিত হয়। যেমনটি অতীতে দোয়া গৃহীত হয়েছে, তদনুরূপ বর্তমানেও হয়ে থাকে।

## নবম দলিল

কুরআন শরীফ থেকে আল্লাহ তা'লার অস্তিত্ব সম্পর্কে যে নবম দলিলটি জানা যায় তা যদিও আমি নয় নম্বরে লিখেছি, কিন্তু বাস্তবে তা অসাধারণ একটি দলিল যা খোদা তা'লার অস্তিত্বকে নিশ্চিতভাবে প্রমাণ করে। আল্লাহ্ তা'লা কুরআন করীমে বলেন-

يُثَبِّتُ اللهُ الَّذِيْنَ اٰمَنُوْا بِالْقَوْلِ
الثَّابِتِ فِي الْحَيٰوةِ الدُّنْيَا وَفِي الْاٰخِرَةِ

*যাহারা ঈমান আনিয়াছে, আল্লাহ্ এই স্থায়ী বাক্য দ্বারা তাহাদিগকে ইহজগতে স্থায়িত্ব দান করেন এবং পরজগতেও।*

( ইব্রাহিম: ২৮)

অতএব প্রত্যেক যুগেই আল্লাহ্ তা'লা যেহেতু তাঁর বন্ধু বান্দাদের সঙ্গে বার্তালাপ করেন, সেক্ষেত্রে এটা কিভাবে অস্বীকার করা যেতে পারে? আর কেবল যে আম্বিয়া ও রসূলদের সঙ্গেই বার্তালাপ করেন তা নয়, বরং আওলিয়াদের সঙ্গেও কথা বলেন আর অনেক সময় এমন নিরীহ ব্যক্তির উপর তিনি করুণাবশত তাকে আশ্বস্ত করতে তার সঙ্গে কথা বলেন। এই অধমের সঙ্গেও তিনি কথা বলেছেন এবং নিজের অস্তিত্বের প্রমাণ দিয়েছেন। শুধু তাই নয়, অনেক সময় তিনি যুক্তি প্রমাণের দ্বার রুদ্ধ করতে অত্যন্ত নোংরা প্রবৃত্তির মানুষের সঙ্গেও কথা বলেন। অনেক সময় তিনি মেথর, চামারদেরকে পর্যন্ত সত্য স্বপ্ন এবং ইলহাম দান করেন। আর সেগুলি যে কোন অতিপ্রাকৃত সত্তার পক্ষ থেকে তা এর থেকে প্রমাণ হয় যে, অনেক সময় তাদের উপর অদৃষ্টের সংবাদ উন্মোচিত হয়, যেগুলি যথাসময়ে পূর্ণ হয়ে প্রমাণ করে দেয় যে তা মানুষের বিবেক-বুদ্ধি প্রসূত কিম্বা পরিপাক জনিত গণ্ডগোলের কারণে ছিল না। আর অনেক সময় শত শত বছরের পূর্বের সংবাদ বলে দেওয়া হয় যাতে কেউ একথা না বলতে পারে যে, বর্তমান ঘটনা স্বপ্নে সামনে এসেছে আর তা কাকতলীয়ভাবে পূর্ণও হয়ে গেছে। সুতরাং খৃষ্টান জাতির যে সব উন্নতি দেখে জগতবাসী এখন

আশ্চর্য হচ্ছে, সেগুলি তওরাত ও কুরআন করীমে পূর্বেই বর্ণিত হয়েছিল, স্পষ্ট বাক্যে বিস্তারিতভাবে তা বর্ণিত হয়েছে। এমনকি সেই সকল ঘটনার উল্লেখও রয়েছে, যেগুলি ভবিষ্যতে ঘটবে। যেমন, إِذَا الْعِشَارُ عُطِّلَتْ (তাকবীর:৫) অর্থাৎ এমন এক সময় আসবে, যখন উট পরিত্যক্ত হয়ে পড়বে। মুসলিমের হাদীসে এর বিস্তারিত বিবরণ রয়েছে।

وَلَيُتْرَكَنَّ الْقِلَاصُ فَلَا يُسْعٰى عَلَيْهَا

অর্থাৎ উটের দ্বারা কাজ নেওয়া হবে না। বর্তমান যুগে রেলগাড়ি আবিষ্কারের মাধ্যমে এই ভবিষ্যদ্বাণী পূর্ণ হয়েছে। রেলগাড়ি সম্পর্কে আঁ হযরত (সা.)-এর বাণীতে এমন এমন ইঙ্গিত পাওয়া যায় যেগুলি থেকে রেলগাড়ির চিত্র চোখের সামনে ভেসে ওঠে আর দৃঢ় বিশ্বাস জন্মে যে, নবীর বাণীতেও বাহনের ধারণা পাওয়া যেত যা জলীয়বাষ্প দ্বারা চালিত হবে, যার সম্মুখভাগে ধুঁয়ার পাহাড় থাকবে আর বাহন হিসেবে সেটি গর্দভসদৃশ হবে আর চলার পথে একটি শব্দ করবে, ইত্যাদি ইত্যাদি।

২ ) إِذَا الصُّحُفُ نُشِرَتْ (আততাকবীর: ১১) অর্থাৎ বইপুস্তক ও পত্র-পত্রিকা ব্যাপকহারে প্রকাশিত হবে। বর্তমান যুগে ছাপাখানা আবিষ্কারের ফলে বইপুস্তক যেমন ব্যাপকভাবে প্রকাশিত হয়েছে, তা আর বলার অপেক্ষা রাখে না।

৩) إِذَا النُّفُوسُ زُوِّجَتْ (আত্তকবীর: ৮) মানুষের মধ্যে পারস্পরিক সম্পর্ক ও যোগাযোগ বৃদ্ধির উপকরণ এতটাই সহজলভ্য হয়ে উঠবে যে, বর্তমান যুগের থেকে অধিক তা কল্পনা করা যায় না।

৪) تَرْجُفُ الرَّاجِفَةُ تَتْبَعُهَا الرَّادِفَةُ *কম্পনশীল পৃথিবী কম্পমান হইবে, (এবং আর একটি পশ্চাদবর্তী (কম্পন) উহার অনুসরণ করিবে।* (নাযিয়াত: ৬)

আর এই যুগটি এদিক থেকে বিশিষ্ট।

৫- وَإِنْ مِّنْ قَرْيَةٍ إِلَّا نَحْنُ مُهْلِكُوهَا قَبْلَ يَوْمِ الْقِيٰمَةِ أَوْ مُعَذِّبُوهَا

*এবং কোন জনপদ নাই যাহাকে আমরা কিয়ামত দিবসের পূর্বেই ধ্বংস করিব না অথবা উহাকে কঠোর আযাব দিব না।*

(বনী ইসরাইল: ৫৯)

এই যুগেই প্লেগ, ভূমিকম্প, প্রাকৃতিক দুর্যোগ, আগ্নেয়গিরির বিস্ফোরণ এবং নিজেদের মধ্যে যুদ্ধবিগ্রহে মানুষ নিহত হচ্ছে আর এই যুগে মৃত্যুর এতগুলি কারণ একত্রিত হয়েছে এবং তা এমন তীব্র আকারে, সামগ্রিকভাবে যার নজির অতীতের কোনও যুগে পাওয়া যায় না।

এছাড়াও ইসলাম এমন এক ধর্ম, যার প্রত্যেক শতাব্দীতে এর মান্যকারীদের মধ্যে এমন মানুষ জন্ম নিতে থাকে যারা ঐশী ইলহামে ধন্য হয়ে থাকেন এবং অলৌকিক নিদর্শন প্রকাশের মাধ্যমে জানিয়ে দেন যে আমাদের কল্পনাশক্তির উর্দ্ধে সর্বশক্তিমান এক সত্তা আছেন। এই যুগের প্রত্যাদিষ্ট পুরুষের উপর অত্যন্ত অসহায় এবং অজ্ঞাত পরিচয় অবস্থায় খোদা তালা ওহী নাযেল করেন।

يَأْتِيكَ مِنْ كُلِّ فَجٍّ عَمِيقٍ

يَنْصُرُكَ رِجَالٌ نُّوْحِيْ إِلَيْهِمْ مِّنَ السَّمَاءِ وَلَا تُصَعِّرْ لِخَلْقِ اللّٰهِ وَلَا تَسْئَمْ مِنَ النَّاسِ

(বারাহীনে আহমদীয়া, রূহানী খাযায়েন, ১ম খণ্ড,পৃ: ২৬৭)

সকল পথ দিয়ে মানুষ তোমার কাছে আসবে আর এমন বিপুলহারে আসবে যে রাস্তা গর্তবহুল হয়ে পড়বে। সেই সমস্ত মানুষ তোমার সাহায্য করবে যাদের মনে আমি প্রেরণার সঞ্চার করব। কিন্তু তুমি তাদের সঙ্গে সাক্ষাত করতে করতে ক্লান্ত হয়ে গেলেও তাদের প্রতি দুর্ব্যবহার করবে না।' এক গ্রামের বাসিন্দা, যার নাম সভ্যজগত কখনও শোনেনি, সে কিনা এই ঘোষণা করছে। এরপর চরম বিরোধীতা ও বাধাবিপত্তি সত্ত্বেও জগতবাসী দেখল যে আমেরিকা থেকে আফ্রিকা সমস্ত এলাকা থেকে লোকেরা এখানে উপস্থিত হচ্ছে আর এত সংখ্যক মানুষের সঙ্গে করমর্দন করা, সাক্ষাত করা সাধারণ মানুষের কাজ নয়, একটি বিরাট সংখ্যক মানুষ নিজেদের প্রিয় দেশ ও ঘরবাড়ি ছেড়ে এখানে বসবাস করতে আরম্ভ করে আর কাদিয়ানের নাম সমগ্র বিশ্বে বিখ্যাত হয়ে যায়। এটি কি কোনও সাধারণ বিষয় কিম্বা এমন নিদর্শন যাকে সাধারণ দৃষ্টিতে অবহেলা করা যেতে পারে?

দ্বিতীয়ত খৃষ্টানদের মধ্য থেকে ডুই আমেরিকায় নবুয়তের দাবী করে আর নিজের এই অপবিত্র কথাবার্তা প্রকাশ করে, 'আমি খোদার কাছে দোয়া করছি, সেই দিন অচিরেই আসবে যেদিন পৃথিবী থেকে ইসলাম মুছে যাবে। হে খোদা! তুমি এমনটি কর। হে খোদা ইসলামকে ধ্বংস কর।' হযরত মসীহ মওউদ (আ.)ই তার বিরুদ্ধে ইশতেহার প্রকাশ করে বলেন, 'হে সেই ব্যক্তি যে নিজেকে নবী হিসেবে দাবি কর, এস আমার সঙ্গে মোবাহালা কর। আমাদের মোকাবালা দোয়ার মাধ্যমে হবে। আমরা উভয়ে খোদার কাছে দোয়া করব যে, আমাদের মাঝে যে মিথ্যাবাদী সে যেন প্রথমে ধ্বংস হয়।

(টেলিগ্রাফ, ৫ জুলাই, ১৯০৩) কিন্তু সে দাম্ভিকতাসহকারে উত্তর দিল, তোমরা কি মনে কর, আমি সেই সব মশা-মাছির কথার উত্তর দিব, যাকে চাইলে আমি পিষে মেরে ফেলতে পারি। (ডুই-এর পত্রিকা, ডিসেম্বর, ১৯০৩) কিন্তু হুযুর (আ.) বলেছিলেন আর ২৩ শে আগস্ট, ১৯০৩ এর সেই ইশতেহারেই প্রকাশ করেছিলেন যে যদি ডুই মোকাবেলা থেকে পলায়ন করে,তবুই জেনে রেখো, তার সাহইয়ুন শহরে অচিরেই বিপদ আসতে চলেছে। হে খোদা হে কামেল খোদা! এই সিদ্ধান্ত শীঘ্রই প্রকাশ কর আর ডুই -এর মিথ্যা মানুষের কাছে প্রকাশ করে দাও।' এরপর দেখুন কি হল! যে রাজপুত্রের মত জীবন অতিবাহিত করছিল, যার কাছে সাত কোটি নগদ ছিল, তার স্ত্রী এবং পুত্র তার শত্রু হয়ে যায়। তার পিতা ইশতেহার দিয়ে জানায় যে সে এক জারজ সন্তান। অবশেষে সে পক্ষাঘাতগ্রস্ত হয় আর দুঃখের ভারে উন্মাদ হয়ে যায়। অবশেষে ১৯০৭ সালের মার্চ মাসে নিজের অতৃপ্ত বাসনা ও অশেষ দুঃখ নিয়ে প্রাণ ত্যাগ করে খোদার অস্তিত্বের উপর সাক্ষ্য দান করে যায়। আর যেমনটি খোদা তাঁর প্রত্যাদিষ্ট পুরুষকে পূর্বেই সংবাদ দিয়েছিলেন আর হযরত মসীহ মওউদ (আ.) ১৯০৭ সালের ২০ শে ফেব্রুয়ারীর ইশতেহারে প্রকাশ করেছিলেন। খোদা বলেছিলেন, 'আমি একটি জীবন্ত নিদর্শন প্রকাশ করব যাতে মহান বিজয় হবে আর তা সমগ্র বিশ্বের জন্য একটি নিদর্শন হবে। ' এটি খৃষ্টানজগত, নতুন ও পুরাতন উভয় জগতের উপর হুযুর (আ.) এর বিজয় ছিল।

তৃতীয়ত এদেশে আর্যদের দাপট রয়েছে। তাদের নেতা ছিল লেখরাম। ১৩১১ হিজরির সফর মাসে প্রকাশিত কিরামাতুস সাদেকীন পুস্তিকায় এই ভবিষ্যদ্বাণী লিপিবদ্ধ করেন যে লেখরাম সম্পর্কে খোদা তা'লা আমার দোয়া কবুল করে আমাকে জানিয়েছেন যে সে ছয় বছরের মধ্যে ধ্বংস হবে। তার অপরাধ, সে খোদার নবী (সা.) কে গালি দিত আর তাঁকে অকথ্য ভাষায় আক্রমণ করত। ১৮৯৩ সালের ২২ শে ফেব্রুয়ারীর ইশতেহারে তার মৃত্যুর দশাও বর্ণনা করে দেওয়া হয়

عِجْلٌ جَسَدٌ لَّهٗ خُوَارٌ لَهٗ نَصَبٌ وَّعَذَابٌ

অর্থাৎ লেখরাম নিষ্প্রাণ বাছুর যার মধ্যে কেবল একটি শব্দ আছে, কোন আধ্যাত্মিকতা নেই। এর কারণে তাকে শাস্তি দেওয়া হবে যা 'সামরী' গোবৎসকে দেওয়া হয়েছিল। সকলেই জানে যে গোবৎস সামরীকে টুকরো টুকরো করা হয়েছিল, অতঃপর আগুনে পোড়ানো হয়েছিল এবং নদীতে ভাসিয়ে দেওয়া হয়েছিল। এরপর ১৮৯৩ সালে ২রা এপ্রিল তিনি একটি দিব্যদর্শনে দেখেন। (বরকাতুদ দোয়া, টিকা, রূহানী খাযায়েন, খণ্ড-৬, পৃ: ৩৩ দ্রষ্টব্য) একজন ভীতি-উদ্দীপক-দৃষ্টিধারী বৃহদাকৃতির মানুষ উপস্থিত হল, সে এক অদ্ভুত আকৃতির ও অদ্ভুত প্রকৃতির জীব। তাকে মানুষ মনে হল হল না বরং সাংঘাতিক কঠোর ও কঠিন ফিরিশতা বলে মনে হল। যে তাঁকে জিজ্ঞাসা করছে, লেখরাম কোথায়? এরপর কিরামাতুস সাদেকীন এর এই পঙক্তি দ্বারা নির্দিষ্ট দিনও বলে দেন।

وَبَشَّرَنِيْ رَبِّيْ وَقَالَ مُبَشِّرًا سَتَعْرِفُ يَوْمَ الْعِيْدِ وَالْعِيْدُ اَقْرَبُ

শেষাংশ ২৭ পাতায়

# কুরআন মজীদ, আঁ হযরত (সা.)-এর হাদীস এবং হযরত মসীহ মওউদ (আ.)-এর উদ্ধৃতির আলোকে আল্লাহ্ তা'লার গুণাবলী।

মূল (উর্দু) : মামুন রশীদ তাবরেজ

আল্লাহ্ তা'লা স্বীয় গুণাবলীর পরিচয় কুরআন করীমেই দিয়ে রেখেছেন। তিনি বলেন-

وَلِلّٰهِ الْاَسْمَآءُ الْحُسْنٰى فَادْعُوْهُ بِهَا ۖ وَذَرُوا الَّذِيْنَ يُلْحِدُوْنَ فِيْٓ اَسْمَآئِهٖ ۚ سَيُجْزَوْنَ مَا كَانُوْا يَعْمَلُوْنَ (الاعراف:181)

***অর্থ: এবং সকল উত্তম নামসমূহ আল্লাহ্‌রই জন্য। সুতরাং তোমরা এইগুলি দ্বারা তাঁহাকে ডাক। এবং যাহারা তাঁহার নামসমূহের ব্যাপারে সঠিক পথ হইতে ভ্রষ্ট, তাহাদিগকে পরিত্যাগ কর। তাহারা যে কর্ম করে অচিরেই তাহাদিগকে উহার প্রতিফল দেওয়া হইবে।***

(আল আরাফ-১৮১)

খোদা তা'লা তাঁর গুণবাচক নামগুলি সম্পর্কে মানুষকে এই কারণে অবগত করেছেন যাতে মানুষ নিজেও এই সমস্ত গুণাবলীকে নিজের মধ্যে ধারণ করে। হাদীসে বর্ণিত হয়েছে যে আল্লাহ্ তা'লার নিরানব্বইটি গুণবাচক নাম আছে। যে ব্যক্তি নিজের জীবনে এগুলির প্রতিফলন ঘটায়, এবং এর বিকাশস্থল হওয়ার চেষ্টা করে, সে জান্নাতে প্রবেশ করবে। নিম্নে সেই গুণবাচক নামগুলি সংক্ষেপে বর্ণনা করা হল।

১) আর রহমান: কুরআন করীমের প্রথম আয়াত 'বিসমিল্লাহির রহমানির রাহীম'-এ এটি উল্লেখিত হয়েছে। রহমান গুণ এমন এক গুণ যা থেকে প্রকাশ পায় যে খোদা তা'লা অযাচিতভাবে মানুষকে অনেক কিছু দান করেন, আর তা নিঃশর্তভাবে। যেমন পানি, আলো, বাতাস ইত্যাদি উপকরণ যেগুলি মানুষের উপকারার্থে সকলের জন্য সমানভাবে তিনি সৃষ্টি করেছেন। রহমান গুণের অধীনে তিনি জাতি বর্ণ নির্বিশেষে সৃষ্টিজগতের কল্যাণ সাধন করে চলেছেন।

২) আর রহীম: এরপর প্রথম আয়াতেই আর-রহীম গুণের উল্লেখ পাওয়া যায়, যার অর্থ পুণ্যকর্মকে বিফলে যেতে না দিয়ে সৃষ্টিকে তিনি স্বীয় পুণ্যপ্রতিদানে ধন্য করেন।

৩) আল মালিক:মালিক গুণটি দ্বারা সমগ্র বিশ্বের প্রতিটি বস্তুর উপর খোদা তা'লার পরিপূর্ণ সত্ত্ব বা অধিকারের বহিঃপ্রকাশ হয়। এছাড়া প্রতিটি বস্তুর সৃষ্টি এবং এর স্থায়ীত্বের উপরও তাঁর কর্তৃত্ব প্রতিষ্ঠিত হয়।

৪) আল কুদ্দুস: এমন সব উপকরণ এবং দোষক্রটি থেকে মুক্ত, যেগুলিকে মানুষ অনুভব করতে পারে কিম্বা কল্পনা করতে পারে বা হৃদয় দ্বারা উপলব্ধি করতে পারে।

৫) আসসালাম: যাবতীয় প্রকারের ক্ষয়ক্ষতি থেকে নিরাপদ। নিরাপত্তার উৎস এবং শান্তিদাতা।

বস্তুত 'সালামা' একটি ধাতু যার অর্থ নিরাপত্তা। কিন্তু আল্লাহ্ তা'লার নামের ক্ষেত্রে এটি 'সালিম' এর অর্থে ব্যবহৃত হয়। অর্থাৎ সেই পবিত্র সত্তা যিনি যাবতীয় প্রকারের দোষক্রটি ও ক্ষয়ক্ষতি থেকে নিরাপদ।

৬) আলমোমেন: নিজ প্রতিশ্রুতি পালনে নিষ্ঠ। নিজের শাস্তি, যাবতীয় দুঃখ-কষ্ট এবং বিপদাপদ থেকে পরিত্রাতা। নিজ সার্বভৌমত্ব ও একত্বের উপর প্রমাণ প্রতিষ্ঠাকারী। সমস্ত সত্যকে স্বীকারকারী।

৭-আল মোহাইমেন: সকলের কর্মের সংরক্ষক, পরিজ্ঞাত এবং সাক্ষী।

৮-আল আযীয: অনন্য, সকলের উপর জয়যুক্ত। প্রতিটি বিন্দুর উপর আধিপত্য স্থাপনকারী। সম্মানদাতা, যাঁর সমক্ষে কোনও কিছুই অসম্ভব নয়। যাঁর শক্তি ও মহিমায় কোনও ক্রটি নেই।

৯-আলজাব্বার: প্রতিবিধায়ক, মানব ক্রটিবিচ্যুতির সংশোধনের উপকরণ সৃষ্টিকারী এবং মহাপ্রতাপশালী।

বস্তুত 'জাব্বার' শব্দের পরম অর্থটি প্রকাশ করে, যা 'জাবার' ধাতু থেকে উদ্ভূত। 'জাবার' এর অর্থ ভেঙে যাওয়া বস্তুকে জোড়া লাগানো আর কারো অবস্থার সংশোধন করা। আর কাউকে প্রভাব ও শক্তির বলে কানও কাজ করতে প্রণোদনা দেওয়া।

১০-আল মুতাকাব্বির: সমস্ত সৃষ্টিজগতের দোষক্রটি এবং গুণাবলীর তিনি উর্ধ্বে। ছোট বড় সমস্ত রকমের শিরক থেকে তিনি পবিত্র, তিনি এগুলির উর্ধ্বে। শ্রেষ্ঠত্বের পরাকাষ্ঠা এবং সম্মানের অধিকারী ও যোগ্য, তিনি গরিয়ান।

১১) আল খালিক: প্রতিটি বস্তুর পরিপূর্ণ প্রজ্ঞাসহকারে তিনিই আদি-সুনিপুণ সৃষ্টিকর্তা। এই বিশ্বে বিদ্যমান প্রতিটি বস্তুর তিনিই সৃষ্টিকর্তা।

১২) আল বারি: প্রতিটি বস্তুর উৎকৃষ্ট নির্যাস পৃথককারী। অনস্তিত্ব থেকে অস্তিত্বদানকারী।

১৩) আল মুসাব্বের: সৃষ্টিকে সর্বোত্তম আকৃতিদাতা।

আরবী ভিন্ন অন্যান্য ভাষায় ব্যাপ্তির ঘাটতি থাকায় 'খালিক', 'বারি' এবং 'মুসাউবির'- এর অর্থগুলি সমার্থক হিসেবে প্রতিভাত হয় আর তিনটি শব্দেরই অর্থ দাঁড়ায় সৃষ্টিকর্তা। কিন্তু বস্তুত এই নামগুলি সৃষ্টির তিনটি বিভিন্ন অবস্থা বা পর্যায়ের বহিঃপ্রকাশ। যেমন, 'খালাকা' শব্দ তখন ব্যবহৃত হয়, যখন অস্তিত্বলাভের পূর্বেই তার একটি ধারণা করা হয়। 'বারি' ব্যবহৃত হয় কারুকার্যের মাধ্যমে কোনও সৃষ্টিকে আরও সুন্দররূপে গড়ে তোলার অর্থে, যেটি সৃষ্টির দ্বিতীয় ধাপ। আর 'মুসাউবির' ব্যবহৃত হয় চূড়ান্ত রূপ দেওয়ার অর্থে। অর্থাৎ আকৃতি বা গঠন দেওয়ার অর্থ প্রকাশ করে।

৫-১২ নং পর্যন্ত ঐশীগুণাবলীর উল্লেখ কুরআন শরীফের সূরা হাশরের শেষভাগে করা হয়েছে।

هُوَاللّٰهُ الَّذِىْ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۚ اَلْمَلِكُ الْقُدُّوْسُ السَّلٰمُ الْمُؤْمِنُ الْمُهَيْمِنُ الْعَزِيْزُ الْجَبَّارُ الْمُتَكَبِّرُ ؕ سُبْحٰنَ اللّٰهِ عَمَّا يُشْرِكُوْنَ○ هُوَاللّٰهُ الْخَالِقُ الْبَارِئُ الْمُصَوِّرُ لَهُ الْاَسْمَآءُ الْحُسْنٰى ؕ يُسَبِّحُ لَهٗ مَا فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۚ وَهُوَالْعَزِيْزُ الْحَكِيْمُ○(الحشر:24-23)

১৪) আলগাফ্‌ফার: অতীব ক্ষমাশীল। পাপকে আচ্ছাদনকারী, গোপনকারী।

কুরআন শরীফে বর্ণিত হয়েছে-

رَبُّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا الْعَزِيْزُ الْغَفَّارُ (ص:67)

***তিনি আকাশসমূহ ও পৃথিবী এবং এতদুভয়ের মধ্যে যাহা কিছু আছে সব কিছুর প্রতিপালক, যিনি মহা পরাক্রমশালী, অতীব ক্ষমাশীল।***

অনুবাদ: ( সা দ:৬৭)

১৫) আল কাহহার: পরিপূর্ণ আধিপত্যের অধিকারী। তত্ত্বাবধায়ক।

'কাহার' শব্দের অর্থ আরবীতে শক্তি ও আধিপত্য। কাহের অর্থ বিজয়ী এবং শক্তিশালী। কাহির শব্দটি আল্লাহ্ তা'লার গুণবাচক নাম, অর্থাৎ যিনি সকলের উপর বিজয়ী। 'আল কাহহার' হল 'কাহির' এর চূড়ান্ত অর্থ বা রূপ। কুরআন করীম স্বয়ং 'কাহির'এর অর্থ করেছে।

يٰصَاحِبَىِ السِّجْنِ ءَ اَرْبَابٌ مُّتَفَرِّقُوْنَ خَيْرٌ اَمِ اللّٰهُ الْوَاحِدُ الْقَهَّارُ

***হে আমার কারাবাসী সঙ্গীদ্বয়! পরস্পর বিরোধী বহু সংখ্যক প্রভু উত্তম না প্রবল পরাক্রান্ত এক আল্লাহ্ উত্তম?***

(ইউসুফ:৪০)

১৬) আল ওয়াহহাব: দানকারী। দানকারীকে ওয়াহাব এবং হেবা বলা হয়। 'ওয়াহহাব ' পরম অর্থে। অর্থাৎ পরম দানশীল এবং স্থায়ী দাতা। কুরআন শরীফে ওয়াহ্‌হাব গুণটির উল্লেখ এভাবে হয়েছে-

رَبَّنَا لَا تُزِغْ قُلُوْبَنَا بَعْدَ اِذْ هَدَيْتَنَا وَهَبْ لَنَا مِنْ لَّدُنْكَ رَحْمَةً ۚ اِنَّكَ اَنْتَ الْوَهَّابُ (آل عمران:9)

***হে আমাদের প্রভু! তুমি আমাদিগকে হেদায়াত দেওয়ার পর আমাদের হৃদয়কে বক্র হইতে দিও না এবং তোমার নিকট হইতে আমাদিগকে রহমত দান কর, নিশ্চয় তুমি মহানদাতা।***

(আলে ইমরান: ৯)

১৭- আর রাযযাক: সৃষ্টিজগতের পরম জীবিকাদাতা।

এটি রাজিক গুণের চরমাবস্থাকে নির্দেশ করে। অর্থাৎ খোদা তা'লা সমগ্র সৃষ্টিজগতের জন্য উপযুক্ত এবং প্রজ্ঞানুসারে জীবিকার বিধান করেন। জীবিকা দুই প্রকারের। মহসুস এবং মাকুল। এই গুণবাচক নামটির ভাবার্থ কুরআন করীমের একাধিক স্থানে বর্ণিত হয়েছে। কিন্তু 'রাজ্জাক' একটি স্থানেই ব্যবহৃত হয়েছে।

إِنَّ اللهَ هُوَ الرَّزَّاقُ ذُو الْقُوَّةِ الْمَتِينُ

*নিশ্চয় আল্লাহ্ তিনি, যিনি পরম রিযকদাতা, শক্তির অধিকারী, সুদৃঢ়।* (আয যারিয়াত: ৫৯)

১৮) আল ফাত্তাহ: সমস্যা নিবারণকারী। বান্দাকে আদেশকারী।

ফাতাহা শব্দের অর্থ খোলা এবং আদেশ করা। কুরআন করীমে এই গুণবাচক নামটি বর্ণনা হয়েছে সূরা সাবায়।

ثُمَّ يَفْتَحُ بَيْنَنَا بِالْحَقِّ وَهُوَ الْفَتَّاحُ الْعَلِيمُ (سبا:27)

*অনুবাদ: অতঃপর তিনি সত্য ও ন্যায়ের সহিত আমাদের উভয়ের মধ্যে ফয়সালা করিবেন; বস্তুত তিনি সর্বাপেক্ষা উত্তম ফয়সালাকারী, সর্বজ্ঞানী।*

(সাবা: ২৭)

১৯- আল আলীম: পরম জ্ঞানী।

আলীম হল আলিম এর চূড়ান্ত অর্থ প্রকাশক। অর্থাৎ আল্লাহ্ তা'লা প্রকাশিত ও গোপন বিষয় পরিজ্ঞাত আর তিনি সেই সব বিষয়েও জ্ঞান রাখেন যা এখনও অন্তরে সৃষ্টিও হয় নি। উপরোক্ত আয়াতে এর উল্লেখ হয়েছে।

২০- আল কাবিয: মানুষের জীবিকা রোধকারী।

২১- আল বাসিত: মানুষের রিযক বৃদ্ধিকারী, স্বাচ্ছন্দ্য সৃষ্টিকারী।

এই গুণদুটি পরস্পরের বিপরীত অর্থ হিসেবে ব্যবহৃত হয়। রোধকারী এবং স্বাচ্ছন্দ্য সৃষ্টিকারীর এটিও অর্থ যে, আল্লাহ্ তা'লা স্বয়ং তা রধ করেন এবং বাসাত গুণের অধীনে বিস্তৃতও করেন , দুটিই তাঁর আয়ত্বে। এই উভয় গুণের জন্য কুরআন মজীদে বলা হয়েছে-

وَاللهُ يَقْبِضُ وَيَبْسُطُ وَ إِلَيْهِ تُرْجَعُوْنَ

*অনুবাদ: এবং আল্লাহ্ ধন-সম্পদ গ্রহণ করেন এবং বাড়াইয়া থাকেন, এবং তোমাদিগকে তাঁহারই দিকে প্রত্যাবর্তিত করা হইবে। (আল বাকারা: ২৪৬)*

২২) আল খাফিজ: অবাধ্যদের পরাস্তকারী। এবং মৃত্যুর পরে তাদের রফা বা উন্নীত করতে অস্বীকারকারী।

২৩) আর রাফি: আনুগত্যকারীদের মর্যাদা বৃদ্ধিকারী এবং মৃত্যুর পর তাদের উন্নীতকারী।

এই দুটি গুণবাচক নামের অর্থ খোদা তাঁর আনুগত্যকারীদেরকে পৃথিবীতে স্বীয় নৈকট্যের সম্পদে ধন্য করেন এবং মৃত্যুর পর তাদের রাফা তথা আধ্যাত্মিক মর্যাদা বৃদ্ধি হয়, অস্বীকারকারী এবং অবাধ্যদের বিপরীতে, যাদের রাফা হয় না। কুরআন করীমে হযরত ঈসা (আ.) এর সম্পর্কে বলা হয়েছে -

يٰعِيسٰى إِنِّي مُتَوَفِّيكَ وَرَافِعُكَ إِلَيَّ

অর্থাৎ হে ঈসা! নিশ্চয় আমি তোমাকে মৃত্যু দিব এবং আমার দিকে তোমাকে উন্নীত করিব।

(আলে ইমরান: ৫৬)

২৪-আল মুয়িজ্জ: সম্মানদাতা।

২৫- আল মুযিল্ল: লাঞ্ছণাদাতা:

আল্লাহ্ তা'লা পৃথিবীতে শক্তি, সম্মান, জান্নাতের নেয়ামত দান করে যাকে চান সম্মান দান করেন। আর যাকে চান লাঞ্ছিত করেন। এই গুণদুটি কুরআন করীমে এভাবে বর্ণিত হয়েছে।

وَتُعِزُّ مَنْ تَشَاءُ وَتُذِلُّ مَنْ تَشَاءُ

*অনুবাদ: তুমি যাকে চাও সম্মান দান কর আর যাকে চাও লাঞ্ছিত কর। (আলে* ইমরান: ২৭)

২৬- আস সামী: সর্বশ্রোতা, যিনি সকলের শোনেন, দোয়া গ্রহণ করেন।

কুরআন করীমে হযরত ইব্রাহিম (আ.) এর দোয়া-

رَبَّنَا تَقَبَّلْ مِنَّا إِنَّكَ أَنْتَ السَّمِيعُ الْعَلِيمُ

*অনুবাদ: আমাদের নিকট হইতে (এই সেবা) গ্রহণ কর, নিশ্চয় তুমিই সর্বশ্রোতা, সর্বজ্ঞানী।*

(আল বাকারা: ১২৮)

২৭- আলবাসীর: সর্বদ্রষ্টা, গভীর দৃষ্টিসম্পন্ন।

এই বিশেষ্যটিও কুরআন করীমে একাধিক স্থানে ব্যবহৃত হয়েছে। আল্লাহ্ তা'লা বলেন-

'ওয়াল্লাহু বাসীরুম বিল ইবাদ'

*অনুবাদ: এবং আল্লাহ্ (তাঁহার) বান্দাগণ সম্বন্ধে সর্বদ্রষ্টা।*

(আলে ইমরান: ১৬)

২৮) আল হাকাম: সৃষ্টির বিচারক। সঠিক সিদ্ধান্ত প্রদানকারী।

সূরা রা'দ-এ বর্ণিত হয়েছে-

وَاللهُ يَحْكُمُ لَا مُعَقِّبَ لِحُكْمِهِ

*অনুবাদ: অর্থাৎ আল্লাহ্ই সঠিক বিচারক। তাঁর সিদ্ধান্ত অমোঘ।*

২৯) আল আদল: মীমাংসাকারী, যিনি সিদ্ধান্ত প্রদানে অন্যায় করেন না।

৩০) আল লতীফ: সূক্ষ্মাতিসূক্ষ্ম।

৩১) আল খাবীর: সতর্ক, বিচক্ষণ, জ্ঞানী, সচেতন। এই বিশেষণটি সংবাদ বা অবহিতির সঙ্গে সংশ্লিষ্ট। কুরআন মজীদে বলা হয়েছে-

لَا تُدْرِكُهُ الْأَبْصَارُ وَهُوَ يُدْرِكُ الْأَبْصَارَ وَهُوَ اللَّطِيفُ الْخَبِيرُ

*অনুবাদ: দৃষ্টি তাঁহার নাগাল পাইতে পারে না, কিন্তু তিনি দৃষ্টির নাগাল পাইয়া থাকেন। বস্তুত তিনি সূক্ষ্মাতিসূক্ষ্ম, সম্যক অবহিত।*

(আল আনআম: ১০৪)

৩২-আল হালীম: ততকতদ

হালীম তাকে বলা হয় যে ক্রোধের বশবর্তী হয় না আর প্রতিশোধ গ্রহণে ত্বরাপরায়ণ নয়। বরং পরিপূর্ণ শক্তি ও সামর্থ্য থাকা সত্ত্বেও ক্ষমা করে দেওয়াকে অগ্রাধিকার দেয়। আল্লাহ্ তা'লাকে হালীম বলা হয়, কারণ তিনি স্বীয় বান্দাকে শাস্তি প্রদানে ত্বরাপ্রবণ নন।

৩৩- আল আযীম: সম্মান ও শ্রেষ্ঠত্বের অধিকারী।

কুরআন করীমের সূরা বাকারায় এই গুণের বহিঃপ্রকাশ এভাবে দেখতে পাই।

وَسِعَ كُرْسِيُّهُ السَّمٰوٰتِ وَالْأَرْضَ وَلَا يَئُودُهُ حِفْظُهُمَا وَهُوَ الْعَلِيُّ الْعَظِيمُ (البقرة:

*অনুবাদ: তাঁহার জ্ঞান ও শাসনক্ষমতা আকাশ সমূহকে ও পৃথিবীকে পরিবেষ্টন করিয়া রহিয়াছে, উহাদের রক্ষণাবেক্ষণ তাঁহাকে ক্লান্ত করে না, বস্তুত তিনি অতি উচ্চ, মহিমান্বিত।*

(সূরা বাকারা: ২৫৬)

৩৪- আল গফুর: অতীব ক্ষমাশীল, ভুলত্রুটি গোপনকারী, আচ্ছাদনকারী।

গাফফার এবং গফুর দুটিই চরম অবস্থার অর্থ প্রকাশ করে। কিন্তু গফুর এ তা বেশি প্রকট। অর্থাৎ তাঁর ক্ষমা পরিপূর্ণ এবং স্বয়ংসম্পূর্ণ।

৩৫-আশশুকুর: গুণগ্রাহী।

গফুর এবং শাকুর, এই দুটি গুণবাচক নাম একত্রেও ব্যবহৃত হয়েছে। যেমনটি সূরা ফাতির এ বলা হয়েছে- *'এবং তাহারা বলিবে,'সকল প্রশংসা আল্লাহর জন্য, যিনি আমাদের সকল চিন্তা দূর করিয়া দিয়াছেন। নিশ্চয় আমাদের প্রতিপালক অতীব ক্ষমাশীল, পরম গুণগ্রাহী।*

(সূরা ফাতির: ৩৫)

৩৬) আল আলী: অতি উচ্চ।

আল্লাহ্ তা'লা যেহেতু সর্বোচ্চ সম্মানের অধিকারী, সে কারণে তাঁর নাম আল আলি।

৩৭) আল কবীর: সকল সম্মানের যোগ্য, অতীব মহান।

আলীউল কবীর এই দুটি প্রায় একসঙ্গে ব্যবহৃত হয়েছে। কখনও আলীউল আযীম-ও বলা হয়েছে, কখনও আলীউল হাকীম-ও ব্যবহৃত হয়েছে। প্রথমোক্ত উদাহরণটি কুরআনের সূরা সাবায় বর্ণিত হয়েছে।-

*"তাহারা বলিবে, তিনি সত্যই বলিয়াছেন, বস্তুত: তিনি উচ্চ মর্যাদাশালী, অতি মহান।"*

(সূরা সাবা: ২৪)

৩৮) আল হাফীয: সকল বিষয়ের রক্ষণাবেক্ষণকারী।

কুরআন করীমে বর্ণিত হয়েছে-

*নিশ্চয় আমার প্রতিপালক সকল বিষয়ের রক্ষণাবেক্ষণকারী।*

(সূরা হুদ: ৫৮)

৩৯) আল মুকীত: রক্ষণাবেক্ষণকারী, পূর্ণক্ষমতাবান।

মুকিত বিশেষ্যটি 'কুওয়াত' থেকে উদ্ভূত। শক্তি দানের অর্থেও ব্যবহার করা হয় আবার কখনও সাক্ষ্য এবং তত্ত্বাবধান করার

অর্থেও ব্যবহৃত হয়। কুরআন করীমে সূরা নিসায় এই গুণের বহিঃপ্রকাশ এই আয়াতে ঘটেছে।

*" এবং আল্লাহ্ সকল বিষয়ের উপর পূর্ণ ক্ষমতাবান।"*

(সূরা নিশা: ৮৬)

৪০) আল হাসীব: হিসাব গ্রহণকারী। পর্যাপ্ত।

এই বিশেষ্যটি উভয় অর্থেই ব্যবহৃত হয়। একটি অর্থে কোনও বিষয়ের প্রাচুর্যকে বোঝায়। যেমন 'হাসবীস শাইয়ি' অর্থাৎ এই বস্তুটি আমার জন্য যথেষ্ট। কিছু আলেম এর অর্থ করেন মুহাসিব বা হিসাবরক্ষক। সুরা নিসায় বর্ণিত হয়েছে-

*"আল্লাহ্ সকল বিষয়ে হিসাবগ্রহণকারী।"*

(সূরা নিসা: ৮৭)

৪১) আল জালীল: মহাপ্রতাপ, ও সম্মানের অধিকারী।

৪২) আল করীম: পরম দাতা।

করীম বলা হয় সেই সত্তাকে যে শাস্তি দানের শক্তি থাকতেও মার্জনা করে, প্রতিশ্রুতি দিলে তা রক্ষা করে, দান করার সময় অপ্রত্যাশিতভাবে বেশি দান করে, আবেদন করলে তা ফিরিয়ে দেয় না। এটি কখনও সম্মান এবং বদান্যতা প্রকাশের অর্থেও ব্যবহৃত হয়। কুরআন করীমের উদাহরণ:

*"যে অকৃতজ্ঞতা জ্ঞাপন করে, সে জানিয়া রাখুক যে, আমার প্রতিপালক অসীম সম্পদশালী, পরম দাতা।"* (সূরা নমল: ৪১)

৪৩) আর রাকীব: তত্ত্বাবধায়ক, পর্যবেক্ষক।

কুরআন করীমে সূরা নিসায় এই গুণের উল্লেখ হয়েছে।

" নিশ্চয় আল্লাহ্ তোমাদের উপর পর্যবেক্ষণকারী।" (নিসা:২)

৪৪) আল মুজীব: প্রার্থনা স্বীকারকারী, উত্তরদানকারী।

উত্তর দেওয়া এবং প্রার্থনা স্বীকার করাকে আরবী ভাষায় 'ইজাবত' বলা হয়। অর্থাৎ যে ব্যক্তি আল্লাহ্ তা'লাকে সত্য অন্তঃকরণে ডাকে, তিনি তার প্রার্থনার উত্তর দেন, দোয়া কবুল করেন; সেই দোয়া গৃহীত যে কোনভাবে হতে পারে। যেমন কুরআন করীমে বলা হয়েছে-

*"আমার প্রভু সন্নিকটে, (দোয়ার) উত্তরদানকারী।"*

(সূরা হুদ: ৬২)

৪৫- আল ওয়াসে: প্রাচুর্যদাতা।

এই গুণবাচক নামটি 'সাআতুন' থেকে উদ্ভুত। এর অর্থ, বিস্তৃতি ও ব্যপ্তি দেওয়া এবং পরিবেষ্টন করা। কুরআন করীমে এর ব্যবহার হয়েছে প্রজ্ঞা, ক্ষমা, জ্ঞান এবং দয়ার ব্যাপ্তি এবং গভীরতা বোঝাতে।

প্রজ্ঞার ব্যাপ্তি সম্পর্কে বলা হয়েছে-

*" এবং আল্লাহ্ প্রাচুর্যদাতা প্রজ্ঞাময়।" (সূরা নিসা: ১৩১)*

ক্ষমার ব্যপ্তি সম্পর্কে বলা হয়েছে-

*" নিশ্চয় তোমার প্রতিপালক অতীব ক্ষমাশীল।"*

(সূরা নাজাম: ৩৩)

জ্ঞানের ব্যাপ্তি ও গভীরতার অর্থে বলা হয়েছে-

*"নিশ্চয় আল্লাহ্ প্রাচুর্যদানকারী, সর্বজ্ঞানী।* ( আল বাকারা: ১১৬)

দয়া ও অনুগ্রহের ব্যাপ্তি বোঝানো হয়েছে এই আয়াতে-

*"তুমি বলিয়া দাও, 'তোমাদের প্রভু অসীম দয়ার অধিকারী, এবং তাঁহার শাস্তি অপরাধী জাতি হইতে অপসারিত করা যায় না।'*

(আল আনআম: ১৪৮)

৪৬) আল হাকীম: পরম প্রজ্ঞাময়, সকল বিষয়ের নিগূঢ় তত্ত্ব সম্পর্কে সম্যক অবগত।

এই বিশেষ্যটির ব্যুৎপত্তি হয়েছে 'হিকমাত' থেকে। কোনও কাজে উৎকৃষ্ট প্রভাব কার্যকরী হওয়াকে প্রজ্ঞা বা কৌশল বলা হয়। 'হাকীম' বা প্রজ্ঞাময় সেই সত্তাকে বলা হয়, যে বস্তুনিচয়ের নিগূঢ়তত্ব এবং সৃষ্টির সূক্ষ্মাতিসূক্ষ্ম রহস্যাবলী সম্পর্কে সম্যকরূপে অবগত। কুরআন করীমে ফিরিশতাদের কথা এভাবে বর্ণিত হয়েছে-

*" তাহারা বলিল, 'তুমি পবিত্র ও মহান! তুমি আমাদিগকে যাহা শিক্ষা দিয়াছ উহা ব্যতীত আমাদের কোন জ্ঞান নাই; নিশ্চয় তুমি সর্বজ্ঞানী, পরম প্রজ্ঞাময়।*

(আল বাকারা: ৩৩)

৪৭-আল ওদুদ: অতীব ক্ষমাশীল, পুণ্যবানদের সঙ্গে বন্ধুত্ব স্থাপনকারী।

আল ওদুদ পরম অর্থকে নির্দেশ করে, যা 'ফাউলুন' এর ছন্দে আছে। বিদাদ এবং মোয়াদ্দাত, উভয়ে একই অর্থে ব্যবহৃত হয়। কুরআন করীমে আমরা আল্লাহ্ তা'লার এই গুণবাচক নামটির বহিঃপ্রকাশ দেখি সুরা বুরুজে, যেখানে বলা হয়েছে- *'ওয়া হুয়াল গাফুরুল উদুদ'।*

অর্থাৎ তিনি অতীব ক্ষমাশীল, স্নেহশীল।

৪৮- আল মাজীদ: মহা সম্মানিত, শ্রেষ্ঠত্বের অধিকারী।

মজীদ হলেন সেই সত্তা যিনি সৎপরায়ণ, সর্বোত্তম কার্য সম্পদানকারী এবং অতীব দানশীল। এই গুণটি তার এই সব অর্থের নিরিখে 'জামীল, ওয়াহাব এবং করীম-এর সমষ্টি। কুরআন করীমে হযরত ইব্রাহিম (আ.)এর অতিথিদের ভাষ্য উল্লেখিত আছে।

*অর্থ: তাহারা বলিল, 'তুমি কি আল্লাহ্‌র কথায় আশ্চর্যান্বিত হইতেছ? হে এই গৃহের অধিবাসীগণ! আল্লাহ্‌র রহমত, বরকতসমূহ তোমাদের উপর (সদা বর্ষিত হইতেছে), নিশ্চয়, তিনি মহা প্রশংসিত, মর্যাদাবান।*

(সূরা হুদ: ৭৪)

৪৯-আল বায়িস: মৃত্যুর পর নবজীবনদানকারী, পৃথিবীতে আধ্যাত্মিক মৃত্যুর সময় প্রাণ সঞ্চারকারী, রসুল প্রেরণকারী, নিদ্রিতকে জাগ্রতকারী।

কুরআন করীমে আল্লাহ্ বলেন,

هُوَ الَّذِي بَعَثَ فِي الْأُمِّيِّينَ رَسُولًا

*অর্থাৎ, তিনিই উম্মীদের মধ্যে তাহাদের মধ্য হইতে এক রসূল আবির্ভূত করিয়াছেন।*

(সূরা জুমআ: ৩)

৫০- আশ্‌শাহীদ: সর্বব্যাপী ও পর্যবেক্ষক, সাক্ষী ও তত্ত্বাবধায়ক।

'শাহুদ কিম্বা শাহাদত' থেকে এই বিশেষ্যের বুৎপত্তি। 'শাহুদ' এর অর্থ উপস্থিত থাকা আর 'শাহাদত' এর অর্থ সাক্ষী। শাহীদ আল্লাহ্ তা'লার সেই গুণবাচক নাম যা থেকে প্রকাশ পায় যে তিনি সৃষ্টির প্রতিটি মুহূর্ত ও পরিস্থিতি সম্পর্কে জ্ঞাত থাকেন। কুরআন করীমে হযরত (ঈসা.) এর বক্তব্যটি কুরআনের ভাষায় উদ্ধৃত করা হল।

وَكُنتُ عَلَيْهِمْ شَهِيدًا مَا دُمْتُ فِيهِمْ فَلَمَّا تَوَفَّيْتَنِي كُنتَ أَنتَ الرَّقِيبَ عَلَيْهِمْ ۚ وَأَنتَ عَلَىٰ كُلِّ شَيْءٍ شَهِيدٌ (المائدة:118)

***এবং আমি যতদিন তাহাদের মধ্যে ছিলাম আমি তাহাদের উপর সাক্ষী ছিলাম, কিন্তু যখন তুমি আমাকে মৃত্যু দিলে তখন তুমিই তাহাদের উপর তত্ত্বাবধায়ক ছিলে, প্রকৃতপক্ষে তুমিই সকল বিষয়ের উপর সাক্ষী।***

(আল মায়েদা: ১১৮)

৫১-আল হাক্ব: প্রকৃত, সত্যের উৎস। নিজ সত্তায় প্রমাণিত সত্তা, যার কোনও ধ্বংস, কোনও পরিবর্তন হতে পারে না। চিরন্তরভাবে সকল পরাকাষ্ঠার যোগ্য তিনিই। কুরআন করীমে এই গুণটির বহিঃপ্রকাশ ঘটেছে এই আয়াতে-

ثُمَّ رُدُّوا إِلَى اللَّهِ مَوْلَاهُمُ الْحَقِّ

*অর্থাৎ, অতঃপর, তাহাদিগকে আল্লাহ্‌র দিকে ফিরাইয়া লওয়া হয়, যিনি তাহাদের প্রকৃত প্রভু।*

(সূরা আলআনআম: ৬৩)

৫২- আল ওয়াকীল: কার্যনির্বাহক, প্রাচুর্যদানকারী।

আমরা উকিল সেই ব্যক্তিকে বলি, যার উপর আমরা নিজেদের কাজের দায়িত্বভার অর্পন করি এবং যার হাতে এর পুরোপুরি নিয়ন্ত্রণ থাকে। খোদা তা'লা নিজ কৃপাগুণে তাঁর দুর্বল বান্দাদের যাবতীয় বিষয়াদি ও দায়-দায়িত্ব নিজের হাতে রেখেছেন। সেই জন্যই তিনি ওয়াকীল তথা সর্বোত্তম ওয়াকীল। সুরা আলে ইমরানে আল্লাহ্ তা'লা বলেছেন-

وَقَالُوا حَسْبُنَا اللَّهُ وَنِعْمَ الْوَكِيلُ

অর্থাৎ , *এবং তাহারা বলিল, 'আল্লাহ্ আমাদের জন্য যথেষ্ট এবং তিনি কত উত্তম কার্য নির্বাহক!'*

(আলে ইমরান: ১৭৪)

৫৩-আল কাবিউ: সকল শক্তির অধিপতি, সর্বশক্তিমান। কুরআন করীমে এই গুণটি সম্পর্কে বর্ণিত হয়েছে-

اَللّٰهُ لَطِيفٌ بِعِبَادِهِ يَرْزُقُ مَن يَشَاءُ ۖ وَهُوَ الْقَوِيُّ الْعَزِيزُ

আল্লাহ্ তাঁহার বান্দাদের প্রতি *পরম সদয়, তিনি যাহাকে চাহেন*

***(প্রচুর) রিযক দেন। এবং তিনি পরম শক্তিশালী, মহাপরাক্রমশালী।***

৫৪-আল মাতীন: দৃঢ়তাদানকারী, শক্তির অধিকারী।

এই গুণটির বর্ণনা এভাবে পাওয়া যায়।

إِنَّ اللّٰهَ هُوَ الرَّزَّاقُ ذُو الْقُوَّةِ الْمَتِيْنُ

***নিশ্চয় আল্লাহ্ তিনি, যিনি পরম রিযক দাতা, শক্তির অধিকারী, সুদৃঢ়।*** (আযযারিয়া: ৫৯)

৫৫-আল ওলী: স্নেহশীল, সাহায্যকারী, অভিভাবক, নিকটভাজন।

আল্লাহ তা'লা মুত্তাকী এবং সত্য পরায়ণ ব্যক্তিদের বন্ধু এবং সাহায্যকারী। ওলী অভিভাবককেও বলা হয়। এ সম্পর্কে আল্লাহ্ বলেছেন যে তিনি পুণ্যবাদের অভিভাবক। ওলী নৈকট্য প্রকাশের অর্থেও ব্যবহৃত হয়। অর্থাৎ আল্লাহ্ তা'লা পুণ্যবাদদের নিকটভাজন

৫৬- আল হামীদ: সকল প্রশংসার যোগ্য।

এই গুণটির উল্লেখ কুরআন করীমের একাধিক স্থানে এসেছে। সূরা শুরায় ওলী এবং হামীদ একত্রে ব্যবহৃত হয়েছে।

وَيَنْشُرُ رَحْمَتَهٗ ۚ وَهُوَ الْوَلِيُّ الْحَمِيْدُ

অর্থাৎ ***এবং তিনিই নিজ রহমতকে বিস্তৃত করিয়া দেন। বস্তুতঃ তিনিই প্রকৃত অভিভাবক, সকল প্রশংসার অধিকারী।***

(আশশূরা: ২৯)

৫৭-আল মুহসী: সকল বিষয়ের জ্ঞান পরিবেষ্টনকারী, গণনাকারী।

যেহেতু আল্লাহ্ তা'লা সকল সত্য এবং বস্তুসমূহের সূক্ষ্মাতিসূক্ষ্ম জ্ঞান রাখেন। ব্রহ্মাণ্ডের প্রতিটি কণা পর্যন্ত তাঁর জ্ঞানের বেষ্টনীতে রয়েছে। এই জন্যই খোদাকে মুহসী বলা হয়। কুরআন করীমে বর্ণনা করা হয়েছে-

وَأَحَاطَ بِمَا لَدَيْهِمْ وَأَحْصٰى كُلَّ شَيْءٍ عَدَدًا

***বস্তুতঃ তিনি তাহাদের নিকট যাহা আছে সবকিছুকে পরিবেষ্টন করিয়া আছেন, এবং প্রত্যেক বস্তর সংখ্যা গণনা করিয়া রাখিয়াছেন।***

(সূরা জিন্ন: ২৯)

৫৮-আল মুবদি: আদি-স্রষ্টা, সূচনাকারী।

৫৯- আল মুঈদ: পুনঃপুনঃ সৃষ্টিকারী, পুনরাবৃত্তি কারী।

উপরোক্ত দুইটি গুণবাচক নামের উল্লেখ কুরআন করীমের সূরা বুরুজে একত্রে পাওয়া যায়।

اِنَّهٗ هُوَ يُبْدِئُ وَيُعِيْدُ - ***অর্থাৎ, নিশ্চয় তিনিই উদ্ভব করেন এবং তিনিই পুনরাবৃত্তি করেন।***

(সুরা বুরুজ:১৪)

৬০- আল মুহী: সৃষ্টিকে জীবনদানকারী।

সূরা রোম এ আল্লাহ্ বলেছেন-

إِنَّ ذٰلِكَ لَمُحْيِ الْمَوْتٰى ۚ وَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ

অর্থাৎ, ***নিশ্চয় তিনিই (আল্লাহ্) যিনি মৃতগণকে জীবিত করেন; এবং তিনি সকল বিষয়ের উপর সর্বশক্তিমান।***

(সূরা রুম: ৫১)

৬১- আল মুমীত: মৃত্যুদাতা।

কুরআন শরীফের আলে ইমরানে এর উল্লেখ পাওয়া যায়।

وَاللّٰهُ يُحْيٖ وَيُمِيْتُ

***অর্থাৎ, বস্তুতঃ আল্লাহই জীবন দান করেন এবং মৃত্যু দেন।***

(আলে ইমরান: ১৫৭)

৬২-আল হাই: চিরঞ্জীব এবং জীবনদাতা।

৬৩-আল কাইয়ুম: চিরস্থায়ী ও স্থিতিদাতা, অপরের স্থিতিলাভের প্রকৃত মাধ্যম।

কাইয়ুম' হল 'কাইয়াম'র চূড়ান্ত অর্থ প্রকাশক। কাইয়াম বলা হয় কোনও বিষয়ের উপর স্থায়ীভাবে স্থির ও অবিচল থাকা।

আলে ইমরানের প্রারম্ভেই এর উল্লেখ পাওয়া যায়।

'আল্লাহু লাইলাহা ইল্লা হুয়াল হাইয়ুল কাইয়ুম।'

***অর্থাৎ আল্লাহ্! যিনি ভিন্ন কোন উপাস্য নেই। চিরঞ্জীব, চিরস্থায়ী এবং স্থিতিদাতা।***

৬৪- আল ওয়াজেদ: অতীব সম্পদশালী, অমুখাপেক্ষী, নিজ উদ্দেশ্যে সফল এবং অপরকে সফলতা দানকারী।

৬৫-আল মাজিদ: সম্মানীয়

৬৬-আল ওয়াহেদ: অনন্য, অদ্বিতীয়, একক।

ওয়াহেদ বলতে বোঝানো হয় যার কোনও অংশ বা শরিক থাকে না। কুরআন করীমে এটি এভাবে বর্ণিত হয়েছে-

وَمَا مِنْ إِلٰهٍ إِلَّا اللّٰهُ الْوَاحِدُ الْقَهَّارُ

অর্থাৎ, এবং আল্লাহ্ ব্যতীত কোন মাবুদ নাই, তিনি এক-অদ্বিতীয় এবং মহাপ্রতাপশালী।

(সূরা সাদ: ৬৬)

৬৭-আল আহাদ: একবেমদ্বিতীয়ম।

সুরা ইখলাসে আল্লাহ্ তা'লা তাঁর আহাদ গুণের পরিচয় দিয়েছেন। 'কুল হুয়াল্লাহু আহাদ'। অর্থাৎ তুমি বলে দাও আল্লাহ্ একক-অদ্বিতীয়। এখানে একথা স্পষ্ট করা প্রয়োজন যে, 'আহাদ' এবং 'ওয়াহেদ'-এর মধ্যে পার্থক্য আমাদের ভাষায় , 'এক এবং একা'-র উদাহরণ দিয়ে বোঝা যেতে পারে।

৬৮-আস সামাদ: স্বনির্ভর এবং সর্বনির্ভর-স্থল, অমুখাপেক্ষী এবং মানুষের সকল উদ্দেশ্যের প্রত্যাবর্তন-স্থল।

সামাদ-এর প্রকৃত অর্থ সংকল্প করা বা স্থির করা। মানুষ যেহেতু তার যাবতীয় উদ্দেশ্যাবলী ও আশা-আকাঙ্খা পুরণের জন্য খোদা তা'লার মুখাপেক্ষী ও নির্ভরশীল। কুরআন করীমের সূরা ইখলাসে খোদা তা'লার এই গুণটির উল্লেখ আছে। 'আল্লাহুস সামাদ' (সূরা ইখলাস: ২-৩) অর্থাৎ আল্লাহ্ স্বনির্ভর এবং সর্বনির্ভর স্থল।

৬৯) আল কাদির: কুরআন করীমের সূরা আনআম এ 'কাদির' গুণটির উল্লেখ রয়েছে।

قُلْ هُوَ الْقَادِرُ عَلٰى أَنْ يَبْعَثَ عَلَيْكُمْ عَذَابًا مِّنْ فَوْقِكُمْ أَوْ مِنْ تَحْتِ أَرْجُلِكُمْ

(আল আনাম: ৬৬)

৭০) আল মুকতাদির: সর্বশক্তিমান।

إِنَّ الْمُتَّقِيْنَ فِيْ جَنّٰتٍ وَّنَهَرٍ ۝ فِيْ مَقْعَدِ صِدْقٍ عِنْدَ مَلِيْكٍ مُّقْتَدِرٍ ۝

***নিশ্চয় মুত্তাকীগণ বাগানসমূহ এবং নহরসমূহের মধ্যে থাকিবে, এক চিরস্থায়ী সম্মানজনক বাসস্থানে সর্বশক্তিমান মহা সম্রাটের সান্নিধ্যে।*** (আল কামার: ৫৫-৫৬)

৭১-আল মুকাদ্দিম: অগ্রে প্রেরণকারী। (স্বীয় বন্ধুদের সম্মানের আসনের দিকে অগ্রসরকারী)

৭২-আল মু'ওয়াখখির: প্রতিহতকারী। (শত্রুদেরকে নিজ প্রতাপের বলে পশ্চাদপসরণকারী)

৭৩- আল আওয়াল: প্রথম।

খোদা তা'লার জন্য ব্যবহৃত হয়েছে, 'হুয়াল আওয়ালু লাইসা কাবলুহু শাইউন।' অর্থাৎ, সর্বপ্রথম, যার পূর্বে কিছুই ছিল না। সৃষ্টিজগতের কোন কিছুই এমন নেই যা খোদার পূর্বে ছিল।

৭৪- আল আখির: শেষ।

খোদা তা'লার জন্য বলা হয়েছে, 'হুয়াল আখিরু লাইসা বা'দুহু শাইউন।' অর্থাৎ সমস্ত বস্তর ধ্বংস এবং পতনের পরও তাঁর পবিত্র সত্তা বিদ্যমান।

৭৫-আয যাহির: স্পষ্ট, প্রতীয়মান।

খোদা তা'লার জন্য এও ব্যবহৃত হয়েছে 'হুয়ায যাহিরু লাইসা ফাউকুহু শাইউন। অর্থাৎ সমস্ত কিছুর উর্দ্ধে তাঁর আধিপত্যের প্রকাশ ঘটে, কেবল তিনিই থাকেন। তাঁর উপর আর কোনও বস্তু দৃষ্টিগোচর হয় না।

৭৬- আল বাতিন: গোপন, অপ্রকাশিত, গুপ্ত।

খোদা তা'লার জন্য এই শব্দ বলা হয় যে 'হুয়াল বাতিনু লাইসা দুনিহি শাইয়ান'। তিনি সেই গোপন রহস্য, যিনি ব্যতীত আর কোনও বস্তু নেই, যার মধ্যে এত রহস্য লুকিয়ে আছে। এই চারটি গুণ সূরা হাদীদে উল্লেখিত আছে।

هُوَ الْأَوَّلُ وَالْاٰخِرُ وَالظَّاهِرُ وَالْبَاطِنُ ۚ وَهُوَ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ

***অনুবাদ: তিনিই আদি ও অন্ত এবং ব্যক্ত ও গুপ্ত এবং তিনিই সকল বিষয়ে সর্বজ্ঞানী।***

(আল হাদীদ:৪)

৭৭-আল ওলী: সকল বিষয়ের অভিভাবক, সর্বাধিপতি, কার্যনির্বাহক, নিয়োগকারী।

কুরআন করীম এই গুণটি এভাবে বর্ণনা করা হয়েছে।

وَإِذَا أَرَادَ اللّٰهُ بِقَوْمٍ سُوْٓءًا فَلَا مَرَدَّ لَهٗ ۚ وَمَا لَهُمْ مِّنْ دُوْنِهٖ مِنْ وَّالٍ

***এবং যখন আল্লাহ্ কোন জাতিকে শাস্তি দেওয়ার সিদ্ধান্ত নেন, তখন উহা প্রতিরোধ করিবার কেহই নাই; বস্তুতঃ কার্যসিদ্ধির জন্য তিনি ব্যতীত তাহাদের কোন সাহায্যকারী নাই।*** (আর রা'দ: ১২)

৭৮-আল মুতাআলী: অতীব উচ্চ, উচ্চ মর্যাদাসম্পন্ন।

কুরআন করীমে এই গুণটি বর্ণিত হয়েছে নিম্নোক্ত আয়াতে।

عٰلِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ الْكَبِيْرُ الْمُتَعَالِ

*অর্থাৎ তিনি অদৃশ্য এবং দৃশ্যের জ্ঞাতা, তিনিই শ্রেষ্ঠ, অতীব উচ্চ।* (আর রা'দ: ১০)

৭৯-আল বার্‌র: বান্দাদের সঙ্গে স্নেহপূর্ণ আচরণকারী, পুণবানদের মূল্যায়নকারী।

সূরা 'তুর' এ রহীম গুণের সঙ্গে এই গুণটির উল্লেখ হয়েছে।

اِنَّا كُنَّا مِنْ قَبْلُ نَدْعُوْهُ ۖ اِنَّهٗ هُوَ الْبَرُّ الرَّحِيْمُ

*অর্থাৎ নিশ্চয় আমরা ইতিপূর্বে তাঁহাকে ডাকিয়া আসিতেছিলাম, নিশ্চয় তিনি পরম কল্যাণকারী, পরম দয়াময়।* (সূরা তূর: ২৯)

৮০-আত তাওয়াব: বান্দার পাপের প্রায়শ্চিত্ত গ্রহণকারী। কৃপার দিকে প্রত্যাবর্তনকারী।

আততওয়াব শব্দের চূড়ান্ত অর্থ প্রকাশ করতে ব্যবহৃত হয়। যার মূল ধাতু তওবা। তওবার প্রকৃত অর্থ প্রত্যাবর্তন করা। আর কোনও পাপকর্ম থেকে তওবা, প্রায়শ্চিত্ত বা প্রত্যাবর্তন করার অর্থ হল সেই পাপ কর্ম ত্যাগ করে এর বিপরীতে পুণ্যকর্ম অবলম্বন করা। কুরআন করীমের একাধিক স্থানে এই গুণটি বর্ণিত হয়েছে। সেগুলির মধ্যে সূরা বাকারায় বর্ণিত হয়েছে-

اِلَّا الَّذِيْنَ تَابُوْا وَاَصْلَحُوْا وَبَيَّنُوْا فَاُولٰٓئِكَ اَتُوْبُ عَلَيْهِمْ ۚ وَاَنَا التَّوَّابُ الرَّحِيْمُ

*কিন্তু যাহারা যাহারা তওবা করে এবং নিজেদের সংশোধন করে এবং (সত্যকে) প্রকাশ্যভাবে ব্যক্ত করে- এই সকল লোকের প্রতিই আমি সদয় দৃষ্টিপাত করিব, এবং আমি পুনঃ পুনঃ সদয় দৃষ্টিপাতকারী, পরম দয়াময়।* (সূরা বাকারা: ১৬১)

৮১-আল মুনতাকিম: অবাধ্যদের থেকে প্রতিশোধ গ্রহণকারী, অবাধ্যতার শাস্তি প্রদানকারী।

وَمَنْ اَظْلَمُ مِمَّنْ ذُكِّرَ بِاٰيٰتِ رَبِّهٖ ثُمَّ اَعْرَضَ عَنْهَا ۚ اِنَّا مِنَ الْمُجْرِمِيْنَ مُنْتَقِمُوْنَ

অর্থাৎ *এবং সেই ব্যক্তি অপেক্ষা অধিকতর যালেম আর কে হইতে পারে যাহাকে তাহার প্রভুর আয়াতসমূহ স্মরণ করাইয়া দেওয়া হয়, তথাটি সে উহা হইতে বিমুখ হইয়া যায়? নিশ্চয় আমরা অপরাধীদের নিকট হইতে প্রতিশোধ গ্রহণ করিব।* (সূরা সাজদা: ২৩)

৮২-আল আফু: পাপ ক্ষমাকারী, পাপ খণ্ডনকারী, ক্ষমাকারী।

আফু সব সময় গাফারা থেকে উত্তম। কারণ, গাফারা-তে পাপ গোপন করা, ঢেকে দেওয়া উদ্দিষ্ট থাকে। আফাউ-তে পাপকে বিলীন করে দেওয়া হয়। কুরআন করীমে সূরা নিসায় এই গুণের উল্লেখ হয়েছে। وَكَانَ اللّٰهُ عَفُوًّا غَفُوْرًا

অর্থাৎ, প্রকৃতপক্ষে আল্লাহ বড়ই মার্জনাকারী, পরম ক্ষমাশীল। (নিসা: ১০০)

৮৩-আর রউফ: অতীব স্নেহশীল।

وَلَوْلَا فَضْلُ اللّٰهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهٗ وَاَنَّ اللّٰهَ رَءُوْفٌ رَّحِيْمٌ

'রাউফ' রাফাত ধাতু থেকে উদ্ভুত, যাতে কৃপার চরম অর্থও প্রকাশ পায়। এই কারণেই কুরআন করীমের অধিকাংশ স্থানে এটি রহীম গুণের সঙ্গে একত্রে বর্ণিত হয়েছে।

وَلَوْلَا فَضْلُ اللّٰهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهٗ وَاَنَّ اللّٰهَ رَءُوْفٌ رَّحِيْمٌ

*এবং যদি তোমাদের উপর আল্লাহ্‌র ফযল ও তাঁহার রহমত না হইত (তাহা হইলে তোমরা কষ্টে পতিত হইতে) বস্তুতঃ আল্লাহ্ অতীব স্নেহশীল, পরম দয়াময়।* (সূরা নূর: ২১)

৮৪-মালিকুল মুলক:সাম্রাজ্যের অধিপতি।

কুরআন করীমের সূরা আলে ইমরানে বর্ণিত হয়েছে-

قُلِ اللّٰهُمَّ مٰلِكَ الْمُلْكِ تُؤْتِى الْمُلْكَ مَنْ تَشَآءُ وَتَنْزِعُ الْمُلْكَ مِمَّنْ تَشَآءُ

*তুমি বল, 'হে রাজ্যাধিপতি আল্লাহ্! তুমি যাহাকে চাহ রাজত্ব দান কর এবং যাহার নিকট হইতে চাহ রাজত্ব কাড়িয়া লও।* (আলে ইমরান:২৭)

৮৫-যুল জালালি ওয়াল ইকরাম: মহাপ্রতাপ এবং সম্মানের অধিপতি।

تَبٰرَكَ اسْمُ رَبِّكَ ذِى الْجَلٰلِ وَالْاِكْرَامِ (الرحمٰن:79)

তোমার প্রতিপালকের নাম অতীব বরকতপূর্ণ, যিনি মহাপ্রতাপ এবং সম্মানের অধিপতি।

৮৬-আল মুকসিত: ন্যায়বিচারক। মুকসিতের অর্থ অন্যায়-অত্যাচার দূরীভূতকারীও করা হয়। কুরআন করীমে সূরা আলে ইমরানে এই গুণটির উল্লেখ আছে।

شَهِدَ اللّٰهُ اَنَّهٗ لَآ اِلٰهَ اِلَّا هُوَ وَالْمَلٰٓئِكَةُ وَاُولُوا الْعِلْمِ قَآئِمًۢا بِالْقِسْطِ ۚ لَآ اِلٰهَ اِلَّا هُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ

অর্থাৎ, *আল্লাহ্ সাক্ষ্য দিতেছেন যে, তিনি ব্যতীত কোনও মা'বুদ নাই- এবং ফিরিশতাগণও এবং জ্ঞানীগণও ন্যায়ের উপর কায়েম হইয়া (এই সাক্ষ্য দেয়) ; তিনি ব্যতীত কোন মাবুদ নাই, যিনি মহাপরাক্রমশালী, প্রজ্ঞাময়।* (আলে ইমরান: ১৯)

৮৭-আল জামি: সকল সৃষ্টিকে সমবেতকারী, সকল ঔৎকর্ষের সমষ্টি।

সূরা আলে ইমরানে এই গুণটির উল্লেখ পাওয়া যায়।

لِيَوْمٍ لَّا رَيْبَ فِيْهِ رَبَّنَآ اِنَّكَ جَامِعُ النَّاسِ

*অর্থাৎ হে আমাদের প্রভু! নিশ্চয় তুমি মানব জাতিকে সেইদিন একত্রিত করিবে, যাহাতে কোন সন্দেহ নাই।* (আলে ইমরান: ১০)

৮৮- আল গানী: যাবতীয় চাহিদাবলীর অভিভাবক, যিনি অমুখাপেক্ষী ও অসীম প্রাচুর্যশালী। গিনা থেকে গানীর উদ্ভব। গিনা বলা হয় অমুখাপেক্ষী হওয়াকে। অর্থাৎ খোদা তা'লা সর্বাধিক অমুখাপেক্ষী। গনীও এক প্রকার অমুখোপেক্ষিতা যা সম্পদশালী ব্যক্তিকে বোঝাতে বেশি ব্যবহৃত হয়। সূরা হজ্জের এই গুণবাচক নামটি উল্লেখিত হয়েছে।

لَهٗ مَا فِى السَّمٰوٰتِ وَمَا فِى الْاَرْضِ ۗ وَاِنَّ اللّٰهَ لَهُوَ الْغَنِىُّ الْحَمِيْدُ (الحج:65)

*অনুবাদ: যাহা কিছু আকাশসমূহে আছে এবং যাহা কিছু পৃথিবীতে আছে সবই তাঁহার এবং নিশ্চয় আল্লাহই প্রাচুর্যশালী, অতীব প্রশংসনীয়। (আলহজ্জ: ৬৫)*

৮৯-আল মুগনী: যিনি সামর্থ্যবান করেন, সম্পদশালী করেন।

যারা নিকাহর জন্য সমর্থ নয়, তাদের সম্পর্কে সূরা নূরে বলা হয়েছে,

وَلْيَسْتَعْفِفِ الَّذِيْنَ لَا يَجِدُوْنَ نِكَاحًا حَتّٰى يُغْنِيَهُمُ اللّٰهُ مِنْ فَضْلِهٖ

*অনুবাদ: এবং যাহাদের বিবাহ করিবার সামর্থ্য নাই, তাহারা যেন পবিত্রতা রক্ষা করিয়া চলে যতক্ষণ পর্যন্ত না আল্লাহ্ তাহাদিগকে নিজ অনুগ্রহ দ্বারা সামর্থ্যবান করিয়া দেন।* (আননুর: ৩৪)

৯০-আল মানি: রোধকারী, স্বীয় বান্দার দুঃখ-কষ্ট নিরসনকারী।

৯১- আযযার: অসৎকর্মের প্রতিদানে অশুভ পরিণাম দাতা। ক্ষয়ক্ষতির মালিক।

৯২-আন নাফি: উপকার ও কল্যাণদাতা।

৯৩- আন নূর: জ্যোতির উৎস, আলোকদানকারী, জ্যোতিসর্বস্ব।

সূরা নূর এ অত্যন্ত সূক্ষ্ম দৃষ্টিভঙ্গিতে এই গুণটি বর্ণিত হয়েছে। اَللّٰهُ نُوْرُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ

অনুবাদ: আল্লাহ্ আকাশ ও পৃথিবীর নূর (আননুর: ৩৬)

৯৪- আল হাদী: হিদায়াত দানকারী:পথ প্রদর্শনকারী, সফলতা দানকারী।

কুরআন করীমে বলা হয়েছে-

وَاللّٰهُ يَهْدِىْ مَنْ يَّشَآءُ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ

*অনুবাদ: আল্লাহ্ যাকে চান সরল পথে চালিত করেন। (আননূর: ৪৭)*

৯৫-আল বদী: নিত্যনতুন সৃষ্টির সূচনাকারী, আদি-স্রষ্টা।

উপরোক্ত গুণটি সূরা বাকারায় উল্লেখিত হয়েছে।

بَدِيْعُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۗ وَاِذَا قَضٰٓى اَمْرًا فَاِنَّمَا يَقُوْلُ لَهٗ كُنْ فَيَكُوْنُ

*অনুবাদ: তিনি আকাশ সমূহের ও পৃথিবীর আদি-স্রষ্টা, এবং যখন তিনি কোন বিষয়ের ফয়সালা করেন তখন তিনি উহাকে শুধু বলেন, 'হও' অতঃপর উহা হইয়া যায়।*

*(আল বাকারা:১১৮)*

৯৬-আল বাকী: অবিনশ্বর

وَيَبْقٰى وَجْهُ رَبِّكَ ذُو الْجَلٰلِ وَالْاِكْرَامِ

অনুবাদ: *এবং অবিনশ্বর হইয়া থাকিবে (কেবল) তোমার প্রতিপালকের সত্তা যিনি মহাপ্রতাপ ও সম্মানের অধিপতি।* (আর-রহমান:২৮)

৯৭-আল-ওয়ারিস: স্বত্ত্ববান, প্রকৃত মালিক, বর্তমান সৃষ্টি ধ্বংস হয়ে যাওয়ার পরও টিকে থাকা সত্তা। সূরা হিজর এর বলা হয়েছে-

وَاِنَّا لَنَحْنُ نُحْىٖ وَنُمِيْتُ وَنَحْنُ الْوٰرِثُوْنَ

অর্থ: *এবং নিশ্চয় আমরাই জীবন*

# আমাদের খোদা

মূল: হযরত মির্যা বশীর আহমদ (রা.) এম.এ. অনুবাদ: মোরতোজা আলী (বড়িশা)

হযরত মির্যা বশীর আহমদ এম.এ (রা.) রচিত 'হামারা খোদা' পুস্তকটির সারাংশ নিম্নে উপস্থাপন করা হল। এটি আল্লাহ্ তা'লার অস্তিত্বের প্রমাণে যৌক্তিক এবং পুঁথিগত প্রমাণ সংবলিত একটি সহজবোধ্য পুস্তক। পত্রিকায় স্থানাভাবের কারণে বইটির সারাংশ দেওয়াই সম্ভব হল। হযরত মির্যা বশীর আহমদ এম.এ সাবে পুস্তকটি সম্পর্কে বলেন-

"দেশের শিক্ষিত শ্রেণীর কাছে পুস্তকটি সমাদৃত হয়েছে এবং কিছু দোদুল্যমান পদ ও প্রকম্পিত হৃদয় আমার এই পুস্তকের মাধ্যমে আধ্যাত্মিক প্রশান্তি লাভ করেছে জেনে আমি আনন্দিত আর মূলত তাদের উদ্দেশ্যেই এটি রচিত হয়েছে। আল হামদো লিল্লাহি আলা যালিক।"

## এই যুগে আল্লাহ্ তা'লার উপর ঈমানের দুর্দশা

আমি সর্বপ্রথম এই স্থানে আল্লাহ তা'লার উপর ঈমানের বিষয়ে অত্যন্ত দুঃখ প্রকাশ করতে চাই, যা এই যুগে সাধারণতঃ জনগণের মধ্যে পরিলক্ষিত হয়। পৃথিবীতে যত ধর্ম আছে, বলতে গেলে সবাই খোদাকে স্বীকার করে। কিন্তু প্রকৃতপক্ষে তারা খোদাকে স্বীকার করেনা । এবং তাদের অন্তর ঠিক সেইভাবে ঈমানশূন্য, যেভাবে এক ধ্বংসপ্রাপ্ত বাসস্থান আবাসিক শূন্য।

সমস্ত ধর্মাবলম্বীগণ অর্থাৎ জরথুস্ত, বৌদ্ধ, হিন্দু,ইহুদী, খৃষ্টান, শিখ, মুসলমান ইত্যাদি কমবেশি সবার মধ্যে এই বিষবাষ্প অনুপ্রবেশ করেছে। এবং জড়বাদিতার উষ্ণ ও অনিষ্টকর বায়ু ঈমানের কোনও পুষ্পোদ্যানকেই রেহাই দেয় নি যাকে জ্বালিয়ে পুড়িয়ে দেয় নি। তারা কি খোদার অস্তিত্ব সম্পর্কে সেভাবে সুনিশ্চিত ঈমান রাখে, উদাহরণস্বরূপ, যেমনটি তারা সূর্য, চন্দ্র, পাহাড়, নদী, তাদের নিজের ঘরবাড়ি, পিতা এবং বন্ধু-বান্ধবের অস্তিত্ব নিয়ে নিশ্চিত? যদি এমনটা না হয় তাহলে উত্তমরূপে বুঝে না এটা কোন ঈমান নয়।

## যদি খোদা আছেন তবে দৃশ্যমান নয় কেন?

জনসাধারণের অন্তরে খোদা তা'লার অস্তিত্ব সম্বন্ধে সাধারণতঃ একটি সন্দেহ সৃষ্টি হয়। সেটা এই যে, যদি খোদা আছেন তবে আমরা দেখতে পাই না কেন? এই সন্দেহ আজকের নয়, বরং স্মরণাতীতকাল থেকে চলে আসছে। জ্ঞাত হওয়া উচিত, পৃথিবীতে বিভিন্ন জিনিষের সম্বন্ধে জ্ঞানলাভ করার উপায় বিভিন্ন প্রকারের। যেমন- কোনও জিনিষের সম্বন্ধে আমরা পর্যবেক্ষণ করে জ্ঞান লাভ করতে পারি, কারো সম্বন্ধে শ্রবন করে, কোনটা স্বাদ গ্রহণ করে, কোনটা ঘ্রাণের মাধ্যমে, কোনটা নিরীক্ষণ করে অনুভব করে, কোনটা স্পর্শ করে ইত্যাদি। এই সমস্ত জ্ঞান একই রকম নিশ্চিত ও বিশ্বাসযোগ্য হয়। আমাদের আদৌ এই অধিকার নেই যে, আমরা দাবী করতে পারি, যতক্ষণ পর্যন্ত অমুক জিনিষ সম্বন্ধে অমুক উপায়ে জ্ঞানলাভ না হবে, আমরা সেটা মানব না। এই অবস্থায় এটা সম্পূর্ণরূপে উন্মত্ততা। যদি আমরা বলি যতক্ষণ পর্যন্ত আমরা চোখ দিয়ে অমুক সুগন্ধি না দেখব, আমরা গ্রহণ করব না বা যতক্ষণ পর্যন্ত নাক দিয়ে অমুক রঙের ঘ্রাণ না নেব আমরা গ্রহণ করব না, কিম্বা যতক্ষণ পর্যন্ত আমরা শব্দকে গ্রহণ না করব কিম্বা আমরা শব্দকে হাত দিয়ে নিরীক্ষা না করব আমরা আশ্বস্ত হব না। যে ব্যক্তি এই ধরণের অভিযোগ উত্থাপন করবে, তাকে সবাই পাগল বলবে এবং তাকে মানসিক হাসপাতালে না পাঠালেও কমপক্ষে সে রাস্তার ভবঘুরে ছেলেদের বিনোদনের পাত্র হয়ে উঠবে। ব্যাপার হল এই যেমন আমি পূর্বেই বর্ণনা করেছি,পৃথিবীতে বিভিন্ন জিনিষ সম্বন্ধে জ্ঞানলাভ করার জন্য বিভিন্ন মাধ্যম নির্দিষ্ট আছে।

প্রিয়জনেরা! এই প্রসঙ্গে উত্তমরূপে জ্ঞাত হও, কোন জিনিষ যতই স্থূল হয়, সেটি তত বেশি ইন্দ্রিয় গ্রাহ্য হয়। আর কোনও জিনিষ যত সূক্ষ্ম হয়, ইন্দ্রিয় দ্বারা তার ব্যুৎপত্তি লাভ ততই দুরূহ হয়ে ওঠে। এই জন্য আমরা দেখতে পাই, যে জিনিষ অত্যন্ত সূক্ষ্ম হয়, তার ব্যুৎপত্তি লাভের জন্য আমাদেরকে সাধারণতঃ এর বৈশিষ্ট্য ও ধর্মের উপর নির্ভরশীল হতে হয়। কেননা তা সরাসরি আমাদের বাহ্যিক ইন্দ্রিয় দ্বারা নিরীক্ষণ করা সম্ভব নয়। তোমরা বল, 'খোদাকে ততক্ষণ পর্যন্ত স্বীকার করব না, যতক্ষণ পর্যন্ত আমরা জড় দৃষ্টিতে না দেখি।' কিন্তু আমি বলছি, যদি খোদাকে এই চোখ দিয়ে দেখা যায়, তা হলে আমি মনে করি, তাঁকে স্বীকার করা আমাদের জন্য সহজসাধ্য হলেও তাঁর উপর ঈমান আনার আমাদের কাছে আর কোনও গ্রহণযোগ্যতাই থাকবে না। কেননা এমতাবস্থায় তাঁর অন্যান্য বহু গুণাবলীকে বাতিল হিসেবে গণ্য করতে হবে। যেমন তিনি নিরাকার, কিন্তু এক্ষেত্রে তিনি আর নিরাকার থাকবেন না, বরং সাকার হয়ে যাবেন। তিনি অসীম। কিন্তু এক্ষেত্রে আর অসীম থাকবেন না, বরং সীমাবদ্ধ হয়ে যাবেন ইত্যাদি। মোটকথা আল্লাহ্ তা'লার উৎকর্ষের দাবি হল তিনি অতীন্দ্রিয় হবেন, যিনি থাকবেন জড় দৃষ্টির অন্তরালে। এ কারণে তাঁর অস্তিত্ব সম্পর্কে কখনও কোন সন্দেহ সৃষ্টি হতে পারে না। কেননা তাকে চিনতে এই পথের চেয়ে অনেক বেশি নিশ্চিত ও অকাট্য পথ খোলা আছে।

## খোদা সম্পর্কে অনুসন্ধান কেন করব?

মানব প্রকৃতি এবং মানবীয় জ্ঞান-বুদ্ধি ,উভয়ই আমাদের সামনে খোদা তা'লার প্রশ্নটিকে এমনভাবে উপস্থাপন করে যে আমরা এ বিষয়টির অনুসন্ধান করা থেকে মোটেই নিবৃত থাকতে পারি না। আমাদের সৃষ্টিকারী কেউ আছেন কি না, এই প্রশ্ন কি আমাদের জন্য অ-প্রাসঙ্গিক? এই প্রশ্ন কি অ-প্রাসঙ্গিক যে আমাদেরকে কেউ সৃষ্টি করেছেন আর তিনি কে? কি তাঁর গুণাবলী? এই প্রশ্ন কি অ-প্রাসঙ্গিক যে আমাদেরকে যদি কেউ সৃষ্টি করে থাকেন তবে কি তার উদ্দেশ্য? এই প্রশ্ন কি অ-প্রাসঙ্গিক যে আমাদের সৃষ্টির যদি কোনও উদ্দেশ্য থেকে থাকে তবে তা কিভাবে অর্জিত হতে পারে? এই প্রশ্নগুলি যদি অপ্রাসঙ্গিক না হয়, আর অবশ্যই নয়, তবে এমন কোনও জ্ঞানী আছেন যিনি এই অনুসন্ধান করতে অস্বীকার করতে পারেন? পৃথিবীতে যতগুলি ধর্ম পাওয়া যায়,সেগুলি সবই খোদা তা'লার অস্তিত্ব আমাদের সামনে উপস্থাপন করে, শুধু উপস্থাপন করেনা বরং সেগুলির শিক্ষার কেন্দ্রবিন্দুই আল্লাহ ও তাঁর গুণাবলী।

পৃথিবীর বিভিন্ন ধর্মের শিক্ষায় যত মতপার্থক্যই থাকুক, তারা এ বিষয়ে একমত যে, বিশ্ব-ব্রহ্মাণ্ডের এক সৃষ্টিকর্তা ও অধিপতি আছেন, যিনি আমাদের জীবনের একটি উদ্দেশ্য নির্ধারণ করে রেখেছেন, যা অর্জন করার পন্থা তিনি স্বয়ং আমাদের বলে দিয়েছেন এবং এও বলেছেন, মৃত্যু মনুষ্য জীবনের সমাপ্তি নয়, বরং মৃত্যুর পর আরও একটি জীবন আছে, যেখানে মানুষ বর্তমান জীবনের ক্রিয়া-কর্মের ফল পাবে ইত্যাদি।

## খোদা সম্পর্কে অনুসন্ধানের পদ্ধতি।

এখন আমি অতি সংক্ষেপে বর্ণনা করতে চাই, খোদা তা'লা সম্পর্কে অনুসন্ধানের কি পদ্ধতি হওয়া উচিত? কেননা যতক্ষণ পর্যন্ত আমরা না জানতে পারি, কোন জিনিষের সম্পর্কে অনুসন্ধান করার পদ্ধতি কিরূপ, ততক্ষণ পর্যন্ত কৃতকার্য হওয়া দুষ্কর। একটা ভুল পন্থা অবলম্বন করে আমরা সমস্ত প্রচেষ্টা ব্যর্থ করে দিতে পারি।

## অনুসন্ধানের ক্ষেত্রে আমাদের সদিচ্ছা তথা সংকল্পের প্রভাব

একজন দার্শনিকের পদ্ধতি অনুসরণ করে খোদার অনুসন্ধান

করা বৃথা। সেটা জ্ঞানভাণ্ডার বৃদ্ধির উদ্দেশ্যে একটি পদক্ষেপ মাত্র। খোদা তা'লা আছেন তো তিনি কোন্ কোন্ গুণের অধিকারী, মানুষের সঙ্গে তাঁর সম্পর্ক কিরূপ বা কিরূপ হওয়া উচিত আর তাঁর কাছে পৌঁছানোর কি পদ্ধতি- এ সব নিয়ে তার কোনও যায় আসে না।

হে আমার প্রিয়জন? তোমরা খোদার সম্পর্কে কখনও দার্শনিক পদ্ধতিতে অনুসন্ধানের পথ অবলম্বন করো না, কেননা, এই প্রকারে তোমরা খোদাকে পেতে পার না আর এই অনুসন্ধানও বৃথা। এই প্রকারের প্রচেষ্টার ফলে খোদা কখনও তাদের সামনে নিজের স্বরূপ প্রকাশ করবেন না। বরং তিনি আমাদের সামনে তখনই প্রকাশিত হবেন যখন তিনি দেখবেন, আমরা প্রকৃত উন্মাদনার সাথে তার কাছে পৌঁছতে চাই, যেন তাঁর নৈকট্যে ধন্য হই এবং তাঁর সাথে ব্যক্তিগত সম্পর্ক স্থাপন করে স্বীয় উন্নতির দ্বার উন্মুক্ত করতে পারি, যেটা মানব জীবনের উদ্দেশ্য।

## আল্লাহ্ তা'লার প্রতি ঈমানের দুটি পর্যায়

আল্লাহ্‌র প্রতি ঈমান দুটি শ্রেণীতে বিভক্ত। প্রাথমিক ধাপ সেটি যা কেবল যুক্তির সাহায্যে অর্জন করা সম্ভব। আর দ্বিতীয় ধাপ সেটি যা কেবল যুক্তির দ্বারা অর্জন করা সম্ভব নয়, বরং এর জন্য যুক্তির সহায়তা গ্রহণ করতে স্বয়ং খোদার পক্ষ থেকে বিশেষ ব্যবস্থা গৃহীত হয়। একটি পর্যায়ে 'থাকা উচিত' পর্যন্ত উপনীত হওয়া যায় এর আর (অবশ্যই) 'আছে' এই বিশ্বাস তৈরী হয় দ্বিতীয় পর্যায়ে। কেবল যুক্তি কখনই আমাদেরকে এই নিশ্চিত বিশ্বাসের সেই মর্যাদায় পৌঁছে দিতে পারে না যে তিনি 'আছেন'। বরং যুক্তির কাজ কেবল এতটুকুই যে তা আমাদের মধ্যে খোদা সম্পর্কে 'থাকা উচিত' পর্যন্ত বিশ্বাস তৈরী করে দিবে।

## খোদার অস্তিত্ব সম্পর্কে যৌক্তিক প্রমাণ। (সতর্কতা অবলম্বনের যুক্তি)

কথিত আছে, এক ব্যক্তি হযরত আলী (রা.) কে জিজ্ঞাসা করেছিলেন, খোদার অস্তিত্বের প্রমাণ কি? তিনি দেখলেন, প্রশ্নকারী একজন সহজ সরল প্রকৃতির লোক। তাই তিনি তাকে এই উত্তর দিলেন, দেখ, তোমার জন্য এতটাই যথেষ্ট যে, যদি খোদা না থাকে তাহলে মান্যকারী ও অমান্যকারী সকলেই সমান, কারো কোনও ক্ষতি নেই। যদি খোদা থাকেন, তবে ভাল করে স্মরণ রেখো, অস্বীকারকারীরা নিরাপদ নয়। ঐ ব্যক্তি এই প্রমাণ দ্বারা সন্তুষ্ট হলেন আর এরপর তিনি আর কোন প্রশ্ন করেন নি। বাস্তবিকপক্ষে যদি খোদা না থাকে, তবে আমাদের মান্য করতে ক্ষতি কি? সেটা কি জিনিষ যা খোদাকে মান্য করার কারণে আমাদের ত্যাগ করতে হয়? তুমি বৈধভাবে খাদ্য ও পানীয় গ্রহণ কর, ঘুমাও কিম্বা জেগে থাক। ওঠাবসা কর, খেলাধুলা কর, লেখাপড়া কর, সাংসারিক কাজকর্ম কর, অর্থ-সম্পদ উপার্জন কর, বন্ধু স্থাপন কর, বিয়ে কর ঘর-সংসার কর, সন্তান জন্ম দাও। খোদার প্রতি ঈমান আনয়ন তোমাদের কোন কাজে বাধা সৃষ্টি করে না। পক্ষান্তরে সেটা শুধু এমন কাজ থেকে বিরত রাখে যা তোমাদের নিজের জন্য বা অপরের জন্য অনিষ্টকর বা ক্ষতির কারণ হয় এবং এইরূপ কাজ থেকে বিরত থাকা স্বয়ং তোমাদের প্রকৃতি, জ্ঞান-বুদ্ধি, সামাজিক নিয়ম ও প্রশাসনিক আইন-শৃঙ্খলার সঙ্গেও সঙ্গতিপূর্ণ।

## প্রকৃতিগত যুক্তি-প্রমাণ

সর্বপ্রথম যে যুক্তি-প্রমাণ আল্লাহ্ তা'লার অস্তিত্ব সম্পর্কে উপস্থাপন করতে চাই, সেটা প্রকৃতিগত। আমাদের প্রকৃতি স্বয়ং এই প্রশ্ন আমাদের মধ্যে তৈরী করেছে যে, বিশ্ব-ব্রহ্মাণ্ডের কোন সৃষ্টিকর্তা ও প্রভু আছেন বা নেই? এইরূপে আমরা এই প্রশ্ন উপেক্ষা করতে পারি না।

## বিশ্ব-ব্রহ্মাণ্ডের সৃষ্টি এবং পরিচালন ব্যবস্থা ভিত্তিক প্রমাণ

প্রমাণের প্রথমাংশটি বাহ্যিক দৃষ্টিকোণ থেকে অত্যন্ত সরল, যা সৃষ্টিজগতের অস্তিত্ব থেকে সৃষ্টিকর্তার অস্তিত্বের সঙ্গে সম্পর্কযুক্ত। দুঃখের বিষয় এই যে, পৃথিবীর লক্ষ লক্ষ মানুষ এমন আছেন, যারা এই বিষয়টি আমাদেরকে বিশ্বাস করাতে চাইছেন যে, এই আকাশ, পৃথিবী, জীব-জন্তু, জড় ও উদ্ভিদ, গ্রহ-নক্ষত্র,এমন ভূ-বৈচিত্র্য, এই মানব -দেহ কোনও শিল্পীর শিল্পকর্মের ফল নয়, পক্ষান্তরে আপনা-আপনি অনন্তকাল থেকে চলে আসছে। আমি ঐ সকল বিষয় কেমন করে মান্য করব? আমার সম্মুখে এক্ষণে একজন আরব বেদুইনের উক্তি আছে, যাকে একজন জিজ্ঞাসা করেছিল, তোমার নিকট খোদার প্রমাণ আছে কি? সে উত্তর দিয়েছিল, যখন কোন ব্যক্তি জঙ্গলের মধ্য দিয়ে বিচরণ করতে করতে উটের মল দেখতে পায়, তখন সে বুঝতে পারে, এই স্থান দিয়ে কোন উট অতিক্রম করেছে এবং যখন মরুভূমির বালিতে কোন মানুষের পদচিহ্ন দেখা যায়, তখন নিশ্চিত হয় যে কোন পথিক পথ অতিক্রম করেছে। তাহলে এই প্রশস্ত পথ-ঘাট বিশিষ্ট ভূ-পৃষ্ঠ এবং সূর্য, চন্দ্র ও গ্রহ-নক্ষত্র পূর্ণ আকাশ দেখেও কি তোমাদের মনে এই ভাবনার উদয় হয় না যে নিশ্চয় এগুলিরও একজন সৃষ্টিকর্তা আছেন? আল্লাহ্ মহা গরিয়ান! কত খাঁটি ও বিজ্ঞতাপূর্ণ সেই উক্তিটি ছিল, যা একজন অশিক্ষিত মরুবাসীর মুখ দিয়ে উচ্চারিত হয়েছিল, যার ব্যপ্তি ও গভীরতা পর্যন্ত ইউরোপ ও আমেরিকার দার্শনিকরা নিজেদের বিজ্ঞতা ও দার্শনিকতা সত্ত্বেও পৌঁছতে পারে নি।

## পাশ্চাত্যের গবেষকগণ এবং খোদা সম্পর্কে বিশ্বাস

পাশ্চাত্যের গবেষকগদের বক্তব্য, পদার্থের রূপান্তর ঘটানোর বৈশিষ্ট্যটি প্রকৃতিজাত আর সময় অতিক্রান্ত হওয়ার সাথে এটি তুচ্ছ অবস্থা থেকে উন্নততর অবস্থায় বিবর্তিত হয়। দ্বিতীয়তঃ পাশ্চাত্যের গবেষকদের দাবি, এই বিশ্ব চিরকাল এক নির্দিষ্ট নিয়মের অধীনে পরিচালিত হয়ে এসেছে আর পৃথিবীর প্রতিটি বস্তু এখনও এক বিশেষ নিয়মের অধীনে চলছে। আমরা বৈজ্ঞানিক গবেষণার মাধ্যমে প্রত্যেক পরিবর্তন, গতি ও বিরামের কারণ উদ্ঘাটন করতে পারি।

যদি আমরা গভীরভাবে পর্যবেক্ষণ করি, তবে দেখব এই আপত্তি সম্পূর্ণ অযৌক্তিক। বিবর্তনের প্রক্রিয়াটি কখনই আল্লাহ্ তা'লার অস্তিত্বের বিপক্ষে প্রমাণ হিসেবে উপস্থাপিত হতে পারে না। কেননা, এই মতবাদ, ব্রহ্মাণ্ডের প্রকৃত সূচনা সম্পর্কে কোন আলোকপাত করে না। পক্ষান্তরে এর সম্পর্ক কেবলমাত্র ঐ বিষয়ে যে, বিশ্বের বর্তমান বস্তুগুলি চিরকাল এমনটিই ছিল না, যেমনটি বর্তমানে রয়েছে, বরং তা এক মৌলিক অবস্থা থেকে বিবর্তিত হয়েছে। কিন্তু প্রশ্ন হচ্ছে সেই আদি রূপটির জন্ম কোথা থেকে হল? এই সম্পর্কে বিবর্তনবাদের সমর্থকরা জ্ঞানগত দিক থেকে সুনিশ্চিতভাবে কোন আলোক সম্পাত করতে পারে নি। কেবলমাত্র বিবর্তনবাদ খোদাকে অস্বীকার করার প্রমাণ হিসেবে উপস্থাপন করা একেবারেই গুরুত্বহীন।

গভীরভাবে পর্যবেক্ষণ করলে বোঝা যাবে যে, এই জড়-জগতের যে প্রাথমিক অবস্থা বর্ণনা করা হয়, সেটা সঠিক হোক বা না হোক, তা বর্তমান ব্রহ্মাণ্ডের চেয়েও অধিক বিস্ময়কর আর তা মানুষের বিবেক-বুদ্ধিকে স্তম্ভিত করে দিতে পারে। কেননা, স্পষ্টতঃ সেটা প্রাথমিক অবস্থায় অধুনা বিশ্বের জন্য বীজবপন তুল্য ছিল এবং প্রত্যেক জ্ঞানী ব্যক্তি উপলব্ধি করতে পারে যে, বৃক্ষের তুলনায় বীজ অধিক বিস্ময়কর ও গুরুত্বপূর্ণ। অবশিষ্ট থাকল দ্বিতীয় আপত্তিটি, অর্থাৎ বিশ্বের প্রতিটি বস্তু, প্রতিটি পরিবর্তন, প্রতিটি গতি ও প্রতিটি বিরাম এক বিশেষ নিয়মের অধীন। আর সময়ের প্রবাহের সঙ্গে আমরা প্রকৃতির এই গোপন রহস্য সম্পর্কে আরও বেশি করে জ্ঞান অর্জন করে চলেছি। অতএব, এটি একটি অজ্ঞতাপূর্ণ ও শক্তিহীন আপত্তি।

সত্য এই যে, এই বিশ্ব-ব্রহ্মাণ্ডের ক্রটিহীন পরিচালন ব্যবস্থা এবং প্রকৃতির নিয়ম সম্পর্কে আমাদের জ্ঞান যত বেশি সমৃদ্ধ হয়,তা বিচক্ষণদের জন্য ততই সুস্পষ্টরূপে এক প্রজ্ঞাবান, সর্বজ্ঞানী,সর্বশক্তিমান ও সর্বাধিপতি স্রষ্টার দিকে ইঙ্গিত করে। এই কারণেই, পাশ্চাত্যের গবেষকদের একটি বিরাট অংশ সেই সব শ্রেণীর মানুষের যারা খোদার উপর ঈমান আনে, আধুনিক গবেষণা যাদের

ঈমানের পথে আদৌ কোন অন্তরায় হয় না, বরং তারা সেগুলিকে নাস্তিকতার বিরুদ্ধে অস্ত্র হিসেবে প্রয়োগ করে।

এটা ছাড়া আর একটা বিষয় স্মরণ রাখার যোগ্য যে দুর্ভাগ্যবশতঃ লোক সচরাচর বিজ্ঞান সম্পর্কে এক ভয়ানক বিভ্রান্তির শিকার। অর্থাৎ তারা বিজ্ঞানীদের অনুমান এবং বিজ্ঞানের প্রমাণিত তত্ত্বের মধ্যে পার্থক্য করে না। স্পষ্টতই বিজ্ঞানীদের ঘোষণাগুলি তিনভাগে বিভক্ত।

(প্রথম) বৈজ্ঞানিকদের অনুমান।

(দ্বিতীয়) বিজ্ঞানের অসম্পূর্ণ গবেষণা।

(তৃতীয়) বিজ্ঞানের প্রমাণিত তত্ত্ব।

এই তিনটি পৃথক পৃথক মূল্য ও মর্যাদা রাখে, এগুলিকে একই পর্যায়ের গুরুত্ব দেওয়া মারাত্মক ভূল। অথচ প্রত্যেক ব্যক্তি যারা অল্পবিস্তর বিদ্যা-বুদ্ধি সম্পন্ন, তারা জানেন, অনুমান ও অসম্পূর্ণ গবেষণা অন্য জিনিষ এবং প্রমাণিত তত্ত্ব অন্য জিনিষ।

## খোদা স্বয়ম্ভু

এই স্থানে একটি সন্দেহের নিরসন হওয়া আবশ্যক যা কিছু অজ্ঞ ব্যক্তিদের অন্তরে সৃষ্টি হয়, বিশেষ করে যুবকদের মধ্যে, এবং সেটা এই যে, যদি এই বিশ্বকে খোদা সৃষ্টি করে থাকেন, তবে খোদাকে কে সৃষ্টি করেছেন? যদি ধরেও নেওয়া হয় যে, যে সত্তা এই বিশ্বের সৃষ্টিকর্তা ও প্রভু, তাকে কোন এক মহানতর সত্তা সৃষ্টি করেছেন, তাহলে সেই মহান সত্তার নামই খোদা রাখব আর সেই অধীনস্ত সত্তাকে সৃষ্টজগতের অন্তর্ভুক্ত করব। যদি কারো মনে এই চিন্তার উদ্রেক হয় যে, এক্ষেত্রে প্রতিটি সত্তা সম্পর্কে এই একই প্রশ্ন উঠবে যে তার সৃষ্টিকর্তা ও প্রভু আছে। এই জন্য এমন কোন সত্তা প্রমাণিত হবে না, যাকে আদি সত্তা বলা যেতে পারে। তাহলে এর উত্তর হল, এই বিষয়ে যুক্তির বিচারে এটি অসম্ভব যে, এই পরম্পরার কোনও আদি সত্তা থাকবে না। কেননা, যদি কোনও আদি সত্তার অস্তিত্ব স্বীকার না করা হয়, সেক্ষেত্রে অনিবার্যরূপে অধীনস্ত সমস্ত সত্তার অস্তিত্বকে অস্বীকার করতে হবে যা আদি সত্তার পরিণামে উদ্ভুত হয়েছে,যেগুলির মধ্যে পৃথিবীও রয়েছে।

প্রকৃতপক্ষে এই প্রশ্নই অবান্তর যে খোদার সৃষ্টিকর্তা ও প্রভু কে? কেননা, খোদার সম্পর্কে এই প্রকার প্রশ্ন সৃষ্টি হতে পারে না। ব্যাপার এই যে, ঈশ্বরত্ব এবং সৃষ্টিকূলত্য-এর অর্থ পরস্পরের বিপরীতধর্মী। আর যৌক্তিকভাবে এই দুটি অর্থ এক সত্তায় সমন্বিত হওয়া অসম্ভব। কেননা যেখানে ঈশ্বরত্বের দাবি, কেবল সেই সত্তার নাম খোদা রাখা হোক যে সর্বোচ্চ, সর্বাপেক্ষা মহান। অন্যদিকে 'মাখলুকিয়াত' বা সৃষ্টিকূলত্যের অর্থ দাবি করে যে, আমরা সেই সত্তাকে সৃষ্টিজগতের অন্তর্গত মনে করি, যার উপর আরও এক মহান ও উচ্চতর সত্তাও বিরাজ করেন। অতএব এই দুটি অর্থ কোনওভাবেই এক সত্তায় একত্রিত হতে পারে না।

অর্থাৎ একই সত্তা খোদা এবং মখলুক উভয় হওয়া অসম্ভব। আর যেহেতু তা অসম্ভব, সেক্ষেত্রে আমাদেরকে স্বীকার করতে হবে যে, আমরা যখন কোন সত্তাকে খোদা হিসেবে বিশ্বাস করে নিই, তখন তাঁর সম্পর্কে এই প্রশ্নই অবান্তর হয়ে পড়ে যে কে তার সৃষ্টিকর্তা? এই সন্দেহ দূরীকরণে তৃতীয় উত্তর যা আমি দিতে চাই, সেটি হল, আমরা কিছুক্ষণের জন্য ধরে নিই যে, খোদা 'মখলুক' (যাকে সৃষ্টি করা হয়েছে), এরপর দেখি যে কি পরিণাম বের হয়। যদি খোদাকে 'মখলুক' হিসেবে গণ্য করা হয়, তবে তাঁর যাবতীয় গুণাবলী অস্বীকার করতে হয়। যেমন, স্পষ্টতঃ যদি খোদা সৃষ্টজীব হয়, তবে সে অনাদি হতে পারে না,বরং তাকে আদি মানতে হবে। যদি খোদা সৃষ্টজীব হয় তবে সে অবিনশ্বর হতে পারে না, বরং তাকে নশ্বর মানতে হবে। যদি খোদা সৃষ্টজীব হয় তবে স্ব-প্রতিষ্ঠিত নয়, বরং তাকে সেই সত্তার উপর নির্ভরশীল হতে হবে যে তার স্রষ্টা ও প্রভু।

## পৃথিবীই যেন স্বয়ম্ভু

এরপর আরও একটি সন্দেহের উত্তর দিতে চাই আর সেটা হচ্ছে, যদি আমাদেরকে খোদাকে স্বয়ম্ভু মেনে নিতে হয় আর বিশ্বাস করতে হয় যে, তিনি অনাদি কাল থেকে স্বয়ম্ভু, তিনি শাশ্বত, তিনি কারো দ্বারা সৃষ্ট নন। তবে এই ব্রহ্মাণ্ডকেই বা কেন আমরা স্ব-প্রতিষ্ঠিত হিসেবে গণ্য করব না? এই সন্দেহে চিন্তাভাবনার দৈন্যদশাই ফুটে ওঠে। আমরা যে বিশ্বাস করি, এই পৃথিবী কারো দ্বারা সৃষ্ট, তা এই কারণে নয় যে, যেহেতু প্রতিটি বস্তু কারো দ্বারা সৃষ্ট হওয়া আবশ্যক, তাই পৃথিবীকেও কারো হাতে সৃষ্ট হওয়া উচিত। বরং এই জন্য যে পৃথিবীর বৈশিষ্ট্য প্রমাণ করছে যে এটি কারো দ্বারা সৃষ্ট। প্রত্যেক বস্তুর নিজের নিজের নিজস্ব কিছু বিশেষত্ব থাকে আর সেই বিশেষত্ব অনুসারেই বস্তুটি সম্পর্কে কোনও সিদ্ধান্তে উপনীত হওয়া যায়। পৃথিবীতে এমন কোনও বস্তু নেই যাকে সৃষ্টি হিসেবে ধরে নিলে আমাদেরকে তার বিশেষ কোন গুণকে অস্বীকার করতে হয়, কিন্তু এর বিপরীতে খোদাকে সৃষ্টি হিসেবে ধরে নিলে তাঁর সকল নীতিগত গুণাবলীকে আমাদেরকে অস্বীকার করতে হয়।

## পাপ-পুণ্যের উপলব্ধির প্রমাণ

এরপর আমি আল্লাহ্ তা'লার অস্তিত্ব সম্পর্কে এই স্থানে যুক্তিগত প্রমাণ হিসেবে চারিত্রিক নিয়ম সম্পর্কিত প্রমাণ উপস্থাপন করতে চাই যা প্রত্যেক মানুষের প্রকৃতিতে অন্তর্নিহিত রয়েছে। পাপ-পুণ্যের উপলব্ধি প্রতিটি মানুষের মজ্জাগত আর তা এই বিশ্বাসের স্বপক্ষে একটি জোরালো প্রমাণ যে,মানুষ নেহাত সমাপতনেরই পরিণাম নয় এবং কোনও অন্ধ আইনেরও পরিণাম নয়। বরং এক সর্বজ্ঞানী ও মহাপ্রজ্ঞাময় সত্তা তাকে এক বিশেষ উদ্দেশ্য নিয়ে সৃষ্টি করেছেন। সেই উদ্দেশ্য হল, মানুষ যেন নিজের সেই সহজাত প্রবৃত্তিকে বিকশিত করে, যা তার মধ্যে একটি বীজ হিসেবে প্রোথিত আছে, এবং সে নিজের জন্য উচ্চ মার্গের উন্নতির দ্বার উন্মোচন করে সৌন্দর্য ও অনুকম্পার পরিপূর্ণ উৎস এবং সেই অদ্বিতীয় জীবন-প্রস্রবণ তথা খোদা তা'লার প্রতিবিম্ব নিজের মধ্যে সৃষ্টি করে , এবং সকল প্রকার সৌন্দর্য ও অনুকম্পার পরাকাষ্ঠা অর্জনের দিকে অনন্তকাল ধরে অগ্রসর হতে থাকে। অতএব, কুরআন করীমে বলা হয়েছে-

فَأَلْهَمَهَا فُجُورَهَا وَتَقْوَاهَا (সূরা শামস: ৯) অর্থাৎ খোদা তা'লা প্রত্যেক মানুষের প্রকৃতিতে পুণ্য ও পাপের চেতনা সন্নিবিষ্ট রেখেছেন এবং তাকে সেই প্রকৃতির মাধ্যমে বলে দেওয়া হয়েছে যে এই পথ অসৎ আর এই পথ সৎ।

অন্যত্র বলা হয়েছে- وَهَدَيْنَاهُ النَّجْدَيْنِ (সূরা বালাদ: ১১) অর্থাৎ 'আমরা মানুষকে পুণ্য ও পাপের দুটি পথই (তার প্রকৃতির মাধ্যমে) দেখিয়েছি।

## বিশ্বজনীন গ্রহণযোগ্যতা

আমি এরপর যে প্রমাণ বর্ণনা করতে চাই সেটা সর্বজনীন গ্রহণযোগ্যতার। এই প্রমাণ ঐ নীতির উপর প্রতিষ্ঠিত যে, পৃথিবীতে কোনও চিন্তাধারা বা মতবাদের বিশ্বজনীন গ্রহণযোগ্যতা, যা যুগ যুগ ধরে যুগে প্রতিষ্ঠিত থেকেছে, তা এ বিষয়ের প্রমাণ যে সেই চিন্তাধারা বা মতবাদ প্রকৃতিগতভাবে সত্য ও ন্যায়ের উপর প্রতিষ্ঠিত।

আমি এখন এই সত্যটি ধরে নিয়ে আলোচ্য প্রশ্নের প্রতি দৃষ্টি নিবদ্ধ করলে দেখব, আল্লাহ্‌র প্রতি ঈমানের বিশ্বাস এমন এক মতবাদ প্রমাণিত হয়, যা কোনও জ্ঞানী ব্যক্তি অস্বীকার করতে পারে না। পৃথিবীর সমস্ত জাতি, ছোট হোক বা বড়, প্রগতিশীল হোক কিম্বা অনগ্রসর , শিক্ষিত হোক কিম্বা অজ্ঞ, তারা যেখানেই বাস করুক, তাদের মধ্যে অগণিত ভেদাভেদ থাকা সত্ত্বেও এবিষয়ে একমত যে, এই পৃথিবী এবং যা কিছু এর মধ্যে আছে, এগুলি নিজে থেকে সৃষ্টি হয় নি, এগুলির কোনও সৃষ্টিকর্তা ও প্রভু আছেন। এই মতবাদ কেবল আজকের যুগের জাতিসমূহের মধ্যেই সীমাবদ্ধ নেই; যে সকল যুগের ইতিহাস আমাদের সামনে সংরক্ষিত আছে, সেগুলিতে ব্যতিক্রমহীনভাবে এই দৃশ্যই পরিলক্ষিত হয় যে এমন কোনও জাতি নেই, যাদের মধ্যে এই বিশ্বাস পাওয়া যায় না যে এই পৃথিবী কোনও অসাধারণ সত্তার সৃষ্টি এবং স্বত্ব।

## খোদার মতবাদ কি অন্ধবিশ্বাস প্রসূত?

এখানে কারো মনে যদি এই সন্দেহের উদ্রেক হয় যে, পাশ্চাত্য ইতিহাসবিদগণদের কেউ কেউ

লিখেছেন, ‘পৃথিবীতে কিছু জাতি এমনও গত হয়েছে যারা জাতিগতভাবে খোদার মতবাদে বিশ্বাসী ছিল না।’ তবে এর উত্তর এই যে, কিছু গ্রন্থাকার একথা লিখেছেন ঠিকই, কিন্তু যদি গভীর দৃষ্টিতে অনুধাবন করা যায়, তবে স্পষ্ট দেখা যায় যে সেই সব লেখক ভ্রান্তির শিকার হয়েছেন। তারা সম্পূর্ণ গবেষণা করেন নি। বিশেষ করে তারা কিছু প্রাচীন পৌত্তলিক জাতিগুলির শিরকপূর্ণ ধর্মবিশ্বাসকে কেবল ভীতি, অজ্ঞতা এবং অন্ধবিশ্বাসের সঙ্গে জুড়ে দেওয়ার ভুল করেছেন। এবং ভুলের বশবর্তী হয়ে এই সিদ্ধান্তে উপনীত হয়েছেন যে, তাদের মধ্যে একেশ্বরবাদ কোনদিনই ছিল না। যদিও একথা সম্পূর্ণ ভুল। সত্য এই যে শিরকের মতবাদ অজ্ঞতাপ্রসূত হলেও অবশ্যই সেটি খোদার মতবাদের একটি শাখা, মূল নয়। অর্থাৎ আল্লাহ্‌র প্রতি ঈমানের বিকৃত অবস্থার পরিণতিতেই চিরকাল পৌত্তলিকতার উদ্ভব হয়। খোদার মতবাদ সম্পূর্ণরূপে বিলুপ্ত হওয়ার পরিস্থিতিতে পৌত্তলিকতা সৃষ্টি হওয়ার তেমন কোনও দৃষ্টান্ত নেই। অতএব, পৃথিবীর ইতিহাসে এমন বহু দৃষ্টান্ত আছে, যেখানে দেখা যায় একটি জাতি প্রথমে খোদার উপর বিশ্বাসী ছিল। কিন্তু কালক্রমে তাদের মধ্যে পৌত্তলিকতাপূর্ণ চিন্তাধারার অনুপ্রবেশ আরম্ভ হয়।

## রসূলগণের জয়যুক্ত হওয়ার প্রমাণ

যেদিন থেকে পৃথিবীর ইতিহাস সংরক্ষিত আছে, আমরা দেখতে পাই যে, যখনই খোদা তা’লার উপর ঈমান আনয়নকারী এবং খোদাকে অস্বীকারকারীদের মধ্যে সংঘাত হয়েছে, সব সময় ঈমান আনয়নকারীরাই জয়যুক্ত হয়েছে। যা থেকে বোঝা যায় যে, ঈমান আনয়নকারীদের সাহায্যে কোনও অদৃশ্য হাত কাজ করে থাকে। আমার একথা বলার অর্থ এই নয় যে, যাবতীয় প্রকারের মতবিরোধে মোমেন অবশ্যই কাফেরদের উপর জয়যুক্ত হয়, কেননা সাধারণ পরিস্থিতিতে জয় ও পরাজয় প্রকৃতির নিয়মে সংঘটিত হয়। এমন কোন কারণ নেই যে যদি একজন অবিশ্বাসী জয়ের পন্থা অবলম্বন করে আর একজন বিশ্বাসী সেই পন্থা অবলম্বন না করে, তবে অবিশ্বাসী জয়লাভ করবে না ও বিশ্বাসী জয় লাভ করবে। সাধারণ পরিস্থিতিতে এমনটি কখনই হবে না। বরং সাফল্য তার ভাগ্যেই জুটবে, যে সাফল্যের পথে চলে, সে যেই হোক না কেন। অতএব এখানে পৃথিবীর সাধারণ মতবিরোধ এবং সংঘাত আমার দৃষ্টিতে নেই, বরং আমার বলার উদ্দেশ্য হল, পৃথিবীতে যখনই কোন সত্যবাদী এই দাবি নিয়ে দণ্ডায়মান হয় যে খোদার পক্ষ থেকে আমার জীবনের এই লক্ষ্য নির্ধারণ করা হয়েছে, আমি যেন ঈমানকে পৃথিবীর বুকে প্রতিষ্ঠিত করি’- তখন সে অবশ্যই নিজের লক্ষ্যে সফল হয়, পৃথিবীর কোন শক্তি তার সফলতার পথে বাধা হয়ে উঠতে পারে না। কুরআন করীম ঘোষণা করে- كَتَبَ اللّٰهُ لَاَغْلِبَنَّ اَنَا وَرُسُلِيْ

অর্থাৎ আল্লাহ্ তা’লা নির্ধারণ করে রেখেছেন, তিনি ও তাঁর রসূল সব সময় জয়যুক্ত হবেন।’

## সাধু ব্যক্তিদের সাক্ষ্যের প্রমাণ

আল্লাহ্ তা’লার অস্তিত্ব সম্পর্কে সর্বশেষ যে যৌক্তিক দলিলটি আমি বর্ণনা করতে চাই সেটি পুণ্যবানদের সাক্ষীর সঙ্গে সম্পর্ক রাখে। অর্থাৎ তা এই নীতির উপর প্রতিষ্ঠিত যে, এমন বহু মানুষ আছেন যাঁদের সত্যবাদিতা স্বীকৃত, যাঁরা অবিসংবাদিতভাবে প্রকিতস্থ,তাঁরা ব্যক্তিগতভাবে এবিষয়ের সাক্ষ্যদান করেন যে, সত্যিই তাদের এক খোদা আছেন, যাকে তারা দেখেছেন ও চিনেছেন, যেভাবে আমরা অন্যান্য অদেখা বস্তুকে দেখি এবং চিনি।

## আল্লাহ্ তা’লার উপর ঈমান আনার অসাধারণ উপকারিতাসমূহ

এরপর আমি আল্লাহ্ তা’লার অস্তিত্ব সম্পর্কে এমন কয়েকটি প্রমাণ উপস্থাপন করতে চাই, যেগুলি এই নীতির উপর প্রতিষ্ঠিত যে, খোদা তা’লার উপর ঈমান আনার মধ্যে এমন কয়েকটি উপকারিতা রয়েছে যা তাঁর উপর ঈমান না এনে অন্য কোন উপায়ে সম্পূর্ণরূপে লাভ করা যেতে পারে না।

## আল্লাহ তা’লাতে বিশ্বাস একতা ও ভ্রাতৃত্ববোধের চেতনা সৃষ্টি করে।

আল্লাহ তা’লার উপর ঈমান আনার সর্বপ্রথম যে উপকার বর্ণনা করতে চাই, সেটি হল, খোদা তা’লার ধারণা মানুষের মনে একতা ও ভ্রাতৃত্ববোধের চেতনা তৈরী করার সব থেকে বড় উপায়। আর এই চেতনা মানব জাতির উন্নতি ও সমৃদ্ধির জন্য অত্যন্ত আবশ্যক ও উপযোগী। এই স্থানে কোনও ব্যক্তির অন্তরে এই সন্দেহ দানা বাঁধতে পারে যে, খোদাকে অস্বীকারকারীরাও অনেক সময় অন্যদের প্রতি ভালবাসা ও সহানুভূতিপূর্ণ আচরণ করে আর জনকল্যাণমূলক কাজেও আগ্রহ প্রকাশ করে, যা থেকে বোঝা যায় যে, আবেগ ও চেতনা সৃষ্টির জন্য খোদা তা’লার উপর ঈমান আনা আবশ্যক নয়। এর উত্তর এই যে, আমরা মোটেই এমন দাবি করি নি যে, আল্লাহ্ তা’লার উপর ঈমান ব্যতিরেকে এই আবেগ ও চেতনা সৃষ্টিই হতে পারে না, বরং আমি নিজেও একথা বিশ্বাস করি যে, অনেক কিছু কম বেশি এর কারণে হয়। কিন্তু আমি একথা অবশ্যই বলব যে, সকল আদম সন্তানদের মধ্যে সামগ্রিকভাবে পরিপূর্ণরূপে এই আবেগ ও চেতনা কেবল মাত্র আল্লাহ্ তা’লার উপর ঈমান আনার পরিণামেই সৃষ্টি হতে পারে। আর অন্যান্য মাধ্যমগুলি নিজেদের অবস্থা ও প্রভাবে এর প্রতিদ্বন্দ্বিতা করতে পারে না।

## খোদার মতবাদ পাপে লিপ্ত হওয়া থেকে বিরত রাখে এবং পুণ্যের প্রতি অনুরাগ সৃষ্টি করে

দ্বিতীয় বড় উপকারিতা যা খোদার উপর ঈমান আনার পরিণামে জগতবাসী সাধারণত লাভ করতে পারে,সেটি এই যে, খোদার উপর ঈমান আনা মানুষকে পাপ কর্ম করতে বাধা দেয়। কেননা যে ব্যক্তিই খোদার উপর ঈমান আনে, সে এই বিশ্বাসও পোষণ করে যে, পাপে লিপ্ত হলে খোদা তা’লা তার উপর অসন্তুষ্ট হবেন আর সেই অসন্তুষ্টির পরিণামে তাকে কোন কষ্ট বা শাস্তি ভোগ করতে হবে। আর যদি পাপ থেকে বিরত থাকে, তবে খোদা তা’লা তার উপর প্রীত থাকবেন এবং তাঁর প্রীতি তার উপকারে আসবে আর তাকে পুরস্কার ও সম্মানের যোগ্য করবে। কাজেই এই ধারণার বশবর্তী হয়ে প্রত্যেক ব্যক্তি,যে খোদার উপর ঈমান আনে, তার ঈমান কেবল প্রদর্শনপ্রবণ হবে না, বরং নিঃসন্দেহে সে অন্যদের তুলনায় পাপ থেকে বেশি সুরক্ষিত থাকবে।

## খোদার মতবাদ বস্তু সমূহের নিগূঢ় তত্ত্ব ও রহস্য উদ্ঘাটনে সহায়ক হয়।

খোদার উপর ঈমান আনয়নকারী ব্যক্তির হৃদয় এই বিশ্বাস ও ঈমানে পরিপূর্ণ থাকে যে পৃথিবীর প্রত্যেকটি বস্তু তার খোদার সৃষ্ট আর খোদা তা’লা প্রতিটি বস্তুকে কোনও এক বিশেষ উদ্দেশ্যে সৃষ্টি করেছেন। তাই পৃথিবীর কোনও বস্তুই বৃথা নয়, বরং নিজ নিজ সৃষ্টির উদ্দেশ্যের অধীনে নিজেদের উপর অর্পিত দায়িত্ব পালন করছে। স্পষ্টতই এই বিশ্বাস বস্তুসমূহের নিগূঢ় তত্ত্ব ও রহস্য উন্মোচনের ক্ষেত্রে মানুষের মধ্যে এক বিশেষ উৎসাহ, উদ্দীপনা ও আশার সঞ্চার করবে, যা এটি ছাড়া কখনই অর্জিত হতে পারে না।

## খোদার মতবাদ হৃদয়ের প্রশান্তি এনে দেয়।

খোদার উপর বিশ্বাস আনার পঞ্চম সব থেকে বড় উপযোগিতা যা পৃথিবী লাভ করতে পারে, তা হল এই যে, খোদার উপর ঈমান আনা মানুষের হৃদয়ে এক প্রকার প্রশান্তির অবস্থা সৃষ্টি করে আর এই আন্তরিক প্রশান্তি জীবনের প্রতিটি ক্ষেত্রে মানুষের কাজে আসে।

## খোদার মতবাদে চারিত্রিক ও নৈতিক মান প্রতিষ্ঠিত থাকে।

খোদার উপর ঈমান আনার ষষ্ঠ বড় উপযোগিতাটি হল, খোদার উপর বিশ্বাস পৃথিবীতে নৈতিক মানদণ্ডকে প্রতিষ্ঠিত রাখার কারণ হয়, যা খোদা ব্যাতিরেকে কখনই প্রতিষ্ঠিত থাকা সম্ভব নয়। স্পষ্টতই মানুষ এক মহান সত্তার সৃষ্টি। এই পরিস্থিতিতে মানুষের জন্য ঐ মহান সত্তা ছাড়া অন্য কোনও আদর্শ অনুকরণীয় হতে পারে না। আর নিজেকে নিজ স্রষ্টা ও প্রভুর গুণে গুণান্বিত করে তোলাই হল এই নৈতিকতার মান বজায় রাখা। আঁ হযরত (সা.) বলেছেন, تَخَلَّقُوْا بِاَخْلَاقِ اللّٰهِ । অর্থাৎ হে মানবজাতি! তোমরা নিজেদের চরিত্রকে খোদার চরিত্র অনুযায়ী গঠন কর।

**********

# মহানবী (সা.)খোদা তা'লার সব থেকে বড় প্রেমী

মূল:সালীক আহমদ নায়েক, মুরুব্বী সিলসিলা, নাযারত উলিয়া-র প্রবন্ধ (উর্দু) থেকে অনুদিত।

সৃষ্টিজগতের অন্তরসমূহ ঈমানশূন্য হয়ে পড়েছিল,

প্রতিমারা সত্যের স্থান দখল করেছিল,

সারা পৃথিবীকে পথভ্রষ্টতা আচ্ছন্ন করে রেখেছিল

একত্ববাদের নামমাত্র ছিল না

তাঁর মাধ্যমেই একত্ববাদ প্রতিষ্ঠিত হল

তাঁর প্রতি দরুদ ও সালাম বর্ষিত হোক।

জগতের শিরোমণি হযরত মুহাম্মদ মুস্তাফা (সা.) এর সত্তা ছিল আল্লাহ্ তা'লা অস্তিত্বের বিকাশস্থল। তাঁর প্রতিটি কথা ও কর্ম ছিল খোদা তা'লার প্রেমে পরিপূর্ণ। তাঁর জীবন কেবল খোদা তা'লার সন্তুষ্টির জন্য নিবেদিত ছিল। এই কারণেই আল্লাহ্ তা'লাও তাঁর আরশ থেকে সাক্ষ্য দিয়েছেন, '

*হে নবী !তুমি বলে দাও, 'আমার নামায, আমার কুরবানী , আমার জীবন এবং আমার মৃত্যু কেবল আল্লাহ্ তা'লার জন্যই যিনি সমগ্র জগতের প্রতিপালক, যাঁর কোনও শরীক নেই। আমাকে এ বিষয়েরই আদেশ দেওয়া হয়েছে আর আমি সর্বপ্রথম আনুগত্যকারী।*

(সূরা আনাআম: ১৬৩-১৬৪)

তাঁর আশিসময় ব্যক্তিত্বেরই এই বিশিষ্ট মর্যাদা ছিল যার সুবাদে আল্লাহ্ তা'লা স্বীয় অস্তিত্ব সম্পর্কে তার নিকট সেই সকল গোপন রহস্যাবলী উন্মোচন করেছেন, যা এই বিশ্ব-ব্রহ্মাণ্ডে আর কারো নিকট প্রকাশ করা হয় নি। তাই তিনি বলেন, আল্লাহ্ তা'লা আমার উপর স্বীয় প্রশংসনীয় গুণাবলীর তত্ত্বজ্ঞান এমনভাবে উন্মোচন করেছেন যা আমার পূর্বে অন্য কোনও ব্যক্তির উপর এভাবে করা হয় নি।

(সহী বুখারী, কিতাবুত তফসীর, সূরা বানী ইসরাইল)

আল্লাহা তা'লার জন্য তাঁর হৃদয়ে কি রূপ আত্মবিলীনতার স্পৃহা ছিল তা তাঁর জীবনের ছোট বড় প্রতিটি কর্ম থেকে অত্যন্ত স্পষ্টভাবে প্রকাশ পায়। পাঠকবর্গের উদ্দেশ্যে এর কয়েকটি ঘটনা উপস্থাপন করা হল।

আঁ হযরত (সা.) এর ইবাদতের মান অত্যন্ত উন্নত ছিল। শুরু থেকেই আল্লাহ্ তা'লার প্রতি পরিপূর্ণ ও একনিষ্ঠ ভালবাসায় তাঁর হৃদয় আপ্লুত ছিল। শৈশব হোক বা ভরপুর যৌবনকাল, প্রত্যেক যুগেই যিকরে ইলাহি এবং ইবাদতই তাঁর একমাত্র লক্ষ্য থেকেছে। জগত থেকে বিচ্ছিন্ন হয়ে নিভৃতে-নির্জনে কেবল নিজ প্রেমাস্পদের সঙ্গে গোপন আলাপই তাঁর হৃদয়ের প্রশান্তি এনে দিত। যৌবনেই তিনি নিয়মিত পুণ্যময় ও সত্য-স্বপ্ন দেখতে শুরু করেন।

(বুখারী, বাব বাদউল ওহী)

যৌবনে তিনি প্রতি বছর হিরা গোহায় এক মাসের জন্য এতেকাফ করতেন আর নিভৃতে আল্লাহ্ তা'লা স্মরণে মগ্ন থাকতেন। অজ্ঞতার যুগে কুরায়েশদের ইবাদতের এটি একটি পন্থা ছিল। আঁ হযরত (সা.) এতেকাফ শেষ করে ফিরে এসে সর্বপ্রথম কাবাঘরের তোয়াফ করতেন, তারপর বাড়ি যেতেন। হুযুর (সা.) এর উপর প্রথম যখন ওহী অবতীর্ণ হয়, সেটি ছিল রমযান মাস আর তিনি সেই সময় হেরা গুহায় এতেকাফরত ছিলেন।

(আসসীরাতুননবুয়াহ, লি ইবনে হিশাম, ১ম খণ্ড)

তিনি কেবল ফরয বা অপরিহার্য নামায পর্যন্তই সীমাবদ্ধ থাকতেন না, এছাড়াও বিশেষ করে রাত্রিকালে তিনি আল্লাহ্ তা'লার গভীর ভালবাসায় নিমজ্জিত হয়ে অত্যন্ত অনুনয়-বিনয় সহকারে এতটাই দীর্ঘ ও সুন্দর নামায পড়তেন যে, তাঁর পা দুটি ফুলে যেত। নিজ প্রভু প্রতিপালকের ইবাদত তাঁর কাছে পৃথিবীর যে কোনও বিষয়ের চেয়ে প্রিয় ছিল।

আঁ হযরত (সা.) এর কাছে এককালীন নয়জন স্ত্রী ছিলেন। তাঁর সর্বাপেক্ষা প্রিয় স্ত্রী হযরত আয়েশার কাছে নবম দিনে পালা আসত। একবার গ্রীষ্মকালে শীতল রাতে তাঁর লেপের মধ্যে প্রবেশ করে তাঁকে বলেন, আয়েশা! যদি তুমি অনুমতি দাও, তবে আজকের রাতটি আমি আমার প্রভু প্রতিপালকের ইবাদতে কাটাতে চাই। তিনি সানন্দে তাঁকে সেই অনুমতি দান করেন। আর আঁ হযরত (সা.) রাত্রিব্যাপী ইবাদতে অতিবাহিত করেন, আর কেঁদে কেঁদে সিজদাস্থল সিক্ত করে দেন।

( আদ্দুররুল মানসুর ফি তাফসীরু মাসুর, ৬ষ্ঠ খণ্ড, পৃ: ২৭)

আঁ হযরত (সা.)এর খোদা প্রেম, একত্ববাদের প্রতিষ্ঠার জন্য তাঁর চেষ্টা ও সাধনা থেকেও প্রকাশ পায়। তাঁর শরিয়ত বিধানের প্রথম পাঠই ছিল-'লাইলাহা ইল্লাল্লাহ॥ অর্থাৎ আল্লাহ্ ছাড়া কোনও উপাস্য নেই। তাঁর ওঠা-বসা তৌহিদ বা একত্ববাদেরই বহিঃপ্রকাশ মাত্র। সকাল-সন্ধ্যা তিনি তৌহিদের মহিমাকীর্তন করতেন। দিন উদিত হলে তাঁর মুখে এই দোয়া থাকত- ' আমি ইসলামের প্রকৃতি এবং একনিষ্ঠ বাণী (অর্থাৎ তওহীদ) -এর উপর এবং তোমার নবী মহম্মদ (সা.) এর ধর্ম এবং নিজ পিতা ইব্রাহিমের ধর্মের উপর রাত যাপন করেছি, যিনি একত্ববাদী ছিলেন, মুশরিকদের অন্তর্ভুক্ত ছিলেন না।

(মুসনাদ আহমদ, ৩য় খণ্ড,পৃ: ৪০৬, বেইরুত থেকে প্রকাশিত)

সন্ধ্যা হতেই তাঁর মুখে এই দোয়া থাকত। 'আমসাইনা ওয়া আমসাল মুলুকু লিল্লাহি'। অর্থাৎ আমরা এবং সমগ্র বিশ্ব আল্লাহ্ তা'লার উদ্দেশ্যে সন্ধ্যা কাল অতিবহিত করেছি। আর সমস্ত প্রশংসা আল্লাহর। আল্লাহ্ ছাড়া কোনও উপাস্য নেই। তিনি এক-অদ্বিতীয়, তাঁর কোনও শরীক নেই। তাঁরই রাজত্ব, তিনিই সমস্ত প্রশংসার অধিকারী এবং তিনি সমস্ত বিষয়ের উপর শক্তি রাখেন।

(মুসলিম, কিতাবুয যিকর)

কোনও বিপদের সম্মুখীন হলে এই দোয়া করতেন-'লা ইলাহা ইল্লাল্লাহুল আযীমুল হালীম'। অর্থাৎ আল্লাহ্ ছাড়া কোনও উপাস্য নেই, তিনি মহান আরশের প্রভু। আল্লাহ্ ছাড়া কোনও উপাস্য নেই। তিনি আকাশ ও পৃথিবীর প্রভু। আল্লাহ্ ছাড়া কোনও উপাস্য নেই। তিনি সম্মানিত আরশের প্রভু।

(বুখারী, কিতাবুদ দাওয়াত)

হযরত মুহাম্মদ মুস্তাফা (সা.) ই ছিলেন সেই ব্যক্তি যিনি শিরক ও পৌত্তলিকতার পরিবেশে তৌহিদের জয়ধ্বনি উচ্চকিত করেছিলেন। এরপর আজীবন একত্ববাদের এই ধ্বজা তিনি উড্ডীন রেখেছিলেন, কখনও এর উপর কোনও আঁচড় আসতে দেন নি। একত্ববাদের এই বাণীর কারণেই তিনি যাবতীয় কষ্ট ও যাতনা সহ্য করেছেন। নিজের প্রাণের বন্ধুদের কুরবানীও দিয়েছেন এমনকি নিজের প্রাণ উৎসর্গ করতেও কুণ্ঠিত হন নি। সব সময় একত্ববাদের প্রতিষ্ঠার জন্য অবিচল পাহাড় হয়ে সমস্ত প্রতিকুলতার বিরুদ্ধে যুদ্ধ করেছেন। তিনি একত্ববাদকেই মুক্তির উপায় আখ্যা দিয়ে বলেন, যে ব্যক্তি সত্যনিষ্ঠভাবে একত্ববাদের স্বীকারুক্তি দেয়, সে জান্নাতী।

(মুসনাদ আহমদ,৪র্থ খণ্ড, পৃ: ৪১১, বেইরুত থেকে প্রকাশিত)

এছাড়াও জীবনের বড় বড় পরীক্ষাতেও যখন স্বয়ং রসুলুল্লাহ্ (সা.) এবং তাঁর সাহাবাদের জীবন বিপন্ন হয়ে উঠেছে, তখনও তিনি একত্ববাদের রক্ষার বিষয়ে উদাসীন হন নি। বরং একত্ববাদের প্রতি তাঁর ভালবাসা পূর্ণ মহিমায় প্রকাশ পেয়েছে। একটি রেওয়ায়েতে বর্ণিত হয়েছে যে, হযরত বারাআ (রা.) বলেন, রসুলুল্লাহ্ (সা.) ওহদের দিন পঞ্চাশ জন পদাতিক সেনার উপর হযরত আব্দুল্লাহ বিন জাবীর (রা.) কে সেনাপতি নিযুক্ত করে বললেন, যদি তোমরা দেখ, আমাদেরকে হিংস্র জন্তু জানোয়ার ছিঁড়ে খাচ্ছে, তবুও তোমরা নিজেদের এই জায়গা থেকে নড়বে না, যতক্ষণ পর্যন্ত আমি না ডেকে পাঠাই। আর যদি তোমরা বুঝতে পার যে, আমরা শত্রুদের পরাজিত করেছি, তাদেরকে পিষ্ট করে ফেলেছি, তবু তোমরা নিজেদের স্থান থেকে নড়বে না, যতক্ষণ তোমাদেরকে ডেকে না পাঠানো হয়। এরপর যুদ্ধ হয় আর মুসলমানেরা কাফেরদেরকে পরাজিত করে। তা দেখে হযরত আব্দুল্লাহ্ বিন জাবীর (রা.) এর সঙ্গীরা বলল, এখন যুদ্ধলব্ধ সম্পদ সংগ্রহের সময়। তোমাদের সঙ্গীরা বিজয়ী হয়েছে। এখন তোমরা

কিসের অপেক্ষা করছ? একথা শুনে আব্দুল্লাহ বিন জাবীর (রা.) তাদেরকে বললেন, তোমরা কি রসুলুল্লাহ (সা.) এর নির্দেশ ভুলে গিয়েছ? তারা বলল, খোদার কসম, আমরা সকলের সঙ্গে যুদ্ধলব্ধ সম্পদ অর্জন করব। যখন তারা সেনাদলের সঙ্গে এসে মিলিত হল তখন তাদের অভিমুখ পরিবর্তিত হয়ে গেল আর পরাজিত হয়ে ফিরে এল। এই সম্পর্কেই কুরআন শরীফে এই আয়াত নাযেল হয়েছে, ' স্মরণ কর যখন রসুল তোমাদেরকে পিছনের দিকে আহ্বান করছিল" আর রসুল করীম (সা.) এর সঙ্গে বারো জন ব্যক্তি ছাড়া আর কেউ ছিল না। সেই সময় কুফফাররা আমাদের সত্তর জনের ক্ষতি করে আর রসুলুল্লাহ (সা.) এবং তাঁর সঙ্গীরা বদরের যুদ্ধে কুফফারদের একশ চল্লিশ জনের ক্ষতি করেছিলেন। সত্তর জনকে হত্যা করেন আর সত্তর জনকে বন্দী করেন।

মোটকথা সেনাদল ছত্রভঙ্গ হয়ে যায় আর রসুলুল্লাহ (সা.) এর চারপাশে কেবল কয়েকজন সাহাবীর ছোট্ট একটি দল অবশিষ্ট থাকে। সেই সময় আবু সুফিয়ান চিৎকার করে বলল, তোমাদের মধ্যে কি মহম্মদ (সা.) আছে, একথা সে তিন বার জিজ্ঞাসা করে। কিন্তু রসুলুল্লাহ (সা.) সাহাবাদেরকে উত্তর দিতে নিষেধ করলেন। এরপর আবু সুফিয়ান তিন বার উচ্চস্বরে বলল, তোমাদের মাঝে কি ইবনে আবু কাহাফা (আবু বাকার সিদ্দীক) আছে। এর উত্তরও দেওয়া হয় নি। সে পুনরায় তিনবার উচ্চস্বরে জিজ্ঞাসা করে, তোমাদের মধ্যে কি ইবনুল খাত্তাব ( হযরত উমর) আছে। এবারও কোনও উত্তর না পেয়ে সে তার সঙ্গীদেরকে উদ্দেশ্য করে বলল, এরা সকলে মারা গেছে। একথা শুনে হযরত উমর সহ্য করতে না পেরে বলে ওঠেন, খোদার শত্রু! তুই মিথ্যা বলেছিস, যাদের তুই নাম উচ্চারণ করেছিস, তারা সকলেই জীবিত আছেন আর যে জিনিস তুই অপছন্দ করিস তা অবশিষ্ট আছে। এই উত্তর শুনে আবু সুফিয়ান বলল, আজকের দিন বদরের দিনের প্রতিশোধ হয়ে গেল। আর যুদ্ধ হল বালতি সদৃশ। তোমরা তোমাদের নিহত সৈন্যদের মধ্যে কতককে এমন পাবে যাদের নাক, কান কাটা থাকবে। আমি তাদেরকে এমনটি করতে বলিনি ঠিকই, কিন্তু এই বিষয়টি অপছন্দও করি না। এরপর গর্বভরা বাক্য উচ্চস্বরে উচ্চারণ করতে শুরু করে- 'উলু হুবাল, উলু হুবাল'। অর্থাৎ হুবালের মর্যাদা উচ্চ হোক। একথা শুনে রসুলুল্লাহ (সা.) বললেন, তোমরা এর উত্তর কেন দিচ্ছ না? সাহাবাগণ বললেন, হে রসুলুল্লাহ আমরা কি বলব? তিনি বললেন, ' বল, আল্লাহু আলা ওয়া আজাল'। খোদা তা'লা সর্বাপেক্ষা মর্যাদাবান ও সম্মানীয়। খোদা তা'লার মর্যাদাই সব থেকে বেশি উচ্চ।' আবু সুফিয়ান বলল, 'আমাদের একটি প্রতিমা হল উজ্জা, আর তোমাদের কোনও উজ্জা নেই।" সাহাবাদেরকে নীরব দেখে রসুলুল্লাহ (সা.) বললেন, তোমরা কি উত্তর দিবে না? সাহাবাগণ বললেন, হে রসুলুল্লাহ! আমরা কি বলব? হুযুর (সা.) বললেন, তাদেরকে বল, 'আল্লাহু মাওলানা ওয়ালা মাওলা লাকুম।' অর্থাৎ খোদা আমাদের বন্ধু ও তত্ত্বাবধায়ক। আর তোমাদের কোনও বন্ধু নেই।

(সহী বুখারী, কিতাবুল জিহাদ)

হযরত আব্দুল্লাহ বিন উমর (রা.) বর্ণনা করেন যে, আঁ হযরত (সা.) মিম্বরে খুতবা দেওয়ার সময় এই আয়াত পাঠ করেন- আকাশ তাঁর ডান হাতে জড়িয়ে আছে। তিনি পবিত্র এবং সেই সব শিরক থেকে পবিত্র যা লোকেরা তাঁর বিপক্ষে করে থাকে।

এরপর হুযুর (সা.) বলেন: আল্লাহ তা'লা বলেন, 'আমি বড়ই শক্তিশালী এবং ক্ষতিপূরণকারী। আমি মহত্ত্বের অধিকারী। আঁ হযরত (সা.) এই বাক্য বার বার অত্যন্ত উদ্দীপনাসহকারে পাঠ করতেন। আর এর ফলে মিম্বর কাঁপতে শুরু করে আর আমাদের মনে এই ধারণার উদ্রেক হল, মিম্বর পড়ে না যায়।

(মুসনাদ আহমদ বিন হাম্বল, ২য় খণ্ড, পৃ: ৮৮)

হযরত মুহাম্মদ মুস্তাফা (সা.) এর দ্বারা শিরক ও পৌত্তলিকতার অন্ধকারময় যুগে তওহীদ প্রতিষ্ঠার মহান কাজ সম্পন্ন করা অবধারিত ছিল। এই কারণে আল্লাহ তা'লা শুরু থেকেই আঁ হযরত (সা.) এর মনে একত্ববাদের প্রতি ভালবাসা ও পৌত্তলিকতার প্রতি বিতৃষ্ণা সৃষ্টি করে ছিলেন। আর তাঁর স্বীয় বিশেষ ইচ্ছার অধীনে আঁ হযরত (সা.) কে যাবতীয় প্রকারের শিরক থেকে সুরক্ষিত রেখেছিলেন।

উম্মে আইমান বলতেন, 'বুয়ানাহ' সেই প্রতীমা ছিল যাকে কুরায়েশরা অনেক সম্মান করত। তার কাছে উপস্থিতি জানিয়ে কুরবানীর পশু অতিক্রম করত আর বছরে একদিন সেখানে এতেকাফ করত। আবু তালিবও নিজের গোত্রসহ সেখানে উপস্থিত হতেন আর রসুলুল্লাহ (সা.)কেও সঙ্গে নিয়ে যেতে চাইতেন, কিন্তু তিনি (সা.) অস্বীকার করতেন। এমনকি অনেক সময় হুযুর (সা.) এর ফুফু এবং আবু তালেব তাঁর উপর ভয়ানক চটেও যেতেন আর বলতেন তাঁর প্রতিমা বিমুখতা নিয়ে আমাদের শঙ্কাই হয়।

একবার তাঁর ফুপুরা পীড়াপীড়ি করায় আঁ হযরত (সা.) সেখানে চলে যান, কিন্তু অত্যন্ত ভীত-সন্ত্রস্ত হয়ে ফিরে আসেন আর বলেন, আমি সেখানে এক ভয়ানক দৃশ্য দেখেছি।' তাঁর পিসিরা মনে মনে বললেন, এমন সৎ ও পুণ্যবান মানুষকে শয়তান প্রভাবিত করতে পারে না; তাই তারা আঁ হযরত (সা.) কে জিজ্ঞাসা করলেন, তিনি কি দেখেছেন? আঁ হযরত (সা.) বললেন, যেই আমি প্রতীমার কাছে যেতে যাই, একজন শুভ্র পোশাক পরিহিত দীর্ঘাকায় ব্যক্তি আমাকে চিৎকার করে বলতে থাকে, হে মুহাম্মদ! পিছনে থাক, প্রতীমাকে স্পর্শ করো না। পরে তাঁর পিসিরাও প্রতীমার কাছে যেতে তাঁকে আর কোনও জোর করতেন না। আর এভাবে আল্লাহ তা'লা সব সময় আঁ হযরত (সা.) কে এমন শিরকপূর্ণ প্রথা থেকে সুরক্ষিত রেখেছেন।

(দালায়েলুন নবুয়ত লিল বাইহাকি, ২য় খণ্ড, পৃ: ২৬-২৯)

আঁ হযরত (সা.) এর ঐশী প্রেমের বহিঃপ্রকাশ এর থেকেও হয় যে তিনি খোদা তা'লার বিধিনিষেধ কতটা কঠোরভাবে মেনে চলতেন। তিনি ততক্ষণ পর্যন্ত মক্কা থেকে বের হয়ে যাননি, যতক্ষণ না খোদার পক্ষ থেকে আদেশ হয় নি। হযরত আয়েশা (রা.) বলেন, আমরা একদিন দুপুর বেলায় বসেছিলাম। ঠিক সেই সময় আঁ হযরত (সা.) বাড়ি এলেন। তাঁর মাথা চাদরাবৃত ছিল আর তিনি কখনও সেই সময় আসতেন না। হযরত আবু বাকার (রা.) বললেন, আমার পিতামাতা আপনার জন্য নিবেদিত, আপনি এই সময় অবশ্যই কোনও বড় কাজের জন্য এসেছেন। হযরত আয়েশা (রা.) বলেন, রসুলুল্লাহ (সা.) অনুমতি নিয়ে ঘরে প্রবেশ করে বললেন,যারা বসে আছে তাদেরকে তুলে দাও। হযরত আবু বাকার বলেন, হে রসুলুল্লাহ (সা.), আল্লাহ্‌র কসম, তারা তো আপনার পরিবারই বটে। তিনি বললেন, আমাকে হিজরত করার আদেশ দেওয়া হয়েছে। আবু বাকার বললেন, হে রসুলুল্লাহ! আমি আপনার সঙ্গী হওয়ার সৌভাগ্য লাভ করতে পারি? তিনি তাঁর আবেদন মঞ্জুর করে বললেন, হ্যাঁ।

(বুখারী, কিতাবুল মানাকিব)

এই ঘটনা থেকে বোঝা যায় যে, তিনি সেই সময় পর্যন্ত মক্কা থেকে বের হননি, যতক্ষন আদেশ হয় নি। আর তিনি শেষ মুহূর্ত পর্যন্ত একথার উপর অবিচল থাকেন যে, খোদা তা'লার আদেশ ব্যাতিরেকে কোনও কাজ করবেন না।

এরপর প্রেমাস্পদের প্রতি ভালবাসার বহিঃপ্রকাশের আরও একটি লক্ষণ হল ভালবাসার সঙ্গে প্রেমাস্পদের ভীতিও পাশাপাশি চলমান থাকে। ভীতির এই চিত্তাকর্ষক দিকটিও ঈর্ষনীয় প্রতীত হয়। এর একটি প্রকৃষ্ট উদাহরণ বদরের যুদ্ধে পরিলক্ষিত হয়। বদরের যুদ্ধের সময় শত্রুদের সামনে নিজের নিবেদিত প্রাণ বীর সৈনিকদের নিয়ে তিনি দণ্ডায়মান ছিলেন। ঐশী সমর্থনের লক্ষণাবলী স্পষ্টরূপে প্রতীয়মান ছিল। কুফফারদের দল শক্তভাবে দাঁড়ানোর জন্য শক্ত জমিতে ঘাঁটি গেঁড়েছিল আর মুসলমানদের জন্য বালুময় জমি ছেড়ে রেখেছিল। কিন্তু খোদা তা'লা বৃষ্টি বর্ষণের মাধ্যমে কুফফার দলের অবস্থানস্থলটিকে কর্দমাক্ত করে তোলেন অপরদিকে মুসলমানদের অবস্থান স্থলটি দৃঢ় ভূমিতে পরিণত হয়। অনুরূপ আরও অলৌকিক সমর্থন প্রকাশ পাচ্ছিল। কিন্তু তা সত্ত্বেও আল্লাহ তা'লার ভীতি আঁ হযরত (সা.)-এর উপর এতটাই কতৃত্ব করছিল যে, সমস্ত প্রতিশ্রুতি এবং নিদর্শন সত্ত্বেও খোদার অমুখাপেক্ষিতাকে তিনি ভয়

করতেন আর ব্যকুল হয়ে আল্লাহ্ দরবারে মুসলমানদের জয়লাভের জন্য দোয়া করতেন। তিনি দোয়া করছিলেন আর এই আত্মবিলীনতার অবস্থায় তাঁর চাদর বার বার কাঁধ থেকে পড়ে যেত।

اَللّٰهُمَّ اِنِّى اَنْشُدُ عَهْدَكَ وَ وَعْدَكَ
اللّٰهُمَّ اِنَّ تَهْلِكْ هٰذِهِ الْعِصَابَةُ مِنْ اَهْلِ
الْاِسْلَامِ لَا تُعْبَدُ فِى الْاَرض

(তারিখ তাবারী)

অর্থাৎ হে আমার খোদা! তোমার প্রতিশ্রুতি ও সহায়তা পূর্ণ কর। হে আল্লাহ! মুসলমানদের এই জামাতটি যদি আজ ধ্বংস হয়ে যায়, তবে পৃথিবীতে তোমার ইবাদতকারী আর কেউ থাকবে না।

সেই সময় তিনি এতটাই ব্যকুল ও তন্ময় অবস্থায় ছিলেন যে, কখনও তিনি সিজদায় যাচ্ছিলেন আবার কখনও দণ্ডায়মান অবস্থায় খোদাকে ডাকছিলেন। আর তাঁর চাদর কাঁধ থেকে বার নীচে পড়ে যাচ্ছিল। হযরত আলি বলেন, যুদ্ধরত অবস্থায় তাঁর কথা মনে পড়তেই আমি ছুটে তাঁর কাছে চলে আসতাম আর দেখতাম তিনি সিজদায় আছেন আর তিনি 'ইয়া হাইয়ু ইয়া কাইয়ুম' উচ্চারণ করছেন। হযরত আবু বাকার (রা.) আত্মোৎসর্গের উদ্দীপনায় তাঁর এই অবস্থা দেখে ব্যকুল হয়ে উঠতেন আর বলতেন হে রসুলুল্লাহ্ (সা.) আমার মাতাপিতা আপনার প্রতি নিবেদিত হোন। আপনি এতটা উদ্বিগ্ন হবেন না। আল্লাহ্ নিশ্চয় তাঁর প্রতিশ্রুতি পূর্ণ করবেন। কিন্তু কেউ যত বেশি খোদাকে চেনে, সে ততই তাঁকে ভয় করে- এই প্রবাদ অনুসারে তিনি অনবরত দোয়া এবং অনুনয় বিনয়ে নিমগ্ন থাকেন। তাঁর অন্তরে খোদাভীতির এই গভীর চেতনাবোধ উঁকি দিচ্ছিল যে, পাছে খোদার প্রতিশ্রুতিতে কোথাও কোনও বিষয় গোপন নেই তো, যা অজানা থাকায় নিয়তি বদলে যেতে পারে?

(সহী বুখারী, কিতাবুল জিহাদ)

অনুরূপভাবে আঁ হযরত (সা.)এর ঐশী প্রেমের উদ্দীপনা দেখে তাঁর সম্পর্কে মক্কাবাসীরা একথা রটিয়ে দিতে থাকে যে, মহম্মদ তার প্রভুর প্রেমে উন্মাদ হয়ে গিয়েছে। সত্যিই এতে কি সন্দেহ থাকতে পারে যে, তিনি তাঁর প্রভুর সত্যিকার প্রেমে বিভোর ছিলেন। তাঁর ভালবাসার বহিঃপ্রকাশ নামায, ইবাদত, দোয়া এবং যিকরে ইলাহি দ্বারা স্পষ্ট হয়। রসুলুল্লাহ্ (সা.) খোদাকে এতটাই ভালবাসতেন যে, হযরত দাউদ (আ.) এর এই দোয়াটিকে অত্যন্ত সাগ্রহে নিজের দোয়ার মধ্যে সামিল ক

اَللّٰهُمَّ اِنِّى اَسْاَ لُكَ حُبَّكَ وَ حُبَّ
مَن يُّحِبُّكَ وَالعَمَلَ الَّذِى يُبَلِّغُنِى حُبَّكَ،
اَللّٰهُمَّ اجعَل حُبَّكَ اَحَبَّ اِلَىَّ مِن نَفسِى
وَمَالِى وَاَهلِى وَمِنَ المَاءِ البَارِدِ

হে আল্লাহ্ আমি তোমার নিকট তোমার ভালবাসা যাচনা করি আর ভালবাসাও যাচনা করি যে তোমাকে ভালবাসে। আমি তোমার কাছে এমন কাজ করার সামর্থ যাচনা করি যা আমাকে তোমার ভালবাসা পর্যন্ত পৌঁছে দিবে। হে আল্লাহ্! তুমি আমার হৃদয়ে তোমার নিজের প্রতি এতটা ভালবাসা সঞ্চার কর যা আমার নিজের সত্তা, আমার ধন-সম্পদ, আমার পরিবার এবং শীতল পানীয়র থেকেও অধিক।

(তিরমিযি, কিতাবুদ দাওয়াত)

কিন্তু ঐশী ভালবাসা লাভের যে দোয়া তিনি শিখিয়েছেন তা হযরত দাউদ (আ.)-এর দোয়ার চেয়ে অনেকাংশেই পরিপূর্ণ। আঁ হযরত (সা.) তাঁর মৌলার নিকট দোয়া করতেন-

اَللّٰهُمَّ ارزُقنِى حُبَّكَ وَحُبَّ مَن
يَّنفَعُنِى حُبّه عِندَكَ اَللّٰهُمَّ مَا رَزَقتَنِى
مِمَّا اُحِبُّ فَاجعَلهُ قُوَّةً لِّى فِيمَا تُحِبُّ،
وَمَازَوَيتَ عَنِّى مِمَّا اُحِبُّ فَاجعَلهُ فَرَاغًا
لِّى فِيمَا تُحِبُّ"

হে আল্লাহ্! তুমি আমাকে তোমার ভালবাসা দান কর এবং সেই বস্তুর ভালবাসা যার ভালবাসা তোমার নিকট আমার উপকারে আসবে। হে আল্লাহ! আমার প্রিয় বস্তসমূহ যা তুমি আমাকে দান কর, সেগুলিকে তোমার প্রিয় বস্তু অর্জনের জন্য শক্তির মাধ্যম বানিয়ে দাও। আর আমার যে সমস্ত প্রিয় বস্তকে তুমি আমার থেকে পৃথক কর, সেগুলির পরিবর্তে তোমার পছন্দের জিনিস আমাকে দান কর।

(তিরমিযি, কিতাবুদ দাওয়াত)

মৃত্যুর পূর্বে শেষ ইচ্ছে।

এটি একত্ববাদ প্রতিষ্ঠার ক্ষেত্রে তাঁর সর্বশেষ প্রচেষ্টাও ছিল আর শেষ ইচ্ছেও ছিল। সেই কারণেই তিনি এই দোয়া করতেন

'আল্লাহুম্মা লা তাজআল কাব্‌রী ওয়াসনা'। হে আল্লাহ্ আমার কবরকে পৌত্তলিকতার স্থানে পরিণত করো না।

( মুসনাদে আহমদ, ২য় খণ্ড, পৃ: ২৪৬, বেইরুত থেকে প্রকাশিত)

এরপর দেখুন খোদা তাঁর এই একত্ববাদী বান্দার একত্ববাদের প্রতি আত্মাভিমানের সম্মান কিভাবে রক্ষা করলেন। একেশ্বরবাদের সম্রাটের সমাধি যাবতীয় প্রকারে শিরকের উপকরণ ও পৌত্তলিকতা থেকে মুক্ত।

আল্লাহ্ তা'লা আমাদের সকলের হৃদয়কে ঐশী প্রেমের আলোকে আলোকিত করুন আর আমাদেরর অন্তরসমূহকেও আল্লাহ্ তা'লার ভয় ও ভালবাসায় আপ্লুত করুন। আমীন

১৫ পাতার শেষাংশ

অর্থাৎ ঈদের দ্বিতীয় দিন শনিবার।

পাঁচ বছর পূর্বে তিনি তা প্রকাশ করে নিহত হওয়ার বৃত্তান্ত বলে দেন এবং অবশেষে লেখরাম, ১৮৯৭ সালের ৬ মার্চ নিহত হয়। আর সকলে একবাক্যে স্বীকার করে নেয় যে, এই ভবিষ্যদ্বাণী পুঙ্খানুপুঙ্খভাবে পূর্ণ হয়ে আল্লাহ্ তা'লার অস্তিত্বের অকাট্য প্রমাণ সাব্যস্ত হয়েছে। অতএব ঐশী ইলহাম এমন এক জিনিস যার উপস্থিতিতে খোদাকে অস্বীকার করা অত্যন্ত ধৃষ্টতার পরিচায়ক হবে।

**দশম দলিল**

দশম দলিল যা প্রত্যেক বিবাদের মীমাংসার জন্য কুরআন করীম বর্ণনা করেছে তা এই আয়াত থেকে পাওয়া যায়।

وَالَّذِيْنَ جَاهَدُوْا فِيْنَا لَنَهْدِيَنَّهُمْ سُبُلَنَا

(আনকাবুত: ৭০)

অর্থাৎ যারা আমাদের বিষয়ে চেষ্টা-সাধনা করে, আমরা তাদেরকে নিজের পথ দেখাই। এই আয়াতের উপর যারা অনুশীলন করেছে, তারা সব সময় লাভবান হয়েছে। যে ব্যক্তি খোদার অস্বীকারকারী, তাকে অবশ্যই স্মরণ করা উচিত যে, যদি খোদা থাকেন তবে তার জন্য খুব সমস্যা হবে। অতএব একথা চিন্তা করে যদি তার হৃদয়ে সত্য অন্বেষণের জন্য ব্যকুলতা সৃষ্টি হয়, তবে তার উচিত অনুনয় বিনয় করে এবং অনেক সাধনা করে সে যেন এমনভাবে দোয়া করে যে হে খোদা! যদি তুমি থেকে থাক আর যেভাবে তোমার মান্যকারীরা বলে তুমি অসীম শক্তিশালী, তবে তুমি আমার প্রতি কৃপা কর আর আমাকে নিজের দিকে পথপ্রদর্শন কর আর আমার মনের মধ্যেও ঈমান এবং বিশ্বাস সঞ্চার কর, যাতে আমি বঞ্চিত না থেকে যাই।' যদি এভাবে সত্য অন্তঃকরণে কোনও ব্যক্তি এই দোয়া করতে থাকে আর কমপক্ষে চল্লিশ দিন পর্যন্ত এর উপর সাধনারত থাকে, তবে সে যে ধর্মেই জন্মগ্রহণ করুক না কেন, যে দেশের বাসিন্দাই সে হোক না কেন, বিশ্বজগতের প্রভু অবশ্যই তাকে হিদায়ত দান করবেন। আর সে অচিরেই দেখতে পাবে, আল্লাহ্ তা'লা এমনভাবে তার উপর নিজ অস্তিত্বের প্রমাণ দিবেন যে তার মনের সংশয় ও সন্দেহের কলুষ সম্পূর্ণরূপে দূরীভূত হবে। আর একথা তো স্পষ্ট যে, এই ধরণের সিদ্ধান্তে কোনও প্রকারের প্রতারণা হতে পারে না। অতএব সত্যান্বেষীদের জন্য এর উপর অনুশীলন করা কঠিন কিসের?

আপাতত এই দশটি দলিল দিয়েই আমি আমার নিবন্ধটি সমাপ্ত করলাম। যদিও কুরআন শরীফে আরও অনেক দলিল আছে। কিন্তু আমি আপাতত এতটুকুই যথেষ্ট মনে করছি। কেউ যদি এগুলি গভীর অভিনিবেশ সহকারে দেখে, তবে এই দলিলগুলির মধ্য থেকেই সে আরও দলিল পেয়ে যাবে। ওয়াল্লাহু মুসতাআনু।

অবশেষে সেই সব ব্যক্তিদের কাছে যাদের হাতে এই পামপ্লেট পৌঁছবে, আমি আবেদন করব, যে এটি পড়ার পর অন্য কোনও বন্ধুকে দিয়ে দিন যার জন্য তিনি এটি উপযোগী মনে করেন।

(আনোয়ারুল উলুম, ১ম খণ্ড,পৃ: ৪১৩)

**মহান আল্লাহ্‌র বাণী**

**"আল্লাহ্ সকল বিষয়ে হিসাবগ্রহণকারী।"**

(সূরা নিসা: ৮৭)

দোয়াপ্রার্থী: Nur Jahan Begum, kolkata

# দোয়ার গ্রহণীয়তার আলোকে আল্লাহ্‌র অস্তিত্ব এর প্রমাণ

মামুন রশীদ তাবরেজ, ইতিহাস বিভাগ (কাদিয়ান)

আল্লাহ্ তা'লা কুরআন করীমে বলেন-

وَاِذَا سَاَلَكَ عِبَادِیْ عَنِّیْ فَاِنِّیْ قَرِیْبٌ ؕ اُجِیْبُ دَعْوَةَ الدَّاعِ اِذَا دَعَانِ ۙ فَلْیَسْتَجِیْبُوْا لِیْ وَلْیُؤْمِنُوْا بِیْ لَعَلَّهُمْ یَرْشُدُوْنَ (سورۃ بقرہ:187)

***এবং যখন আমার বান্দাগণ আমার সম্বন্ধে তোমাকে জিজ্ঞাসা করে, তখন (বল) 'আমি নিকটে আছি। আমি প্রার্থনাকারীর প্রার্থনার উত্তর দিই যখন সে আমার নিকট প্রার্থনা করে। সুতরাং তাহারাও যেন আমার ডাকে সাড়া দেয় এবং আমার উপর ঈমান আনে যাহাতে তাহারা সঠিক পথ প্রাপ্ত হয়।***

(আল বাকারা: ১৮৭)

আল্লাহ্ তা'লার একটি বৈশিষ্ট্য হল তিনি দোয়ার উত্তর দেন। যার অধীনে তিনি স্বীয় বান্দার প্রার্থনা শোনেন এবং গ্রহণীয়তার মাধ্যমে আপন অস্তিত্বের পরিচয় দেন। একদিকে আল্লাহ্ তা'লা যেমন অসহায়, ব্যকুল ও ব্যাথিত হৃদয়ের দোয়া শুনে তাদের প্রয়োজন মেটান, অপরদিকে আপন করুণাধারা দিয়ে তাঁর প্রত্যাদিষ্টকে দোয়াগ্রহণীয়তার সম্মানে ভূষিত করেন। আর এইভাবে আল্লাহ্ তা'লা নিজ অস্তিত্বের প্রমাণ দেন।

আল্লাহ্ তা'লার অস্তিত্ব প্রমাণের এই নিবন্ধে আমাদের প্রিয় নবী হযরত মহম্মদ (সা.), তাঁর আধ্যাত্মিক পুত্র হযরত মসীহ মওউদ (আ.) এবং তাঁর খলীফাগণের দোয়া গ্রহণীয়তার ঈমান উদ্দীপক এবং অনন্য সাধারণ ঘটনাবলী উপস্থাপন করা হচ্ছে।

সুধী পাঠকবর্গ! আমরা যখন আঁ হযরত (সা.) পবিত্র জীবনী এবং হাদীস অধ্যয়ন করি, তখন দোয়া গ্রহণীয়তার অসাধারণ ঘটনাবলী দেখে অপার বিস্ময়ে পুলকিত হই। সেই ঘটনাবলীর কয়েকটি এখানে উপস্থাপিত হল।

হযরত আবু হুরাইরাহ (রা.) আঁ হযরত (সা.)-এর দোয়ার কল্যাণে তাঁর মায়ের ইসলাম গ্রহণের ঘটনা বর্ণনা করে বলেন, 'আমার মা পৌত্তলিক ছিলেন। আমি তাঁকে ইসলাম গ্রহণের জন্য আহ্বান করতাম। একদিন যখন আমি তাকে সত্যের বাণী দিলাম, তিনি আঁ হযরত (সা.) সম্পর্কে এমন কথা বলে বসলেন যা আমার জন্য অসহনীয় ছিল। আমি ক্রন্দনরত অবস্থায় আঁ হযরত (সা.) এর সমীপে উপস্থিত হয়ে নিবেদন করলাম, ' আমি মায়ের কাছে ইসলামেরর বাণী পোঁছে দিতাম আর তিনি তা অস্বীকার করতেন। আজ আমি যখন তাকে ইসলামের প্রতি আহ্বান জানালাম, তখন তিনি আপনার সম্পর্কে এমন কথা শোনালেন যা আমার পছন্দনীয় নয়। আপনি দোয়া করুন, আল্লাহ্ তা'লা যেন আবু হুরাইরাহর মাকে হিদায়ত দেন। একথা শুনে আঁ হযরত (সা.) এই দোয়া করেন- 'আল্লাহুম্মাহদি উম্মি আবি হুরাইরাহ।'- হে আল্লাহ্! আবু হুরায়রার মাকে হিদায়াত দান কর।

হযরত আবু হুরায়রাহ (রা.) বর্ণনা করেন, আমি আঁ হযরত (সা.)এর সেই দোয়ার কারণে বাড়ির উদ্দেশ্যে খুশি মনে বের হলাম আর যখন বাড়ির দরজার কাছে পোঁছলাম তখন তা বন্ধ ছিল। আমার মা আমার পদধ্বনি শুনে বললেন, আবু হুরায়রাহ! ওখানেই দাঁড়াও। এরই মাঝে আমি পানি পড়ার শব্দ শুনি। তিনি বলেন, 'আমার মা গোসল করলেন, পরনের কাপড় পাল্টালেন এবং ওড়না গায়ে দিয়ে দরজা খুলে বললেন, 'আবু হুরায়রাহ! আশহাদু আল্লাইলাহা ইল্লাল্লাহু ওয়া আশহাদু আন্না মুহাম্মাদান আব্দুহু ওয়া রাসুলাহু।' হযরত আবু হুরাইরা (রা.) বর্ণনা করেন, ' আমি অবিলম্বে আঁ হযরত (সা.)-এর সমীপে আনন্দে কাঁদতে কাঁদতে উপস্থিত হয়ে তাঁকে অভিনন্দন জানালাম। বললাম, 'আল্লাহ্ তা'লা আপনার দোয়া গ্রহণ করেছেন, তিনি আবু হুরাইরার মাকে হিদায়াত দিয়েছেন।' একথা শুনে তিনি (সা.) আল্লাহ্ তা'লার প্রশংসাকীর্তন করলেন আর বললেন, ভালই হল। এরপর আমি তাঁকে বললাম, হে রসুলুল্লাহ্! আপনি আল্লাহ্ তা'লার কাছে এই দোয়াও করুন যেন তিনি আমাকে এবং আমার মাকে মোমেনদের জন্য প্রিয়পাত্র বানিয়ে দেন আর তারা যেন আমাদের জন্য প্রিয় হোন। হযরত আবু হুরায়রা (রা.) বর্ণনা করেন, যে মোমেন আমাকে দেখেন নি পর্যন্ত, কেবল আমার সম্পর্কে শুনেছে, সেও আমাকে ভালবাসে।

(সহী মুসলিম, কিতাবু ফাযাইলি আসহাব)

হযরত আনাস (রা.) বর্ণনা করেন, 'একবার এক ব্যক্তি মসজিদ নববীর মেম্বর সংলগ্ন দরজা দিয়ে প্রবেশ করল। রসুলুল্লাহ্ (সা.) সেই সময় দাঁড়িয়ে খুতবা প্রদান করছিলেন। সেই ব্যক্তি আঁ হযরত (সা.)-এর দিকে মুখ করে বলল, 'হে রসুলুল্লাহ্! গবাদি পশুরা মারা যাচ্ছে, রাস্তা শুকিয়ে গেছে। আপনি আল্লাহ্ তা'লার কাছে দোয়া করুন যেন তিনি আমাদের উপর বৃষ্টি বর্ষণ করেন।' একথা শুনে হুযুর (সা.) হাত তুলে দোয়া করেন- 'আল্লাহুম্মা আসকিনা'। বর্ণনাকারী বলেন, সেই সময় আকাশে মেঘ বা মেঘের কোনও টুকরো পর্যন্ত চোখে পড়ছিল না। হঠাৎ করে সাল্আ পাহাড়ের পশ্চাদদেশ থেকে এক টুকড়ো মেঘের উদয় হল যা মধ্যগগনে এসে ছড়িয়ে পড়ল। আর বৃষ্টিপাত শুরু হল। এরপর অবিরাম ছয়দিন সূর্যের দেখা মেলে নি। অতঃপর সেই ব্যক্তিই পরের জুমায় উপস্থিত হয়ে বৃষ্টি থামানোর জন্য দোয়ার আবেদন করলে আঁ হযরত (সা.) হাত তুলে দোয়া করেন। বর্ণনাকারী বলেন, আঁ হযরত (সা.) দোয়া করতে না করতেই বৃষ্টি থেমে গেল। আর আমরা যখন জুমার নামায পড়ে বের হলাম, তখন রোদ ঝলমল করছিল।

(বুখারী, কিতাবুল জুমআ)

সুবহানাআল্লাহ্! দোয়া গ্রহণীয়তার এই অসাধারণ নিদর্শন কি আল্লাহ্ তা'লার অস্তিত্বের প্রমাণ নয়? নিশ্চয় এটি এক বিরাট প্রমাণ। কিন্তু বুদ্ধিমানরাই উপদেশ গ্রহণ করে। এবার হযরত মসীহ মওউদ (আ.) এর দোয়ার গ্রহণীয়তার দু-একটি ঘটনা বর্ণনা করব।

হযরত হাকীম ফযল দ্বীন সাহেব, যিনি হযরত খলীফাতুল মসীহ আওয়াল (রা.)-এর ভাইপো এবং জামাতা ছিলেন, তিনি হযরত মসীহ মওউদ (আ.)এর দোয়া গ্রহণীয়তার এক বিচিত্র ঘটনা বর্ণনা করেন। তিনি বলেন,'১৯০৭ সালে আমার দ্বিতীয় পুত্র আব্দুল হাফিজের জন্ম হয়। শীতের সেই দিনগুলিতে অনেক প্রসূতি মহিলা খিঁচুনি রোগে মারা যাচ্ছিল। প্রসূতি মহিলাদের জন্য এই রোগ অত্যন্ত মারাত্মক। শতকরা দুই একজন হয়তো এর থেকে রক্ষা পায়। আমার স্ত্রী হাফসার ( বিনতে হযরত খলীফাতুল মসীহ আওয়াল) সন্তান লাভের সপ্তম দিন সন্ধ্যার কাছাকাছি সময় এই রোগের লক্ষণ প্রকাশ পেল। যেহেতু সেই সময় এটি এক প্রকার মহামারি ছিল, এই কারণে তার দিকে অনেক বেশি দৃষ্টি গেল। আমি মগরিবের পর হযরত সাহেবের কাছে ছুটে যাই এবং সমস্ত বৃত্তান্ত বর্ণনা করি। তিনি বলেন, এটি তো অত্যন্ত ভয়াবহ রোগের পূর্বলক্ষণ। তুমি অবিলম্বে তাকে দুই রতি হিং সেবন করাও এবং দেড় ঘন্টা পর আমাকে খবর দিও। আমি এশার পর তাঁর কাছে গিয়ে বললাম, রোগ বেড়েছে। তিনি বললেন, দশ রতি মুশক সেবন করানোর দেড় ঘন্টা পর আমাকে খবর দাও। আর মনে করো না যে আমি ঘুমিয়ে গিয়েছি। নির্দ্বিধায় পুরুষদের সিঁড়ি বেয়ে এসে আমাকে ডেকো। আমি বললাম, এই মুহূর্তে আমি মুশক কোথা থেকে আনব? হুযুর এক মুঠো মুশক এনে বললেন, এটা দশ রতি হবে? আমি বললাম বেশি হবে। তিনি বললেন, নিয়ে যাও, আবার কখনও কাজে লাগবে। আমি সেটি নিয়ে তার থেকে দশ রতি রুগীনিকে সেবন করালাম। এক ঘন্টা পুনরায় গিয়ে বললাম, রোগ খুব বেশি বেড়ে গিয়েছে। তিনি বললেন, দশ তোলা রেড়ির তেল সেবন করাও। আমি এসে দশ তোলা রেড়ির তেল সেবন করালাম। এরপর তার প্রচণ্ড বমি শুরু হয়। আর বমি এই রোগের শেষ পর্যায় হয়ে থাকে। বমির পর তার শ্বাস কষ্ট শুরু হয়

আর কাঁধখানি পিছনের দিকে শক্ত হয়ে যায়। চোখের সামনে অন্ধকার নেমে আসে আর জিহ্ব আড়ষ্ট হয়ে যায়। আমি পুনরায় দৌড়ে গিয়ে সিঁড়ি বেয়ে উঠি, হুযুর আমার পায়ের শব্দ শুনে দরজা খুললেন এবং বললেন, সব কিছু ঠিক আছে তো? আমি বললাম, এখন অবস্থা খুবই শোচনীয়। শ্বসকষ্ট শুরু হয়েছে, গলা টেনে গিয়েছে, চোখে অন্ধকার দেখছে, জিভ আড়ষ্ট হয়ে গিয়েছে। তিনি বললেন, পৃথিবীতে যতগুলি অস্ত্র আছে, আমরা সেগুলির সব কটিই প্রয়োগ করলাম। এখন একটিই অস্ত্র বাকি আছে আর সেটি হল দোয়া। তুমি, যাও, আমি দোয়া থেকে তখনই মাথা তুলব, যখন সে সুস্থ হবে। আমি একথা শুনে ফিরে এলাম আর তাকে বললাম এখন তোমার কিসের চিন্তা? এখন তো ঠিকেদার নিজেই ঠেকা নিয়ে নিয়েছেন। রাত্রি তখন দুটো। আমি বাড়ি এসে রুগীকে সেই অবস্থায় রেখে পাশের ঘরে চারপাই ফেলে ঘুমিয়ে পড়লাম। সকালে বাসনপত্রের শব্দে আমার নিদ্রাভঙ্গ হল। দেখলাম, আমার পাদদেশে আমার স্ত্রী কয়েকটি বাসনপত্র সাজিয়ে রাখছে। আমি তাকে জিজ্ঞাসা করলাম, কেমন আছ? সে উত্তর দিল, আপনি তো ঘুমিয়ে থাকলেন, এদিকে দুই ঘন্টা পর আল্লাহ্‌র কৃপা হল। আলহামদোলিল্লাহ। আলহামদো লিল্লাহি রাব্বিল আলামীন। (সীরাতে আহমদ, সংকলন কুদরতুল্লাহ সানোরী, পৃ: ১৭০-১৭২)

সৈয়্যদানা হযর মসীহ মওউদ (আ.) তাঁর যুগান্তকারী রচনা হাকীকাতুল ওহীতে দোয়ার গ্রহণীয়তার এক অসাধারণ ঘটনার উল্লেখ করে লেখেন,' আব্দুল করীম পিতা আব্দুর রহমান নামে হায়দারাবাদ দক্ষিণের জনৈক ছাত্র আমাদের মাদ্রাসায় অধ্যায়নরত ছিল। দুর্ভাগ্যক্রমে তাকে পাগল কুকুরে কামড়ে দেয়। আমরা তাকে চিকিৎসার জন্য কাসোলী পাঠিয়ে দিই। কয়েকদিন পর্যন্ত কাসোলীতে তার চিকিৎসা হতে থাকে। এরপর কাদিয়ান ফিরে আসে। কিছু দিন অতিক্রান্ত হওয়ার পর তার মধ্যে জলাতঙ্ক রোগের লক্ষণ প্রকাশ পেল যা পাগল কুকুরে কামড়ালে হয়। সে পানিকে ভয় পেতে শুরু করল আর ভয়ানক অবস্থা তৈরী হল। তখন প্রবাসে থাকা সেই অসহায় ছেলেটির জন্য আমার মন অস্থির হয়ে উঠল আর দোয়ার জন্য বিশেষ মনোযোগ সৃষ্টি হল। সকলে মনে করল বেচারা হয়তো কয়েক ঘন্টাতেই মারা যাবে। নিরুপায় হয়ে বোর্ডিং থেকে বের করে সতর্কতা হিসেবে অন্য একটি বাড়িতে অন্যদের থেকে পৃথক করে রাখা হল আর কাসোলীর ইংরেজ ডাক্তারকে বেতার বার্তা পাঠিয়ে জিজ্ঞাসা করা হল যে এমন পরিস্থিতিতে এর কোনও চিকিৎসা আছে কি না। ডাক্তারের পক্ষ থেকে বেতারে উত্তর এল, এখন এর কোনও চিকিৎসা নেই। কিন্তু সেই অসহায় ও প্রবাসী ছেলেটির জন্য আমার ভীষণভাবে মনোযোগ আকৃষ্ট হল। আমার শুভাকাঙ্খীরাও তার জন্য দোয়া করার জন্য পীড়াপীড়ি করল। কেননা, সেই অসহায় অবস্থায় তার অবস্থা অত্যন্ত দয়নীয় হয়ে উঠেছিল। এছাড়াও মনের মধ্যে এই ভয় উঁকি দিচ্ছিল যে, যদি সে মারা যায়, তবে তার এই অপমৃত্য শত্রুদের জন্য পরীক্ষার কারণ হবে। একথা ভেবে আমার হৃদয় তার জন্য ভীষণভাবে ব্যাথিত ও অস্থির হয়ে উঠল। আর অলৌকিকভাবে তার জন্য বিশেষ মনোযোগ সৃষ্টি হল, যা নিজের নিয়ন্ত্রণে সৃষ্টি হয় না। বরং কেবল খোদা তা'লার পক্ষ থেকে সৃষ্টি হয়। আর তৈরী হলে খোদা তা'লার আদেশে তা এমন প্রভাব দেখায় যার দ্বারা মৃত যেন জীবিত হয়ে ওঠে। যাইহোক তার জন্য খোদার দরবারে গ্রহণীয়তার পরিস্থিতি সৃষ্টি হয়। আর সেই মনোযোগ যখন শিখর স্পর্শ করল আর বেদনা আমার হৃদয়কে ঘিরে ধরল, তখন সেই রোগীর উপর, বস্তুত যে মৃতপ্রায় ছিল, সেই মনোযোগের লক্ষণ প্রকাশ পাওয়া শুরু করল। আর যে কিনা পানি দেখে আতঙ্কিত হয়ে পড়ত আর আলো দেখে ছুটে পালাত, হঠাৎ করে তার স্বাস্থ্যের অভিমুখ পরিবর্তিত হয়ে নিরাময় হতে শুরু করল। সে বলল, 'এখন পানিকে আর ভয় লাগে না। তাকে পানি দেওয়া হল, আর নির্ভয়ে সে পানি পান করল। এমনকি পানি দ্বারা ওযু করে নামাযও পড়ল। আর সারা রাত নিদ্রা গেল। তার ভয়াবহ ও পশুসুলভ অবস্থা ক্রমেই স্তিমিত হতে থাকল। এমনকি কয়েকদিনের মধ্যে সম্পূর্ণরূপে স্বাস্থ্য লাভ করল। আর তৎক্ষণাৎ আমাকে অলৌকিকভাবে বোঝানো হল যে এই উন্মাদনার অবস্থা তাকে ধ্বংস করে দেওয়ার জন্য সৃষ্টি হয় নি, বরং খোদার নিদর্শন প্রকাশ পাওয়াই ছিল এর উদ্দেশ্য।"

(হাকীকাতুল ওহী, রূহানী খাযায়েন, খণ্ড-২২, পৃ: ৪৮০-৪৮১)

এখন হযরত খলীফাতুল মসীহ আওয়াল (রা.) দোয়া গ্রহণীয়তার দুই-একটি ঘটনা বর্ণনা করা হবে। মহতরম চৌধুরী গোলাম মহম্মদ সাহেব বি.এ বর্ণনা করেন, '১৯০৯ সালে এক বর্ষাকালে একবার অবিরাম আটদিন বৃষ্টি হতে থাকে যার ফলে কাদিয়ানের অনেক বাড়ি ভেঙে পড়ে। হযরত নওয়াব মহম্মদ আলি খান সাহেব কাদিয়ানের বাইরে নতুন প্রাসাদ তৈরী করিয়েছিলেন, সেটিও ভেঙে পড়ে। অষ্টম কিম্বা নবম দিনে হযরত খলীফাতুল মসীহ আওয়াল যোহরের নামাযের পর বলেন, আমি দোয়া করছি, আপনারা সকলে আমীন বলবেন। দোয়া করার পর তিনি বললেন, আজ আমি সেই দোয়াটি করলাম, যেটি হযরত মহম্মদ (সা.) তাঁর সারা জীবনে একটি বার মাত্র করেছিলেন। দোয়া করার সময় মুষলধারে বৃষ্টি হচ্ছিল। এরপর বৃষ্টি থেমে যায় আর আসরের নামাযের সময় আকাশ পরিস্কার ও মেঘমুক্ত ছিল আর রোদ ঝলমল করছিল।"

(হায়াতে নূর, পৃ: ৪৪০-৪৪১)

অনুরূপভাবে হায়াতে নূরে হযরত খলীফাতুল মসীহ আওয়াল এর দোয়া গ্রহণীয়তার আরও একটি ঈমান উদ্দীপক ঘটনা লিপিবদ্ধ আছে। এই নযমটি ছিল মাননীয় কাযি মহম্মদ জহুরুদ্দীন আকমল সাহেবের, যিনি সেই সময় পত্রিকার সহকারী সম্পাদক ছিলেন। নযমটি সম্পর্কে হুযুর (রা.) বলেন, আমার ব্যাথিত হৃদয়ের উপর এটি গভীর প্রভাব ফেলেছে। নযমের প্রথম পঙক্তিটি হল-

আরযি রঙ্গো বাকা থা মুঝে মালুম না থা, সুরমায়ে চশম ফানা থা মুঝে মালুম না থা।

মাননীয় কাজী সাহেব এ বিষয়ে হুযুরের কবুলীয়তে দোয়ার একটি বিচিত্র ঘটনা বর্ণনা করে লেখেন- "আমি বদর অফিসে প্রতিদিনের ন্যায় একদিন খাটের উপর শুয়ে শুয়ে বিছানাকে বালিশ বানিয়ে আর সামনে টেবিল রেখে সম্পাদক ও ম্যানেজারের দায়িত্ব পালন করছিলাম। এমতাবস্থায় আমি হযরত খলীফাতুল মসীহ আওয়াল (রা.) পক্ষ থেকে একটি চিরকুট প্রাপ্ত হই যাতে লেখা ছিল, "আমি আপনার জন্য অনেক দোয়া করেছি, আল্লাহ্ তা'লা উত্তম প্রতিদান দিবেন। **ওয়ালাম আকুন বিদুয়াইকা রাব্বি শাকিয়া'।"** আমি কিছুটা বিস্ময়াভিভূত হয়ে পড়ি। কেননা, একথা ঠিক যে, আমার দুই ছেলে চল্লিশ দিনের মধ্যে পরপর গোলিকিতে (গুজরাত জেলায়) মারা গিয়েছিল। জামশেদ ৭ই অক্টোবর, ১৯০৮ সালে সাড়ে নয় মাস বয়সে এবং খুরশেদ ১৯০৮ সালের এগারো নভেম্বর তারিকে ৫ বছর ৮মাস বয়সে মারা যায়। কিন্তু আমি হুযুরের নিকট দোয়ার জন্য কোনও আবেদন করি নি। অবশেষে জানতে পারলাম যে, আব্দুস সালামের মাতা হযরত আম্মাঁ জি বাড়িতে সুললিত কণ্ঠে সেই নযমটি পাঠ করেছেন। হযরত খলীফাতুল মসীহ আওয়াল চোখ বন্ধ করে ছিলেন, যিনি হঠাৎ করে সেখানে থেকে উঠে দাঁড়িয়ে পুনরায় বসে পড়েন এবং বলেন, আমি জানতাম।

আম্মাঁ জি বললেন, এই নযমটি আকমাল সাহেবের, যিনি আপনার ছাত্রী সানিকাতুন নিসা-র স্বামী। বেচারাদের একের পর এক দুটি সন্তান মারা গেছে। হযরত খলীফাতুল মসীহ আওয়াল (রা.)এর উপর এর এমন প্রভাব পড়ল যে তিনি ততক্ষণাৎ দোয়ার প্রতি মনোনিবেশ করলেন আর এরপরই হুযুর আমাকে সেই চিরকুটটি লেখেন যার উল্লেখ উপরে করা হয়েছে।

এরপর ১৯১০ সালে আমার ঘরে আল্লাহ্‌র কৃপায় পুত্র সন্তান জন্মগ্রহণ করল, যার নাম তিনি (রা.) আব্দুর রহমান রাখলেন (জুনাইদ হাশমি বি.এ) আর পৌনে তিন বছর পর ১৯১৩ সালে দ্বিতীয়

পুত্রের জন্ম হল, তিনি যার নাম রাখলেন আব্দুর রহীম (শিবলী এম.কম) আর এভাবে আমরা তাঁর দোয়া গৃহীত হওয়ার দৃশ্য প্রত্যক্ষ করেছি। ফালহামদোলিল্লাহি আলা যালিক”

(হায়াতে নূর, পৃ: ৪৩১-৪৩২)

এরপর হযরত খলীফাতুল মসীহ সানি (রা.) এর দোয়া কবুল হওয়ার ঘটনাবলী উপস্থাপন করা হবে।

মাননীয় শেঠ আব্দুল্লাহ্ ভাই এলাহদ্বীন সাহেব লেখেন- ‘ ১৯১৮ সালে আমি আমার ছেলে আলি মহম্মদ সাহেব এবং শেঠ ইলাহদ্বীন ইব্রাহিম ভাই তাঁর ছেলে ফাযিল ভাইকে শিক্ষার্জনের উদ্দেশ্যে কাদিয়ান প্রেরণ করেন। আলি মহম্মদ ১৯২০ মেট্রিক পাশ করে লন্ডন যাওয়ার পরিকল্পনা করে। দুই ছেলে বাড়ি ফিরে আসার প্রস্তুতি নিচ্ছিল, হঠাৎ করে ফাযিল ভাইয়ের টাইফয়েড জ্বর হয়। নুর হোস্টেলের সম্মানীয় ডাক্তার হাশমতুল্লাহ্ সাহেব যথাসাধ্য চেষ্টা করেন। সে সুস্থও হয়ে ওঠে। কিন্তু অনিয়মের কারণে পুনরায় শরীর এমন বিগড়ে যায় যে, জীবনের কোনও আশাই অবশিষ্ট ছিল না। হযরত আমীরুল মোমেনীন খলীফাতুল মসীহ সানি (রা.) যখন এই সংবাদ প্রাপ্ত হলেন, তিনি স্বয়ং বোর্ডিং উপস্থিত হলেন এবং দীর্ঘক্ষণ দোয়া করলেন। এরপর অলৌকিকভাবে শারিরিক অবস্থার উন্নতি পরিলক্ষিত হয়। আর খোদার কৃপা ও অনুগ্রহে ফাযিল ভাই নতুন জীবন লাভ করে। রসুলুল্লাহ (সা.) যে বলেছেন মৃত্যু এড়ানো যায় না, কিন্তু দোয়ার মাধ্যমে- এই বাস্তবতা আমরা স্বচক্ষে স্পষ্টরূপে দেখলাম। আলহামদোলিল্লাহ।

(আল হাকাম, ডিসেম্বর, ১৯৩৯, জুবিলি নম্বর, পৃ: ৩৭)

অনুরূপভাবে অবসরপ্রাপ্ত ডেপুটি ইনসপেক্টর অব স্কুলের মালিক হাবিবুল্লাহ্ সাহেব হযরত মুসলেহ মওউদ (রা.) এর দোয়া কবুলীয়ত সম্পর্কে লেখেন-

‘শুযাজায়াবাদ এ থাকাকালীন আমি এমন রোগে আক্রান্ত হই, যা আমাকে একেবারে নিস্তেজ ও মৃতপ্রায় করে দেয়। কিছু দিন পর পর আমার পেটে এমন ভীষণ যন্ত্রনা শুরু হত যে আমি জ্ঞান হারিয়ে ফেলতাম। প্রায় দুই বছর আমি সমস্ত রকমের চিকিৎসা করাই। কিন্তু পরিস্থিতি ক্রমশঃ অবনতির দিকে যায়। শেষমেষ অতিষ্ঠ হয়ে আমি অমৃতসরের সরকারি হাসপাতালে ভর্তি হই। সেখানে পরীক্ষা নিরীক্ষার পর জানা যায় যে আমার পিত্তি এবং এপেন্ডিক্সের অপারেশন হবে। এতে আমি ভয় পেয়ে যাই আর একদিন বিনা অনুমতিতে হাসপাতাল থেকে কাদিয়ান চলে আসি। আর হযরত খলীফাতুল মসীহ সানি (রা.) এর নিকট উপস্থিত হয়ে সমস্ত বৃত্তান্ত জানালাম। হুযুর (রা.) গভীর মনোযোগ দিয়ে তা শোনার পর বললেন, আপনার মোটেই নেই। তবে পিত্তের সমস্যা আছে। আপনি চিকিৎসা করান। আমি দোয়া করব। ইনশাআল্লাহ্ রোগের উপশম হবে। এর পর আশ্বস্ত হই যে আমি সুস্থ হয়ে উঠব। এরপর আমি নিজের কাজে ফিরে যাই। আর মুলতানের এক হাকীম সাহেবের সামান্য কিছু ওষুধপত্র সেবন করতে শুরু করি। তিন চার মাস পর রোগের নাম-চিহ্ন অবশিষ্ট ছিল না। অথচ এরপূর্বে দুই বছর ইউনানি এবং বিদেশী ওষুধ সেবন করেছিলাম। অতএব এটি কেবল হুযুর (রা.)-এর দোয়ার অলৌকিক প্রভাব ছিল যা আমার মত মৃতপ্রায় রুগীকে নিরাময় করেছে। এরপর খোদার কৃপায় আজ পর্যন্ত আমার পেটের সমস্যা হয় নি। যদিও খাওয়া দাওয়ার বিষয়ে আমি ভীষণ অনিয়ম করে থাকি।”

(রোযনামা আল ফযল, ২০ মার্চ, ১৯৬৬, পৃ: ৫)

আল ফযল ইন্টার ন্যাশনাল ১৯৯৮ সালের ফেব্রুয়ারীর সংখ্যায় মাননীয় মুহম্মদ আহমদ মালিক সাহেব নিজের এক প্রবন্ধে লেখেন, “একবার ঢাকার জনৈক ফায়েয আলাম সাহেব হযরত খলীফাতুল মসীহ সানির নিকট দোয়ার আবেদন জানিয়ে পত্র লেখেন। তিনি লেখেন, তাঁর স্ত্রী এক দুরারোগ্য যৌনব্যাধিতে আক্রান্ত। চিকিৎসা সত্ত্বেও রোগ উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। এমনকি সে জীবন সম্পর্কে হতাশ হয়ে পড়েছে। হযরত খলীফাতুল মসীহ সানি (রা.) খোদার কাছে দোয়া করেন এবং উত্তরে লেখেন, ‘সুস্থ হয়ে যাবে।’ এরই মাঝে তাঁর স্ত্রী হযরত মুসলেহ মওউদ (রা.) কে একথা বলতে শোনেন যে, ‘দোয়াকে ওষুধ হিসেবে প্রয়োগ করতে থাক।’ এইরূপে এক দুরারোগ্য ব্যাধিও নিরায়ম হয়, এমনকি তাদের সন্তানও আছে।”

(আল ফযল ইন্টারন্যাশনাল, ২০ শে ফেব্রুয়ারী, ১৯৯৮)

গায়ের মুমকিন কো মুমকিন মেঁ বদল দেতি হ্যায়। এয়ে মেরে ফালসাফিয়ো! জোরে দোয়া দেখো তো।’- অর্থাৎ অসম্ভবকে সম্ভবে পরিণত করে, হে আমার দার্শনিকগণ! দোয়ার শক্তি কি তা দেখ। (কালামে মাহমুদ)

আমরা যখন হযরত খলীফাতুল মসীহ সালিস (রা.) যুগের দিকে দৃষ্টি দিই, তখন দেখতে পাই যে তাঁরও দোয়া কবুল হওয়ার বিস্ময়কর দৃষ্টান্ত রয়েছে। মুকাররম মিয়াঁ মহম্মদ আসলাম পাতুকি লেখেন, ‘এই অধম ১৯৬৩ সালের ১১ই নভেম্বর আহমদী হয় আর ১৯৬৫ সালের ৯ ই এপ্রিল বিয়ে হয়। বারো বছর পর্যন্ত আমার ঘরে কোনও সন্তান জন্মায় নি। সমস্ত আত্মীয়স্বজন অ-আহমদী ছিল আর তারা জামাতের ঘোর বিরোধীতা করত। তারা গ্রামের সকলকে একথাই বলত যে কাদিয়ানী হওয়ার কারণে নিঃসন্তান থাকবে। (নাউযু বিল্লাহ) এর মাঝে আমি সমস্ত রকমের চিকিৎসা করাই, কিন্তু সন্তান আসে না। অপরদিকে আমার স্ত্রীও আত্মীয়স্বজনের খোঁটা শুনে আমার দ্বিতীয় বিবাহের জন্য রাজি হয়ে যায়। এরই মাঝে আমি হযরত খলীফাতুল মসীহ সালিস (রহে.) এর কাছে সমস্ত বৃত্তান্ত জানিয়ে দোয়ার আবেদন করি যেন খোদা তা’লা আমাকে সন্তান সুখ দেন। হুযুর পত্রের উত্তরে লেখেন, ‘আল্লাহ্ তা’লা আপনাকে কখনও বিনষ্ট করবেন না। তিনি অবশ্যই আপনাকে পুত্র সন্তান দান করবেন।” হুযুরের এই দোয়ার কল্যাণে এখন আমার চারটি পুত্র সন্তান হয়েছে। অথচ মহিলা ডাক্তার বলেছিলেন, এই মহিলার সন্তান হওয়ার প্রশ্নই ওঠে না। আমি অ-আহমদী আত্মীয় স্বজনদের একথাই বলি যে,এটি হযরত মসীহ মওউদ (আ.)-এর সত্যতার জীবন্ত নিদর্শন যা আল্লাহ্ তা’লা খলীফাতুল মসীহ সালিস (রহে.)এর দোয়ার সুবাদে দান করেছেন।

(মাহানা খালিদ, সৈয়্যদানা নাসি নম্বর, এপ্রিল-মে, ১৯৮৩)

মোহতরম চৌধুরী মহম্মদ সাঈদ কলীম সাহেব দারুল উলুম পশ্চিম রাবোয়া হযরত খলীফাতুল মসীহ সালেস (রহে.)এর দোয়া কবুল হওয়ার একটি ঘটনা বর্ণনা করে লেখেন, ‘আমার পুত্রবধু, যে কিনা এখন জার্মানীতে থাকে, তার পেটে ব্যাথা হত। সেখানকার ডাক্তারগণ অপারেশন করার পরামর্শ দেন। আমি এই চিঠিটি হযরত খলীফাতুল মসীহ সালিস (রহে.) এর সামনে উপস্থাপন করে বলি, হুযুর দোয়া করুন যাতে আমার পুত্রবধু বিনা অপারেশনেই সুস্থ হয়ে যায়। তিনি বললেন, ‘তাকে বল যেন অপারেশন না করায়, আমি দোয়া করব, সে সুস্থ হয়ে উঠবে।’ আমি তাকে হুযুরের এই বাক্যটি লিখে পাঠিয়ে দিই। আর সে বিনা অপারেশনেই সুস্থ হয়ে যায়। আর এখনও পর্যন্ত সুস্থ আছে। আল হামদোলিল্লাহ।

(মাহানা খালিদ, সৈয়্যদানা নাসির নম্বর, এপ্রিল-মে, ১৯৮৩)

এরপর আমরা খিলাফতে রাবেয়ার যুগেও দোয়া কবুল হওয়ার বিস্ময়কর সব দৃশ্য প্রত্যক্ষ করেছি। হযরত খলীফাতুল মসীহ রাবে (রাহে.) দোয়া কবুল হওয়ার কয়েকটি ঘটনার মধ্য থেকে কয়েকটি বর্ণনা করছি।

ডক্টর সৈয়্যদ বরকাত আহমদ সাহেব ইন্ডিয়ান ফরেন সার্ভিসে কর্মরত অবস্থায় বহু পুস্তক রচনা করেছেন। হযরত খলীফাতুল মসীহ রাবে (রাহে.) রচিত ‘মযহব কে নাম পর খুন’ বইটি ইংরেজি অনুবাদ করেছেন। তিনি মূত্রাশয়ের ক্যান্সারে আক্রান্ত ছিলেন। আমেরিকায় এর জন্য আট ঘন্টার অপারেশন হয়, কিন্তু তা সফল হয় নি। ডাক্তারগণ চার থেকে ছয় সপ্তাহ পর্যন্ত জীবনের আয়ু বলে দিয়েছিলেন। হুযুর আনোয়ারের নিকট দোয়ার আবেদন করলে উত্তর আসে, ‘দোয়ার আহ্বান জানিয়ে আপনার কাতর অনুনয়পূর্ণ পত্রটি ভীষণ প্রভাব ফেলেছে আর আপনার জন্য অত্যন্ত বিনয়পূর্ণ দোয়া করার তৌফিক পেয়েছি।

দোয়া করার সময় একটি মুহূর্ত এমনও এসেছিল যখন আমার পুরো শরীর কেঁপে উঠেছিল। আমি খোদা তা'লার কৃপার নিকট এই আশা নিয়ে বসে আছি যে এটি অবশ্যই দোয়া গৃহীত হওয়ার নিদর্শনই বটে।" হুযুর আনোয়ারের দোয়ার গৃহীত হওয়ার পরিণামে খোদার কৃপায় তিনি চার বছর পর্যন্ত সচল জীবন অতিবাহিত করেন যা জ্ঞানচর্চা ও গবেষণার কাজে নিয়োজিত হয়। ডাক্তারগণ তাঁর জীবন এবং সক্রিয় জীবনচর্চা এবং গবেষণার জগতে ব্যস্ততা দেখে বিস্ময়াভিভূত হয়েছিলেন। বরকত সাহেব যখন বলেন আমাদের আধ্যাত্মিক নেতার দোয়া খোদা তা'লা গ্রহণ করেছেন, তখন ডাক্তার মাথা নেড়ে বলেন, হ্যাঁ এটি নিদর্শন, অবশ্যই নিদর্শন।

(আল ফযল, ৯ই ডিসেম্বর, ২০০০)

অনুরূপভাবে আরও একটি ঈমান উদ্দীপক ঘটনা এভাবে বর্ণিত হয়েছে। "ইরান থেকে ডাক্তার ফাতেমা যোহরা লেখেন, 'আমার একমাত্র পুত্র ডান পায়ের দুর্বলতার কারণে অসুস্থ হয়ে পড়ে আর ক্রমশ তার অবস্থার অবনতি ঘটতে থাকে। এমনকি সে খুড়িয়ে হাঁটতে থাকে। বিশেষজ্ঞ ডাক্তারকে দেখানো হয়, কিন্তু রোগ নির্ণয় সম্ভব হয় নি। তারা আমার ছেলের সাস্থ্য নিয়ে কোনও আশার কথা শোনাতে পারেন নি। তিনি বলেন, হঠাৎ করে আমার মনে দোয়ার চিন্তা আসে। আর আমি এই চিন্তা নিয়ে নিজেও দোয়া করি আর আপনাকেও দোয়ার জন্য লিখি। আল্লাহ্‌র অপার মহিমা দেখুন, যে রোগকে ডাক্তার দুরারোগ্য আখ্যা দিয়েছিলেন, সেই দিন থেকেই সে সুস্থ হতে শুরু করল। আর যদিও ডাক্তারগণ এই রোগের বিষয়ে কিছু বুঝে উঠতে পারছিলেন না, আর চিকিৎসা করতেও অপারগ ছিলেন, সেই দিন থেকে বিনা চিকিৎসাতেই চোখের সামনে তার অবস্থার দ্রুত পরিবর্তন পরিলক্ষিত হল আর আল্লাহ্‌র কৃপায় এখন এই চিঠিটি লেখার সময় সে সম্পূর্ণরূপে সুস্থ ও সবল আছে।

(খুতবাতে তাহের, ৫ম খণ্ড, পৃ: ৫২৬, খুতবা-২৫ শে জুলাই, ১৯৮৬)

এবার আমি বর্তমান যুগের ইমাম সৈয়্যদানা হযরত আকদস মির্যা মসরূর আহমদ সাহেব, খলীফাতুল মসীহ খামিস (আই.)এর দোয়া কবুল হওয়ার ঘটনাবলী উপস্থাপন করব যা বর্তমান যুগে বিশ্বব্যাপি জামাত আহমদীয়ার সদস্যগণ প্রত্যক্ষ করছেন।

২০১৫ সালের জার্মানী জলসায় বুলগেরিয়ার এক নিষ্ঠাবান নবাগত আহমদী এটেম সাহেব স্বপরিবারে অংশগ্রহণ করেন। ভদ্রলোক কয়েকবছর পূর্বেই খৃষ্টধর্ম ত্যাগ করে ইসলাম ধর্মে দীক্ষিত হয়েছিলেন। তাঁর স্ত্রী বয়আত গ্রহণ করেন নি। তাঁর কথা মতে তাঁর তিন মেয়ে আছে, যদি পুত্র সন্তান লাভ হয় তবেই আহমদী হবেন। ভদ্রমহিলা খলীফাতুল মসীহ খামিস (আই.) এর নিকট দোয়ার জন্য লেখেন। পরের বছর যখন তিনি পুনরায় জলসায় আসেন, সেই সময় তিনি সাত মাসের অন্তঃসত্ত্বা ছিলেন। সাক্ষাতের সময় তিনি সন্তানের নামকরণের জন্য আবেদন করলে হুযুর আনোয়ার কেবল ছেলের নাম 'জাহিদ' প্রস্তাব করেন।

জলসা থেকে ফিরে গিয়ে ভদ্রমহিলা মুবাল্লিগ সাহেবকে বলেন, ডাক্তার বলেছেন, তার গর্ভে কন্যা সন্তান আছে। তাই আপনি পুনরায় চিঠি লিখুন যাতে তিনি কন্যাসন্তানের জন্য নাম প্রস্তাব করেন। একথা শুনে মুবাল্লিগ সাহেব বলেন, আপনি তো বলেছিলেন যে পুত্র হলে আহমদী হয়ে যাবেন আর হুযুরও কেবল পুত্র সন্তানের নাম প্রস্তাব করেছেন। তাই ইনশাআল্লাহ্ ছেলেই হবে। ডাক্তার যা খুশি বলুক, তাদের মেশিন যা কিছু দেখায় দেখাক। কিন্তু এখন আপনার ছেলেই হবে। কেননা খলীফাতুল মসীহ ছেলের নাম প্রস্তাব করেছেন। একথা শুনে ভদ্রমহিলা বলেন, আমি তো পূর্বেই আহমদী হয়েছি। এরপর যখন সন্তান জন্ম নিল, দেখা গেল পুত্রসন্তান লাভ হয়েছে। তিনি জলসার সময় সেই ছেলেকে সঙ্গো নিয়ে এসেছিলেন আর লোকজনকে বলছিলেন, দেখ, এটি যুগ খলীফর দোয়া কবুল হওয়ার নিদর্শন।"

(আল ফযল ইন্টারন্যাশনাল, ২৫ শে ডিসেম্বর, ২০১৫)

অনুরূপভাবে হুযুর আনোয়ার (আই.) এর দোয়া কবুল হওয়ার আরও একটি ঈমান উদ্দীপক ঘটনা বর্ণনা করা হল। ২০০৪ সাল আফ্রিকা সফরের সময় হযরত খলীফাতুল মসীহ খামিস (আই.) যখন নাইজেরিয়া থেকে বেনিন পোঁছলেন, মিশন হাউসে পদার্পন করলেন, তখন আসরের সময় ছিল। মুষলধারে বৃষ্টি হচ্ছিল। নামাযের জন্য আঙিনায় মার্কি লাগানো হয়েছিল যা চার দিক থেকে খোলা ছিল। বৃষ্টির কারণে সেখানে নামায পড়া অসম্ভব ছিল। এমনকি দাঁড়িয়ে থাকাও কষ্টসাধ্য ছিল। হুযুর আনোয়ার বাইরে এসে নামাযের জন্য জিজ্ঞাসা করেন। আমীর সাহেব বলেন, এখন তো তুমুল বৃষ্টি হচ্ছে। নামাযের জন্য বাইরে মার্কি লাগানো হয়েছে, কিন্তু বৃষ্টির কারণে সমস্যা হচ্ছে।

হুযুর আনোয়ার আকাশের দিকে দৃষ্টিপাত করে বললেন, 'দশ মিনিট পর নামায পড়ব'। এরপর হুযুর আনোয়ার ভিতরে চলে গেলেন। তাঁর যাওয়া দুই-তিন মিনিট হতে না হতেই হঠাৎ করে বৃষ্টি থেমে গেল। আকাশ পরিস্কার হয়ে গেল। ক্রমেই রোদ উঠল আর সেই মার্কির নীচেই নামাযের ব্যবস্থা হল। স্থানীয় সদস্যরা এই নিদর্শন দেখে ভীষণ আশ্চর্য হলেন, কেননা এখানে বৃষ্টি একবার শুরু হলে কয়েক ঘন্টা অব্যাহত থাকে। হুযুর দশ মিনিট বললেন, আর দুই তিন মিনিটেই বৃষ্টি থেমে গেল। শুধু তাই নয়, মেঘও উধাও হয়ে গেল।

(আল ফযল ইন্টারন্যাশনাল, ২৫ শে ডিসেম্বর, ২০১৫)

এই কয়েকটি ঘটনা দৃষ্টান্তস্বরূপ উপস্থাপন করা হল, যেগুলির মাধ্যমে খোদা তা'লার দোয়া গ্রহণ করার বৈশিষ্ট্য স্পষ্টভাবে জানা যায় এবং এ সম্পর্কে দৃঢ় বিশ্বাস জন্মে আর খোদা তা'লার অস্তিত্বের উপরও ঈমান পূর্ণতা লাভ করে। খোদা তা'লা দোয়া কবুল হওয়ার এই দৃশ্য প্রত্যেক যুগে, প্রত্যেক দেশে এবং সর্বত্র প্রকাশ করে থাকেন আর ভবিষ্যতেও করতে থাকবেন। যেমনটি তিনি প্রতিশ্রুতি দিয়েছেন আর এটি সেই জীবন্ত খোদার অস্তিত্বের অসাধারণ নিদর্শন যা ইসলাম উপস্থাপন করেছে আর যেটিকে আল্লাহ্ তা'লার কৃপায় জামাত আহমদীয়া এক শতাব্দীরও বেশি সময় ধরে পৃথিবীর সামনে উপস্থাপন করে চলেছে যে আমাদের খোদা দোয়া শোনেন এবং উত্তরও দেন আর এর সুমিষ্ট ফল প্রদান করেন।

সব শেষে হযরত আকদস মসীহ মওউদ (আ.) এর একটি উদ্ধৃতি উপস্থাপনের মাধ্যমে এই নিবন্ধটি শেষ করব।

হুযুর (আ.) বলেন, " আমি সত্যি বলছি, যদি আল্লাহ্ তা'লার নিকট আমাদের চিৎকার সেই পর্যায়ের ব্যকুলতা সৃষ্টিকারী হয়, তবে তা তাঁর কৃপা ও করুণাকে উদ্বেলিত করে, তা আকর্ষণ করে আনে। আমি নিজের অভিজ্ঞতার ভিত্তিতে বলছি, খোদার কৃপা ও করুণাকে আমি নিজের দিকে আকৃষ্ট হতে অনুভব করেছি, যা গৃহীত দোয়া স্বরূপ এসে থাকে। এমনকি আমি তা প্রত্যক্ষ করেছি। আজকের যুগের তমশাচ্ছন্ন বুদ্ধির দার্শনিকরা যদি তা উপলব্ধি করতে না পারে বা দেখতে না পায়,তবে এই সত্য পৃথিবী থেকে বিলুপ্ত হওয়ার নয়। বিশেষ করে এমন অবস্থায়, যখন কি না আমি দোয়া কবুল হওয়ার নমুনা প্রদর্শনের জন্য সব সময় প্রস্তুত আছি।"

(মালফুযাত, ১ম খণ্ড, পৃ: ১২৮)

*২০ পাতার পর....*

***দান করি এবং আমরাই মৃত্যু দিই এবং আমরাই একমাত্র উত্তরাধিকারী। (আল হিজর: ২৪)***

***৯৮-আর-রশীদ: পথপ্রদর্শনকারী, পরম ঔৎকর্ষের অধিকারী।***

***রশীদ রুশদ থেকে উদ্ভূত। কুরআন করীমে হযরত ইব্রাহিম (আ.) সম্পর্কে বলা হয়েছে-***

وَلَقَدْ اٰتَيْنَآ اِبْرٰهِيْمَ رُشْدَهٗ مِنْ قَبْلُ
وَكُنَّا بِهٖ عٰلِمِيْنَ (الانبياء:52)

অনুবাদ: (আল আম্বিয়া: ৫২)

৯৯-আস সাবুর: অতীব ধৈর্যশীল, শাস্তি প্রদানে ধীর।

'সাবার' এর অর্থ ধৈর্য ও সহনশীলতা। যেহেতু আল্লাহ তা'লা বান্দাদের আস্ফালন ও অবাধ্যতা সহন করেন এবং শাস্তি প্রদানে ত্বরা দেখান না, এই জন্যই এই গুণটি হল 'সাবুর' বা অতীব ধৈর্যশীল।

********

সম্পাদকীয়র শেষাংশ.......

একটি ঘটনা এদিকটির উপর আলোকপাত করে। সৈয়্যদানা হযরত মসীহ মওউদ (আ.) বলেন:

" যখন এই আয়াত অবতীর্ণ হয় যে, মুশরিকগণ অপবিত্র, নিকৃষ্টতম জীব, নির্বোধ, শয়তানের বংশধর এবং তাদের উপাস্য জাহান্নামের ইন্ধন ও অংশ, তখন আবু তালেব আঁ হযরত (সা.)-কে ডেকে বলেন-

হে আমার ভাইপো! তোমার গাল-মন্দ শুনে জাতি বেজায় ক্ষিপ্ত হয়ে উঠেছে। খুব সম্ভব তারা তোমাকে ধ্বংস করে দিবে এবং তার সঙ্গে আমাকেও। তুমি তাদের জ্ঞানীজনদেরকে নির্বোধ আখ্যায়িত করেছ এবং তাদের সম্মানীয় ব্যক্তিবর্গকে নিকৃষ্টতম জীব বলেছ। তাদের সম্মানীয় উপাস্যদেরকে জাহান্নামের আগুন ও ইন্ধন বলেছ। এবং সকলকে অপবিত্র এবং শয়তানের বংশধর বলেছ। আমি তোমার মঙ্গলের জন্য বলছি, নিজের ভাষাকে সংযত কর এবং গাল-মন্দ থেকে বিরত হও। নচেত আমি পুরো জাতির সঙ্গে যুদ্ধ করার শক্তি রাখি না।

আঁ হযরত (সা.) উত্তরে বললেন-

হে চাচা! এটি গাল-মন্দ নয়। বরং এটি হল সত্য উদ্ঘাটন এবং যথোচিত বর্ণনা। এই কাজের জন্যই তো আমি প্রেরিত হয়েছি। এর কারণে যদি আমার মৃত্যুও আসে, তথাপি আমি সানন্দে নিজের জন্য সেই মৃত্যুকে বরণ করব। আমার জীবন এই পথেই উৎসর্গিত। আমি মৃত্যুর ভয়ে সত্য প্রকাশ থেকে বিরত হতে পারি না।

হে চাচা! যদি তুমি নিজের দুর্বলতা ও কষ্টের কথা চিন্তা কর তবে আমাকে আশ্রয় প্রদান করা নিরস্ত হও। খোদার কসম! আপনাকে আমার কোন প্রয়োজন নেই। আমি খোদার আদেশ পৌঁছানোর কাজে কখনো থেমে থাকব না। খোদার আদেশ আমার প্রাণের চেয়ে বেশি প্রিয়। খোদার কসম! যদি আমি এই পথে মৃত্যু বরণ করি, তবে এই আকাঙ্খাই পোষণ করি যেন পুনঃ পুনঃ জীবিত হয়ে চিরকাল এই পথেই মৃত্যু বরণ করতে থাকি। এটি ভীতির স্থল নয়। বরং তাঁর পথে দুঃখ সহন করার মধ্যে আমি অসীম আনন্দ খুঁজে পায়।

আঁ হযরত (সা.) এই বক্তব্য রাখছিলেন তখন তাঁর চেহারায় সত্য ও জ্যোতির আভা সুস্পষ্টরূপে ফুটে উঠছিল। তাঁর (সা.) বক্তব্য শেষ হওয়ার পর সত্যের জ্যোতিঃ দেখে আবু তালেবের চোখ থেকে অশ্রুধারা বয়ে যেতে লাগল। তিনি বললেন-

আমি তোমরা এই মহান রূপ সম্পর্কে অবগত ছিলাম না। তুমি অসাধারণ গুণ ও নিদর্শনের আধার। যাও! নিজের কাজে মগ্ন হয়ে পড়। যতদিন পর্যন্ত আমি জীবিত আছি, যতদুর পর্যন্ত আমার শক্তি আছে, তোমার সঙ্গ দিব।

(ইযলায়ে আওহাম, পৃষ্ঠা: ১৬-১৮)

আঁ হযরত (সা.) তাঁর উম্মতকে একত্ববাদের সেই পাঠ দিয়েছেন, যেখানে তিনি জন্ম থেকে মৃত্যু পর্যন্ত জীবনের প্রতিটি মুহূর্তকে আল্লাহ্ তা'লার স্মরণ থেকে খালি রাখেন নি। তাঁর এই উক্তিটি খোদা তা'লার ভালবাসায় কিরূপ পরিপূর্ণ ছিল তা অনুমান করা দুরূহ। তিনি বলেন, আমার চোখের স্নিগ্ধতা নামাযে রয়েছে। সারা সারা রাত তিনি নিজ প্রভুর স্মরণে এবং ভালবাসার আবেগে কাটিয়ে দিতেন। একবার তিনি বলেন, হে আয়েশা! আমার চোখ দুটি ঘুমিয়ে পড়লেও, হৃদয় জেগে থাকে। তাঁর শেষ উপদেশ এটিই ছিল যে, কেবল এক খোদার ইবাদত করো, ইহুদীদের ন্যায় শিরকে লিপ্ত হয়ো না আর কবরকে সিজদাস্থলে পরিণত করো না।

সৈয়্যদানা হযরত খলীফাতুল মসীহ সানি (রা.) বলেন-

'খোদা তা'লার সঙ্গে তাঁর ভালবাসা এমন পর্যায়ে উন্নীত হয়েছিল যে, দীর্ঘকাল পর মেঘ থেকে বৃষ্টি ঝরে পড়লে তিনি বৃষ্টির ফোঁটা জিহ্বা দ্বারা গ্রহণ করতেন আর বলতেন, 'আমার প্রভুর সতেজ আশীর্বাদ! '

তিনি মজলিসে বসলে ইসতেগফার করতে থাকতেন আর এমনিতেও সর্বক্ষণ ইকতেগফার করতেন,যাতে তাঁর উম্মত এবং তাঁর সান্নিধ্য লাভকারীরা খোদার শাস্তি থেকে রক্ষা পায় এবং তাঁর ক্ষমার যোগ্য হয়ে ওঠে। তিনি সর্বক্ষণ খোদা তা'লার সমীপে উপস্থিত হওয়ার কথা স্মরণে রাখতেন।

খোদা তা'লার নৈকট্যলাভের এমন প্রবল আকাঙ্খা ছিল যে, সব সময় তিনি দোয়া করতেন-

অর্থাৎ হে আমার প্রভু! আমার অন্তরকেও তোমার জ্যোতিতে পূর্ণ করে দাও, আমার চোখ জোতিতে পূর্ণ কর, আমার কানও তোমার জ্যেতিতে পূর্ণ করে দাও। আমার ডানেও যেন তোমার জ্যোতি থাকে আর বামেও তোমার জ্যোতি থাকে। আর আমার উপরেও তোমার জ্যোতি থাকে আর নীচেও তোমার জ্যোতি থাকে, আমার সম্মুখেও তোমার জ্যোতি থাকে, আর পশ্চাতেও তোমার জ্যোতি থাকে। হে আমার প্রভু! আমার পরিপূর্ণ সত্তাকে জ্যোতির্ময় করে দাও।

(নবীয়োঁ কা সরদার, পৃ: ২৭১)

"যখনই তিনি আল্লাহ্ তা'লার যিক্র করতেন, তাঁর হাবভাবে উদ্দীপনা ফুটে উঠত, মনে হত যেন বাহ্যিক ও আন্তরিক, উভয় দিক থেকে খোদা তা'লা তাঁর শরীরকে নিয়ন্ত্রণ করে ফেলেছে। আল্লাহ্ তা'লার ইবাদতের ক্ষেত্রে তিনি এতটাই সরলতা পছন্দ করতেন যে, মসজিদে যেখানে মেঝে পাকা থাকত না আর যেখানে কোনও কাপড় বিছানো থাকত না, সেখানে তিনি নামায পড়তেন এবং অন্যদেরকে পড়াতেন। অনেক সময় বৃষ্টিতে ছাদ চুঁইয়ে পানি পড়ত, আর তাঁর শরীর কাদা ও পানিতে কর্দমাক্ত হয়ে পড়ত। কিন্তু তিনি ইবাদতে নিমগ্ন থাকতেন। তাঁর মনে কখনই এমন ভাবের উদ্রেক হত না যে, নিজের শরীর ও পরিধান রক্ষা করতে নামায মুলতুবি করবেন বা কোনও অন্য কোথাও নামায পড়বেন।

নিজ সাহাবাদের ইবাদতের বিষয়েও তিনি যত্নবান থাকতেন। একবার হযরত আব্দুল্লাহ্ বিন উমর (রা.), যিনি অত্যন্ত পুণ্যবান প্রকৃতির মানুষ ছিলেন, তাঁর সম্পর্কে আঁ হযরত (সা.) বলেন, 'আব্দুল্লাহ্ বিন উমর কতই না উত্তম ব্যক্তি হত,যদি সে নিয়মিত তাহাজ্জুদের নামাযও পড়ত। হযরত আব্দুল্লাহ্ বিন উমর (রা.) যখন এই সংবাদ অবহিত হলেন, সেই দিন থেকে তিনি নিয়মিত তাহাজ্জুদের নামায পড়া শুরু করেন। (নবীয়োঁ কা সরদার, পৃ: ২৭৪)

আল্লাহ্ তা'লার প্রতি তাঁর নির্ভরতা এমনই ছিল যে, একবার এক ব্যক্তি যখন আঁ হযরত (সা.) এক একাকী পেয়ে তাঁর উপর তরবারী তুলে ধরে, এবং তাঁকে জিজ্ঞাসা করে যে, এখন তোমাকে কে আমার হাত থেকে রক্ষা করবে? সেই সময় তিনি সম্পূর্ণরূপে নিরস্ত্র ও শায়িত অবস্থায় থাকার কারণে নড়াচড়া করতে পারতেন না। কিন্তু তা সত্ত্বেও তিনি অত্যন্ত শান্তস্বরে উত্তর দিলেন-, 'আল্লাহ'। এই শব্দটি এমন দৃঢ় প্রত্যয় নিয়ে তাঁর মুখ থেকে উচ্চারিত হল যে, সেই কাফেরের অন্তরও তাঁর ঈমানের উচ্চতা ও পরিপূর্ণতা মেনে নিতে বাধ্য হল। তার হাত থেকে তরবারি খসে পড়ল, আর যে ব্যক্তি তাঁকে হত্যা করতে এসেছিল, সে তাঁর সামনে অপরাধীর মত দাঁড়িয়ে রইল।

(নবীয়োঁ কা সর্দার, পৃ: ২৭০)

নিম্নে হযরত মসীহ মওউদ (আ.) এর উদ্ধৃতি দিয়ে এই নিবন্ধটি সমাপ্ত করব। হযরত মসীহ মওউদ (আ.) বলেন-

## পৃথিবীর সর্বমহান শিক্ষক

সত্য কথা হলো, সব নবীর মাঝে শ্রেষ্ঠ হলেন সেই নবী, যিনি পৃথিবীর সবার চাইতে বড় ও মহান শিক্ষক। অর্থাৎ সেই নবী, যার হাতে পৃথিবীর সবচেয়ে ভয়াবহ নৈরাজ্যের অবসান ঘটেছিল। হারানো ও দুষ্প্রাপ্য একত্ববাদকে যিনি পুনরায় ধরাপৃষ্ঠে প্রতিষ্ঠিত করেছেন। যুক্তি ও প্রমাণের জোরে প্রচলিত মিথ্যা ধর্মগুলোকে যিনি পরাজিত করে ভ্রষ্টদের সন্দেহ দূরীভূত করেছেন। সকল সন্দেহপ্রবণ ব্যক্তির সন্দেহ যিনি নিরসন করেছেন আর সত্য নীতি সংক্রান্ত শিক্ষার আলোকে নতুনভাবে মুক্তি বা পরিত্রাণের প্রকৃত উপকরণ সৃষ্টি করেছেন, যার জন্য কোন নিষ্পাপকে ফাঁসি দেওয়া এবং খোদাকে তাঁর আদি ও চিরস্থায়ী আসন থেকে অপসারণ করে কোন নারীর গর্ভে প্রবিষ্ট করানোর প্রয়োজন নেই।

(বারাহীনে আহমদীয়া, রূহানী খাযায়েন, ১ম খণ্ড,পৃ: ৯৭)






মসজিদ দারুস সালাম (সাউথ হল)

২০২০ সালের ২৩ শে ফেব্রুয়ারী হুযুর (আই.) মসজিদ দারুস সালাম এর উদ্বোধন করছেন






মসজিদ দারুস সালাম (সাউথ হল) এর উদ্বোধন উপলক্ষ্যে হুযুর (আই.) বক্তব্য প্রদান করছেন





মসজিদ দারুস সালাম (সাউথ হল) এর উদ্বোধন উপলক্ষ্যে হুযুর (আই.)এর সঙ্গে বিশিষ্টজনেরা সাক্ষাত করছেন






২০১৯ সালের ২২ শে ডিসেম্বর তারিখে অনুষ্ঠিত যুক্তরাজ্যের মজলিস খুদ্দামুল আহমদীয়ার ন্যাশনাল ফাউন্ডেশন ফোরাম এ হুযুর বক্তব্য প্রদান করছেন

EDITOR
Tahir Ahmad Munir
Mobile: +919679481821
e-mail : Banglabadar@hotmail.com
website:www.akhbarbadrqadian.in
www.alislam.org/badr

REGISTERED WITH THE REGISTRAR OF NEWSPAPERS OF INDIA AT NO PUNBEN/ 2016 / 70524
The Weekly **BADAR** Qadian
Qadian - 143516 Distt. Gurdaspur (Pb.) INDIA
Vol. 5 Thursday 24 - 31 - December - 2020 Issue. 52 - 53

MANAGER
SHAIKH MUJAHID AHMAD
Mobile : +91 99153 79255
e -mail:managerbadrqnd@gmail.com
SUBSCRIPTION
ANNUAL Rs.500/-

## একটি হাদীসে কুদুসীতে আঁ হযরত (সা.) আল্লাহ্ তা'লার উত্তম গুণাবলী সম্পর্কে বলেন-

হযরত আবু যার (রা.) বর্ণনা করেন, আঁ হযরত (সা.) আল্লাহ্ তা'লার পক্ষ থেকে একথা বলেছেন যে আল্লাহ্ তা'লা বলেন, 'হে আমার বান্দারা! আমি নিজের উপর জুলুম করা নিষিদ্ধ রেখেছি। তোমরা সকলেই পথভ্রষ্ট, তবে সেই সব লোকেরা ছাড়া যাদেরকে আমি হিদায়ত দিই। অতএব আমার কাছে হিদায়ত প্রার্থনা কর, আমি তোমাদেরকে হিদায়ত দিব। হে আমার বান্দারা! তোমরা সকলে ক্ষুধার্ত, সেই ব্যক্তি ছাড়া যাকে আমি আহার করাই। অতএব তোমরা আমার কাছে রিয্ক চাও, আমি রিযক দিব। হে আমার বান্দারা! তোমরা সকলে বস্ত্রহীন, সেই ব্যক্তি ছাড়া যাকে আমি পরিধান করাই। অতএব আমার কাছে বস্ত্র চাও, আমি বস্ত্র দিব। হে আমার বান্দারা! তোমরা যদি দিনরাত ভুল কর, তবুও আমি তোমাদেরকে পাপ ক্ষমা করতে পারি। অতএব আমার কাছেই ক্ষমা চাও। আমি তোমাদেরকে ক্ষমা করব। হে আমার বান্দারা! তোমরা যদি আমার ক্ষতি করার মনোবাঞ্ছা রাখ, তবু আমার কোনও ক্ষতি করতে পারবে না। কিম্বা তোমরা আমার উপকার করার চেষ্টা করলেও কোনও উপকার করতে পারবে না। হে আমার বান্দারা! যদি তোমাদের পূর্বের ও পশ্চাতের জিন্ন ও ইনসান সকলেই সর্বোচ্চ শ্রেণীর মুত্তাকী এবং সংযমী হয়ে যায় এবং সেই ব্যক্তির ন্যায় হয়ে যে তোমাদের মধ্যে সর্বাপেক্ষা অধিক তাকওয়াশীল, তবে তোমাদের এমন হওয়াও আমার রাজত্বকে বিন্দুপরিমাণও বৃদ্ধি করতে পারবে না। হে আমার বান্দারা! যদি তোমাদের পূর্বের ও পশ্চাতের জিন্ন ও ইনসান সকলেই নিকৃষ্টতম দুরাচারী হয় , তবুও তারা আমার রাজত্বের কোন ক্ষতি করতে পারবে না। হে আমার বান্দারা! যদি তোমাদের পূর্বের ও পশ্চাতের জিন্ন ও ইনসান সকলেই একটি ময়দানে একত্রিত হয়ে আমার কাছে নিজেদের চাহিদাবলী নিয়ে উপস্থিত হয় আর আমি প্রত্যেকের চাহিদা পুরণ করে দিই, তথাপি আমার ধন-ভাণ্ডার ততটুকুও হ্রাস পাবে না, সমুদ্রে ছুঁচ ডুবিয়ে তুলে নিলে সমুদ্রের পানি যতটুকু কমে যায়। (মুসলিম কিতাবুল বির ওয়াস সিলাহ)

## প্রকৃত তওহীদ

হযরত মসীহ মওউদ ও মাহদীয়ে মা'হুদ আলাইহিস সালাম বলেন:

স্মরণ রাখিতে হইবে যে, প্রকৃত তৌহীদ, যাহার স্বীকৃতি খোদা আমাদের নিকট চান এবং যে স্বীকৃতির সহিত নাজাতের সম্বন্ধ রহিয়াছে, তাহা এই যে, খোদা তা'লাকে মুর্তি, মানুষ, সূর্য, চন্দ্র, নিজাত্মা, প্রবৃত্তি, কিংবা আপন চেষ্টা-প্রচেষ্টা, ফন্দিফিকির ইত্যাদি সকল প্রকার বস্তর অংশীবাদিতা হইতে পবিত্র জ্ঞান করা। একত্বও সম্পূর্ণ তাই তাঁর সত্তার বৈশিষ্ট্য। তিনি অনন্য। তাঁহার মোকাবেলায় কোন শক্তিশালী জ্ঞান না করা। কাহাকেও অন্নদাতা স্বীকার না করা, কাহাকেও সম্মানদাতা বা লাঞ্ছনাকারী ধারণা না করা এবং কাহাকেও সাহায্যকারী নির্ধারণ না করা। দ্বিতীয় কথা এই যে, স্বীয় প্রেম একমাত্র তাঁহাকেই নিবেদন করা, ইবাদতকে শুধু তাঁহার জন্যই নির্দিষ্ট করা, ভক্তিভরে একমাত্র তাঁহারই নিকটে বিনয়াবনত হওয়া ও সকল আশা ভরসা একমাত্র তাঁহারই উপর স্থাপন করা এবং শুধু তাঁহাকেই ভয় করা। কোন তৌহীদ নিম্নলিখিত তিন প্রকার বৈশিষ্ট্য ছাড়া কামেল হইতে পারে না। প্রথমত: সত্তা হিসেবে তৌহীদ। তাঁহার অস্তিত্বের সম্মুখে, যাহা কিছু আছে, সবই না থাকার ন্যায় জ্ঞান করা এবং সমস্ত নশ্বর ও অসার মনে করা। দ্বিতীয়তঃ গুণের দিক হইতে তৌহীদ। অর্থাৎ সৃষ্টি, পালন ও ত্রাণ ইত্যাদি ঐশী গুণ, স্রষ্টার সত্তা ছাড়া কাহারও মধ্যে আরোপ না করা এবং বাহ্যিকভাবে যাহারা কর্মকতা ও কল্যাণ সাধনকারী বলিয়া দৃষ্টিগোচর হয়, তাহাদিগকে তাঁহারই পরিচালনাধীন বলিয়া প্রত্যয় করা। তৃতীয়তঃ প্রেম, নিষ্ঠা ও নির্মলতার দিক দিয়া তৌহীদ। অর্থাৎ উপাসনার উপাচার-প্রেমাদিতে অন্যকে খোদা তা'লার শরীক না করা এবং তাঁহাতেই বিলীন হওয়া।

(খ্রীষ্টান সীরাজুদ্দীনের চারটি প্রশ্নের উত্তর, রূহানী খাযায়েন, দ্বাদশতম খণ্ড, পৃ: ৪৯)

Printed & Published by: Jameel Ahmed Nasir on behalf of Nigran Board of Badar. Name of Owner: Nigran Board of Badar. And printed at Fazle-Umar Printing Press. Harchowal Road, Qadian, Distt. Gurdaspur-143516, Punjab. And published at office of Weekly Badar Mohallah - Ahmadiyya, Qadian Distt. Gsp-143516, Punjab.